Global Islami Bank Ltd.
Recruitment Test of Probationary Officer
Examination Held On: 02.04.2022

01. **'বড় দাদা > বড়দা' কী ধরনের ধ্বনিবিবর্তন?**
a) অন্তর্হতি b) ব্যঞ্জন বিকৃতি
c) বিষমীভবন d) ব্যঞ্জনচ্যুতি ***ans.* D**

Solution: পাশাপাশি সমউচ্চারণের দুটি ব্যঞ্জনধ্বনি থাকলে তার একটি লোপ পায়। এরূপ লোপকে বলা হয় ধ্বনিচ্যুতি বা ব্যঞ্জনচ্যুতি। যেমনঃ বউদিদি > বউদি, বড় দাদা > বড়দা ইত্যাদি।

02. **'বিপদ এবং দুঃখ একই সময়ে আসে'। কোন ধরনের বাক্য?**
a) যৌগিক বাক্য b) জটিল বাক্য
c) সরল বাক্য d) মিশ্র বাক্য ***ans.* A**

Solution: মিশ্র বাক্যকে যৌগিক বাক্যে পরিবর্তন করতে হলে খণ্ডবাক্যগুলোকে এক একটি স্বাধীন বাক্যে পরিবর্তন করে তাদের মধ্যে সংযোজক অব্যয়ের ব্যবহার করতে হয়। মিশ্র বাক্যঃ যখন বিপদ আসে, তখন দুঃখও আসে। যৌগিক বাক্যঃ বিপদ এবং দুঃখ এক সময় আসে।

03. **'সূর্য' শব্দের সমার্থক নয় কোনটি?**
a) প্রভাকর b) দিবাকর
c) সুধাকর d) মিহির ***ans.* C**

Solution: সূর্যের কয়েকটি সমার্থক শব্দঃ রবি, আদিত্য, অর্ক, ভানু, প্রভাকর, মিহির, তপন, সবিতা, ভাস্কর, দিবাকর, দিনমনি, দিননাথ, কিরণমালী, বিভাবসু, বিভাকর, দিনেশ ইত্যাদি। আর 'সুধাকর' হলো চন্দ্রের সমার্থক শব্দ।

04. **'কচুবনের কলাচাঁদ' বাগধারার অর্থ-**
a) নির্বোধ b) অপদার্থ
c) ধূর্তব্যক্তি d) চাটুকার ***ans.* B**

Solution: খয়ের খাঁ = চাটুকার। ঢেঁকি অবতার = নির্বোধ লোক।

05. **'দেশে-বিদেশে' ভ্রমণ সাহিত্যের রচয়িতা কে?**
a) অন্নদাশঙ্কর রায় b) সৈয়দ মুজতবা আলী
c) রবীন্দ্রনাথ ঠাকুর d) জসীম উদ্‌দীন ***ans.* B**

Solution: 'দেশে-বিদেশে' সৈয়দ মুজতবা আলীর একটি ভ্রমণকাহিনী। তিনি কাবুল ভ্রমণ থাকাকালীন সময়ে দৈনন্দিন জীবনের অভিজ্ঞতা ও কার্যকলাপ নিয়ে 'দেশে বিদেশে' গ্রন্থটি লিখেছেন। তাঁর বিখ্যাত সাহিত্যকর্মের মধ্যে রয়েছেঃ উপন্যাস 'শবনম (আফগানিস্তানের পটভূমি নিয়ে রচিত)', 'অবিশ্বাস্য', 'শহর-ইয়ার', 'তুলনাহীন'। ছোটগল্পঃ 'চাচাকাহিনী', 'টুনি মেম'।

06. **'পথিক, তুমি পথ হারাইয়াছ' কোন উপন্যাসে উল্লেখ আছে?**
a) দুর্গেশনন্দিনী b) রাজসিংহ
c) বিষবৃক্ষ d) কপালকুণ্ডলা ***ans.* D**

Solution: বঙ্গিমচন্দ্র চট্টোপাধ্যায়ের বাংলা সাহিত্যের প্রথম রোমান্সধর্মী উপন্যাস 'কপালকুণ্ডলা' (১৮৬৬)। অরণ্যে কাপালিক পালিতা নারী কপালকুণ্ডলা কে ঘিরে এই উপন্যাসের কাহিনি আবর্তিত হয়েছে। 'পথিক তুমি পথ হারাইযয়াছ'- উক্তিটি কপালকুণ্ডলা নবকুমারকে বলেছে। 'তুমি অধম, তাই বলিয়া আমি উত্তম হইবো না কেন?' এ উপন্যাসের বিখ্যাত উক্তি।

07. **'মন' শব্দের বিশেষণ**
a) মানস b) মানসিক
c) মনন d) মানুষ ***ans.* B**

Solution: 'মন' শব্দের বিশেষণ 'মানসিক'। উল্লেখ্য, 'মানস', 'মনন', 'মানুষ' এই তিনটি হলো বিশেষ্য।

08. **সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
a) বন্ + পতি = বনস্পতি b) অহঃ + রহ = অহরহ
c) সং + সার = সংসার d) ছেলে + মি = ছেলেমি
***ans.* A**

Solution: সঠিক সন্ধিবিচ্ছেদ গুলো হলোঃ অহরহ = অহঃ + অহ। সংসার = সম্ + সার। ছেলেমি = ছেলে + আমি।

09. **চিক্ চিক্ করে বালি কোথা নাহি কাদা- বাক্যের ধ্বনাত্মক দ্বিরুক্তিটি কোন পদ নির্দেশ করছে?**
a) ক্রিয়া-বিশেষণ b) বিশেষ্য
c) বিশেষণ d) ক্রিয়া ***ans.* A**

Solution: কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুইবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। ধ্বন্যাত্মক দ্বিরুক্তি দ্বারা বহুত্ব, আধিক্য ইত্যাদি বোঝায়। বিভিন্ন পদরূপে ধ্বন্যাত্মক দ্বিরুক্ত শব্দের ব্যবহার

ক্রিয়া বিশেষণ	চিকচিক করে বালি কোথা নাহি কাদা।
বিশেষ্য	বৃষ্টির ঝমঝমানি আমাদের অস্থির করে তোলে।
বিশেষণ	নামিল নভে বাদল ছলছল বেদনায়।
ক্রিয়া	কলকলিয়ে উঠল সেথায় নারীর প্রতিবাদ।

10. **কোন বানানটি শুদ্ধ?**
a) নীরিক্ষণ b) নিরীক্ষণ
c) নীরিক্ষন d) নিরীক্ষন ***ans.* B**

11. **Fill in the blanks (Questions 11-15): Had the victim ____ able to find a telephone to contact authorities, she would have received assistance.**
a) been b) would have been
c) be d) had been ***ans.* A**

Solution: Third Conditional বাক্যের ক্ষেত্রে Structure হলোঃ Had + subject + Verb এর Past Participle রূপ, Subject + would have + Verb এর Past Participle রূপ + ...

বাক্যের অর্থঃ ভিকটিম লোকটি যদি কর্তৃপক্ষকে ফোন করার জন্য সক্ষম হতো, তবে সে কিছু সাহায্য পেতে পারতো।

12. **An Alzheimer's victim, former president Ronald Reagan ____ in the spotlight even after the symptoms began to appear.**
a) stayed b) stay
c) staying d) who stayed ***ans.* A**

Solution: কেন্দ্রবিন্দুতে থাকা অর্থে Stayed in the spotlight হবে।

বাক্যের অর্থঃ আলজেইমার রোগে আক্রান্ত সাবেক প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যান রোগটি প্রকাশিত হবার পরও আলোচনার কেন্দ্রবিন্দুতে ছিল।

13. **The man was in ____ health that the family began to consider whether he could continue to live in his home.**
a) such bad b) so bad
c) such worse d) so badly ***ans.* A**

Solution: Be in such bad health অর্থ ভগ্নস্বাস্থ্য নিয়ে বসবাস। সেই হিসেবে উত্তর হবে অপশন *a*). উল্লেখ্য, Be in bad with অর্থ বিরাগভাজন হওয়া; কুনজরে পড়া। আর Go from bad to worse অর্থ গুরুতর অবনতি হওয়া।

বাক্যের অর্থঃ লোকটির স্বাস্থ্যের অবস্থা এতোটাই খারাপ ছিল যে তার পরিবারের লোকজন চিন্তা করলো যে লোকটি তার বাড়িতে বসবাস করতে পারবে কি না।

14. **The environmental damage caused by the oil spill will likely last ____.**
a) to several year b) for several years
c) severally years d) year several ***ans.* B**

Solution: Be likely last for several years অর্থ আরো কিছু বছর থাকার সম্ভাবনা রয়েছে।

বাক্যের অর্থঃ নদীতে তেল পড়ার কারণে পরিবেশের যে ক্ষতি সাধন হয়েছে তা বেশ কয়েক বছর থাকার সম্ভাবনা রয়েছে।

15. **The woman wished, she ____ such drastic action when the stock market seemed volatile.**
a) had not taken b) did not taken
c) had taken d) no had taken ***ans.* A**

Solution: Wish এর পর অসম্ভব প্রকাশ অর্থে Had not taken বসবে। অর্থাৎ তিনি Drastic action নিতে চাচ্ছিলেন, কিন্তু নেননি।

বাক্যের অর্থঃ নিয়ত পরিবর্তনশীল শেয়ার মার্কেট দেখে অত্যন্ত কঠোর কিছু কার্যপদ্ধতি গ্রহণ করতে নারীটি ইচ্ছা প্রকাশ করেছিল।

16. **Find the correctly spelt word**
a) Enemyty b) Enemity
c) Enmity d) Enmuty ***ans.* C**

Solution: Enmity অর্থ শত্রুতা।

17. **What is an antonym for 'Dismantle'?**
a) Remake b) Assemble
c) Clothe d) Strike ***ans.* B**

Solution: Dismantle – টুকরা টুকরা করা। Remake – আবার তৈরি বা নির্মাণ করা। Assemble – মিলিত হওয়া। Clothe – পোশাক পরানো। Strike – ধর্মঘট।

18. **Synonym of 'Yell' is**
a) Shackle b) Hitch
c) Whisper d) Shout ***ans.* D**

Solution: Yell – তীব্র চিৎকার করা বা আর্তনাদ করা। Shackle – হাতকড়া; নিগড়। Hitch – হেঁচকা টান মেরে তোলা। Whisper – ফিসফিস করে বলা। Shout – চিৎকার; ডাক; ধ্বনি।

19. **Singular of 'Jury' is**
a) Juror b) Jurum
c) Jur d) Juree ***ans.* A**

Solution: Jury অর্থ বিচারক মন্ডলী। আর Juror অর্থ জুরির একজন সদস্য।

20. **The synonym of 'Colossal' is**
a) Bias b) Colourful
c) Fantastic d) Gigantic ***ans.* D**

Solution: Colossal = Gigantic – প্রকাণ্ড; বিশাল। Bias – পক্ষপাত; বিশেষ দুর্বলতা। Colourful – রঙিন; উজ্জ্বল; আনন্দময়। Fantastic – অদ্ভুত কল্পনাপূর্ণ ও বিচিত্র; উদ্ভট।

21. **Choose the correct pair of words from the following SYMPHONY : COMPOSER ::**
a) Leonardo : Music b) Fresco : Painter
c) Colours : Pallet d) Art : Appreciation
***ans.* B**

Solution: Symphony – ঐকতানসঙ্গীত। Composer – কোন কিছুর রচনাকারী। Leonardo – একজন ব্যক্তির নাম যিনি চিত্রশিল্পী ছিলেন। Music – সঙ্গীত; গীতবাদ্য। Fresco – প্রাচীরচিত্র। Painter – চিত্রশিল্পী; চিত্রকর। Colour – বর্ণ; রং। Pallet – খড়ের গদি। Art – শিল্প বিদ্যা। Appreciation – গুণের যথাযথ মূল্যায়ন।

Symphony নিয়ে কাজ করেন Composer. আর Fresco নিয়ে কাজ করেন Painter.

22. Active Voice of "He was being chassed by the dogs".

a) The dogs chased him.
b) The dogs were chasing him.
c) The dogs are chasing him.
d) The dogs chase him. ***ans.* B**

Solution: বাক্যে 'was being' থাকায় বাক্যটি Past continuous tense এর হবে। আর 'dogs' থাকায় সাহায্যকারী Verb হিসেবে 'were' বসবে।

বাক্যের অর্থঃ কুকুরগুলি তাকে তাড়া করছিল।

23. Antonym of 'Abate' is

a) Enhance b) Decrease
c) Deluge d) Exalt ***ans.* A**

Solution: Abate – কম বা কমানো; প্রশমিত হওয়া বা করা। Enhance – বর্ধিত করা; বাড়ানো। Deluge – মহাপ্লাবন; প্লাবিত করা। Exalt – উচ্চ প্রশংসা করা।

24. 'Cap it all' means

a) To over everything b) To finish
c) To seize everything d) To occur ***ans.* B**

Solution: কোনো কাজ সমাপ্ত বা শেষ করা অর্থে "Cap it all" ব্যবহার করতে হয়। তাই সঠিক উত্তর *b*). কিন্তু To occur অর্থ ঘটা। To seize everything অর্থ সবকিছু জব্দ করা। To cover everything অর্থ সবকিছু ঢেকে দেয়া।

25. Antonym of 'deviant' is

a) Bent b) Devious
c) Regular d) Atypical ***ans.* C**

Solution: Deviant অর্থ স্বাভাবিক মান থেকে ভিন্ন। Atypical অর্থ প্রতিনিধিত্ব করে না এমন; অপ্রতিরূপক। Devious অর্থ ঘোরানো; অসরল। Regular অর্থ স্বীকৃত মানসম্পন্ন। Bent অর্থ ইচ্ছা; দক্ষতা।

26. Bonnie has twice as many cousins as Robert. George has 5 cousins, which is 11 less than Bonnie has. How many cousins does Robert have?

a) 17 b) 21
c) 4 d) 8 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, রবার্টের যে কয়জন কাজিন আছে বনির কাজিনের সংখ্যা তার দ্বিগুণ। জর্জের কাজিনের সংখ্যা 5 জন যা কি না বনির কাজিনের চেয়ে 11 জন কম। রবার্টের কাজিনের সংখ্যা কত?

দেয়া আছে, জর্জের কাজিনের সংখ্যা = 5 জন

$\therefore$ বনির কাজিনের সংখ্যা = 5 + 11 = 16 জন

অতএব, রবার্টের কাজিনের সংখ্যা $= \frac{16}{2} = 8$ জন।

27. What is the prime factorization of 84?

a) 42×2 b) $2 \times 2 \times 4 \times 6$
c) $2 \times 7 \times 6$ d) $2 \times 2 \times 3 \times 7$ ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 84 এর মৌলিক গুণনীয়কগুলো কি কি?

এখানে, $84 = 2 \times 2 \times 3 \times 7$

কারণ, 2|84
2|42
3|21
7

28. Sujan traveled 114 miles in 2 hours. If she keeps going at the same rate, how long will it take her to go the remaining 285 miles of her trip?

a) 5 hours b) 3 hours
c) 7 hours d) 4 hours ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, সুজন 2 ঘণ্টায় 114 মাইল যায়। ঐ একই গতিবেগে বাকি 285 মাইল পথ যেতে তার কত সময় লাগবে?

এখানে, গতিবেগ $= \frac{\text{অতিক্রম দূরত্ব}}{\text{সময়}} = \frac{114 \text{ miles}}{2 \text{ hours}} = 57$ *mph*.

$\therefore$ নির্ণেয় দূরত্ব $= \frac{285}{57}$ *mph* = 5 hours.

29. Poppy flipped a coin three times and got heads each time. What is the probability that she gets head on the next flip?

a) 1 b) $\frac{1}{4}$
c) $\frac{1}{2}$ d) $\frac{1}{3}$ ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, পপির তিনবার একটি মুদ্রা নিক্ষেপ করে প্রতিবারই Head পেলেন। চতুর্থবার নিক্ষেপ করে Head পাবার সম্ভাবনা কত?

এটি মূলত IQ টাইপের প্রশ্ন। কেননা প্রথম তিনবার নিক্ষেপের কথা বলে আপনাকে Puzzle এ ফেলে দেয়া হচ্ছে।

তবে এক্ষেত্রে মনে রাখতে হবে, প্রতিবারই মুদ্রা নিক্ষেপ করে মোট সম্ভাবনা 2 টি আর Head উঠার সম্ভাবনা 1 বার।

$\therefore$ নির্ণেয় সম্ভাবনা $= \frac{1}{2}$

30. Jafar's English quiz scores are 56, 93, 72, 89 and 87. What is the median of his scores?

a) 72 b) 87
c) 56 d) 85.6 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ইংরেজি কুইজে জাফর 56, 93, 72, 89 এবং 87 পেলে তার নম্বরের মধ্যক কত?
প্রথমে জাফরের প্রাপ্ত নম্বরের ক্রম সাজানো হলোঃ 56, 72, 87, 89, 93.
∴ এখানে মধ্যক হলো 87.

31. **What is the greatest common factor of 24 and 64?**
a) 8 b) 4
c) 12 d) 36 ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 24 এবং 64 এর গ.সা.গু. কত?

$$\begin{array}{r} 24)\ 64\ (2 \\ \underline{48} \\ 16)\ 24\ (1 \\ \underline{16} \\ 8)\ 16\ (1 \\ \underline{16} \\ 0 \end{array}$$

∴ নির্ণেয় গ.সা.গু. = 8

Alternative: এখানে, $24 = 2 \times 2 \times 2 \times 3$
এবং $64 = 2 \times 2 \times 2 \times 2 \times 2 \times 2$
∴ নির্ণেয় গ.সা.গু. $= 2 \times 2 \times 2 = 8$

32. **The students of a school were asked to name their favorite type of pet. Of the 430 students surveyed, 258 said that their favorite type of pet was a dog. Suppose that only 150 students were surveyed, with similar results, about how many students would say that a dog is their favorite type of pet?**
a) 58 b) 90
c) 98 d) 146 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি স্কুলের শিক্ষার্থীদেরকে তাদের প্রিয় পোষা প্রাণির নাম জানতে চাওয়া হলো। 430 জন ছাত্রের মধ্যে জরিপ চালিয়ে দেখা গেল যে এদের মধ্যে 258 জন Dog পছন্দ করে। ধরা যাক, প্রথম জরিপে প্রাপ্ত ফলাফল নিয়ে 150 জনের মধ্যে জরিপ করা হলে কতজনের প্রিয় প্রাণি Dog হতো?
প্রথম জরিপে প্রাপ্ত Percentage $= \left(\frac{258}{430} \times 100\right)\%$
$= 60\%$
∴ দ্বিতীয় জরিপের ফলাফল = 150 এর 60%
$= \frac{150 \times 60}{100} = 90$ জন।

Shortcut: নির্ণেয় ছাত্র সংখ্যা $= \frac{258 \times 150}{430} = 90$ জন।

33. **A die is rolled and a coin is tossed. What is the probability that a 3 will be rolled and a tail tossed?**
a) $\frac{1}{2}$ b) $\frac{1}{6}$
c) $\frac{1}{8}$ d) $\frac{1}{12}$ ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একই সাথে একটি ছক্কার গুটি এবং একটি মুদ্রা নিক্ষেপ করা হলে 3 এবং Tail পাবার সম্ভাব্যতা কত?
এখানে, ছক্কার গুটি থেকে একবার 3 পাবার সম্ভাব্যতা $= \frac{1}{6}$
আর মুদ্রা নিক্ষেপ করে একবার Tail পাবার সম্ভাব্যতা $= \frac{1}{2}$
∴ নির্ণেয় সম্ভাব্যতা $= \frac{1}{6} \times \frac{1}{2} = \frac{1}{12}$

34. **If x is the average (arithmetic mean) of m and 9, y is the average of $2m$ and 15, and z is the average of $3m$ and 18, what is the average of x, y and z in terms of m?**
a) $m + 6$ b) $m + 7$
c) $2m + 14$ d) $3m + 21$ ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যদি m এবং 9 এর গড় x হয়, $2m$ এবং 15 এর গড় y এবং $3m$ এবং 18 এর গড় z হয় তবে x, y এবং z এর গড় m এর সাপক্ষে কত হবে?
এই প্রশ্ন থেকে 3টি সমীকরণ গঠন করা যায়। আসুন আমরা সমীকরণ গঠন করে অঙ্কটির সমাধান করি।
$\frac{m+9}{2} = x$
$\Rightarrow m + 9 = 2x$ ..... (i)
$\frac{2m+15}{2} = y$
$\Rightarrow 2m + 15 = 2y$ ..... (ii)
এবং $\frac{3m+18}{2} = z$
$\Rightarrow 3m + 18 = 2z$ ..... (iii)
এখন (i), (ii) এবং (iii) নং সমীকরণ যোগ করি।
$2x + 2y + 2z = m + 9 + 2m + 15 + 3m + 18$
$\Rightarrow 2(x + y + z) = 6m + 42$
$\Rightarrow 2(x + y + z) = 2(3m + 21)$
$\Rightarrow x + y + z = 3m + 21$
এখন, $3m + 21$ কে 3 দিয়ে ভাগ করলেই x, y, z এর গড় বের হবে।
∴ x, y, z এর গড় $= \frac{3m+21}{3} = \frac{3(m+7)}{3} = m + 7.$

35. In how many different ways can 3 identical green shirts and 3 identical red shirts be distributed among 6 children such that each child receives a shirt?

a) 20 b) 21
c) 12 d) 6 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 3টি একই ধরনের লাল জামা এবং আরো 3টি একই ধরনের সবুজ জামা কত ভাবে 6 জন বালকের মধ্যে বণ্টন করা যায় যে প্রত্যেকেই একটি করে জামা পাবে?

এখানে, 6 জন ছাত্রের মধ্যে 3টি জামা ${}^6C_3$ উপায়ে বণ্টন করা যায়ঃ $= \frac{\lfloor 6}{\lfloor 3 \lfloor 6-3} = \frac{6\times5\times4\times\lfloor 3}{3\times2\times1\times\lfloor 3} = 20$ উপায়ে।

36. The equation $x + y = xy = \frac{x}{y}$ has how many real solutions?

a) 0 b) 1
c) 2 d) 3 **ans. B**

Solution: দেয়া আছে, $x + y = xy = \frac{x}{y}$

এখানে, $x + y = xy$ ..... (i)

$xy = \frac{x}{y}$ ..... (ii)

এবং $x + y = \frac{x}{y}$ ..... (iii)

এখন সমীকরণ (ii) নং হতে পাই, $xy = \frac{x}{y}$

$\Rightarrow xy \times y = \frac{x}{y} \times y$

$\Rightarrow xy^2 = x$

$\Rightarrow xy^2 - x = 0$

$\therefore x(y^2 - 1) = 0$

অতএব, $x = 0$ অথবা, $y^2 - 1 = 0$

$\Rightarrow y^2 = 1$

$\therefore y = \sqrt{1} = \pm 1$

সমীকরণ (i) নং হতে পাই, $x + y = xy$

$\Rightarrow x + 1 = x \times 1$ [$y = 1$ বসিয়ে]

$\Rightarrow x + 1 = x$

$\therefore 1 = x - x = 0$ যা অসম্ভব, তাই $y = 1$ নয়।

আবার, $x + y = xy$

$\Rightarrow x - 1 = x(-1)$ [$y = -1$ বসিয়ে]

$\Rightarrow x - 1 = -x$

$\Rightarrow 2x = 1$

$\therefore x = \frac{1}{2}$

অর্থাৎ, $y = -1$ হলে $x = \frac{1}{2}$ হবে।

অর্থাৎ 1 টি সমাধান পাওয়া গেল।

এখন, সমীকরণ (iii) পরীক্ষা করে দেখিঃ

$x + y = \frac{x}{y}$

$\Rightarrow \frac{1}{2} - 1 = \frac{\frac{1}{2}}{-1}$

$\therefore -\frac{1}{2} = -\frac{1}{2}$

এটা সম্ভব। অর্থাৎ $x = \frac{1}{2}$ এবং $y = -1$ হলে সমীকরণটি সিদ্ধ হয়।

$\therefore$ বাস্তব সমাধান পাওয়া যাবে 1টি এবং সমাধানটি হলো $x = \frac{1}{2}$ এবং $y = -1$.

37. In a certain game, a large bag is filled with blue, green, purple and red chips worth 1, 5, x and 11 points each, respectively. The purple chips are worth more than the green chips, but less than the red chips. A certain number of chips are then selected from the bag. If the product of the point values of the selected chips is 88,000, how many purple chips were selected?

a) 1 b) 2
c) 3 d) 5 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ব্যাগে নীল, সবুজ, পার্পেল এবং লার রংয়ের চিপ্‌স রয়েছে যাদের মূল্যমান যথাক্রমে 1, 5, x ও 11. পার্পেল চিপ্‌সের মূল্যমান সবুজের চেয়ে বেশি কিন্তু লালের চেয়ে কম। কিছু সংখ্যক চিপ্‌স বাছাই করা হলো। বাছাইকৃত চিপ্‌সের মূল্যমানের সমষ্টি 88,000 হলে কতগুলো পার্পেল চিপ্‌স বাছাই করা হয়েছিল?

এখানে $88{,}000 = 88 \times 1{,}000$
$= 8 \times 11 \times 125 \times 8$
$= 2^3 \times 11 \times 5^3 \times 2^3$
$= 2^6 \times 11 \times 5^3$

এখানে সবুজ < পার্পেল < লাল, অর্থাৎ $5 < x < 11$

$\therefore$ পার্পেল $= 2^6 = 64 = 8^2$

অর্থাৎ পার্পেল চিপ্‌সের সংখ্যা 2 টি।

38. Rahim wants to cut a rectangular board into identical square pieces. If the board is 18 inches by 30 inches, what is the least number of square pieces he can cut without wasting any of the board?

a) 4 b) 6
c) 9 d) 15 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, রহিম একটি আয়তাকার বোর্ড কেটে সমান টুকরার কয়েকটি বর্গাকৃতির খণ্ড করতে চায়।

আয়তাকার বোর্ডের দৈর্ঘ্য 18 ইঞ্চি এবং প্রস্থ 30 ইঞ্চি। কমপক্ষে কতগুলো বর্গাকৃতির খণ্ড পাওয়া যাবে?

এখানে, আয়তাকৃতির বোর্ড = (18×30) বর্গইঞ্চি।

$18 = 3 \times 6$ এবং $30 = 5 \times 6$

রহিম বর্গাকৃতির খণ্ড পেতে (6×6) মাপ নিতে পারবে।

$\therefore$ সর্বনিম্ন সংখ্যা $= \frac{18 \times 30}{6 \times 6} = 15$ টি।

39. **The price of a pair of sneakers was Tk. 80 for the last six months of last year. On January first, the price increased 20%. After the price increase, an employee bought these sneakers with a 10% employee discount. What price did the employee pay?**

a) 70.40 b) 82.00
c) 83.33 d) 86.40 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, গত বছরের শেষ 6 মাসের এক জোড়া স্নিকারের দাম ছিল 80 টাকা। জানুয়ারিতে দাম 20% বাড়লো। মূল্য বৃদ্ধির পর একজন দোকানের কর্মী 10% ছাড়ে স্নিকার কিনলো। তিনি কত মূল্য পরিশোধ করেছিলেন?

20% বৃদ্ধিতে বর্তমান দাম $= 80 \times 120\% = 96$ টাকা।

10% হ্রাসে মূল্য দেন $= 96 \times 90\% = 86.4$ টাকা।

Shortcut: $80 \times 120\% \times 90\% = 80 \times \frac{6}{5} \times \frac{9}{10} = 86.4$ টাকা

40. **A popular website requires users to create a password consisting of digits only. If no digit may be repeated and each password must be at least 9 digits long, how many passwords are possible?**

a) 9 – 10! b) 2 × 10!
c) 9 × 10! d) 9! ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, শুধু অঙ্ক দিয়ে একটি পাসওয়ার্ড তৈরি করতে হবে যেখানে 9 অঙ্কের পাসওয়ার্ডে কোনো অঙ্কই Repeat হবে না। কতগুলো পাসওয়ার্ড সম্ভব?

10 টি ডিজিটের ক্ষেত্রে পাসওয়ার্ড তৈরি করা যাবে $= \underline{|10} + \underline{|10} = 2 \times \underline{|10}$ উপায়ে।

41. **What is the name of the Russian space agency?**

a) Gazprom b) Roscosmos
c) RSS d) Russa ***ans.* B**

Solution: রকসোমস হলো রাশিয়ার প্রধান ও জাতীয় মহাকাশ সংস্থা। এটি প্রতিষ্ঠিত হয় ২৫ ফেব্রুয়ারি ১৯৯২ সালে। উল্লেখ্য, বিশ্বের বিভিন্ন দেশের মহাকাশ গবেষণা কেন্দ্রঃ **স্পারসো** - বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান। **নাসা** - ন্যাশনাল অ্যারোনটিকস অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্ট্রেশন মার্কিন যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা কারি প্রতিষ্ঠান। **ইএসএ** - ইউরোপীয় স্পেস এজেন্সি। **ইসরো** - ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা। **সিএনএসএ** - চীন জাতীয় মহাকাশ প্রশাসন। **জ্যাক্স** - জাপান এরোস্পেস এক্সপ্লোরেশন এজেন্সি। **এস.এস.আই** - ক্যালিফোর্নিয়ায় স্পেস স্টাডিজ ইনস্টিটিউট।

42. **Which of the following country presided the Security Council for the month of March 2022?**

a) Qatar b) UAE
c) Egypt d) Turkey ***ans.* B**

Solution: দুই বছরের মেয়াদে, UAE দুইবার নিরাপত্তা পরিষদের সভাপতি হিসেবে কাজ করবে। এটি হলো মার্চ ২০২২ এবং জুন ২০২৩।

43. **Queen Elizabeth decided to reside permanently at**

a) Buckingham Palaceb) Windsor Castle
c) Clarence House d) Hillsborough Castle
***ans.* B**

Solution: উইন্ডসর ক্যাসেল হল বার্কশায়ারের ইংলিশ কাউন্টির উইন্ডসরের একটি রাজকীয় বাসভবন। করোনা ভাইরাস থেকে সুরক্ষিত থাকার জন্য বৃটেনের রাজা-রানী বাকিংহাম প্রাসাদ ছেড়ে উইন্ডসর ক্যাসেলে বসবাস শুরু করেন।

44. **Ash Borty, the world number one tennis player announced her retirement at the age of:**

a) 25 b) 27
c) 29 d) 32 ***ans.* A**

Solution: অ্যাশলে বার্টি হলেন একজন অস্ট্রেলিয়ান অবসরপ্রাপ্ত পেশাদার টেনিস খেলোয়ায়। তিনি ছিলেন দ্বিতীয় অস্ট্রেলিয়ান টেনিস খেলোয়াড় যিনি মহিলা টেনিস অ্যাসোসিয়েশন দ্বারা একক বিভাগে বিশ্বে ১ নম্বরে স্থান পেয়েছেন।

45. **What is the name of Ukrainian currency?**

a) Rostov b) Hryvnia
c) Flonn d) Lira ***ans.* B**

Solution: ইউক্রেনের মুদ্রার নাম হ্রিভনিয়া। দেশটির রাজধানী কিয়েভ। অধিকাংশ মানুষই ইউক্রেনীয় ভাষায় কথা বলে।

46. **Who is the foreign minister of Russia?**

a) Vladimir Titov b) Sergey Lavrov
c) Igot Morgudov d) Vlakimir Tolaky
***ans.* B**

Solution: রাশিয়ান পররাষ্ট্রমন্ত্রী হলো সের্গেই লেভরভ। উল্লেখ্য, ইউক্রেনের পররাষ্ট্রমন্ত্রী হলো দিমিত্র কুলেবা।

47. **Who killed Che Guevara?**
a) Mario Teran Salazar
b) Marc Hutten
c) Gary Prado
d) Robert Brandon **ans. A**

Solution: চে গুয়েভারাকে হত্যাকারী হলো বলিভিয়া সেনাবাহিনীর মদ্যপ সার্জেন্ট মারিও তেরান। চে গুয়েভারাকে ধরা ও হত্যা করার পেছনে কাজ করেছিল যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা CIA.

48. **Banks in Bangladesh are regulated under which act?**
a) The Bank Company act 1994
b) The Bank Company act 1991
c) Banking and Financial institutions Act 1991
d) Financial institutions Act 1993 **ans. B**

Solution: বাংলাদেশের সকল ব্যাংকিং কার্যক্রম পরিচালিত এবং নিয়ন্ত্রিত হয় ব্যাংক-কোম্পানি আইন, ১৯৯১ অনুসারে।

49. **Italy failed to qualify for the 2022 FIFA World Cup after loss to which country?**
a) North Macedonia b) Brazil
c) England d) South Africa **ans. A**

Solution: পালের্মোর স্তাদিও রেঞ্জো বারবেরায় বিশ্বকাপ বাছাই পর্বের প্রি প্লে-অফ ম্যাচে ইতালিকে ১-০ গোলে হারিয়েছে উত্তর মেসিডোনিয়া। ম্যাচের জয়সূচক গোলটি করেন আলেকজান্ডার ত্রাজকভস্কি।

50. **Which of the following is not a database management software.**
a) MySQL b) Oracle
c) Syntax d) COBOL **ans. D**

Solution: COBOL হলো তৃতীয় প্রজন্মের উচ্চতর ভাষা। উল্লেখ্য, Database management System (DBMS) হলো এমন একটি সফটওয়্যার যা ডেটাবেজ তৈরী, পরিবর্তন, সংরক্ষণ, নিয়ন্ত্রণ এবং পরিচালনার কাজে ব্যবহৃত হয়। DBMS এর উদাহরণ হলো MySQL, Postgre SQL, Microsoft Access, SQL Server, Filemaker, Oracle, dBase, Clipper, Foxpro ইত্যাদি।

NRB Commercial Bank Ltd.
Recruitment Test of Trainee Officer
Examination Held On: 13.05.2022

01. **ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?**
a) বর্ণ b) শব্দ
c) অক্ষর d) ধ্বনি **ans. D**

Solution: ধ্বনি ভাষার ক্ষুদ্রতম একক ও প্রধান উপকরণ। অর্থবহ ধ্বনির সমষ্টিই ভাষা। আর অর্থবোধক ধ্বনি বা ধ্বনি সমষ্টিকে শব্দ বলে। যেমনঃ হাত, পা, নাক ইত্যাদি। যে সকল চিহ্নের দ্বারা উচ্চারিত ধ্বনিগুলোকে নির্দেশ করা হয় তাই বর্ণ। যেমনঃ অ, আ ইত্যাদি। ধ্বনির লিখিত রূপকে বলা হয় বর্ণ। মানুষের কণ্ঠ নিঃসৃত শব্দকেই ধ্বনি বলা হয়। অর্থাৎ কোন ভাষার উচ্চারিত শব্দ বিশ্লেষণ করলে তার মধ্যে যে শব্দ পরমাণু বা শব্দের অবিভাজ্য ক্ষুদ্রতম অংশ পাওয়া যায় তাই ধ্বনি। এককথায়, শব্দের ক্ষুদ্রতম একক ধ্বনি। ভাষার প্রতিটি ক্ষেত্রেই ধ্বনি আবশ্যক।

02. **'বৃক্ষ' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
a) তরু b) বনানী
c) বিটপী d) তটনী **ans. C**

Solution: বৃক্ষ শব্দের সমার্থক বা প্রতিশব্দ হলো- গাছ, তরু, বিটপী, পাদক, দ্রুম, মহীরুহ, শাখী, শৃঙ্গী, শিখরী ও পর্ণী।

03. **জসীম উদ্‌দীনের নাটক**
a) বেদের মেয়ে b) রাখালী
c) মাটির কান্না d) বোবা কাহিনী **ans. A**

Solution: তাঁর উল্লেখযোগ্য নাটকগুলো হলঃ বেদের মেয়ে (১৯৫১), পদ্মাপাড় (১৯৫০), মধুমালা (১৯৫১), পল্লীবধূ (১৯৫৬), গ্রামের মায়া, আসমান সিংহ ইত্যাদি। তাঁর একমাত্র উপন্যাস হলঃ বোবাকাহিনী (১৯৬৪)।

04. **কাজী নজরুল ইসলাম তাঁর কবিতায় 'কালাপাহাড়' কে স্মরণ করেছেন কেন?**
a) ব্রাহ্মণ্যযুগে নব মুসলিম ছিলেন বলে
b) ইসলামের গুণকীর্তন করেছিলেন বলেন
c) প্রাচীন বাংলার বিদ্রোহী ছিলেন বলে
d) প্রচলিত ধর্ম ও সংস্কার-বিদ্বেষী ছিলেন বলে **ans. D**

Solution: 'কালাপাহাড়' ছিলেন বাংলা ও বিহারের শাসনকর্তা সুলায়মান কররানির এক দুর্ধর্ষ সেনাপতি। তার আসল নাম রাজীবলোচন রায়। পরবর্তীতে তিনি ইসলাম ধর্ম গ্রহণ করেন এবং ইসলাম গ্রহণ করার পর তিনি প্রবল হিন্দু বিদ্বেষী হয়ে উঠেন। ১৫৬৮ সালে পুরীর জগন্নাথ দেবের মন্দিরসহ বিভিন্ন মন্দির ও বিগ্রহের ব্যাপক ক্ষতি সাধন করেন। আর তখন থেকে তিনি 'কালাপাহাড়' নামে পরিচিত।

05. **কোনটি শুদ্ধ বানান**

a) স্বায়ত্বশাসন b) সায়ত্তশাসন
c) স্বায়ত্তশাসন d) স্বায়ত্বশাসন ***ans.* C**

06. **'দ্যুলোক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) দ্যু + লোক b) দুই + লোক
c) দ্বি + লোক d) দিব + লোক ***ans.* D**

Solution: সংস্কৃত ব্যঞ্জনসন্ধির ক্ষেত্রে এমন কতকগুলো ব্যঞ্জনসন্ধি আছে যেগুলো কোনো নিয়মের মধ্যে পড়ে না। এসব সন্ধিকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। যেমনঃ দিব্ + লোক = দ্যুলোক; তৎ + কর = তস্কর; এক্ + দশ = একাদশ; ষট্ + দশ = ষোড়শ; হরি + চন্দ্র = হরিশ্চন্দ্র; বৃহৎ + পতি = বৃহস্পতি; আ + চার্য = আশ্চর্য; গো + পদ = গোষ্পদ; আ + পদ = আস্পদ; পতৎ + অঞ্জলি = পতঞ্জলি; পশ্চাৎ + অর্ধ = পশ্চার্ধ; বাক্ + ঈশ্বরী = বাগেশ্বরী; বিশ্ব + মিত্র = বিশ্বামিত্র।

07. **'আছ তুমি প্রভু জগৎ মাঝারে' এখানে 'মাঝারে' শব্দটি কি অর্থে ব্যবহৃত হয়েছে?**

a) ব্যাপ্তি b) সঙ্গে
c) মধ্যে d) বাইরে ***ans.* A**

Solution: 'মাঝারে' শব্দটি 'ব্যাপ্তি' অর্থে ব্যবহৃত হয়েছে। আর ব্যাপ্তি অর্থঃ সীমা, পরিসর, প্রসার, বিস্মৃত।

08. **কোন কবিতা হতে রবীন্দ্রনাথ গদ্যরীতিতে কবিতা লেখা শুরু করেন?**

a) বলাকা b) পুনশ্চ
c) খাপছাড়া d) সেঁজুতি ***ans.* B**

Solution: 'পুনশ্চ' (১৯৩২) রবীন্দ্রনাথের গদ্যছন্দে রচিত প্রথম ও সার্থক কাব্যগ্রন্থ। এই কবিতার উল্লেখযোগ্য কবিতাগুলো হলোঃ ছেলেটা, শেষ চিঠি, ক্যামেলিয়া, সাধারণ মেয়ে, বাঁশি, খ্যাতি ইত্যাদি।

09. **'বদ মেজাজী' পদে 'বদ' কোন ধরনের উপসর্গ?**

a) বাংলা b) ফারসি
c) আরবি d) হিন্দি ***ans.* B**

Solution: ফারসি উপসর্গগুলো হলোঃ কার্, দর্, না, নিম্, ফি, বদ্, বে, বর্, ব্, কম্।

উপসর্গ	যে অর্থে ব্যবহৃত	উদাহরণ
বদ্	মন্দ	বদ মেজাজ, বদরাগী, বদমাশ, বদহজম, বদনাম, বজ্জাত, বদহাল, বদখত

10. **শুদ্ধ বাক্য কোনটি?**

a) তুমি কী আজ যাবে?
b) তুমি কি আজ যাবে?
c) তুমি কি অদ্য যাবে?
d) তুমি কি আজ যাইবে? ***ans.* B**

Solution: যে সকল প্রশ্নের উত্তর 'হ্যাঁ' বা 'না' দিয়ে দেওয়া যায় সেক্ষেত্রে 'কি' বসে আর যে সকল ক্ষেত্রে প্রশ্নের উত্তর 'হ্যাঁ' বা 'না' দিয়ে দেওয়া যায় না সেক্ষেত্রে 'কী' বসে।

11. **তালব্য ধ্বনি নয় কোনটি?**

a) চ b) ছ
c) ন d) ঞ ***ans.* C**

Solution: নিম্নে উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির বিভাজন দেখানো হলোঃ

উচ্চারণস্থান অনুযায়ী নাম	ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ
কণ্ঠ্য বা জিহবামূলীয় ধ্বনি	ক খ গ ঘ ঙ
তালব্য ধ্বনি	চ ছ জ ঝ ঞ
মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় ধ্বনি	ট ঠ ড ঢ ণ
দন্ত্য ধ্বনি	ত থ দ ধ ন
ওষ্ঠ্য ধ্বনি	প ফ ব ভ ম

12. **প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাস নয় কোনটি?**

a) একচোখা b) ঘরমুখো
c) দোটানা d) তেপায়া ***ans.* D**

Solution: যে বহুব্রীহি সমাসের সমস্তপদে 'আ, এ, ও' ইত্যাদি প্রত্যয় যুক্ত হয় তাকে বলা হয় প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাস। যেমনঃ এক দিকে চোখ (দৃষ্টি) যার = একচোখা (চোখ + আ); ঘরের দিকে মুখ যার = ঘরমুখো (মুখ + ও); দুই দিকে টান যার = দোটানা; দুই দিকে মন যার = দোমনা; একদিকে গোঁ যার = একগুঁয়ে; এক ঘরে থাকে যে = একঘরে; ঊন পাঁজর যার = ঊনপাঁজুরে।

13. **"To cry wolf" means**

a) To listen eagerly
b) To give false alarm
c) To turn pale
d) To keep off starvation ***ans.* B**

Solution: To cry wolf অর্থ মিথ্যা বিপদ সংকেত প্রেরণ বা প্রদান করা। কিন্তু, To listen eagerly অর্থ আগ্রহের সাথে শোনা। To turn pale অর্থ বিবর্ণ হওয়া। To keep off starvation অর্থ অনাহার থেকে দূরে থাকা বা রাখা।

14. **The antonym of 'ACRID' is**

a) Viscous b) Rancid
c) Livid d) Sweet ***ans.* D**

Solution: Acrid অর্থ অত্যন্ত কটু; ঝাঁঝালো। Viscous অর্থ উজ্জ্বল; জীবন্ত। Rancid অর্থ পঁচা চর্বির দুর্গন্ধ। Livid অর্থ বিবর্ণ, নীল, ধূসর। Sweet অর্থ মধুর; মিষ্ট; মিঠা।

15. **Fill in the Blanks: Are you attending ____ reception today?**

a) a b) an
c) the d) no article ***ans.* C**

Solution: এখানে একটি নির্দিষ্ট দিনের Reception বা অভ্যর্থনা বুঝানোর কারণে Article হিসেবে 'the' বসবে।

বাক্যের অর্থঃ তুমি কি আজকের অভ্যর্থনায় যোগদান করছো?

16. **Fill in the Blank: I remember that ____ brought the fruits from ____.**

a) they, we b) them, us
c) they, us d) them, we ***ans.* C**

Solution: 'that' এরপর শব্দের Subject form আসে। তাই 'them' না বসে 'they' বসে। আর From এরপর শব্দের Object form বসে। তাই সঠিক উত্তর অপশন *c*).

বাক্যের অর্থঃ আমার স্মরণ আছে যে তারা আমাদের নিকট থেকে ফলমূল নিয়ে আসতো।

17. **Fill in the Blank: Raka asked me to keep this secret ____.**

a) secret b) amongst myself
c) between us d) in myself ***ans.* C**

Solution: Raka যেহেতু বলছে, তাই বিষয়টি Raka ও আমি জানি। তাই Between us বসবে। তাছাড়া Subject হিসেবে বাক্যে I থাকলে Myself বসানো যেত। তাই সঠিক উত্তর হবে অপশন *c*) এর Between us.

বাক্যের অর্থঃ Raka বিষয়টি আমাদের মধ্যে গোপন রাখতে বলেছিলেন।

18. **Choose the correct spelling ____.**

a) Bouquete b) Bouquet
c) Boquet d) Bouquette ***ans.* B**

Solution: Bouquet অর্থ ফুলের তোড়া।

19. **Matching of underlined part of sentence: A person whose head <u>is in the cloud</u> is**

a) proud b) an aviator
c) a day dreamer d) an insane ***ans.* C**

Solution: Day dreamer অর্থ যে দিবা স্বপ্ন দেখে। এই Day dreamer কে ইংরেজি 'Have one's head in the cloud' phrase টি দ্বারা Replace করা যায় যার অর্থ অলীক; কাল্পনিক। Proud অর্থ গর্বিত; মর্যাদাবান। Aviator অর্থ বিমান, নভযান বা বেলুনের চালক; বৈমানিক। Insane অর্থ পাগল।

20. **Matching of underlined part of sentence: The phrase <u>over head and ears</u> means**

a) emotionally b) deeply
c) doubtfully d) mostly ***ans.* B**

21. **Sentence completion: If I had known you were coming, ____.**

a) I would have gone to the station
b) I would go to the station
c) I had gone to the station
d) I will go to the station ***ans.* A**

Solution: যেহেতু প্রথম অংশে Had known আছে, তাই পরবর্তীতে Would have gone হয়েছে।

"আমি যদি জানতাম তুমি আসছো, তবে আমি স্টেশনে গিয়ে থাকতাম।

কাজটি মূলত অবাস্তব। যদি জানত তবে, সে যেত, যেহেতু জানেনি তাই স্টেশনে যানওনি।

22. **Sentence correction:**

a) The president's talk was directed toward whomever was present.
b) The president's talk was directed at who was present.
c) The president's talk was directed towards whoever was present.
d) The president's talk was directed at whomever was present. ***ans.* C**

Solution: এখানে Toward এই Preposition এরপর Noun clause বসেছে, তাই Verb এরপূর্বে Subject form (whoever) বসবে। এখানে অনির্দিষ্ট অর্থে Whoever বসবে। আর Directed toward না বসে Directed towards বসে যার অর্থ কোন কিছু অভিমুখে চালিত হওয়া/করা।

বাক্যের অর্থঃ যারা উপস্থিত ছিল তাদের জন্যই প্রেসিডেন্টের বক্তব্য পেশ হয়েছিল।

23. **Sentence correction:**

a) Except for you and me, everyone had left the meeting room before the circular came.
b) Except for you and I, everyone had left the meeting room before the circular came.
c) Except for you and me, everyone had left the meeting room before the circular had came.
d) Except for you and I, everyone had left the meeting room before the circular had came. ***ans.* A**

Solution: To be verb ব্যতীত সকল Verb এর ক্ষেত্রে Pronoun এর Object form (me, us, him, her, them ইত্যাদি) বসে। এছাড়া সাধারণত Preposition এরপর সকল Pronoun এর Object form বসে। আর 'Before' এর পূর্বে Past perfect এবং পরে Past indefinite tense বসে।

বাক্যের অর্থঃ তুমি আর আমি ছাড়া নোটিশ আসার আগেই সকলেই মিটিং রুম ত্যাগ করেছিল।

24. **Choose the opposite word of 'GRATE':**

a) Soothe b) Gather

c) Improve d) Forgive ***ans.* A**

Solution: Grate অর্থ পীড়ন করা; জ্বালাতন করা। Soothe অর্থ শান্ত বা প্রশমিত করা। Gather অর্থ একত্রে করা। Improve অর্থ উন্নতিসাধন করা। Forgive অর্থ ক্ষমা করা।

25. **For some integer n, the odd integer is represented in the form of:**

a) n b) $n+1$

c) $2n+1$ d) $2n$ ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, n একটি পূর্ণসংখ্যা হলে নিচের কোনটি পূর্ণ বিজোড় সংখ্যা?

এখানে, n এর যেকোন স্বাভাবিক মানের জন্য $(2n+1)$ একটি পূর্ণ বিজোড় সংখ্যা হবে।

কারণ, $n = 3$ হলে অপশন *b*) এবং অপশন *c*) জোড় সংখ্যা হয়।

আবার, $n = 4$ হলে অপশন *a*) জোড় সংখ্যা হয়।

কিন্তু, $n = 3$ বা 4 এর জন্য $(2n+1)$ সর্বদাই একটি পূর্ণবিজোড় সংখ্যা।

26. **The largest number that divides 70 and 125, which leaves the remainders 5 and 8 is:**

a) 65 b) 15

c) 13 d) 25 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 70 এবং 125 কে ভাগ করলে ভাগশেষ যথাক্রমে 5 এবং 8 থাকে?

এখানে, $70 - 5 = 65$ এবং $125 - 8 = 117$

এখন, 65 এবং 117 এর গ.সা.গু.-ই হবে নির্ণেয় বৃহত্তম সংখ্যা।

$\therefore$ নির্ণেয় সংখ্যা 65) 117 (1

65

52) 65 (1

52

13) 52 (4

52

0

$\therefore$ নির্ণেয় সংখ্যা 13

27. **The median of the data 13, 15, 16, 17, 19, 20, is**

a) $\frac{30}{2}$ b) $\frac{31}{2}$

c) $\frac{33}{2}$ d) $\frac{35}{2}$ ***ans.* C**

Solution: 13, 15, 16, 17, 19, 20 এর মধ্যক কত?

এখানে, প্রশ্নেই ধারাটি ক্রমানুসারে সাজানো আছে। এখানে Sample সংখ্যা 6টি।

কাজেই নির্ণেয় মধ্যক $= \frac{16+17}{2} = \frac{33}{2}$

28. **If the average of a, $a+3$, $a+6$, $a+9$ and $a+12$ is 10, then a is equal to;**

a) 1 b) 2

c) 3 d) 4 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে a, $(a+3)$, $(a+6)$, $(a+9)$ এবং $(a+12)$ এর গড় 10 হলে a এর মান কত?

প্রশ্নটিতে ধারাটি ক্রমানুসারে সাজানো আছে এবং এটি একটি সমানুপাতিক ধারা।

আবার, মোট সংখ্যা আছে 5টি।

$\therefore$ সংখ্যাগুলোর Middle number টি-ই হবে নির্ণেয় গড়।

প্রশ্নমতে, $a + 6 = 10$

$\therefore$ $a = 10 - 6 = 4$

29. **A dice is thrown in the air. The probability of getting odd numbers is**

a) $\frac{1}{2}$ b) $\frac{3}{2}$

c) 3 d) 4 ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ছক্কারগুটি নিক্ষেপ করা হলে বিজোড় সংখ্যা পাবার সম্ভাব্যতা কত?

একটি ছক্কারগুটিতে মোট সংখ্যা আছে 6 টি এবং বিজোড় সংখ্যা আছে 3টি।

$\therefore$ নির্ণেয় সম্ভাব্যতা $= \frac{3}{6} = \frac{1}{2}$

30. **If the lines $3x + 2ky - 2 = 0$ and $2x + 5y + 1 = 0$ are parallel, then what is the value of k?**

a) $\frac{4}{15}$ b) $\frac{15}{4}$

c) $\frac{4}{5}$ d) $\frac{5}{4}$ ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, $3x + 2ky - 2 = 0$ এবং $2x + 5y + 1 = 0$ সরলরেখা দুটি পরস্পর সমান্তরাল হলে k এর মান কত?

আমরা জানি, দুটি সরলরেখা সমান্তরাল হলে তাদের ঢালদ্বয় সমান্তরাল হয়।

এখন, $3x + 2ky - 2 = 0$	আবার, $2x + 5y + 1 = 0$
$\Rightarrow \quad 2ky = 2 - 3x$	$\Rightarrow \quad 5y = -1 - 2x$
$\therefore \quad y = \frac{2-3x}{2k} = \frac{2}{2k} -$	$\Rightarrow \quad y = \frac{-1}{5} - \frac{2x}{5}$
$\frac{3x}{2k} = \frac{1}{k} - \frac{3x}{2k}$	$\therefore \quad y = -\frac{1}{5} - \frac{2x}{5}$

এখন, $y = c + mx$ সমীকরণের সাথে উক্ত সমীকরণদ্বয়কে তুলনা করলে পাই ঢাল, $m = \frac{-3}{2k} = \frac{-2}{5}$

অতএব, $\frac{-3}{2k} = \frac{-2}{5}$

$\Rightarrow \frac{3}{2k} = \frac{2}{5}$

$\Rightarrow 4k = 15$

$\therefore k = \frac{15}{4}$

31. A, B and C can complete a piece of work in 14, 6 and 12 days respectively. Working together, they will complete the work in

a) $\frac{19}{9}$ days b) 27 days

c) $\frac{28}{9}$ days d) $\frac{25}{8}$ days ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে A, B এবং C একটি কাজ যথাক্রমে 14, 6 এবং 12 দিনে করতে পারে। একত্রে তারা কত দিনে কাজটি করবে?

এখানে A, B এবং C এর একত্রে 1 দিনের কাজ $= \frac{1}{14} + \frac{1}{6} + \frac{1}{12} = \frac{6 + 14 + 7}{84} = \frac{27}{84} = \frac{9}{28}$ অংশ।

তারা একত্রে $\frac{9}{28}$ অংশ কাজ করে = 1 দিনে

$\therefore$ তারা একত্রে 1 বা সম্পূর্ণ অংশ কাজ করে $= \frac{28}{9}$ দিনে।

Shortcut: নির্ণেয় দিন $= \frac{ABC}{AB + BC + CA} = \frac{14 \times 6 \times 12}{(14 \times 6) + (6 \times 12) + (12 \times 14)} = \frac{1008}{84 + 72 + 168} = \frac{1008}{324} = \frac{28}{9}$ days

32. If a certain sum of money can become 5 times of its principal in 10 years, then the rate of interest is

a) 20% b) 30%

c) 40% d) 50% ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, কোনো আসল 10 বছরে মুনাফা আসলে 5 গুণ হলে মুনাফার হার কত?

ধরি, আসল 100 টাকা

$\therefore$ মুনাফা-আসল $= 5 \times 100 = 500$ টাকা

$\therefore$ মুনাফার পরিমাণ $= 500 - 100 = 400$ টাকা

এখন, 100 টাকার 10 বছরের মুনাফা = 400 টাকা

$\therefore$ 100 টাকার 1 বছরের মুনাফা $= \frac{400}{10}$ টাকা

$= 40$ টাকা বা 40%

Shortcut: আমরা জানি, মুনাফার হার

$= \frac{১০০(\text{প্রদত্ত গুণ} - ১)}{\text{সময়}}\% = \frac{100(5 - 1)}{10}\% = \frac{100 \times 4}{10}\%$

$= 40\%$

33. If the sum of frequencies is 24, then the value of x in the observation: x, 5, 6, 1, 2 will be:

a) 4 b) 6

c) 8 d) 10 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে x, 5, 6, 1, 2 সিরিজে গঠনসংখ্যার সমষ্টি 24 হলে x =?

দেয়া আছে, $x + 5 + 6 + 1 + 2 = 24$

$\Rightarrow x + 14 = 24$

$\therefore x = 24 - 14 = 10$

34. If $x = 3 + 2\sqrt{2}$, what is the value of $\left(\sqrt{x} - \frac{1}{\sqrt{x}}\right)$?

a) 1 b) 2

c) $2\sqrt{2}$ d) $3\sqrt{2}$ ***ans.* B**

Solution: দেয়া আছে, $x = 3 + 2\sqrt{2}$

$\Rightarrow x = 2 + 2\sqrt{2} + 1$

$\Rightarrow x = (\sqrt{2})^2 + 2 \times \sqrt{2} \times 1 + 1^2$

$\Rightarrow x = (\sqrt{2} + 1)^2$

$\Rightarrow \sqrt{x} = \sqrt{2} + 1$

$\Rightarrow \frac{1}{\sqrt{x}} = \frac{1}{\sqrt{2} + 1}$

$\Rightarrow \frac{1}{\sqrt{x}} = \frac{(\sqrt{2} - 1)}{(\sqrt{2} + 1)(\sqrt{2} - 1)}$ [লব ও হরকে দ্বারা $(\sqrt{2} - 1)$ গুণ করে]

$\therefore \frac{1}{\sqrt{x}} = \frac{(\sqrt{2} - 1)}{(\sqrt{2})^2 - 1^2} = \frac{\sqrt{2} - 1}{2 - 1} = \sqrt{2} - 1$

অতএব, $\sqrt{x} - \frac{1}{\sqrt{x}} = \sqrt{2} + 1 - (\sqrt{2} - 1)$

$= \sqrt{2} + 1 - \sqrt{2} + 1 = 2$

35. If 5% more is gained by selling an article for BDT 350 than selling it for BDT 340, the cost of the article is:

a) BDT 50 b) BDT 150

c) BDT 200 d) BDT 250 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি দ্রব্য 340 টাকায় বিক্রয় না করে 350 টাকায় বিক্রয় করলে 5% বেশি লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

ধরি, দ্রব্যটির ক্রয়মূল্য x টাকা

প্রশ্নমতে, 5% of $x = 350 - 340$

$\Rightarrow \frac{5x}{100} = 10$

$\therefore \quad x = \frac{10 \times 100}{5} = 200$

অর্থাৎ দ্রব্যটির ক্রয়মূল্য 200 টাকা।

Shortcut: 5% এর মান = 350 – 340 = 10

$\therefore$ 100% এর মান = $\frac{10}{5} \times 100 = 200$

36. Solve $\left(1 - \frac{1}{2}\right)^2 \left(1 - \frac{1}{3}\right)^2$

a) $\frac{1}{2}$ b) $\frac{1}{3}$

c) $\frac{1}{6}$ d) $\frac{1}{9}$ **ans. D**

Solution: দেয়া আছে, $\left(1 - \frac{1}{2}\right)^2 \left(1 - \frac{1}{3}\right)^2$

$= \left(\frac{2-1}{2}\right)^2 \left(\frac{3-1}{3}\right)^2 = \left(\frac{1}{2}\right)^2 \left(\frac{2}{3}\right)^2 = \frac{1}{4} \times \frac{4}{9} = \frac{1}{9}$

37. Robin, Payel, Sumon, Tayeba and Rahul are five friends among Sumon is the tallest. Robin is shorter than Payel but taller than Rahul. Tayeba is little shorter than Payel but little taller than Robin. Who is taller than Rahul but shorter than Tayeba?

a) Robin b) Rahul

c) Payel d) Tayeba **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে Robin, Payel, Sumon, Tayeba এবং Rahul পাঁচ বন্ধু। তাদের মধ্যে Sumon হলো Tallest. Robin হলো Payel এর চেয়ে Short কিন্তু, Rahul এর চেয়ে High. আবার, Tayeba হলো Payel এর চেয়ে Short কিন্তু, Robin এর চেয়ে High. নিচের কে Rahul এর চেয়ে Tall কিন্তু, Tayeba এর চেয়ে Short?

প্রশ্নানুসারে, আমরা লিখতে পারি Sumon is tallest.

প্রথম শর্তানুসারে, Payel > Robin > Rahul

দ্বিতীয় শর্তানুসারে, Payel > Tayeba > Robin.

এই দুটি শর্ত থেকে সিদ্ধান্ত নেয়া যায় যে, Tayeba > Robin > Rahul.

38. If white is called black, black is called red, red is called yellow, yellow is called green, green is called blue, blue is called violet and violet is called orange, what would be the color of human blood?

a) Green b) Black

c) Red d) Yellow **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, সাদাকে বলা হবে কালো, কালোকে লাল, লালকে হলুদ, হলুদকে সবুজ, সবুজকে নীল, নীলকে বেগুনি এবং বেগুনিকে কমলা। মানুষের রক্তের রংকে কী বলা হবে?

মানুষের রক্তের রং হলো লাল। আর শর্তানুযায়ী লালকে বলা হবে হলুদ বা Yellow.


39. South is related to North-West in the same way as West is related to

a) East b) South

c) South-West d) North-East **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দক্ষিণ যদি উত্তর-পশ্চিমের সাথে সম্পর্কযুক্ত হয় তবে পশ্চিম একইভাবে কার সাথে সম্পর্কযুক্ত হবে?

এখানে চিত্রের মতো করে বামপার্শ্বে Shift করবে।



যেভাবে, দ্বিতীয় চিত্রের মতো West সম্পর্কযুক্ত হলে তা বরাবর গিয়ে বামপার্শ্বে Shift করবে।

অর্থাৎ উত্তর হবে North East.

40. From the given alternatives, select the word which CANNOT be formed using the letters of the given word 'Demonstration'.

a) Moon b) Most

c) Train d) Damage **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, Demonstration থেকে নিচের কোন Word টি তৈরি করা যায় না।

দেখুন, Demonstration শব্দটিতে 'g' নেই যা Damage শব্দটিতে রয়েছে।

তাই Demonstration এর বর্ণগুলি দ্বারা Damage শব্দটি গঠন করা যাবে না।

41. It would be Thursday two days after tomorrow. What was two days before yesterday?

a) Saturday b) Monday

c) Friday d) Wednesday **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, আগামীকাল হতে দুইদিন পর বৃহস্পতিবার হবে। গতকালের দুইদিন আগে কি বার ছিল?

দেখুন, আজ রবিবার হলে আগামী কাল হবে সোমবার।

সোমবারের ২ দিন পরের দিন হলো বৃহস্পতিবার।

সুতরাং গতকাল ছিল শনিবার এবং তার ২ দিন আগের দিন হলো বুধবার। তাই সঠিক উত্তর অপশন *d*).

অর্থাৎ	Wed	Thu	Fri		Sat	
	3	2	1		Yesterday	
	Sun	Mon	Tues	Wed	Thu	
	Today	Tomorrow	1	2	3	

42. Think of a number. Divided it by 4 and add 9 to it. If the result is 15 what is number?

a) 20 b) 22
c) 24 d) 25 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, মনে মনে একটি সংখ্যা কল্পনা করুন। সংখ্যাটিকে 4 দ্বারা ভাগ করে তার সাথে 9 যোগ করলে যোগফল 15 হয়। সংখ্যাটি কত?

ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, $\frac{x}{4} + 9 = 15$

$\Rightarrow \frac{x}{4} = 15 - 9 = 6$

$\therefore \quad x = 24$

Shortcut: এখানে, $\frac{24}{4} + 9 = 6 + 9 = 15$

অর্থাৎ, সংখ্যাটি 24

43. Choose the pair of numbers that is different from the others.

a) 7 : 22 b) 8 : 33
c) 12 : 37 d) 15 : 46 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ব্যতিক্রম সংখ্যাযুগল বের করুন।

দেখুন অপশন *a*), *c*) এবং *d*) প্রতিটি ক্ষেত্রে ভাগফল 3 ও ভাগশেষ 1.

কিন্তু অপশন *b*) তে ভাগফল 4 এবং ভাগশেষ 1.

44. Pointing to a photograph, a man said, "I have no brother or sister but that man's father is my father's son." Whose photograph was it?

a) His uncle's b) His son's
c) His grandfather's d) His own **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ছবির দিকে আঙ্গুলি নির্দেশ করে একজন লোক বললো, 'আমার কোন ভাই বা বোন নেই। কিন্তু ছবির ঐ লোকটির বাবা হলো আমার পিতার পুত্র'। ছবিটা কার?

লোকটির কোন ভাই বা বোন নেই। কাজেই ছবিটিতে তার পিতা হলো আমার পিতার পুত্র।

অর্থাৎ ছবিটি হলো আমার ছেলের।

45. Find the next number in the given series: 1, 2, 6, 21, 88?

a) 296 b) 335
c) 445 d) 559 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে 1, 2, 6, 21, 88 ধারাটির পরবর্তী সংখ্যা কত?

1 হলো ধারাটির প্রথম পদ এবং পরবর্তীতে ধারাটি নিচের মতো করে এগিয়েছেঃ

$(1 \times 1) + 1 = 2;$
$(2 \times 2) + 2 = 6;$
$(6 \times 3) + 3 = 21;$
$(21 \times 4) + 4 = 88;$
$(88 \times 5) + 5 = 445$

46. The time indicated by a clock is 4:20, what will be the angle between the minute hand and the hour hand of the clock?

a) 10° b) 12.5°
c) 15° d) 25° **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ঘড়িতে 4:20 বাজলে মিনিটের কাটা এবং ঘণ্টার কাটার মধ্যবর্তী কোণ কত?

আমরা জানি, নির্ণেয় কোণ $= \left|\frac{60H - 11M}{2}\right|^\circ$

$= \left|\frac{(60 \times 4) - (11 \times 20)}{2}\right|^\circ = \left|\frac{240 - 220}{2}\right|^\circ$


$= \frac{20^\circ}{2} = 10^\circ$

এখানে, H = 4 ঘণ্টা এবং M = 20 মিনিট।

47. Sana is going to school facing north. After a while he turns 100 degrees in the clockwise direction, then 190 degree in the anti-clockwise. Which direction is he facing now?

a) North-East b) East
c) South-East d) West **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, উত্তর দিকে বরাবর হেঁটে সানা স্কুলে যাচ্ছে। কিছুক্ষণ পর সে ঘড়ির কাটার দিকে 100 ডিগ্রি কোণে বাঁক নিল এবং পরে ঘড়ির কাটার বিপরীত দিকে 190 ডিগ্রি কোণে বাঁক নিল। এখন সে কোন দিকে আছে?



এখন Direction বুঝার জন্য প্রথমে চিত্রটি আঁকুনঃ

Clock wise হলো ডানে মোড় নেয়া আর Anti-clockwise হলো বামে মোড় নেয়া।

প্রথম দেখুন 100 ডিগ্রি কোণে মোড় নিয়ে সানা চতুর্থ স্থানাঙ্কে থাকবে।

এরপর সেখান থেকে Anti-clockwise 190 ডিগ্রি কোণে মোড় নেওয়ায় সে w বিন্দুতে চলে আসবে।

এখন সে West direction এ থাকবে।

48. Many business offices are located in buildings having 2 – 8 floors. If a building has more than three floors it has a lift. If the above statements are true, which of the following must be true?

a) 2^{nd} floors don't have the lifts
b) Only floors above the 3^{rd} floors have lifts
c) 7^{th} floors have lifts
d) Lifts may reach all floors **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 2 থেকে 8 টি ফ্লোরবিশিষ্ট বিল্ডিংগুলোতে অনেক ব্যবসার অফিস রয়েছে। 3টি ফ্লোরের চেয়ে বেশি ফ্লোরবিশিষ্ট বিল্ডিংগুলোতে Lift রয়েছে। এই বক্তব্য সঠিক হলে নিচের কোনটি অবশ্যই সত্য হবে?

অপশন *a*) তে বলা হচ্ছে, ২য় ফ্লোরে Lift থাকে না। এটি বাদ, কারণ বিল্ডিং 3 ফ্লোরের অধিক হলে তাতে Lift থাকে। সেক্ষেত্রে ২য় ফ্লোরে Lift থাকতেই পারে।

অপশন *b*) তে বলা হচ্ছে, ৩য় তলার উপরের তলাগুলোতেই কেবল Lift থাকে। এটিও বাদ।

অপশন *c*) তে বলা হচ্ছে, ৭ম তলায় Lift থাকবে। হ্যাঁ এটি সত্য। বিল্ডিং ৩য় তলার অধিক হলেই তাতে Lift থাকবে।

49. Money Market is a market for

a) Short-term fund b) Long term fund
c) Risk free asset d) Hedge Fund **ans. A**

Solution: Money-market হলো বিশ্বব্যাপী স্বল্পকালীন ঋণ আদান প্রদানের একটি ক্ষেত্র। বিশ্বব্যাপী আর্থিক ক্ষেত্রের প্রয়োজনে এখান থেকেই নগদ টাকার যোগান বজায় রাখা হয়। অর্থ বাজার হলো এমন একটি স্থান যেখানে স্বল্পমেয়াদী দায় যেমনঃ সম্পত্তি পত্র, ব্যবসায়ীক দলিল এবং ব্যাংকের স্বীকৃতি ইত্যাদি কেনা-বেচা হয়ে থাকে।

50. The exchange of commodities between two countries is known as

a) Balance of trade b) Multilateral Trade
c) Bilateral Trade d) Barter trade **ans. C**

Solution: দুই দেশের মধ্যে যে বাণিজ্যিক সম্পর্ক তৈরি হয় তাকে বলা হয় 'দ্বিপাক্ষিক বাণিজ্যিক সম্পর্ক'। এর ইংরেজি পরিভাষা হলো Bilateral trade. আর দুই দেশের মধ্যে যে হারে আমদানি ও রপ্তানি সংঘটিত হয় তাকে বলা হয় বাণিজ্যিক ভারসাম্য বা Balance of trade. উল্লেখ্য, Volume of trade দ্বারা বাণিজ্যের পরিমাণকে নির্দেশ করা হচ্ছে।

51. How many female persons were awarded "Bir Pratik" for their contributions in Liberation War of Bangladesh?

a) 2 b) 3
c) 4 d) 5 **ans. A**

Solution: মুক্তিযুদ্ধে অসামান্য অবদান রাখার জন্য দুইজন মহিলাকে 'বীরপ্রতীক' খেতাব প্রদান করা হয়। তাঁরা হলেনঃ মুক্তিযোদ্ধা তারামন বিবি ও মুক্তিযোদ্ধা সেতারা বেগম। মুক্তিযোদ্ধা তারামন বিবি ১১নং সেক্টরে যুদ্ধ করেন এবং সেতারা বেগম ২ নং সেক্টরে যুদ্ধ করেন।

52. Which country is the highest emitter of CO_2?

a) Bangladesh b) Afghanistan
c) Pakistan d) China **ans. D**

Solution: CAIT Climate Data Explorer – 2021 অনুযায়ী China প্রায় 23.92 শতাংশ CO_2 এবং USA প্রায় 11.84 শতাংশ CO_2 নিঃসরণ করে।

53. GSMA stands for

a) Global System for Mobile Communications
b) Global Section for Mobile Connections
c) Global System for Mobile computation
d) Global Section for Mobile Communications **ans. A**

Solution: GSM এর পূর্ণরূপ হলোঃ Global System for Mobile Communication. GSM হলো একটি উন্মুক্ত ডিজিটাল সেলুলার রেডিও নেটওয়ার্ক যা প্রায় বিশ্বের ২০০টির বেশি দেশে চলছে। GSM কেবল ভয়েস কলের জন্যই নয় এটি ডেটা সঞ্চয় এবং বার্তাগুলির জন্য ব্যবহৃত হয়। এটি 2G নেটওয়ার্কের প্রোটোকলগুলি বর্ণনা করার জন্য European Telecommunication Standards Institute (ETSI) দ্বারা প্রতিষ্ঠা করা হয়। এটি 1G সেলুলার নেটওয়ার্কগুলির বিকল্প হিসাবে কাজ করে।

54. The Government of Bangladesh earn highest revenue from

a) Income tax b) Value Added tax
c) Import tax d) Tax on land **ans. B**

Solution: এনবিআর খাতের মধ্যে এখন পর্যন্ত সবচেয়ে বেশি রাজস্ব আয় হয় মূল্য সংযোজন কর বা ভ্যাট থেকে। দ্বিতীয় অবস্থানে রয়েছে আয়কর খাত। তৃতীয় অবস্থানে সম্পূরক শুল্ক এবং চতুর্থ অবস্থানে আমদানি শুল্ক।

55. Which European country first recognized Bangladesh as a sovereign state?

a) Albania b) East Germany
c) Poland d) Romania ***ans.* B**

Solution: বাংলাদেশকে স্বীকৃতিতে প্রথমঃ

	দেশ	তারিখ
প্রথম দেশ	ভূটান	৬ ডিসেম্বর, ১৯৭১
আরব দেশ	ইরাক	৮ জুলাই, ১৯৭২
উপসাগরীয় দেশ	কুয়েত	৪ নভেম্বর, ১৯৭৩
ইউরোপীয় দেশ	পূর্ব জার্মানি	১১ জানুয়ারি, ১৯৭২
উত্তর আমেরিকার দেশ	বার্বাডোস	২০ জানুয়ারি, ১৯৭২
দক্ষিণ আমেরিকার দেশ	ভেনিজুয়েলা	২ মে, ১৯৭২
ওশেনিয়া দেশ	টোঙ্গা	২৪ জানুয়ারি, ১৯৭২
এশীয় মুসলিম দেশ	ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া	২৫ ফেব্রুয়ারি, ১৯৭২

56. Which of the following locations has been proposed for establishment of IT village of Bangladesh?

a) Rajshahi b) Jashore
c) Comilla d) Chittagong ***ans.* D**

Solution: চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলা সদরের পৌরসভার জাকিরাবাদ এলাকায় ১৪৬ একর জমিতে সরকার IT village স্থাপনের উদ্যোগ নেয়।

57. "Chandra Deep" is the ancient name of which area of Bangladesh?

a) Comilla b) Chittagong
c) Barisal d) Dhaka ***ans.* C**

Solution: বর্তমান বরিশাল জেলাই ছিল চন্দ্রদ্বীপের মূল ভূ-খণ্ড ও প্রাণকেন্দ্র। এ প্রাচীন জনপদটি বালেশ্বর ও মেঘনার মধ্যবর্তী স্থানে অবস্থিত ছিল।

58. Name the first animal to be sent in space:

a) Laika, the dog
b) Laika, the sheep
c) Dolly, the dog
d) Dolly, the sheep ***ans.* A**

Solution: পৃথিবীর কক্ষপথে প্রথম পরিভ্রমণ করেছিল রাশিয়ার একটি বেওয়ারিশ মাদি কুকুর। ১৯৫৭ সালের নভেম্বরে লাইকা নামে কুকুরটিকে মহাশূন্যে পাঠানো হয়।

59. At first Bangladesh wins in test match cricket against -

a) Zimbabwe b) West Indies
c) India d) Sri Lanka ***ans.* A**

Solution: টাইগাররা প্রথমবারের মতো টেস্ট জয়ের স্বাদ পায় চট্টগ্রামে। ২০০৫ সালের জানুয়ারিতে অনুষ্ঠিত সেই ম্যাচে জিম্বাবুয়েকে ২৬৬ রানে পরাজিত করে। উল্লেখ্য, দেশের বাইরে বাংলাদেশ প্রথম টেস্ট জয়ের দেখা পায় ২০০৯ সালের ১৩ জুলাই। কিংসটাউনে সেই টেস্টে ওয়েস্ট ইন্ডিজকে ৯৫ রানে হারায় টাইগাররা।

60. Who was the first finance minister of Bangladesh?

a) A.H.M. Quamruzzaman
b) Tajuddin Ahmed
c) Captain Monsur Ali
d) Dr. A. R. Mallek ***ans.* C**

Solution: বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার ১০ এপ্রিল, ১৯৭১ সালে মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগর) ভবের-পাড়া গ্রামের আমবাগানে গঠিত হয়।

নাম	পদবি
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	রাষ্ট্রপতি
সৈয়দ নজরুল ইসলাম (বঙ্গবন্ধুর অনুপস্থিতিতে অস্থায়ী রাষ্ট্রপতি এবং পদাধিকারবলে সশস্ত্র বাহিনী ও মুক্তিবাহিনীর সর্বাধিনায়কের দায়িত্ব গ্রহণ)	অস্থায়ী/উপ-রাষ্ট্রপতি
তাজউদ্দিন আহমদ	প্রধানমন্ত্রী
ক্যাপ্টেন এম. মনসুর আলী	অর্থমন্ত্রী
খন্দকার মোশতাক আহমদ	পররাষ্ট্র, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী
আবুল হাসানাত মোহাম্মদ কামারুজ্জামান	স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন, কৃষি মন্ত্রী
কর্ণেল (অব.) এম.এ.জি ওসমানী	প্রধান সেনাপতি
লে. কর্ণেল (অব.) আবদুর রব	চিফ অব স্টাফ
গ্রুপ ক্যাপ্টেন এ. কে খন্দকার	ডেপুটি চিফ অব স্টাফ

বাংলাদেশের অস্থায়ী সরকারের ১২টি মন্ত্রণালয় বা বিভাগ ছিল। এসব বিভাগের মাধ্যমেই যুদ্ধকালে সামরিক ও বেসামরিক যাবতীয় প্রশাসন পরিচালিত হয়।

Islami Bank Bangladesh Ltd.
Recruitment Test for Fild Officer
Examination Held On: 10.06.2022

01. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন-**
a) ১৭ মার্চ b) ২৬ মার্চ
c) ৩০ মার্চ d) ১৮ মার্চ ***ans.* A**

Solution: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ (বাংলা ১৩২৬ বঙ্গাব্দ, আরবি ১৩৩৮ হিজরি) গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে মঙ্গলবার রাত ৮ ঘটিকায় জন্মগ্রহণ করেন।

02. **বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলিত হয়-**
a) ২ মার্চ, ১৯৭১ b) ১ মার্চ, ১৯৭১
c) ৩ মার্চ, ১৯৭১ d) কোনটিই নয় ***ans.* A**

Solution: আ.স.ম. আব্দুর রব ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করেন ২ মার্চ, ১৯৭১ সালে। উল্লেখ্য, ভারতের কলকাতাস্থ বাংলাদেশ মিশনে এম. হোসেন আলী ১৮ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করেন।

03. **পলাশীর যুদ্ধ অনুষ্ঠিত হয়-**
a) ২৩ জুন, ১৭৫৫ b) ২৩ জুন, ১৭৫৬
c) ২৩ জুন, ১৭৫৭ d) ২৩ জুন, ১৭৫৮ ***ans.* C**

Solution: পলাশীর যুদ্ধ বাংলা তথা এ উপমহাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ঐতিহাসিক ঘটনা। ১৭৫৭ খ্রিষ্টাব্দে ২৩ জুন ভাগিরথী নদীর তীরে পলাশীর আমবাগানে এই যুদ্ধ সংঘটিত হয়।

04. **ঢাকা শহরের গোড়াপত্তন হয়–**
a) ব্রিটিশ আমলে b) মুঘল আমলে
c) সুলতানা আমলে d) নবাবী আমলে ***ans.* B**

Solution: মুঘল সম্রাট জাহাঙ্গীরের নামানুসারে ঢাকার পূর্বনাম রাখা হয়েছিল জাহাঙ্গীরনগর। ১৬১০ সালে ঢাকা বাংলার প্রথম রাজধানী করা হয়। স্বাধীনতার পূর্বে ৪বার ঢাকা রাজধানীর মর্যাদা পায়। ইসলাম খান ঢাকা বাংলার রাজধানীতে রূপান্তরিত করেন।

05. **বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়-**
a) ১০ এপ্রিল, ১৯৭১ b) ১৭ এপ্রিল, ১৯৭১
c) ১৬ ডিসেম্বর, ১৯৭১ d) ২৬ মার্চ, ১৯৭১ ***ans.* A**

Solution: মুক্তিযুদ্ধ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১০ এপ্রিল গঠিত হয় বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার। এ সরকার শপথ গ্রহণ করে ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথ তলায়। সরকারের প্রধান ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাঁর নাম অনুসারে বৈদ্যনাথতলার নামকরণ করা হয় মুজিবনগর এবং অস্থায়ী সরকারও পরিচিত হয় মুজিবনগর সরকার নামে।

06. **কোন আমলে সোনারগাঁও বাংলাদেশের রাজধানী ছিল?**
a) সুলতানী আমলে b) মুঘল আমলে
c) পাল আমলে d) মৌর্য আমলে ***ans.* A**

Solution: ১৩৩৮ সালে ফখরুদ্দিন মোবারক শাহ বাংলার স্বাধীনতা ঘোষণা করেন এবং সোনারগাঁওয়ে রাজধানী স্থাপন করেন।

07. **বার ভূইয়াদের মধ্যে শ্রেষ্ঠ ভূইয়া কে ছিলেন?**
a) চাঁদ রায় b) কেদার রায়
c) কন্দন রায় d) ঈসা খাঁ ***ans.* D**

Solution: বাংলার ইতিহাসে জমিদারগণ 'বার ভূঁইয়া' নামে পরিচিত। এ 'বার' বলতে বারজনের সংখ্যা বুঝায় না। ধারণা করা হয় অনির্দিষ্ট সংখ্যক জমিদারদের বোঝাতেই 'বার' শব্দটি ব্যবহার করা হয়েছে। মুঘলদের বিরুদ্ধে যাঁরা নিজেদের স্বাধীনতার জন্য সংগ্রাম করেছেন, ঐতিহাসিক দৃষ্টিতে তাঁরাই 'বার ভূঁইয়া'। এছাড়াও, বঙ্গদেশে আরও অনেক ছোটখাট জমিদার ছিলেন। তাঁরাও মুঘলদের বিরুদ্ধে মাথা তুলে দাঁড়ান। কিন্তু পরে এঁরা মুঘলদের বশ্যতা স্বীকার করে নেন। বার ভূঁইয়াদের মধ্যে উল্লেখযোগ্য হলেনঃ ঈশা খাঁ, মুসা খান, চাঁদ রায়, কেদার রায়, বাহাদুর গাজি, সোনা গাজি, ওসমান খান, বীর হামির, লক্ষণ মাণিক্য, পরমানন্দ রায়, বিনোদ রায়, মধু রায়, মুকুন্দরাম, সত্যজিৎ, রাজা কন্দর্পনারায়ণ, রামচন্দ্র।

08. **কত সালে বঙ্গভঙ্গ হয়?**
a) ১৭৫৭ b) ১৮৫৭
c) ১৯০৫ d) ১৯৪৭ ***ans.* C**

Solution: ১৯০৫ সালের ১৬ অক্টোবর ভারতে ভাইসরয় লর্ড কার্জন সমগ্র বাংলাকে দুটি প্রদেশে ভাগ করে। একটিতে থাকে পূর্ব বাংলা ও আসাম এবং অন্যটিতে থাকে পশ্চিম বাংলা। বাংলার এ বিভক্তি বঙ্গভঙ্গ নামে পরিচিত। ২২ ডিসেম্বর ১৯১১ সালে তৎকালীন বৃটিশ গভর্নর লর্ড হার্ডিঞ্জ প্রবল বিরোধিতার মুখে বঙ্গভঙ্গ রদ করেন।

09. **'ডকুমেন্টরী হেরিটেজ' হিসাবে ইউনেস্কো কর্তৃক ঘোষিত হয়েছে-**
a) ছয় দফা কর্মসূচীর দলিল
b) বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ
c) জাতিসংঘে বঙ্গবন্ধুর বাংলা ভাষণ
d) সব কয়টি ***ans.* B**

Solution: জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান এবং সংস্কৃতি বিষয়ক সংস্থা 'UNESCO' জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯৭১ সালের ৭ই মার্চের ভাষণকে ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ হিসেবে স্বীকৃতি দেয় ৩০ অক্টোবর, ২০১৭ সালে।

10. **পদ্মা সেতুর দৈর্ঘ্য-**

a) ৬.০০ কি:মি: b) ৬.৩০ কি:মি:
c) ৬.২০ কি:মি: d) ৬.১৫ কি:মি: ***ans.* D**

Solution: পদ্মা বহুমুখী সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কিমি এবং প্রস্থ ১৮.১০ মি। উল্লেখ্য, উভয় প্রান্তের সংযোগ সড়কের দৈর্ঘ্য ১২.১৬ কিমি (এর মধ্যে ১১.৯৫ কিমি জাজিরা প্রান্তে)। এর নির্মাতা প্রতিষ্ঠান হলো চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড। নদী শাসক সংস্থা হলো সিনোহাইড্রো করপোরেশন এবং তদারকি পরামর্শক হলো কোরিয়ান এক্সপ্রেসওয়ে করপোরেশন।

11. **আল-কুরআনে কয়টি সূরা আছে?**

a) ১১৪ b) ১১৫
c) ১১৩ d) ১১২ ***ans.* A**

Solution: কুরআনে ১১৪টি সূরা রয়েছে। কুরআনের প্রথম সূরা হলো 'আল ফাতিহা' এবং শেষ সূরার নাম 'আন-নাস্'। দীর্ঘতম সূরা হলো 'আল বাকারা' যেখানে ২৮৬ টি আয়াত রয়েছে এবং ক্ষুদ্রতম সূরা আল কাউসার ।

12. **আল-কুরআন কত বৎসর ধরে অবতীর্ণ হয়?**

a) ২২ বৎসর b) ২৫ বৎসর
c) ২৪ বৎসর d) ২৩ বৎসর ***ans.* D**

Solution: মানুষের ইহলৌকিক কল্যাণ ও পারলৌকিক মুক্তির দিগদর্শণ মুসলিম উম্মাহর জন্য শ্রেষ্ঠতম নিয়ামত আল্লাহর বাণী পবিত্র 'আল-কোরআন'। এটি বিশ্বমানবতার মুক্তিদূত মহানবী হযরত মুহম্মদ (সা:) এর প্রতি আল্লাহর কাছ থেকে জিবরাইল ফেরেশতা মারফত সুদীর্ঘ ২৩ বছরে অবতীর্ণ হয়।

13. **কসরের ছালাত কখন পড়তে হয়?**

a) এশার নামাজের পর b) রাতের শেষ দিকে
c) মুসাফির অবস্থায় d) সকাল বেলায় ***ans.* C**

Solution: কোনো ব্যক্তি তার অবস্থানস্থল থেকে ৪৮ মাইল তথা ৭৮ কিলোমিটার দূরে সফরের নিয়তে বের হয়ে তার এলাকা পেরিয়ে গেলেই শরিয়তের দৃষ্টিতে সে মুসাফির হয়ে যায়। শরয়ি মুসাফিরের জন্য সফরের সময়ে নামাজে কসর করতে হয়। ফজরে দুই রাকাত, যোহরে দুই রাকাত, আসরে দুই রাকাত, মাগরিবে তিন রাকাত এবং এশায় দুই রাকাত নামাজ আদায় করবেন তিনি।

14. **সিহাহ সিত্তা কী**

a) কুরআনের একটি সূরা b) ছয়টি হাদীস গ্রন্থ
c) মুহাম্মাদ সঃ এর জীবনী d) কোনটিই নয় ***ans.* B**

Solution: সিহাহ সিত্তাহ অর্থ হল, ছয়টি সহীহ। সিহাহ সিত্তাহ বলতে হাদীসের ছয়টি প্রসিদ্ধ সহীহ হাদীস সমৃদ্ধ কিতাবকে বুঝায়। যথাঃ সহীহ বুখারী, সহীহ মুসলিম, সুনানে আবূ দাউদ, জামে তিরমিজী, সুনানে নাসায়ী এবং সুনানে ইবনে মাজাহ।

15. **আল-কুরআনের কোন সূরার শুরুতে 'বিসমিল্লাহ' নাই?**

a) সূরা বাক্বারা b) সূরা ফাতিহা
c) সূরা নিসা d) সূরা তওবা ***ans.* D**

Solution: পবিত্র কুরআনে সর্বমোট ১১৪টি সূরা রয়েছে। তন্মধ্যে সূরা তাওবাহ (সূরা বারাআহ) ছাড়া বাকি ১১৩ টা সূরার শুরুতে 'বিসমিল্লাহির রহমানির রহীম' রয়েছে। কিন্তু সূরা তাওবাহ'র শুরুতে 'বিসমিল্লাহ' নেই। আলী (রা.) থেকে বর্ণনা করেন যে 'বিসমিল্লাহ'র মধ্যে শান্তি ও নিরাপত্তার বার্তা আছে। কিন্তু সূরা তাওবায় চুক্তিভঙ্গকারী কাফিরদের জন্য শান্তি ও নিরাপত্তা চুক্তিগুলো নাকচ করা হয়েছে। তাই এই সুরার শুরুতে 'বিসমিল্লাহ' লেখা হয়নি (তাফসিরে কাবির)।

16. **যাকাত বণ্টনের খাত কয়টি?**

a) ৫ টি b) ৬ টি
c) ৭ টি d) ৮ টি ***ans.* D**

Solution: পবিত্র কুরআনের সূরা আত-তাওবার ৬০ নাম্বার আয়াতে যাকাত বণ্টনে আটটি খাত আল্লাহ তায়ালা নির্ধারন করেছেন। এই খাতগুলো সরাসরি কুরআন দ্বারা নির্দিষ্ট এবং যেহেতু তা আল্লাহর নির্দেশ, তাই এর বাইরে যাকাত বণ্টন করলে তা ইসলামী শরিয়তসম্মত হয় না। এগুলো হলোঃ (১) ফকীর (২) মিসকীন (৩) যাকাত আদায়কারী ও হেফাযতকারী (৪) ইসলামের প্রতি আকৃষ্ট করার জন্য কোন অমুসলিমকে যাকাত প্রদান করা (৫) দাস মুক্তির জন্য (৬) ঋণগ্রস্ত ব্যক্তি (৭) আল্লাহর রাস্তায় (৮) মুসাফির।

17. **ফসলের যাকাতকে কী বলে?**

a) সাদাকা b) খারাজ
c) ওশর d) জিজিয়া ***ans.* C**

Solution: জাকাত ফরজ ইবাদাত। জাকাত চার ধরনের সম্পদে ওপর প্রযোজ্য। এমনকি কৃষিজাত ফল-ফসলও জাকাতের অন্তর্ভুক্ত।

18. **ইসলামে সুদ-**

a) মুবাহ b) মাকরুহ
c) মাকরুহে তাহরিমী d) হারাম ***ans.* D**

Solution: সুদ হারাম হওয়ার কারণ হলো- সুদের যে অতিরিক্ত অর্থ আসে তার জন্য মেধা ও শ্রম ব্যয় করতে হয় না। সময় শেষে তা থেকে অতিরিক্ত অর্থ গ্রহণ করা হয়। এতে যে ব্যক্তি কর্জ গ্রহণ করে; ওই ব্যক্তির জন্য অতিরিক্তি অর্থ আদায় করা 'জুলুম'। মহান আল্লাহ নিচের আয়াতে বান্দাদের সুদ থেকে বিরত থাকার প্রতি নির্দেশ দিয়েছেন। 'আল্লাহ সুদকে নিশ্চিহ্ন করেন এবং দানকে বৃদ্ধি করে দেন। আল্লাহ কোনো অকৃতজ্ঞ পাপীকে ভালবাসেন না।' (সুরা বাকারাঃ আয়াত ২৭৬)

19. **পবিত্রতা ---- অঙ্গ।**

a) ইসলামের b) ঈমানের
c) কুরআনের d) সালাতের ***ans.* B**

20. **হাক্কুল ইবাদ শব্দের অর্থ--**

a) মাতা-পিতার হক b) বান্দার হক
c) প্রতিবেশির হক d) আল্লাহর হক ***ans.* B**

Solution: হক আরবি শব্দ। এর অন্যতম একটি অর্থ হলো অধিকার, দাবি, পাওনা। ইসলামে হককে দুই ভাগে ভাগ করা হয়েছে। হাক্কুল্লাহ ও হাক্কুল ইবাদ। হাক্কুল্লাহ হলো মহান আল্লাহর হক এবং হাক্কুল্লাহ ইবাদ হলো বান্দার হক।

21. **পশ্চিম ভারতীয় দ্বীপুঞ্জের অবস্থান কথায়?**

a) ক্যারিবিয়ান সাগর b) ভারত মহাসাগর
c) ভূমধ্য সাগর d) কৃষ্ণ সাগর ***ans.* A**

Solution: ওয়েস্ট ইন্ডিজ বা ওয়েস্ট ইন্ডিয়া ক্যারিবীয় অববাহিকা এবং উত্তর আটলান্টিক মহাসাগরীয় একটি অঞ্চলবিশেষ।

22. **Pandemic অর্থ–**

a) মহামারী b) মারামারী
c) অতিমারী d) কোনটিই নয় ***ans.* C**

Solution: যে রোগ একই সময়ে বিভিন্ন দেশে দ্রুতগতিতে ছড়িয়ে পড়ে তাকে Pandemic বা অতিমারী বলে। উল্লেখ্য, করোনা ভাইরাসকে ২০২০ সালের ১১ মার্চ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) 'প্যানডেমিক' হিসেবে ঘোষণা করে।

23. **ফরাসি বিপ্লব সংঘটিত হয়-**

a) ১৭৮৯ সালে b) ১৭৯৯ সালে
c) ১৮৮৯ সালে d) ১৯১৭ সালে ***ans.* A**

Solution: ১৪ জুলাই ১৭৮৯ সালে ফরাসি বিপ্লব সংঘটিত হয়। ফরাসি বিপ্লব ১৭৮৯ থেকে ১৭৯৯ সাল পর্যন্ত স্থায়ী হয়েছিলো। যার পরিপ্রেক্ষিতে Napoleon ফ্রান্সের সম্রাট হন। কিছু আলোচিত বিপ্লবঃ

বিপ্লবের নাম	সময়কাল	দেশ
অরেঞ্জ বিপ্লব	২০০৪	ইউক্রেন
রুশ/অক্টোবর/বলশেভিক বিপ্লব	১৯১৭	রাশিয়া
ফরাসি বিপ্লব	১৭৮৯-১৭৯৯	ফ্রান্স
শিল্প বিপ্লব	১৭৮০-১৮৫০	ইংল্যান্ড
টিউলিপ বিপ্লব	২০০৫	কিরগিজস্তান
ভেলভেট বিপ্লব	১৯৮৯	চেকোস্লোভিয়া

24. **পৃথিবীর দীর্ঘতম রেলপথের নাম কী**

a) Oriental Express
b) Trans-Canadian Railway
c) Trans-Siberian Railway
d) Euro Express ***ans.* C**

Solution: Trans-Siberian হলো একটি রেলপথ ব্যবস্থা যা রাশিয়ার রাজধানী মস্কোকে দেশটির পূর্বাঞ্চল তথা সাইবেরিয়ার সাথে যুক্ত করেছে। এটি বিশ্বের দীর্ঘতম রেলপথ। চীন, মঙ্গোলিয়া এবং উত্তর কোরিয়ায় এই রেলপথের সংযোগকারী শাখা আছে। ১৯১৬ সাল থেকে এটি মস্কোকে ভাদিভস্তকের সাথে যুক্ত করেছে।

25. **কোন দেশ এশিয়া এবং ইউরোপ উভয় মহাদেশে অবস্থিত?**

a) আজারবাইজান b) ইরান
c) সৌদিআরব d) তুরস্ক ***ans.* D**

Solution: ইউরোপ এবং এশিয়া উভয় মহাদেশের অবস্থিত হলো তুরস্ক। উল্লেখ্য, পশ্চিম এশিয়ার দেশ তুরস্কের বিখ্যাত শহর ইস্তানবুল ইউরোপ মহাদেশে অবস্থিত। এজন্য তুরস্ককে 'ইউরোশিয়ান কান্ট্রি' এবং ইস্তানবুলকে 'ইউরেশিয়ান সিটি' বলা হয়।

26. **NATO কোন ধরণের জোট?**

a) রাজনৈতিক b) সামাজিক
c) পরিবেশ d) সামরিক ***ans.* D**

Solution: NATO একটি সামরিক জোট। NATO এর পূর্ণরূপ হলো North Atlantic Treaty Organization. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর পশ্চিম ইউরোপের নিরাপত্তা নিশ্চিত করার জন্য যুক্তরাজ্য, ফ্রান্স, বেলজিয়াম, নেদারল্যান্ডস এবং লুক্সেমবার্গ যৌথ নিরাপত্তা ব্যবস্থা হিসেবে ১৯৪৮ সালের ১৭ মার্চ ব্রাসেলস চুক্তি স্বাক্ষর করে এবং এর ভিত্তিতে ১৯৪৯ সালের ৪ এপ্রিল NATO প্রতিষ্ঠিত হয়। NATO এর বর্তমান সদর দপ্তর ব্রাসেলস, বেলজিয়াম (১৯৬৭ সালে স্থানান্তর করা হয়)।

27. **কোন দেশ বাংলা ভাষাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে?**

a) ভারত b) নেপাল
c) জাপান d) সিয়েরালিওন ***ans.* D**

Solution: আফ্রিকার দেশ সিয়েরালিওন ২০০৮ সালে বাংলাকে সে দেশের ২য় ভাষা হিসেবে স্বীকৃতি দেয়। কারণ জাতিসংঘ শান্তিরক্ষি মিশনে বাংলাদেশী সৈন্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

28. **গ্রিনিচ শব্দটি কিসের সাথে সম্পর্কিত?**

a) সময় b) দূরত্ব
c) ওজন d) দৈর্ঘ্য ***ans.* A**

Solution: গ্রিনিচ মানমন্দির অবস্থিত যুক্তরাজ্যের লন্ডন শহরে। এই স্থান থেকে সময় পরিমাপের আদর্শ মান হিসেব করা হয়। গ্রিনিচ মান মন্দিরের নামানুসারে GMT বা গ্রিনিচ মিন টাইম ঠিক করা হয়। গ্রীনিচ মান সময় এমন একটি সময় পরিমাপক সিস্টেম যা মূলত

সৌর সময়কে নির্দেশ করে। লন্ডনের উপকণ্ঠে গ্রিনিচ মানমন্দিরের উপর দিয়ে সুমেরু থেকে কুমেরু (উত্তর মেরু থেকে দক্ষিণ মেরু) পর্যন্ত যে রেখা কল্পনা করা হয় তাকে মূল মধ্যরেখা বলে। মূল মধ্যরেখার দ্রাঘিমা 0°. এটি ১৮৮৪ সালে স্থির করা হয়।

29. আয়তনের দিক থেকে বিশ্বের সর্ববৃহৎ দেশ-

a) কানাডা b) রাশিয়া
c) ব্রাজিল d) ভারত **ans. B**

Solution: রাশিয়া আয়তনে বিশ্বের সর্ব বৃহৎ দেশ। উল্লেখ্য, রাশিয়ার পূর্ব নাম ছিলো সোভিয়েত ইউনিয়ন। উত্তর এশিয়া এবং পূর্ব ইউরোপের বিশাল অংশজুড়ে রাশিয়ার অবস্থান। আয়তনে ইউরোপ মহাদেশের চেয়ে বৃহত্তম দেশ রাশিয়া।

30. ATM বলতে বোঝায়-

a) Automatic Telephone Machine
b) Automated Teller Machine
c) Approved Tariff Manual
d) Approved Training Manual **ans. B**

Solution: Automated Teller Machine বা ATM যন্ত্রের ধারণা প্রথম স্কটল্যান্ডের অধিবাসী জন শেফার্ড ব্যারনের ভাবনাতে আসে। চকলেট ভেন্ডিং মেশিন (চকলেট বিক্রি করার স্বয়ংক্রিয় যন্ত্র) দেখেই তিনি ATM তৈরি করার কথা ভাবেন। ১৯৬৭ সালের ২৭ জুন লন্ডনে বার্কলেস ব্যাংকের এনফিল্ড শাখায় প্রথম ATM মেশিন স্থাপন করা হয়। ATM মেশিন পিন (পার্সোনাল আইডেন্টিফিকেশন নাম্বার) এর ভিত্তিতে কাজ করতো।

31. ঘাটতি বাজেট কাকে বলে?

a) আয়ের তুলনায় ব্যয় বেশি হলে
b) আয়ের তুলনায় ব্যয় কম হলে
c) আয় এবং ব্যয় সমান সমান হলে
d) কোনটিই নয় **ans. A**

Solution: প্রতি বছর সরকার বাজেটের মাধ্যমে জনগণের সামনে আয়-ব্যয়ের হিসাব তুলে ধরে। এতে আয়ের চেয়ে ব্যয়ের পরিমাণ বেশি থাকলে বাড়তি অংশই ঘাটতি বলে পরিচিত। এ ধরনের বাজেট ঘাটতি বাজেট। আবার আয়ের চেয়ে ব্যয়ের পরিমাণ কম হলে যে অংশ উদ্বৃত্ত থাকে তা উদ্বৃত্ত বলে পরিচিত। এ ধরনের বাজেটকে উদ্বৃত্ত বাজেট বলে।

32. ইস্তানবুলের পূর্ব নাম -

a) আংকারা b) ইজমির
c) কনস্ট্যান্টিনোপল d) আদানা **ans. C**

Solution: বিশ্বের বিভিন্ন স্থানের পরিবর্তিত নতুন নামঃ

পূর্ব নাম	বর্তমান নাম	পূর্ব নাম	বর্তমান নাম
ইস্তানবুল	কনস্ট্যান্টিনোপল	অ্যাঙ্গোলা (তুরস্ক)	আঙ্কারা
জাহাঙ্গীরনগর	ঢাকা	ইসলামাবাদ	চট্টগ্রাম
রেঙ্গুন	ইয়াঙ্গুন	পিংক সিটি	বেইজিং
নিউ গিনি	পশ্চিম ইরিয়ান	হস্তিনাপুর	দিল্লি

33. চীনের মুদ্রার নাম কী?

a) ফ্রী b) ইউয়ান
c) তুয়ান d) ইয়েন **ans. B**

34. ভারতীয় উপমহাদেশে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান হয়-

a) ১৮৫৭ সালে b) ১৮৫৮ সালে
c) ১৮৫৯ সালে d) ১৮৬০ সালে **ans. B**

Solution: ১৮৫৮ সাল পর্যন্ত ব্রিটিশ শাসন স্থায়ী হয়েছিল। ১৮৫৭ সালের মহাবিদ্রোহের পর ১৮৫৮ সালের ভারত শাসন আইন বলে ব্রিটিশ সরকার ভারতের প্রশাসনিক দায়দায়িত্ব স্বহস্তে তুলে নেয় এবং দেশে নতুন ব্রিটিশ রাজ প্রবর্তিত হয়। ইন্ডিয়া অ্যাক্ট, ১৮৫৮ ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটায় এবং এর বদলে সরাসরি ব্রিটিশ সরকারের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়। এটি ছিল ১৮৫৭ সালের সিপাহি বিপ্লবের প্রত্যক্ষ ফল।

35. 'উত্তমাশা' হলো একটি-

a) হ্রদের নাম b) অন্তরীপের নাম
c) দ্বীপের নাম d) নাটকের নাম **ans. B**

Solution: ভূপৃষ্ঠের কোনো অংশ ক্রমশ সরু হয়ে সাগরে প্রবেশ করলে সেই সংকীর্ণ অংশ কে অন্তরীপ বলা হয়। পৃথিবীতে যতগুলো অন্তরীপ আছে, তার মধ্যে সবচেয়ে বিখ্যাত হলো উত্তমাশা অন্তরীপ। অন্তরীপকে ইংরেজিতে বলা হয় কেপ। কেপ অব গুড হোপ বা উত্তমাশা অন্তরীপ দক্ষিন আফ্রিকায় অবস্থিত। এই অন্তরীপটি সরু হয়ে দক্ষিণ আটলান্টিক মহাসাগরে প্রবেশ করেছে।

36. কোন প্রণালী আফ্রিকা মাহাদেশকে ইউরোপ থেকে পৃথক করেছে?

a) মালাক্কা b) জিব্রাল্টার
c) পক d) বেরিং **ans. B**

Solution: জিব্রাল্টার প্রণালী পৃথক করেছে ইউরোপ (স্পেন) ও আফ্রিকা (মরক্কো)-কে; সংযুক্ত করেছে উ: আটলান্টিক ও ভূমধ্যসাগর-কে।

প্রণালী	মালাক্কা	পক	বেরিং
পৃথক করেছে	সুমাত্রা-মালয়েশিয়া	ভারত-শ্রীলংকা	এশিয়া - উত্তর আমেরিকা
সংযুক্ত করেছে	বঙ্গোপসাগর-জাভা সাগর	ভারত মহাসাগর - আরব সাগর	উত্তর সাগর - বেরিং সাগর

37. আল-জাজিরা কোন দেশভিত্তিক স্যাটেলাইট চ্যানেল?

a) ইরাক b) কাতার
c) মিশর d) সৌদি আরব **ans. B**

Solution: আল জাজিরা কাতারের দোহা সদর দফতর থেকে সম্প্রচারিত একটি সংবাদভিত্তিক টেলিভিশন চ্যানেল।

38. সবচেয়ে বড় মহাদেশ-

a) আফ্রিকা b) এশিয়া
c) ইউরোপ d) উত্তর আমেরিকা **ans. B**

Solution: এক নজরে মহাদেশঃ

এশিয়া	আফ্রিকা	উঃ আমেরিকা	দঃ আমেরিকা	অ্যান্টার্কটিকা	ইউরোপ	ওশেনিয়া
৪,৪৫,৭৯,০০০	৩,০২,২১,০০০	২,৪২,৫৬,০০০	১,৭৮,১৯,০০০	১,৩২,০৯,০০০	৯৯,৩৮,০০০	৮১,১২,০০০

39. NATO এর একমাত্র মুসলিম সদস্য দেশ কোনটি?

a) মিশর b) তুরস্ক
c) সিরিয়া d) সৌদি আরব **ans. B**

Solution: NATO এর একমাত্র মুসলিম সদস্য দেশ তুরস্ক। উল্লেখ্য, বর্তমানে NATO এর সদস্য দেশ ৩০টি। সর্বশেষ সদস্য দেশ হলো উত্তর মেসোডেনিয়া (২০২০)।

40. মোনালিসা চিত্রটির চিত্রকর কে?

a) লিউনার্দো দ্য ভিঞ্চি b) মাইকেল এঞ্জেলো
c) বাতিকেল্লি d) পিকাসো **ans. A**

Solution: মাদোনা লিসা জেরার দিনিকে কল্পনা করে 'মোনালিসা' চিত্রকর্মটি অঙ্কন করেন লিওনার্দো দ্য ভিঞ্চি। তাঁর কিছু বিখ্যাত চিত্রকর্ম হলোঃ La Gioconda, মেডুসা, দ্য ক্যাপটিজম অব খ্রিস্ট, দ্য ম্যাডোনা অব দ্য কারনেশন, দ্য ভার্জিন অব দ্য রকস্।

41. আল্-আকসা মসজিদ কোথায়?

a) বাগদাদ b) মক্কা
c) মদিনা d) জেরুজালেম **ans. D**

Solution: পৃথিবীর বরকতময় ও স্মৃতিবিজড়িত ফিলিস্তিনের সুন্দর সুশোভিত প্রাচীনতম জেরুজালেম শহরে অবস্থিত মুসলমানদের তৃতীয় পবিত্রতম মসজিদ আল-আকসা। মুসলিম জাতির প্রথম কিবলা ও পৃথিবীর বুকে সব জাতি-বর্ণের মুসলমানদের প্রাণস্পন্দন।

42. কোন ইউরোপীয় ভারতে আসার জলপথ আবিষ্কার করেন?

a) ভাস্কো ডা গামা b) ম্যাগিলান
c) কলম্বাস d) ক্যাপ্টেন কুক **ans. A**

Solution: ১৪৯৮ সালে পর্তুগিজ নাবিক ভাস্কো ডা গামা ভারতে আসার জলপথ আবিষ্কার করেন। উল্লেখ্য, ১৪৯২ সালে ইটালির নাগরিক কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন।

43. দ্বীন-ই-ইলাহী কে প্রবর্তন করেন?

a) সম্রাট বাবর b) সম্রাট আকবর
c) সম্রাট শাহ্ জাহান d) সম্রাট জাহাঙ্গীর **ans. B**

Solution: ১৫৮২ সালে চল্লিশ বছর বয়সে সম্রাট আকবর আনুষ্ঠানিকভাবে একটি ধর্ম প্রবর্তন করেন। এই ধর্মের নাম দেওয়া হয় দ্বীন-ই-ইলাহী।

44. কারবালা কোন দেশে অবস্থিত?

a) ইরান b) ইরাক
c) জর্ডান d) সিরিয়া **ans. B**

Solution: কারবালা প্রদেশ ইরাকের একটি প্রদেশ। কারবালা শিয়া মুসলিম ধর্মাবলম্বীদের একটি পবিত্র তীর্থস্থান। এখানে শিয়াদের অত্যন্ত সম্মানিত ব্যক্তিত্ব ইমাম হুসেনের সমাধি অবস্থিত। শিয়া মুসলিমেরা ইরান, আফগানিস্তান ও পাকিস্তান থেকে দলে দলে এখানে তীর্থে আসেন।

45. যুক্তরাষ্ট্রে দাস প্রথা কে বিলুপ্ত করেন-

a) আব্রাহাম লিংকন b) জন এফ কেনেডি
c) টমাস জেফারসন d) জর্জ ওয়াশিংটন **ans. A**

Solution: আমেরিকার ১৬তম প্রেসিডেন্ট আব্রাহাম লিঙ্কন ১৮৬৩ সালে ক্রীতদাস প্রথা বিলুপ্ত করেন।

46. সুয়েজ খাল সংযুক্ত করেছে-

a) ভারত মহাসাগর ও প্রশান্ত মহাসাগরকে
b) ভূ-মধ্যসাগর ও মর্মর সাগরকে
c) লোহিত সাগর ও ভূমধ্য সাগরকে
d) কোনটিই নয় **ans. C**

Solution: সুয়েজখাল লোহিতসাগর ও ভূ-মধ্যসাগর দুইটি সাগরকে সংযুক্ত করেছে। সুয়েজ খাল খনন করেন ফরাসি ইঞ্জিনিয়ার ফার্ডিনান্দ দ্য লিসেপস। ২৫ এপ্রিল ১৮৫৯ সালে এটির খনন কাজ শুরু হয় এবং ২৫ এপ্রিল ১৮৬৯ সালে এটি উদ্বোধন করে। মিসর সুয়েজ খাল জাতীয়করণ করেছিল ২৬ জুলাই ১৯৫৬ সালে।

47. হরপ্পা মহেঞ্জোদারো কোন সভ্যতার অন্তর্ভুক্ত?

a) রোমান b) গ্রীক
c) সিন্ধু d) চৈনিক **ans. B**

Solution: সিন্ধুদের অববাহিকায় গড়ে উঠেছিল বলে এই সভ্যতার নাম রাখা হয় সিন্ধু সভ্যতা। সিন্ধু সভ্যতার সংস্কৃতিকে অনেক সময়ে হরপ্পা সভ্যতা বলা হয়ে থাকে। পাকিস্তানের সিন্ধু প্রদেশের লারকানা জেলায় মহেঞ্জোদারো শহরে উঁচু উঁচু মাটির ঢিবি ছিলো। ১৯২২-২৩ সালে দয়ারাম সাহানীর প্রচেষ্টায় পাঞ্জাবের পশ্চিম দিকে মন্টোগোমারি জেলার হরপ্পা নাম স্থানেও প্রাচীন সভ্যতার নিদর্শন আবিষ্কৃত হয়। জন মার্শালের নেতৃত্বে পুরাতত্ত্ব বিভাগ অনুসন্ধান চালিয়ে আরো বহু নিদর্শন আবিষ্কার করেন।

48. পানামা খাল সংযুক্ত করেছে-

a) এশিয়া b) উত্তর আমেরিকা
c) দক্ষিণ আমেরিকা d) আফ্রিকা **ans. B**

Solution: পানামা খাল জাহাজ চলাচলের জন্য পানামা প্রজাতন্ত্রের ইস্থমাসে নির্মিত একটি খাল যা আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে যুক্ত করেছে। ইস্থমাস বলতে দুটো

বড় ভূখণ্ডকে সংযোগকারী সরু ভূমিকে বোঝায় যার অন্য দুই পাশে সাধারণত পানি থাকে। পানামার ইস্থমাস উত্তর ও দক্ষিণ আমেরিকা মহাদেশকে যুক্ত করে এবং আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে আলাদা করে রাখে। এই খালটি তাই এক অর্থে মহাদেশ দুটিকে আলাদা করে এবং মহাসাগর দুটিকে যুক্ত করেছে। আর এই খালটি প্রথম ব্যবহার করা হয় ১৫ আগস্ট ১৯১৪ সালে।

49. আধুনিক কম্পিউটারের জনক কে?

a) বিল গেটস b) আইকেন
c) চার্লস ব্যাবেজ d) জর্জ তোলে ***ans.*** **C**

50. মরক্কোর রাজধানী কোনটি?

a) কাইরো b) রাবাত
c) জেদ্দা d) তেহরান ***ans.*** **B**

Solution: মরক্কোর রাজধানী হলো রাবাত। উল্লেখ্য, মিশরের রাজধানী হলো কাইরো; সৌদি আরবের দ্বিতীয় বৃহত্তম শহর হলো জেদ্দা; ইরানের রাজধানী হলো তেহরান।

51. অর্থনীতিতে চাহিদা বলতে কি বুঝায়?

a) আকাঙ্ক্ষা ও অর্থ প্রদানের সামর্থ্য b) আকাঙ্খা
c) অর্থ প্রদানের সামর্থ্য d) কোনটিই নয় ***ans.*** **A**

Solution: একটি নির্দিষ্ট দামে ও নির্দিষ্ট সময়ে ক্রেতারা কোন একটি দ্রব্যের যে পরিমাণ ক্রয় করতে ইচ্ছুক তাকেই সে দ্রব্যের চাহিদা হলে। অর্থশাস্ত্রে কোন জিনিস পাওয়ার আকাঙ্ক্ষাকেই চাহিদা বলা হয় না। কোন জিনিস পাওয়ার ইচ্ছার পেছনে যদি অর্থ ব্যয় করার ইচ্ছা ও সামর্থ্য দুই-ই থাকে তবেই তাকে চাহিদা বলে। একজন ভিক্ষুকের ঘোড়া ক্রয় করার ইচ্ছা থাকতে পারে, কিন্তু ঘোড়া ক্রয় করার সামর্থ্য তার নেই। আবার একজন ধনী কৃপণের সন্দেশ খাওয়ার ইচ্ছা ও ক্রয়ক্ষমতা দুই-ই থাকতে পারে, কিন্তু টাকা খরচ করার ইচ্ছা তার নেই। অতএব, ভিখারির ঘোড়া ক্রয়ের শখ এবং কৃপণের সন্দেশ খাওয়ার অভিলাষ কোনটাই চাহিদা বলে গণ্য করা হবে না। সুতরাং চাহিদার উপাদান তিনট। যথা (১) কোন দ্রব্য পাওয়ার আকাঙ্ক্ষা, (২) দ্রব্যটি ক্রয় করার সামর্থ্য এবং (৩) টাকা খরচ করার ইচ্ছা। এই তিনটি উপাদানের যেকোন একটি অনুপস্থিত থাকলেও সেটি আর চাহিদা বলে গণ্য হবে না।

52. মুদ্রাস্ফীতি কী?

a) অর্থের মূল্য কমে আসা b) অর্থের মূল্য বৃদ্ধি পাওয়া
c) অর্থেও মূল্য সমান থাকা d) কোনটিই নয় ***ans.*** **A**

Solution: যেকোন দেশের অর্থনীতিতে মুদ্রাস্ফীতি একটি জটিল সমস্যা। কোন কালপরিধিতে পণ্য-সেবার মূল্য টাকার অঙ্কে বেড়ে গেলে অর্থনীতির ভাষায় তাকে মুদ্রাস্ফীতি বলা হয়। সাধারণত পণ্যদ্রব্যের দাম বেড়ে গেলে স্থানীয় মুদ্রা দিয়ে ঐ পণ্য ক্রয়ে বেশি পরিমাণ মুদ্রার প্রয়োজন কিংবা একই পরিমাণ মুদ্রা দিয়ে আগের পরিমাণ পণ্য কিনতে গেলে পরিমাণে কম পাওয়া যায়। সুতরাং মুদ্রাস্ফীতির ফলে মানুষের ক্রয় ক্ষমতা কমে যায়। একইভাবে অর্থনীতিতে পণ্যের আসল বিনিময়মূল্য কমে যায়। সাধারনত মুদ্রাস্ফীতি সূচকের মাধ্যমে হিসাব করা হয় যাকে মুদ্রাস্ফীতি সূচক বলা হয়।

53. কম্পিউটারের মস্তিষ্ক বলা হয় কোন অংশকে?

a) সিপিইউ b) মনিটর
c) কিবোর্ড d) মাউস ***ans.*** **A**

Solution: CPU এর সাথে সরাসরি যুক্ত কম্পিউটারের অভ্যন্তরীণ স্মৃতিকে প্রধান স্মৃতি বলা হয়। ডাটা ইনপুট হিসেবে প্রবেশ করানোর পর তা প্রক্রিয়াকরণের সময় প্রধান স্মৃতিতে অবস্থান করে। যখন কম্পিউটার বন্ধ করা হয় তখন এ মেমরী হতে ডাটা মুছে যায়। তাই প্রধান মেমরীকে ভোলাটাইল মেমরীও বলা হয়।

54. 'ময়ূর সিংহাসন' এর নির্মাতা কে?

a) সম্রাট আকবর b) সম্রাট শাহজাহান
c) সম্রাট আওরঙ্গজেব d) সম্রাট জাহাঙ্গির ***ans.*** **B**

Solution: মুঘল আমলে নির্মিত ভারতের স্থাপত্যগুলো হলোঃ

স্থাপত্য	ময়ূর সিংহাসন	আগ্রার জামে মসজিদ	দেওয়ান-ই-খাস
স্থান	আগ্রা, দিল্লি	আগ্রা, দিল্লি	দিল্লি

সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহজাদা মোহাম্মদ আজম শাহ ১৬৭৮ সালে লালবাগ কেলার নির্মাণ কাজ শুরু করেন এবং শায়েস্তা খান তা সমাপ্ত করেন। এটি মুঘল প্রাসাদ নামে পরিচিত।

55. রিখটার স্কেল দ্বারা কি পরিমাপ করা হয়?

a) ভূ-আলোড়নের সংখ্যা b) কম্পন সংখ্যা
c) ভূ-কম্পন শক্তি d) ক্ষয়-ক্ষতি মাত্রা ***ans.*** **C**

Solution: চার্লস এফ. রিখটার ১৯৩৫ সালে রিখটার স্কেল তৈরি করেন যা ভূমিকম্পের তীব্রতা পরিমাপে ব্যবহার করা হয়। এর পাঠ সংখ্যা ও দশমিক সংখ্যা ব্যবস্থায় প্রকাশ করে যার কোন ইউনিট নেই। স্কেলটি একটি তীব্রতার সংখ্যা নির্ধারন করে যা ভূমিকম্পের ফলে নির্গত শক্তির মাত্রা নির্দেশ করে। রিখটার স্কেলের পাঠ যত বেশী, ভূমিকম্পের তীব্রতা তত ধ্বংসাত্মক।

56. রাইট ভ্রাতৃদ্বয় নিচের কোনটি উদ্ভাবন করেছিল?

a) বেলুন b) বাই সাইকেল
c) এরোপ্লেন d) কোনটিই নয় ***ans.*** **C**

Solution: রাইট ব্রাদার্স উইলবার রাইট এবং অরভিল রাইট প্রথম উড়োজাহাজ আবিষ্কার করেন।

57. চিরস্থায়ী বন্দোবস্ত চালু করেন কে?

a) লর্ড কর্নওয়ালিস b) লর্ড উইলিয়াম বেন্টিং
c) লর্ড ডালহৌসি d) লর্ড কার্জন **ans. A**

Solution: কোম্পানির শাসন দুর্নীতিমুক্ত ও সুসংগঠিত করতে ১৭৮৬ সালে লর্ড কর্নওয়ালিসকে ভারতের গভর্নর জেনারেল ও সেনা প্রধানের দায়িত্ব দিয়ে পাঠানো হয়। তিনি ১৭৯৩ খ্রিষ্টাব্দে চিরস্থায়ী বন্দোবস্ত বা স্থায়ী ভূমি ব্যবস্থা প্রবর্তন করেন। ঐ বছর ২২ মার্চ নির্দিষ্ট রাজস্ব পরিশোধের বিনিময়ে বাংলা, বিহার, উড়িষ্যার জমিদারগণকে নিজ নিজ জমির উপর স্থায়ী মালিকানা দান করে যে বন্দোবস্ত চালু করা হয় তাকেই 'চিরস্থায়ী বন্দোবস্ত' বলা হয়।

58. কোনটি ভূ-বেষ্ঠিত রাষ্ট্র?

a) ইরান b) ইরাক
c) নেপাল d) শ্রীলংকা **ans. C**

59. কোন প্রণালী উত্তর আমেরিকা থেকে এশিয়াকে বিচ্ছিন্ন করেছে?

a) পক b) ফ্লোরিডা
c) জিব্রাল্টার d) বেরিং **ans. D**

Solution: বেরিং প্রণালী পৃথক করেছে এশিয়া-উত্তর আমেরিকা এবং সংযুক্ত করেছে উত্তর সাগর-বেরিং সাগর।

60. OIC এর সদরদপ্তর কোথায় অবস্থিত?

a) জেদ্দা b) রাবাত
c) কায়রো d) কুয়ালালামপুর **ans. A**

Solution: OIC এর সদরদপ্তর জেদ্দা, সৌদি আরব। উল্লেখ্য, আল আকসা মসজিদে ইসরাইলের আগুন দেওয়ার প্রতিবাদে মুসলিম দেশগুলো ২৫ সেপ্টেম্বর ১৯৬৯ সালে Organization of Islamic Conference (OIC) বা ইসলামী সাহায্য সংস্থা গঠন করে। এর পূর্ব নাম 'ইসলামী সম্মেলন সংস্থা' পরিবর্তন করে ২৮ জুন ২০১১ সালে নাম করন করা হয় 'ইসলামী সহযোগীতা সংস্থা'। OIC এর মহাসচিবের মেয়াদ কাল পাঁচ বছর (পূর্বে ছিলো চার বছর)। OIC এর অফিসিয়াল ভাষা হলোঃ আরবি, ইংরেজি এবং ফ্রেঞ্চ। এর মূল লক্ষ্য হলো মুসলিম দেশসমূহের মধ্যকার সমস্যা মোকাবিলা করাসহ মুসলিম ধর্মীয় স্থানসমূহ শত্রুমুক্ত ও নিরাপদ করা এবং মুসলিম ভ্রাতৃত্বকে জোরদার করা।

61. 'শেষের কবিতা' কি ধরনের গ্রন্থ?

a) কাব্য b) উপন্যাস
c) নাটক d) প্রহসন **ans. B**

Solution: 'শেষের কবিতা' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি উপন্যাস। এটি 'প্রবাসী' পত্রিকায় ছাপা হয় ১৯২৮ সালে। ভাষার অসামান্য ঔজ্জ্বল্য, দৃপ্তশক্তি ও কবিত্বের দীপ্তি এই গ্রন্থটিকে এমন স্বাতন্ত্র্য দিয়েছে, যার জন্য এই গ্রন্থটি রবীন্দ্রনাথের বিস্ময়কর সৃষ্টির অন্যতম। নিজেকে নিয়ে এই উপন্যাসে রসিকতাও আধুনিকদের আকাঙ্ক্ষিত কিন্তু তখনও পর্যন্ত অনর্জিত এক বাকরীতির সৃষ্টিতে 'শেষের কবিতা' বাংলা সাহিত্যের ইতিহাসে এক স্মরণীয় গ্রন্থ। উল্লেখযোগ্য, চরিত্রগুলো হলো 'অমিত রায়, কেতকী, লাবণ্য, শোভানল' প্রমুখ।

62. 'ভূত' শব্দের বিপরীত অর্থ-

a) ভবিষ্যত b) ভোতা
c) প্রেত d) ভায়া **ans. A**

63. 'কপর্দকহীন' অর্থ-

a) বোকা b) নিঃস্ব
c) অসহায় d) মলিন **ans. B**

64. 'ভানুসিংহ' কার ছদ্মনাম?

a) রবীন্দ্রনাথ ঠাকুর b) শরৎচন্দ্র চট্টপাধ্যায়
c) মোহতলাল মজুমদার d) প্রমথ চৌধুরী **ans. A**

Solution: রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম ছিলো 'ভানুসিংহ'। উল্লেখ্য, প্রমথ চৌধুরির ছদ্মনাম ছিলো 'বীরবল'; মোহতলাল মজুমদার ছদ্মনাম ছিলো 'কৃত্তিবাস ওঝা, সত্যসুন্দর দাস'; শরৎচন্দ্র চট্টপাধ্যায়ের ছদ্মনাম ছিলো 'অনিলা দেবী'।

65. 'সংশয়' এর বিপরীত শব্দ-

a) বিস্ময় b) প্রত্যয়
c) নির্ভয় d) নির্ণয় **ans. B**

66. কোন বানানটি সঠিক?

a) অতিথি b) অতিথী
c) অতীথি d) অতীথী **ans. A**

67. 'ত্রিফলা' কোন সমাস?

a) কর্মধারয় b) দ্বিগু
c) বহুব্রীহি d) অব্যয়ীভাব **ans. B**

Solution: 'ত্রিফলা' = ত্রি (তিন) ফলের সমাহার হলো দ্বিগু সমাস। উল্লেখ্য, সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয় তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে সমাস নিষ্পন্ন পদটি বিশেষ্য হয়।

68. 'পাইবার ইচ্ছা' এক কথায়-

a) লিপ্সা b) বুভুক্ষা
c) ক্ষুধা d) প্রার্থনা **ans. Note**

Solution: পাইবার ইচ্ছা = ঈপ্সা। উল্লেখ্য, লাভ করার ইচ্ছা = লিপ্সা এবং ভোজন করার ইচ্ছা = বুভুক্ষা।

69. 'জানিবার ইচ্ছা' এক কথায়-

a) তপস্যা b) সাধনা
c) অন্বেষা d) জিজ্ঞাসা ***ans.* D**

70. 'গাছ থেকে ফল পড়ে' কোন কারক?

a) অপাদান b) করণ
c) অধকরণ d) সম্প্রদান ***ans.* A**

S: উল্লেখ্য, যা থেকে কিছু বিচ্যুৎ, গৃহীত, জাত, বিরত, দূরীভূত এবং যা দেখে কেউ ভীত হয় তাকেই অপাদান কারক বলে।

71. 'সুলোচন' শব্দের অর্থ-

a) যার চোখ সুন্দর b) যার নাক সুন্দর
c) যার কপাল সুন্দর d) যার চুল সুন্দর ***ans.* A**

Solution: 'লোচন' অর্থ চোখ। আর 'সুলোচন' শব্দের অর্থ যার চোখ সুন্দর।

72. 'ধূমকেতু' কার ছদ্মনাম?

a) রবীন্দ্রনাথ ঠাকুর b) কাজী নজরুল ইসলাম
c) জসীম উদ্‌দীন d) গোলাম মোস্তফা ***ans.* B**

Solution: কাজী নজরুল ইসলামের ছদ্মনাম ছিলো 'ধূমকেতু, কহনল মিশ্র, রূপকার, বনবুলবুল'। উল্লেখ্য, রবীন্দ্রনাথের ছদ্মনাম ছিলো 'ভানুসিংহ ঠাকুর'; জসীম উদ্‌দীনের ছদ্মনাম ছিলো 'জমীরুউদ্দীন মোল্লা' এবং গোলাম মোস্ত ফার উপাধি ছিলো 'কাব্য সুধাকর'।

73. 'সারমেয়' শব্দের অর্থ-

a) বিড়াল b) বাঘ
c) হরিণ d) কুকুর ***ans.* D**

74. বাংলা সাহিত্যে নোবেল বিজয়ী-

a) রবীন্দ্রনাথ ঠাকুর b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
c) বঙ্কিমচন্দ্র চট্টপাধ্যায় d) শরৎচন্দ্র চট্টপাধ্যায় ***ans.* A**

Solution: রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালে নোবেল পুরস্কার পান। উল্লেখ্য, 'গীতাঞ্জলী' রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৭টি গানের সংকলন। এটি মূলত কবিতার বই। এই গ্রন্থের অনুবাদ গ্রন্থের নাম হলো 'Song offerings'. এই গ্রন্থটির জন্য তিনি নোবেল পুরস্কার পান।

75. ছন্দের যাদুকর-

a) রবীন্দ্রনাথ ঠাকুর b) সত্যেন্দ্রনাথ দত্ত
c) মোহতলাল মজুমদার d) শরৎচন্দ্র চট্টপাধ্যায় ***ans.* B**

Solution: সত্যেন্দ্রনাথ দত্তের উপাধি ছিলো 'ছন্দের যাদুকর'। উল্লেখ্য, রবীন্দ্রনাথ ঠাকুরের উপাধি ছিলো 'বিশ্বকবি, কবিগুরু'; শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপাধি ছিলো 'অপরাজেয় কথাশিল্পী' আর মোহতলাল মজুমদার ছদ্মনাম ছিলো 'কৃত্তিবাস ওঝা, সত্যসুন্দর দাস'।

76. আমপারার কাব্যানুবাদ করেন-

a) গোলাম মোস্তফা b) কাজী নজরুল ইসলাম
c) সৈয়দ আলী আহসান d) ফররুখ আহমদ ***ans.* B**

Solution: কাব্য আমপারা কাজী নজরুল ইসলাম রচিত পবিত্র কুরআন মাজীদের ৩০ পারার পদ্যানুবাদ।

77. 'সব্যসাচী' অর্থ-

a) যার দেহে শক্তি বেশী
b) যার বামহাতে শক্তি বেশী
c) যার দুইহাত সমানে চলে
d) যে শর নিক্ষেপে পারদর্শী ***ans.* C**

78. বাংলা ভাষার আদিরূপ-

a) সংস্কৃত b) চর্যাপদ
c) প্রাকৃত d) পালী ***ans.* C**

Solution: বাংলা ভাষার পূর্বপুরুষ হচ্ছে প্রোটো-গৌড়-বাংলা, যা এসেছিল প্রোটো-গৌড়-কামরূপ ভাষা থেকে, সেটি আবার এসেছিল প্রত্ন-মাগধী ভাষা বা মাগধী প্রাকৃত থেকে।

79. 'কারাগারের রোজনামচা' এর লেখক-

a) কাজী নজরুল ইসলাম
b) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
c) সৈয়দ নজরুল ইসলাম
d) মওলানা ভাষানী ***ans.* B**

Solution: বঙ্গবন্ধুর দ্বিতীয় আত্মজীবনীমূলক গ্রন্থ 'কারাগারের রোজনামচা' প্রথম প্রকাশিত হয় ১৭ মার্চ, ২০১৭ সালে।

80. শকুন্তলার অনুবাদ-

a) মোহিতলাল মজুমদার b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
c) বঙ্কিমচন্দ্র চট্টপাধ্যায় d) রবীন্দ্রনাথ ঠাকুর ***ans.* B**

Solution: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'শকুন্তলা' (১৮৫৪) হলো কালীদাসের সংস্কৃত ভাষায় রচিত 'অভিজ্ঞান শকুন্তলম' নাটকের বাংলা অনুবাদ। এই উপখ্যানে মালিনী নদীর কথা উল্লেখ আছে। বাংলা সাহিত্যে 'শকুন্তলা' গুরুত্বপূর্ণ এ কারণে যে, এ গ্রন্থের আগে গদ্যে রচিত এতো চমৎকার কাহিনি বা আখ্যান বর্ণনা পাওয়া যায় না। গদ্যসাহিত্য প্রতিষ্ঠার যুগে 'শকুন্তলা' একটি অসাধারণ সৃষ্টি।

81. They live ____ catching fish.

a) by b) on
c) with d) for ***ans.* A**

Solution: এখানে, Live by (জীবিকা অর্থে) কোনো উপায়ে বেঁচে থাকা। কিন্তু, খাদ্য হিসেবে খেয়ে বেঁচে থাকা অর্থ Live on হয়।

বাক্যের অর্থঃ তারা মাছ ধরে জীবিকা নির্বাহ করে।

82. He has been ill ____ last Friday.
a) from b) on
c) in d) since ***ans.* D**

Solution: Present Perfect Continuous Tense এর ক্ষেত্রে সময় উল্লেখ থাকলে ব্যাপক সময় (Period of time) এর পূর্বে 'for' এবং নির্দিষ্ট সময় (Point of time) এর পূর্বে 'since' বসে। যেমনঃ It has been drizzling since morning (সকাল থেকে গুড়িগুড়ি/ঝিরিঝিরি (হালকা) বৃষ্টি হচ্ছে)।
বাক্যের অর্থঃ গত শুক্রবার হতে সে অসুস্থ।

83. What is the time ____ your watch?
a) by b) in
c) at d) with ***ans.* A**

Solution: ঘড়ি অনুসারে বা ঘড়িতে বুঝাতে 'in watch' না বসে 'by watch' বসে। অর্থাৎ সঠিক বাক্যটি হলোঃ It's 7 O'clock by my watch.
বাক্যের অর্থঃ তোমার ঘড়িতে কয়টা বাজে?

84. "Dangerous" means-
a) Pleasant b) Risky
c) Tedious d) Boring ***ans.* B**

Solution: Dangerous অর্থ বিপজ্জনক; ঝুঁকিপূর্ণ। আর এর সমার্থক হলো Risky (ঝুঁকিপূর্ণ)। কিন্তু, Pleasant অর্থ মনোরম। Tedious অর্থ ক্লান্তিকর। Boring অর্থ বিরক্তিকর।

85. Maiden speech means-
a) First Speech b) Last speech
c) Late speech d) Early speech ***ans.* A**

Solution: Maiden speech অর্থ পার্লামেন্টে নবাগত সদস্যের প্রথম ভাষণ।

86. The verb of the word 'soft' is-
a) Softly b) Softer
c) Soften d) Softest ***ans.* C**

Solution: Soft হলো Adjective যার অর্থ নরম। আর Soft এর Verb হলো Soften যার অর্থ হলো নরম করা; কোমল করা।

87. He has been suffering ____ fever.
a) by b) in
c) from d) with ***ans.* C**

Solution: Suffer from অর্থ ভোগা; ক্ষতিগ্রস্ত হওয়া; কষ্ট পাওয়া। যেমনঃ Suffer from headaches; Suffering from loss of memory.
বাক্যের অর্থঃ তিনি জ্বরে ভুগছেন।

88. Everybody should tell ____ truth.
a) a b) the
c) at d) to ***ans.* B**

Solution: Tell the truth অর্থ সত্য বলা।
বাক্যের অর্থঃ প্রত্যেকেরই সত্য বলা উচিৎ।

89. The word 'extempore' means?
a) Preparation b) Without preparation
c) Memorization d) Oblivion ***ans.* B**

Solution: Extempore অর্থ কোন কাজ পূর্বচিন্তা বা পূর্বপ্রস্তুতি ছাড়াই করা। আর এর সমার্থক শব্দ হলো Without preparation. কিন্তু, Preparation অর্থ প্রস্তুতি। Memorization অর্থ মুখস্থকরণ। Oblivion অর্থ বিস্মৃতি; অচেতন অবস্থা।

90. Noun of the word 'beautiful' is-
a) Beauty b) Beautify
c) Beautification d) Nothing else ***ans.* B**

Solution: Beautiful অর্থ সুন্দর; চমৎকার। Beautify অর্থ সুন্দর করা। উল্লেখ্য,

Noun	Verb	Adjective	Adverb
Beauty	Beautify	Beautiful	Beautifully
Brevity	Abbreviate	Brief	Briefly
Number	Enumerate	Numeral	
Ability	Enable	Able	Ably
Circle	Encircle	Circular	
Danger	Endanger	Dangerous	Dangerously
Economy	Economize	Economic	Economically

91. টাকায় ৩ টি করে কিনে টাকায় ২ টি করে বিক্রি করলে শতকরা কত লাভ হয়?
a) ৫০% b) ৪০%
c) ৩০% d) ২০% ***ans.* A**

Solution: ৩টি আমের ক্রয়মূল্য = ১ টাকা

$\therefore$ ১টি আমের ক্রয়মূল্য = $\frac{১}{৩}$ টাকা

আবার, ২টি আমের বিক্রয়মূল্য = ১ টাকা

$\therefore$ ১টি আমের বিক্রয়মূল্য = $\frac{১}{২}$ টাকা

$\therefore$ লাভ হয় = $\frac{১}{২} - \frac{১}{৩} = \frac{১}{৬}$ টাকা

$\frac{১}{৩}$ টাকায় লাভ হয় = $\frac{১}{৬}$ টাকা

$\therefore$ ১০০ টাকায় লাভ হয় = $\frac{১ \times ৩ \times ১০০}{৬} = ৫০$ টাকা

Shortcut: লাভ = $\frac{১০০}{২} = ৫০\%$

92. পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যা এবং চার অংকের বৃহত্তম সংখ্যার অন্তর কত?

a) ১ b) ৯

c) ১০০ d) - ১ ***ans.* A**

Solution: পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০

চার অংকের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯

অন্তর = ১

93. ০.১ এর বর্গমূল কত?

a) ০.০০১ b) ০.০০০১

c) ০.২৫ d) কোনটিই নয় ***ans.* D**

Solution: ৩ ।০.১০ ০০ ০০ ।০.৩১৬

৯

৬১ ।১০০

৬১

৬২৬ । ৩৯০০

৩৭৫৬

১৪৪

অর্থাৎ ০.১ এর বর্গমূল হয় ০.৩১৬ [তিনঘর পর্যন্ত নিয়ে]

94. ৩ × ০ × ০.৩ =

a) ০.৯ b) ০.৩

c) ০ d) ৩.০ ***ans.* C**

Solution: শূন্য এর সাথে যেকোন সংখ্যা গুণ করলে গুণফল শূন্য-ই হয়। তাই ৩ × ০ × ০.৩ = ০ হবে।

95. গ্রামের জনসংখ্যা ১০% বেড়ে ১,১০০ হলে পূর্বের জনসংখ্যা কত ছিল?

a) ৮০০ b) ৯৯০

c) ১০০০ d) ৯০০ ***ans.* C**

Solution: ১০% বৃদ্ধিতে লোকসংখ্যা = ১০০ + ১০ = ১১০ জন।

বর্তমানে গ্রামের লোকসংখ্যা ১০৮ জন হলে পূর্বের লোকসংখ্যা = ১০০ জন

∴ বর্তমানে গ্রামের লোকসংখ্যা ১ জন হলে পূর্বের লোকসংখ্যা = $\frac{১০০}{১১০}$ জন

∴ বর্তমানে গ্রামের লোকসংখ্যা ১,১০০ জন হলে পূর্বের লোকসংখ্যা = $\frac{১০০ \times ১১০০}{১১০}$ = ১,০০০ জন

96. ০.০২৩ এর ১% সমান কত?

a) ০.০০০২৩ b) ০.০০২৩

c) ০.২৩ d) ২.৩ ***ans.* A**

Shortcut: ০.০২৩ এর ১% = ০.০২৩ × $\frac{১}{১০০}$

= ০.০০০২৩

97. ০.০৫ এর ০.০৩ গুণ শতকরায় কত?

a) ০.১৫% b) ১.৫%

c) ০.০১৫% d) ১৫% ***ans.* A**

Solution: এখানে, ০.০৫ এর ০.০৩ = ০.০৫ × ০.০৩ = ০.০০১৫

$= \frac{০.০০১৫ \times ১০০}{১০০} = \frac{০.১৫ \times ১}{১০০} = ০.১৫\%$

98. ৫০ মিলিয়নে কত কোটি?

a) ৫ b) ৫০

c) ৫০০ d) ২০ ***ans.* A**

Solution: আমরা জানি, ১০ মিলিয়ন = ১ কোটি

∴ ৫০ মিলিয়ন = $\frac{৫০}{১০}$ = ৫ কোটি।

99. ৫০০০ কেজিতে কত কুইন্টাল?

a) ৫ b) ৫০

c) ১০ d) ৫০০ ***ans.* B**

Solution: আমরা জানি, ১০০ কেজি = ১ কুইন্টাল

∴ ৫,০০০ কেজি = $\frac{৫০০০}{১০০}$ = ৫০ কুইন্টাল।

***100.*১০ একরে কত বর্গগজ?**

a) ৪৮৪০ b) ৪৮০

c) ৪৮৪০০ d) ৪৮৪ ***ans.* C**

Solution: আমরা জানি, ১ একর = ৪,৮৪০ বর্গ গজ

∴ ১০ একর = ৪,৮৪০ × ১০ = ৪৮৪০০ বর্গ গজ।

One Bank Ltd.
Recruitment Test for Special Cadre Officer
Examination Held On: 22.07.2022

01. **DIVA : OPERA**
a) Producer : Theatre
b) Director : Drama
c) Conductor : Bus
d) Thespian : Play **ans. D**

Solution: Diva – সুন্দরী নারী অভিনেতা। Opera – গীতিনাটক। Thespian – অভিনেতা। Play – নাটক। Producer – উৎপাদক; উৎপাদনকারী। Theatre – অভিনয়-মঞ্চ। Director – পরিচালক। Drama – নাটক। Conductor – পথপ্রদর্শক। Bus – বাস।

ব্যাখ্যাঃ Diva সাধারণত Perform করে Opera তে। আর Thespian সাধারণত Perform করে Play তে।

02. **PAIN : SEDATIVE**
a) Comfort : Stimulant
b) Grief : Consolation
c) Trance : Narcotic
d) Ache : Extraction **ans. B**

Solution: Pain – দেহের বা মনের বেদনা; যন্ত্রণা। Sedative – অস্থিরতা প্রশমিত করে এমন ঔষধ। Comfort – আরাম; স্বস্তি; আয়েশ। Stimulant – উদ্দীপক। Grief – প্রচণ্ড দুঃখ; তীব্র শোক। Consolation – সান্তনা; প্রবোধ। Trance – সমাধি অবস্থা; ঘুমের মতো অবস্থা। Narcotic – মাদক। Ache – অবিরাম অস্বস্তিকর বেদনা; ব্যথা। Extraction – বলপূর্বক উৎপাটন।

ব্যাখ্যাঃ Sedative উপশম করে Pain কে। আর Consolation উপশম করে Grief কে।

03. **WAN : COLOUR**
a) Corpulent : Weight
b) Insipid : Flavor
c) Pallid : Complexion
d) Enigmatic : Puzzle **ans. B**

Solution: Wan – বিবর্ণ; ফ্যাকাশে; অনুজ্জ্বল। Colour – বর্ণ; রং। Insipid – বিস্বাদ; নীরস। Flavor – স্বাদগন্ধ। Corpulent – স্থূল এবং ভারী। Weight – বস্তুর মাধ্যাকর্ষণজনিত ভর; ভার। Pallid – ফ্যাকাশে; মলিন; রুগ্ন দেখায় এমন। Complexion – স্বাভাবিক গাত্রবর্ণ, বিশেষত মুখের। Enigmatic – বিভ্রান্তিকর; হেয়ালিমূলক। Puzzle – দুর্বোধ্য প্রশ্ন।

ব্যাখ্যাঃ কোনো কিছুর Colour বিবর্ণ হলে তা Wan হয়। আর, কোনো কিছুর Flavor নষ্ট হলে তা Insipid হয়।

04. **INDIGENT : WEALTHY**
a) Angry : Rich
b) Native : Affluent
c) Gauche : Graceful
d) Scholarly : Erudite **ans. C**

Solution: Indigent – দরিদ্র। Wealthy – ধনী। Gauche – আড়ষ্ঠ; অপ্রতিভ। Graceful – সাবলীল। Angry – ক্রুদ্ধ; রুষ্ট। Rich – ধনী; সম্পদশালী। Native – জাতক। Affluent – বৈভবশালী; বিত্তবান; অঢেল। Scholarly – পাণ্ডিত্যপূর্ণ; বিদ্বজ্জনোচিত। Erudite – পাণ্ডিত্যপূর্ণ।

ব্যাখ্যাঃ Wealthy এবং Indigent পরস্পর বিপরীতার্থক। আর, Graceful এবং Gauche পরস্পর বিপরীতার্থক।

05. **THRUST : SPEAR**
a) Mangle : Iron b) Scabbard : Sword
c) Bow : Arrow d) Fence : Epee **ans. C**

Solution: Thrust – ধাক্কা মারা। Spear – তীর। Bow – বাকানো। Arrow – বাণ। Mangle – বস্ত্রাদি ইস্ত্রি করা যন্ত্রবিশেষ। Iron – লৌহ; লোহা। Scabbard – খাপ; কোষ। Sword – অসি, তরবারি, কৃপাণ। Fence – বেড়া। Epee – তলোয়ার-যুদ্ধে ব্যবহৃত তীক্ষ্ণধারসম্পন্ন তলোয়ার।

ব্যাখ্যাঃ Spear নিক্ষেপের জন্য প্রচণ্ড Thrust প্রয়োজন। আর Arrow চালাতে প্রচণ্ড Bow প্রয়োজন।

06. **River water pollution is often indicate**
a *b*
by algae distribution. **ans. B**
c *d*

Solution: বাক্যটি Passive, Is often indecate না হয়ে Is often indicated বসবে।

বাক্যের অর্থঃ প্রায়শই নদীর পানি দূষণ বলতে শ্যাওলার আস্তরণকে নির্দেশ করে।

07. **Every liquid has its own threshold temperature**
a *b*
which above it becomes a gas. **ans. C**
c *d*

Solution: Which above না বসিয়ে Above which বসালে বাক্যটি সঠিক হতো।

বাক্যের অর্থঃ প্রত্যেক তরল পদার্থেরই একটি নির্দিষ্ট সীমার তাপমাত্রা রয়েছে যার উপরে গেলে এটি গ্যাসে পরিণত হয়।

08. **After being exposed to moist air, copper**
a
forms a patina, the thin green crust. **ans. C**
b *c* *d*

Solution: কপার বাতাসের সংস্পর্শে আসলে Patina উৎপন্ন হয় 'যা একটি Thin green crust'. এখানে অনির্দিষ্ট অর্থে 'একটি' বুঝাতে 'the' না বসে 'a' বসবে।

বাক্যের অর্থঃ কপার বাতাসের সংস্পর্শে আসলে তাতে একধরনের শক্ত সবুজ আবরণ তৈরি হয়।

09. **Modern farms (a) are much larger (b) than that (c) of former times (d).** ***ans.* D**

Solution: এখানে Modern farms এর সাথে Former times এর তুলনা না বুঝিয়ে Former farms এর তুলনা বুঝাতে হবে। অর্থাৎ Former farms হলে বাক্যটি সঠিক হতো।

বাক্যের অর্থঃ আধুনিক খামারগুলি আগের দিনের খামারগুলির চেয়ে বড়।

10. **A baby gorilla is shy (a), friendly (b) animal that (c) like (d) attention.** ***ans.* D**

Solution: এখানে, A baby gorilla হলো Third person singular number, তাই 'like' না বসে 'likes' বসবে।

বাক্যের অর্থঃ বাচ্চা গরিলা খুবই লাজুক ও বন্ধুত্বপূর্ণ যা তার প্রতি মনোযোগ আকর্ষণের দাবিদার।

Find the Opposite meaning of the Capitalized words.

11. **HIRSUTE**

a) Shaggy b) Bald
c) Erudite d) Glorious ***ans.* B**

Solution: Hirsute – লোমশ; লোমময়। Bald – টেকো; টাক। Shaggy – রুক্ষ; উস্কখুস্ক। Erudite – পাণ্ডিত্যপূর্ণ। Glorious – দ্যুতিময়; চমৎকার।

12. **QUIESCENT**

a) Indifferent b) Weak
c) Active d) Responsive ***ans.* C**

Solution: Quiescent – শান্ত বা সক্রিয় নয় এমন। Active – সক্রিয়। Indifferent – নিঃস্পৃহ; অনীহ। Weak – দুর্বল; ভঙ্গুর। Responsive – অনুকূল সাড়া পাওয়া যাবে এমন।

13. **MORBID**

a) Healthy b) Liberal
c) Progressive d) Stale ***ans.* A**

Solution: Morbid – রুগ্ন; পীড়িত। Healthy – স্বাস্থ্যবান। Liberal – বদান্য; উদার। Progressive – অগ্রগতিশীল। Stale – শুকনা; বাসি।

14. **OSTENTATIOUS**

a) Nescient b) Awkward
c) Bankrupt d) Reserved ***ans.* D**

Solution: Ostentatious – লোক দেখানো পছন্দ করে এমন। Reserved – চাপা স্বভাবের। Nescient – জন্ম নিচ্ছে এমন। Awkward – বেঢপ; বেমানান। Bankrupt – দেউলে।

15. **STARTLED**

a) Relaxed b) Amused
c) Astonished d) Endless ***ans.* A**

Solution: Startled – চমকিত। Relaxed – নিরুদ্বেগ। Amuse – মজা করে সময় কাটানো। Astonish – চমৎকৃত করা। Endless – অফুরন্ত; অশেষ।

Choose the correct alternative which can be substituted for the below given word

16. **A person involving in an activity for pleasure and not money is called as:**

a) Amateur b) Follower
c) Altruist d) Antiquarian ***ans.* A**

Solution: Amateur হলো সেই ব্যক্তি যিনি পয়সা নয় শুধু আনন্দের জন্য কোনো কিছুতে (বিশেষত ক্রীড়ায়) যুক্ত থাকেন। Follower – সমর্থক; শিষ্য। Altruist – পরার্থবাদী। Antiquarian – প্রাচীন নিদর্শনের পাঠ।

17. **A person who cannot help but steal whatever he can find.**

a) Daconomaniac b) Thanatomaniac
c) Kleptomaniac d) Theomaniac ***ans.* C**

Solution: Kleptomaniac দ্বারা এমন ব্যক্তিকে বুঝায় যার চুরির স্বভাব রয়েছে।

18. **A physician who diagnoses and interprets the changes caused by disease in tissues and body fluids.**

a) Pharmacist b) Psychologist
c) Optometrist d) Pathologist ***ans.* D**

Solution: যিনি শরীরের টিস্যু ও তরলের পরীক্ষার মাধ্যমে রোগ নির্ণয় করেন তাকে Pathologist বলে। কিন্তু, Pharmacist হলো ঔষধ প্রস্তুতকারক। Psychologist হলো মানসিক চিকিৎসক। Optometrist হলো চক্ষু চিকিৎসক।

19. **The senile old man let his saliva run all over his vest.**

a) Slobbered b) Slubbered
c) Slabbered d) Subbered ***ans.* A**

Solution: বৃদ্ধ বয়সে কারো মুখ থেকে লালা নিঃসৃত হয়ে তা ছড়িয়ে গেলে তাকে Slobbered বলে।

20. The condition of being abnormally afraid thunder and lightning.

a) Astraphobia b) Cynophobia
c) Enochlophobia d) Podophobia **ans. A**

Solution: Astraphobia – বজ্রপাত ও বিদ্যুৎ চমকানোর ভয়। Cynophobia – কুকুরের ভয়। Enochlophobia – ভীড়ের ভয়। Podophobia – পা ভীতি।

21. The remainder when the positive integer m is divided by 7 is x. the remainder when m is divided by 14 is $x + 7$. Which one of the following could m equal?

a) 45 b) 53
c) 72 d) 85 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ধনাত্মক পূর্ণসংখ্যা m কে 7 দিয়ে ভাগ করলে ভাগশেষ থাকে x. আবার, m কে 14 দিয়ে ভাগ করলে ভাগশেষ থাকে $(x + 7)$. m এর মান কত?

আসুন প্রথমে অপশন ধরে সমাধান করিঃ

7) 45 (6 আবার, 14) 45 (3
42 42
3 3

এখানে, ভাগশেষ একই (অর্থাৎ 3), তাই বাদ।

আবার, 7) 53 (7 এবং 14) 53 (3
49 42
4 11

প্রথমে ভাগশেষ $x = 4$

পরে ভাগশেষ $11 = x + 7$ যা উভয় শর্তই পূর্ণ করে।

22. The price of diesel increases by 50%. Find by how much percent a truck owner must reduce his consumption in order to maintain the same budget?

a) 10.74% b) 17.64%
c) 20.46% d) 21.90% **ans. Note**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ডিজেলের দাম 50% বেড়ে গেল। খরচ অপরিবর্তিত রাখতে ব্যবহার কত শতাংশ কমাতে হবে?

শতকরা ব্যবহার কমাতে হবে $= \left(100 - \frac{100 \times 100}{150}\right)\%$

$= 33.33\%$

23. If $(x - 2y)(x + 2y) = 5$ and $(2x - y)(2x + y) = 35$, then $\frac{x^2 - y^2}{x^2 + y^2} =$

a) $-\frac{8}{5}$ b) $-\frac{4}{5}$
c) $\frac{7}{5}$ d) $\frac{4}{5}$ **ans. D**

Solution: দেয়া আছে, $(x - 2y)(x + 2y) = 5$

$\Rightarrow x^2 - 4y^2 = 5$

$\therefore 4x^2 - 16y^2 = 20$ ..... (i)

আবার, $(2x - y)(2x + y) = 35$

$\therefore 4x^2 - y^2 = 35$ ..... (ii)

(i) থেকে (ii) নং বিয়োগ করে পাই,

$4x^2 - 16y^2 = 20$
$4x^2 - y^2 = 35$

$\Rightarrow -15y^2 = -15$

$\therefore y^2 = \frac{-15}{-15} = 1$

(ii) নং সমীকরণে y^2 এর মান বসাই

$4x^2 - y^2 = 35$
$\Rightarrow 4x^2 - 1 = 35$
$\Rightarrow 4x^2 = 36$
$\therefore x^2 = 9$

অতএব, $\frac{x^2 - y^2}{x^2 + y^2} = \frac{9 - 1}{9 + 1} = \frac{8}{10} = \frac{4}{5}$

24. A, B and C investment in a partnership in the ratio of 5 : 6 : 8. The ratio of their profit is 5 : 2 : 12. Find the ratio of time for their investment?

a) 1 : 3 : 5 b) 2 : 1 : 3
c) 1 : 7 : 5 d) 4 : 3 : 5 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে A, B এবং C একটি ব্যবসায় 5 : 6 : 12 হলে কোন সময় অনুপাতে তারা বিনিয়োগ করেছিল?

ধরি, A, B এবং C যথাক্রমে x, y এবং z সময়ের জন্য তাদের অর্থ বিনিয়োগ করে।

$\therefore$ তাদের বিনিয়োগের অনুপাত যথাক্রমে $5x : 6y : 8z$

প্রশ্নমতে, $5x : 6y : 8z = 5 : 3 : 12$

অর্থাৎ $5x : 6y = 5 : 3$	আবার, $6y : 8z = 3 : 12$
$\Rightarrow \frac{5x}{6y} = \frac{5}{3}$	$\Rightarrow \frac{6y}{8z} = \frac{3}{12}$
$\Rightarrow \frac{x}{y} = \frac{2}{1}$	$\Rightarrow \frac{y}{z} = \frac{3 \times 8}{6 \times 12} = \frac{1}{3}$
$\Rightarrow x : y = 2 : 1$	$\therefore y : z = 1 : 3$

অতএব, $x : y : z = 2 : 1 : 3$.

25. Let C and K be constants. If $x^2 + Kx + 5$ factors into $(x + 1)(x + C)$, the value of K is

a) 0 b) 5
c) 8 d) 6 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, C এবং K হলো ধ্রুবক। $(x + 1)$ এবং $(x + C)$ যদি $(x^2 + Kx + 5)$ এর উৎপাদক হলে K = ?

এখানে, একটি উৎপাদক হলে $(x + 1)$

এখন, $(x + 1) = 0$

$\therefore x = -1$

প্রশ্নমতে, $x^2 + Kx + 5 = 0$

$\Rightarrow (-1)^2 + K(-1) + 5 = 0$

$\Rightarrow 1 - K + 5 = 0$

$\therefore K = 6$

26. **Mr. Atef bought a 1 year BDT 10,000 certificate of deposit that paid interest at an annual rate of 8 percent compounded semiannually. What was the total amount of interest paid on this certificate at maturity?**

a) BDT 816 b) BDT 856

c) BDT 480 d) BDT 860 ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, Atef 1 বছরের জন্য 10,000 টাকার একটি Deposit certificate কিনল, যা 6 মাস পর 8% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করে। Atef মোট কত টাকা সুদ পাবে তা বের করতে হবে।

এখানে, সুদাসল, c =?; Semi annually হওয়ায়, n = 2; সময়, t = 1 বছর; আসল, p = 10,000 Tk. সুদের হার, $r = 8\% = \frac{8}{100}$

আমরা জানি, $= p\left(1 + \frac{r}{n}\right)^{n \times t}$

$\Rightarrow c = 10{,}000\left(1 + \frac{8}{2 \times 100}\right)^{2 \times 1}$

$\Rightarrow c = 10{,}000\left(1 + \frac{1}{25}\right)^2$

$\Rightarrow c = 10{,}000\left(\frac{26}{25}\right)^2$

$\therefore c = 10{,}000 \times \frac{26 \times 26}{25 \times 25} = 10{,}816.$

অর্থাৎ তিনি মোট সুদ পাবেন = $(c - p)$ Tk.

= (10,816 – 10,000) Tk. = 816 টাকা।

27. **What is the mass of the man, if the length of a boat is 4*m*, width is 1.5*m* floating on a river sinks by 0.015*m* when the man gets on the boat?**

a) 100 *kg* b) 90 *kg*

c) 80 *kg* d) 70 *kg* ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একজন লোক একটি নৌকায় চড়লে নৌকাটির 0.015*m* ডুবে যায়। নৌকাটির দৈর্ঘ্য 4 মিটার, প্রস্থ 1.5 মিটার হলে লোকটির ভর কত?

এখানে, লোকটি কর্তৃক অপসারিত পানির পরিমাণ

$= (4 \times 1.5 \times 0.015) = 0.09\ m^3$

$\therefore$ লোকটির ভর = $0.09 \times 1{,}000 = 90\ kg$

28. **40% of the employees in a factory are workers. All the remaining employees are executives. The annual income of each worker is BDT 390. The annual income of each executive is BDT 420. What is the average annual income of all the employees in the factory together?**

a) BDT 405 b) BDT 408

c) BDT 415 d) BDT 390 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ফ্যাক্টরির 40% কর্মীই হলো শ্রমিক। বাকি কর্মীরা হলো Executives. প্রতি শ্রমিকের বার্ষিক আয় 390 টাকা আর প্রতি Executives এর বার্ষিক আয় 420 টাকা। ফ্যাক্টরির সকল শ্রমিকের গড় বার্ষিক আয় কত?

ধরি, মোট কর্মী 100 জন

$\therefore$ নির্ণেয় গড় $= \frac{(390 \times 40) + (420 \times 60)}{100} = \frac{40800}{100}$

= 408 টাকা।

29. **What would be the compound interest on BDT 7,700/- at $15\frac{1}{4}$% per annum for 2 years compounded annually?**

a) BDT 2725.75/- b) BDT 2527.57/-

c) BDT 2227.57/- d) BDT 2520.57/- ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, $15\frac{1}{4}$% হার সুদে 7,700 টাকার 2 বছরের চক্রবৃদ্ধি সুদ কত?

এখানে, p = আসল; r = হার; n = সময় হলে চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে আমরা জানি,

চক্রবৃদ্ধি সুদ $= p\left(1 + \frac{r}{100}\right)^n - p$

$= 7{,}700\left(1 + \frac{15\frac{1}{4}}{100}\right)^2 - 7{,}700$

$= 7{,}700\left(1 + \frac{61}{400}\right)^2 - 7{,}700$

$= 7{,}700\left(\frac{461}{400}\right)^2 - 7{,}700$

$= 7{,}700\ (1.1525)^2 - 7{,}700$

$= (7{,}700 \times 1.33) - 7{,}700$

= 10,227.57 – 7,700 = 2,527.57 টাকা

30. **Find the angle between the hour hand and the minute hand of a clock when the time is 5:45.**

a) 57.5° b) 90°

c) 100° d) 95° ***ans.* Note**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 5:45 মিনিটে ঘণ্টার কাটা এবং মিনিটের কাটার মধ্যবর্তী কোণ কত?

আমরা জানি, মধ্যবর্তী কোণ = $\left|\frac{11m - 60h}{2}\right|^\circ$

$= \left|\frac{(11 \times 45) - (60 \times 5)}{2}\right|^\circ = \left|\frac{495 - 300}{2}\right|^\circ = \frac{195^\circ}{2}$

$= 97.5^\circ$

Section: C "Analytical Ability"

Read the information given below carefully and then answer the questions (31-35) that follow:

From a group of six boys M, N, O, P, Q, R and five girls G, H, I , J, K a team of six members is be selected. Some of the criteria of selection are as follows: M and J go together; O cannot be placed with N; I cannot go with J; N goes with H; P and Q have to be together; K and R go together; Unless otherwise stated these criteria are applicable to all the following questions:

গল্পঃ M, N, O, P, Q এবং R হলো 6 জন বালক। আর G, H, I , J, K হলো 5 জন বালিকা। এদের মধ্য হতে 6 জনের একটি দল গঠন করতে হবে যেখানে

i) M এবং J একত্রে থাকবে।

ii) O এবং N একত্রে থাকবে না।

iii) I এবং J একত্রে থাকবে না।

iv) N এবং H একত্রে থাকবে।

v) P এবং Q একত্রে থাকবে।

vi) K এবং R একত্রে থাকবে।

আর অন্য কোন ভাবে এই বল গঠনের শর্ত নেই। আসুন এবার প্রশ্নের সমাধান করিঃ

31. **If the team has three girls including J and K, the members of the team other than J and K are:**

a) GHNR b) MORG
c) MNOG d) NHOR ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দলে J এবং K সহ ৩ জন বালিকা থাকলে ঐ দলের J এবং K ছাড়া অন্য সদস্য কারা হবেন?

অপশন *a*) বাদ কারন J, K, G, H এই ৪ জন বালিকা হয়ে যায়। *ii*) নং শর্তানুসারে অপশন *c*) এবং *d*) বাদ।

32. **If four members are boys, which of the following cannot constitute the team?**

a) GJMOPQ b) JKMNOR
c) HJMNPQ d) JKMPQR ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দলের 4 জন বালক হলে নিচের কোনটি দ্বারা দল গঠন করা যাবে না?

ii) নং শর্তানুসারে O এবং N একত্রে থাকবে না। তাই উত্তর হবে অপশন *b*).

33. **If the team consists of two girls and I is one of them, the other members are:**

a) GMRPQ b) KOPQR
c) HNOPQ d) KRMNP ***ans.* B**

Solution: দলে দুইজন বালিকা থাকবে, যাদের একজন I হলে বাকি সদস্য কারা হবেনঃ

vi) নং অনুসারে অপশন *a*) বাদ।

ii) নং অনুসারে অপশন *c*) বাদ।

vi) নং অনুসারে অপশন *d*) বাদ।

34. **If the team has four boys including O and R, the members of the team other than O and R are:**

a) HIPQ b) GJPQ
c) GKPQ d) KRMNP ***ans.* C**

Solution: O এবং R সহ দলের 4 জন বালক থাকলে দলের বাকি সদস্য কারাঃ

iv) নং শর্তানুসারে অপশন *a*) বাদ।

vi) নং শর্তানুসারে অপশন *b*) বাদ।

অপশন *d*) বাদ, কারণ সদস্য মোট 7 জন হয়ে যায়।

35. **If both K and p are members of the team and three boys in all are included in the team, the members of the team other than K and P are:**

a) GIRQ b) HIRQ
c) GJRM d) IKRQ ***ans.* A**

Solution: P এবং K উভয় দলের সদস্য। এছাড়া 3 জন বালক ঐ দলের সদস্য থাকলে K এবং P বাদে আর কে কে ঐ দলের সদস্য হবে।

যেহেতু বালক লাগবে 3 জন, কাজেই বালকদের দল থেকে আরো 2 জন লাগবে।

iv) নং শর্তানুসারে অপশন *b*) বাদ।

v) নং শর্তানুসারে অপশন *c*) বাদ।

অপশন *d*) তে K কে 2 বার Count করা হয়েছে। তাই অপশন *d*) বাদ।

Section: D "Intelligent Quotient

36. **If SYSTEM is written as SYSMET and NEARER is written as AENRER, then FRACTION will be coded as**

a) Carfnoit b) Carftion
c) Noitfrac d) Fracnoit ***ans.* A**

Solution: FRACTION এর প্রথম অংশকে Reverse করলে পাবে CARF.

এবং ২য় অংশকে Reverse করলে পাবে NOIT.

37. **In a certain code, COMPUTER is Witten as RFUVQNPC. How is MEDICINE written in the same code?**

a) EOJDJEFM b) EOJDEJFM
c) MFEJDJOE d) MFEDJJOE ***ans.* A**

Solution: এখানে শব্দের প্রথম এবং শেষ বর্ণ তাদের স্থান বদল করবে। তাই MEDICINE এর M এবং E তাদের মধ্যে স্থান বদল করে প্রথমে E এবং শেষে M হবে।

এরপর প্রতিটি বর্ণের জায়গায় তাদের পরবর্তী বর্ণটি উল্টো দিক থেকে বসাতে হবে।

অর্থাৎ, E = F; D = E; I = J; C = D; N = O

∴ নির্ণেয় Code হবে EOJDJEFM.

38. **Which is the odd one out?**

a) Apple b) Banana
c) Jujubes d) Raisins ***ans.* C**

Solution: এখানে অপশন *a*), *b*) এবং *d*) এক ধরনের Fruit বা Dry fruit. কিন্তু, অপশন *c*) হলো এক ধরনের লজেন্স।

39. **Cake : Bakery : Beer?**


a) Distillery b) Wine shop
c) Brewery d) Vinification ***ans.* C**

Solution: Cake প্রস্তুত করা হয় Bakery তে। আর Beer প্রস্তুত করা হয় Brewery তে। কিন্তু, হুইস্কি প্রস্তুত করা হয় Distillery তে। আর হুইস্কি বা মদ বিক্রি করা হয় Wine shop তে। আর Vinification অর্থ মদরূপে সংরক্ষণ।

40. **How many meters will I be away from my home if travel 5 meters towards north, take a right and travel 4 meters and travel 5 meters towards south?**

a) 5 b) 4
c) 10 d) 14 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, বাড়ি থেকে উত্তর বরাবর 5 মিটার গিয়ে ডান দিকে মোড় নিয়ে 4 মিটার গিয়ে আবার দক্ষিণ বরাবর 5 মিটার যাওয়া হলে বাড়ি থেকে আমার দূরত্ব কত?



চিত্র এঁকে নিলে বুঝতে সুবিধা হবেঃ

কাজেই নির্ণেয় দূরত্ব হবে 4 মিটার।

Section: E "Economics & General Knowledge"

41. **Which is the first Central Bank in the world?**

a) Bank of England
b) Bank de Espana
c) Bank of France
d) Sveriges Riksbank ***ans.* D**

Solution: আন্তর্জাতিক মুদ্রা হিসেবে স্বর্ণ বা রৌপ্য মুদ্রার ব্যবহার পরিহার করে চার শতক আগে প্রতিষ্ঠিত হয় বিশ্বের প্রথম কেন্দ্রীয় ব্যাংক 'রিস্কব্যাংক অব সুইডেন'। ইউরোপের দেশ সুইডেনে অবস্থিত এ ব্যাংকটি সুইডিশ ন্যাশনাল ব্যাংক বা ব্যাংক অব সুইডেন নামেও পরিচিত। কেন্দ্রীয় ব্যাংক হিসেবে ১৬৬৮ সালে কার্যক্রম শুরু করে ব্যাংকটি।

42. **Mr. Abdur Rouf Talukder is the ____ Governor of Bangladesh Bank.**

a) 11^{th} b) 12^{th}
c) 10^{th} d) 13^{th} ***ans.* B**

Solution: অর্থ সচিব আব্দুর রউফ তালুকদারকে বাংলাদেশ ব্যাংকের নতুন গভর্নর হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। ফজলে কবিরের স্থলাভিষিক্ত রউফ তালুকদারও সাবেক আমলা ও অর্থসচিব। তিনি দেশের ১২ তম গভর্নর হিসাবে দায়িত্ব পালন করবেন।

43. **Which of the following currency is called hard currency?**

a) Euro b) Japanese yen
c) Pound sterling d) Peso ***ans.* Note**

Solution: হার্ড কারেন্সি হল সেই টাকা যা একটি রাজনৈতিক ও অর্থনৈতিকভাবে স্থিতিশীল জাতি দ্বারা জারি করা হয়। এগুলি পরিষেবা এবং পণ্যগুলির জন্য অর্থপ্রদানের আকারে বিশ্বজুড়ে ব্যাপকভাবে গৃহীত হয় এবং দেশীয় মুদ্রার চেয়ে পছন্দ করা যেতে পারে। একটি হার্ড কারেন্সি অল্প সময়ের জন্য অপেক্ষাকৃত স্থিতিশীল এবং বৈদেশিক মুদ্রা বা বৈদেশিক মুদ্রায় অত্যন্ত তরল হওয়ার প্রত্যাশিতবাজার. মূলত, অস্ট্রেলিয়ান ডলার (AUD), কানাডিয়ান ডলার (CAD), সুইস ফ্রাঙ্ক (CHF), ব্রিটিশ পাউন্ড (জিবিপি), জাপানিজ ইয়েন (JPY), ইউরোপীয় ইউরো (EUR), মার্কিন ডলার (USD) হল বিশ্বের সবচেয়ে ব্যবসায়িক মুদ্রাগুলির মধ্যে অন্যতম।

44. **Currently which company is working on a satellite system through which the company's will receive direct internet from the satellite?**

a) Apple b) Tesla
c) Microsoft d) Google ***ans.* B**

45. A substantial increase in capital expenditure or revenue deficit leads to…..

a) Budgetary Deficit
b) Fiscal Deficit
c) Primary Deficit
d) Revenue Deficit **ans. B**

Solution: সরকার রাজস্ব খাতে যে আয় করে, আর যতখানি ব্যয় করে, তার ব্যবধানই হল রাজস্ব ঘাটতি। রাজস্ব খাতের ব্যয়ের বেশির ভাগটাই যায় চলতি অর্থবর্ষের মেয়াদের মধ্যে বিভিন্ন কনজাম্পশন এক্সপেন্ডিচার বা ভোগব্যয় মেটানোর কাজে, যেমন কর্মীদের বেতন দেওয়া, সুদ মেটানো, পেনশন, ভরতুকি ইত্যাদিতে।

46. Who is called the Father of Modern Economics?

a) J. M. Keynes b) Paul Samuelson
c) Alfred Marshal d) Adam Smith **ans. B**

Solution: পল অ্যান্থনি স্যামুয়েলসন হলেন আধুনিক অর্থনীতির জনক, বিখ্যাত মার্কিন অর্থনীতিবিদ এবং তিনি ১৯৭০ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পান। আর অর্থনীতির জনক হলেন ক্লাসিক্যাল অর্থনীতিবিদ এডাম স্মিথ। Adam smith-এর রচিত বিখ্যাত গ্রন্থটির নাম হলো 'An Inquiry into the nature and causes of the wealth of Nation'.

47. Which of the following is not the Mobile Financial Services (MFS)?

a) bkash b) Nagad
c) Nexuspay d) Rocket **ans. C**

Solution: দেশের কয়েক কোটি মানুষের হাতে থাকা মুঠোফোনই মেটাচ্ছে নগদ টাকার চাহিদা। দেশে এখন ১৭ কোটির বেশি এমএফএস হিসাব আছে। দেশে ২০১১ সালের মার্চে প্রথম মোবাইলে আর্থিক সেবা (এমএফএস) চালু করে বেসরকারি খাতের ডাচ্-বাংলা ব্যাংক। তখন তাদের সেবার নাম ছিল ডাচ্-বাংলা মোবাইল ব্যাংকিং, যা পরে বদলে হয় রকেট। এরপর ব্র্যাক ব্যাংকের সহযোগী প্রতিষ্ঠান হিসেবে এমএফএস সেবা চালু করে বিকাশ। সব মিলিয়ে দেশে বর্তমানে ১৪টি প্রতিষ্ঠান এমএফএস সেবা দিচ্ছে। বিকাশ, রকেটসহ উল্লেখযোগ্য কয়েকটি প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে নগদ, মাইক্যাশ, এমক্যাশ, উপায়, শিওরক্যাশ, ইসলামিক ওয়ালেট, ট্যাপ ইত্যাদি। এর মধ্যে কেবল নগদ চলছে ডাক বিভাগের অধীনে। বাকি ১৩টি বাংলাদেশ ব্যাংকের অধীনে পরিচালিত হচ্ছে। উল্লেখ্য, নেক্সাস পে হলো একটি অ্যাপ যা ব্যবহার করে যেকোনো সময় পরিষেবা বিল, শিক্ষাপ্রতিষ্ঠানের বেতন, সিটি করপোরেশনের বিল, ক্রেডিট কার্ড বিল, ডিশের লাইনের বিল, ইনস্যুরেন্স, ইন্টারনেট বিল, টেলিফোন বিল ছাড়াও বিভিন্ন ধরনের বিল পরিশোধ করা যায়।

48. The Market where is there only one buyer is called ____.

a) Monopoly b) Oligopoly
c) Duopoly d) Monopsony **ans. D**

Solution: মনোপসনি বাজার, মনোপলি বাজারের বিপরীত অবস্থা। যে বাজারে একজন মাত্র ক্রেতা কিন্তু বিক্রেতা অনেক থাকে তাকে মনোপসনি বাজার বলে। আর যে বাজারে একজন বিক্রেতা বা একটি উৎপাদন প্রতিষ্ঠান কোনো নির্দিষ্ট দ্রব্যের মোট যোগান প্রদান করে তাকে একচেটিয়া বাজার বলে। ইংরেজি 'Monopoly' শব্দের বাংলা প্রতিশব্দ একচেটিয়া বাজার। যে বাজারে কেবল দুটি উৎপাদক প্রতিষ্ঠান বা দুজন বিক্রেতা থাকে, কিন্তু ক্রেতার সংখ্যা অসংখ্য থাকে, তাকে ডুয়োপলি বাজার বলে। যে বাজারে মুষ্টিমেয় কয়েকজন বিক্রেতা সমজাতীয় অথবা পৃথকীকৃত দ্রব্য বিক্রয় করে তাকে অলিগোপলি বাজার বলে। যেমনঃ ফোন কোম্পানি, টেউটিন, ইস্পাত, মোটর গাড়ি, অ্যালুমিনিয়াম ইত্যাদি।

49. The WTO was founded in Geneva in which year?

a) 1st January, 1994
b) 1st January, 1995
c) 1st January, 1996
d) 1st January, 1993 **ans. B**

Solution: বিশ্ব বাণিজ্য সংস্থা (World Trade Organization) একটি আন্তর্জাতিক সংস্থা, যা বিশ্বের বাণিজ্য সংক্রান্ত নীতি প্রবর্তন এবং সদস্য রাষ্ট্র বা পক্ষ সমূহের মধ্যকার মতপার্থক্য দূর করতে সাহায্য করে থাকে। বিশ্ব বাণিজ্য সংস্থার সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভা শহরে অবস্থিত। এটি ১ জানুয়ারি, ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়।

50. In which year the world experienced the great depression for the first time?

a) 1927 b) 1930
c) 1941 d) None of these **ans. B**

Solution: মহামন্দা ছিল একটি বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দা যা বেশিরভাগ ১৯৩০ এর দশকে মার্কিন যুক্তরাষ্ট্র থেকে শুরু হয়েছিল। মহামন্দার সময় বিভিন্ন দেশ জুড়ে ভিন্নভাবে চোখে পড়ে; বেশিরভাগ দেশগুলিতে এটি ১৯২৯ সাল শুরু হয়েছিল এবং ১৯৩০ এর দশকের শেষভাগ পর্যন্ত স্থায়ী হয়েছিল।

Uttara Bank Ltd.
Recruitment Test for Assistant Officer (Cash)
Examination Held On: 23.07.2022

01. **'যুগ্ম' শব্দের উচ্চারণ কোনটি?**
a) জুগ্‌নো b) জুগ্‌মো
c) জুগ্‌মোঁ d) যুগ্‌নো ***ans.*** **B**

02. **'মন' শব্দের বিশেষণ**
a) মানস b) মানসিক
c) মনন d) মানুষ ***ans.*** **B**

Solution: 'মন' শব্দের বিশেষণ 'মানসিক'। উল্লেখ্য, 'মানস', 'মনন', 'মানুষ' এই তিনটি হলো বিশেষ্য।

03. **প্রত্যয় দিয়ে গঠিত হয়েছে কোন শব্দ?**
a) চরম b) চতুর্ভুজ
c) স্বল্প d) দোকান ***ans.*** **A**

Solution: প্রত্যয় দিয়ে গঠিত হয়েছে 'চরম = √চর + অম'।

04. **পরপদে বিশেষণ থাকে এবং পরপদের অর্থই প্রাধান্য পায় কোন সমাসে?**
a) উপমান কর্মধারয় b) উপমিত কর্মধারয়
c) রূপক কর্মধারয় d) তৎপুরুষ ***ans.*** **A**

Solution: উপমান অর্থ তুলনীয় বস্তু। প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়, আর যার সঙ্গে তুলনা করা হয়েছে তাকে বলা হয় উপমান। উপমান ও উপমেয়ের একটি সাধারণ ধর্ম থাকবে। যেমনঃ ভ্রমরের ন্যায় কৃষ্ণ কেশ = ভ্রমরকৃষ্ণকেশ। এখানে 'ভ্রমর' উপমান এবং 'কেশ' উপমেয়। 'কৃষ্ণত্ব' হলো সাধারণ ধর্ম। সাধারণ ধর্মবাচক পদের সাথে উপমানবাচক পদের যে সমাস হয়, তাকে উপমান কর্মধারয় সমাস বলে। যথাঃ তুষারের ন্যায় শুভ্র = তুষারশুভ্র। অরুণের ন্যায় রাঙা = অরুণরাঙা।

05. **'বেগম' শব্দটির উৎস কোন ভাষা?**
a) পর্তুগিজ b) তুর্কি
c) ফারসি d) হিন্দি ***ans.*** **Note**

Solution: 'বেগম' শব্দটি নবম-দশ শ্রেণির ব্যাকরণ অনুযায়ী 'ফারসি' শব্দ; বাংলা একাডেমি বানান অভিধান অনুযায়ী 'তুর্কি' শব্দ।

06. **'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটি কোন সাহিত্য সংকলনে প্রথম প্রকাশিত হয়?**
a) নতুন কবিতা b) একুশে ফেব্রুয়ারি
c) সুন্দরম d) কণ্ঠস্বর ***ans.*** **B**

Solution: ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারিতে বাংলা ভাষার জন্য ঢাকায় যে আত্মদান করা হয় তার স্মরণে ১৯৫৩ সালের মার্চ মাসে 'একুশে ফেব্রুয়ারী' নামে একটি সাহিত্য সংকলন সম্পাদনা করেন হাসান হাফিজুর রহমান। এর প্রকাশক ছিলেন মোহাম্মদ সুলতান। এই সংকলনে কবিতা, প্রবন্ধ, গল্প, গান, নক্‌শা, ইতিহাস শিরোনামে ছয়টি বিভাগে মোট ২২ জন লেখক লিখেছেন। সংকলনটির প্রথম প্রকাশিত হয় আবদুল গাফ্‌ফার চৌধুরী রচিত 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' গানটির মাধ্যমে। পাকিস্তানের তৎকালীন সরকার সংকলনটি প্রকাশের তিন সপ্তাহের মধ্যে বাজেয়াপ্ত করে দেয়।

07. **'কচুবনের কালাচাঁদ' বাগধারার অর্থ**
a) নির্বোধ b) অপদার্থ
c) ধূর্তব্যক্তি d) চাটুকার ***ans.*** **B**

Solution: 'কচুবনের কালাচাঁদ' বাগধারার অর্থ 'অপদার্থ'। 'খয়ের খাঁ' অর্থ 'চাটুকার'। 'বুদ্ধির ঢেঁকি' অর্থ 'নিরেট'। 'বর্ণচোরা' অর্থ 'কপট ব্যক্তি'।

08. **অব্যয় পদ কত প্রকার?**
a) তিন b) চার
c) পাঁচ d) ছয় ***ans.*** **B**

Solution: যে পদ সর্বদা অপরিবর্তিত থেকে কখনো বাক্যের শোভা বর্ধিত করে, কখনো একাধিক পদের বাক্যাংশের বা বাক্যের সংযোগ বা বিয়োগ সম্বন্ধ ঘটায়, তাকে অব্যয় পদ বলে। অব্যয় প্রধানত ৪ প্রকার। এগুলো হলোঃ সমুচ্চয়ী, অনন্বয়ী, অনুসর্গ এবং অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয়।

09. **'যে পরিশ্রম করে, সেই সুখলাভ করে'। কোন ধরনের বাক্য?**
a) মিশ্র বাক্য b) সরল বাক্য
c) যৌগিক বাক্য d) ব্যাস বাক্য ***ans.*** **A**

Solution: যে বাক্যে একটি প্রধান খণ্ড বাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যেমনঃ

আশ্রিত বাক্য	প্রধান খণ্ডবাক্য
যে পরিশ্রম করে,	সে-ই সুখ লাভ করে।
সে যে অপরাধ করেছে,	তা মুখ দেখেই বুঝেছি।

10. **বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণের সংখ্যা কত?**
a) সাত b) আট
c) নয় d) দশ ***ans.*** **D**

Solution: বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণের সংখ্যা ১০টি।

বর্ণের নাম	স্বরবর্ণ	ব্যঞ্জনবর্ণ	সংখ্যা
মাত্রাহীন বর্ণ	৪টি যথাঃ এ, ঐ, ও, ঔ	৬টি যথাঃ ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ	১০টি
অর্ধমাত্রার বর্ণ	১টি যথাঃ ঋ	৭টি যথাঃ খ, গ, ণ, থ, ধ, প, শ	৮টি
পূর্ণমাত্রার বর্ণ	৬টি যথাঃ অ, আ, ই, ঈ, উ, ঊ	২৬টি	৩২টি

11. **চর্যাপদের প্রথম পদের রচয়িতা**
a) লুইপা b) কাহ্নপা
c) ভুসুকুপা d) শবরপা ***ans.*** **A**

Solution: চর্যাপদের প্রথম পদটি রচনা করেন লুইপা। উল্লেখ্য, চর্যাপদের সবচেয়ে বেশি পদ রচয়িতা কাহ্নপা। তিনি চর্যাপদে মোট ১৩টি পদ (৭, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৮, ১৯, ৩৬, ৪০, ৪২, ৪৫; ২৪নং পদটি তার রচিত হলেও সেটি পাওয়া যায়নি) রচনা করেন। শবরপা ২৮ ও ৫০ নং পদ; লুইপা ১ ও ২৯ নং পদ এবং ভুসুকুপা ৬, ২১, ২৩, ২৭, ৩০, ৪১, ৪৩ ও ৪৯ নং পদ রচনা করেছেন।

12. **'সুখের পায়রা' বাগধারার অর্থ**
a) খারাপ ব্যক্তি b) সুসময়ের বন্ধু
c) অনিষ্টকর আত্মীয় d) ভণ্ড **ans. B**

13. **এক কথায় প্রকাশ করুন 'যা পূর্বে দেখা যায়নি'।**
a) অদৃষ্টপূর্ব b) ভূতপূর্ব
c) অভূতপূর্ব d) অশ্রুতপূর্ব **ans. A**

Solution: যা পূর্বে দেখা যায়নি = অদৃষ্টপূর্ব। উল্লেখ্য, যা পূর্বে ছিল এখন নেই = ভূতপূর্ব। যা পূর্বে কখনো হয়নি = অভূতপূর্ব। যা পূর্বে শোনা যায় নি = অশ্রুতপূর্ব।

14. **'তটিনী' এর সমার্থক শব্দ কোনটি?**
a) জলধি b) নদী
c) সলিল d) আকাশ **ans. B**

Solution: 'তটিনী' এর সমার্থক শব্দ হলোঃ নদী, স্রোতস্বিনী, গাঙ, স্রোতস্বতী, তরঙ্গিনী, প্রবাহিনী, শৈবলিনী, ইত্যাদি।

15. **'বিধবা' শব্দের বিপরীত লিঙ্গ কি?**
a) বহুপত্নীক b) সধবা
c) বিপত্নীক d) অধবা **ans. C**

Solution: কতগুলো শব্দ শুধু স্ত্রীবাচক হয় যেমনঃ সধবা, সতীন, সৎমা ইত্যাদি। উল্লেখ্য, বহুপত্নীক দ্বারা একাধিক বা অনেক পত্নী আছে এমন ব্যক্তিকে বুঝায়।

16. **Choose the correct spelling form the following:**
a) Etiquite b) Etiquette
c) Etikuit d) Etiket **ans. B**

Solution: Etiquette – সৌজন্যতা, ভদ্রতা।

17. **Passive voice of 'The traitors should be shot dead' is:**
a) They should have shot the traitors dead.
b) They shall shoot the traitors dead.
c) They should shoot the traitors dead.
d) They shot the traitors dead. **ans. C**

Solution: Passive voice এ Object + modals (might, should, could ইত্যাদি) + be + verb এর Past Participle থাকলে Active voice এ Subject + modals verb + object বসে।
বাক্যের অর্থঃ তাদের উচিৎ বিশ্বাস ঘাতকদের গুলি করে হত্যা করা।

18. **Synonym of Triumph is:**
a) Violence b) Punish
c) Victory d) Victim **ans. C**

Solution: Triumph = Victory – জয়; বিজয়। Violence – প্রচণ্ডতা; হিংস্রতা। Victim – বলি।

19. **Antonym of 'conversant' is:**
a) Inexperienced b) Unpretentious
c) Shy d) Dirty **ans. A**

Solution: Conversant – অবগত; গভীর জ্ঞানসম্পন্ন। Inexperienced – অনভিজ্ঞ; কাচা। Unpretentious – বিনীয়; অনভিমানী। Shy – লাজুক। Dirty – অপরিষ্কার; ময়লা।

20. **Liquid : Hydraulics ::**
a) Motion : Dynamics
b) Water : Hydroponics
c) Data : Statistics
d) Music : Eurhythmics **ans. B**

Solution: Liquid – তরল পদার্থ। Hydraulics – নলের ভেতর দিয়ে প্রবহমান জলসম্বন্ধী। Water – পানি; জল। Hydroponics – জলচাষ। Motion – গতি; চলন। Dynamics – গতিবিদ্যা সম্বন্ধীয়। Data – তথ্য; উপাত্ত। Statistics – সংখ্যায় প্রদর্শিত তথ্যাবলি। Music – সঙ্গীত; গীতবাদ্য। Eurhythmics – ছন্দায়িত ব্যায়াম।
ব্যাখ্যাঃ Hydraulics চালনা করতে Liquid লাগে। আর Hydroponics চালনা করতে Water লাগে।

21. **A hater of knowledge and learning is called a:**
a) Misogynist b) Philologist
c) Misologist d) Bibliophile **ans. C**

Solution: জ্ঞানবিদ্বেষীকে বলা হয় Misologist. নারী বিদ্বেষকে বলা হয় Misogyny. আর বহুপত্নিগ্রহণ প্রথাকে বলা হয় Polygamy.

22. **Antonym of CARELESS is**
a) Slapdash b) Careful
c) Haphazard d) Shy **ans. B**

Solution: Careless – উদাসীন। Careful – যত্নশীল। Slapdash – বেপরোয়া। Haphazard – বিশৃঙ্খল। Shy – লাজুক।

23. **Choose the word that is spelled correctly:**
a) Bureaucracy b) Bureacracy
c) Bureucracy d) Berocracy **ans. A**

Solution: Bureaucracy অর্থ আমলাতন্ত্র; আমলাদের পরিচালিত প্রশাসনিক ব্যবস্থা।

24. **A disease which spreads by contact is called:**
a) Incurable b) Contagious
c) Infectious d) Fatal **ans. B**

Solution: সংস্পর্শের মাধ্যমে যে রোগ বিস্তার লাভ করে তাকে Contagious বলে। Incurable হলো নিরাময় লাভ করা যায় না এমন। Infectious হলো সংক্রামক। Fatal হলো মারাত্মক।

25. **If we go to the park, __ you like to come too?**
a) shall b) are
c) am d) would ***ans.* D**

Solution: ভবিষ্যৎ সম্ভাব্য কোনো কিছুতে প্রস্তাবনা বুঝাতে Would you এই Form টি বসে।
বাক্যের অর্থঃ আমরা পার্কে গেলে তুমিও কী আসবে?

26. **Passive voice of 'Who taught you English' is:**
a) By whom were you taught English?
b) Who was taught English to you?
c) By whom is English is taught to you?
d) Who was teaches you English? ***ans.* A**

Solution: Who যুক্ত Interrogative বাক্যকে Passive করতে By whom + auxiliary verb (tense অনুযায়ী) + subject + verb এর Past participle + ? বসে।
বাক্যের অর্থঃ কার মাধ্যমে তুমি ইংরেজি শিখেছো?

27. **SCHOLAR : IGNORANT ::**
a) Hardworking : Lazy
b) Knife : Sword
c) Courage : Bold
d) Luxury : Wealth ***ans.* A**

Solution: Scholar – বিদ্বান। Ignorant – অজ্ঞ। Hardworking – পরিশ্রমী। Lazy – অলস। Knife – ছুরি। Sword – অসি, তরবারি, তলোয়ার। Courage – সাহস; মনোবল। Bold – সাহসী; দুর্দান্ত। Luxury – বিলাসিতা। Wealth – বিশাল সম্পদ; বিত্ত।
ব্যাখ্যাঃ Scholar রা কখনো Ignorant হয় না। আর Hardworking রা কখনো Lazy হয় না।

28. **The Synonym of CONDONE is:**
a) Command b) Condemn
c) Conceal d) Accept ***ans.* D**

Solution: Condone – (অপরাধ) ক্ষমা করা। Accept – স্বীকার করা; মেনে নেয়া। Command – আদেশ করা। Condemn – দোষ দেওয়া। Conceal – গোপন করা।

29. **Cobbler : Leather ::**
a) Shirt : Boutique
b) Television : Engineer
c) Woodcutter : Furniture
d) Mason : Stone ***ans.* D**

Solution: Cobbler – মুচি। Leather – চামড়া। Mason – মিস্ত্রী। Stone – পাথর। Shirt – শার্ট। Boutique – শৌখিন দ্রব্যাদি যেমন পোশাক বিক্রয়ের দোকান। Television – দুরদর্শন। Engineer – প্রকৌশলী। Woodcutter – কাঠুরে। Furniture – আসবাবপত্র।
ব্যাখ্যাঃ Cobbler কাজ করেন Leather দিয়ে। আর Mason কাজ করেন Stone দিয়ে।

30. **One who believes in the power of fate is called:**
a) Pessimist b) Optimist
c) Fatalist d) Parsimonious***ans.* C**

Solution: ভাগ্যে বিশ্বাসী ব্যক্তিকে Fatalist (নিয়তি বিশ্বাসী) বলে। Pessimist – দুঃখবাদী। Optimist – শুভবাদী। Parsimonious – ব্যয়কুণ্ঠ; কৃপণ।

31. **My sister is good ____ English.**
a) in b) with
c) at d) from ***ans.* C**

Solution: Good at something অর্থ কোন কিছুতে দক্ষ।
বাক্যের অর্থঃ আমার বোন ইংরেজিতে দক্ষ।

32. **Identify the correct spelling**
a) Encyclopedia b) Encyeklopedia
c) Encycloopedia d) Ensyclopedia***ans.* A**

Solution: Encyclopedia অর্থ বিশ্বকোষ; জ্ঞানকোষ।

33. **The synonym of DECLINE is:**
a) Diminish b) Increase
c) Abandon d) Postpone ***ans.* A**

Solution: Decline – শক্তিক্ষয় করা। Diminish – হ্রাস করা; ক্ষয়প্রাপ্ত হওয়া। Increase – বৃদ্ধি; উপচয়। Abandon – পরিত্যাগ করা। Postpone – স্থগিত/মুলতবি রাখা।

34. **He has been exempted ____ night duty.**
a) with b) for
c) from d) in ***ans.* C**

Solution: Exempt from অর্থ রেহাই দেওয়া বা পাওয়া।
বাক্যের অর্থঃ রাতের দায়িত্ব থেকে তাকে মুক্তি দেয়া হলো।

35. **There wasn't much unity ____ the council members.**
a) among b) from
c) for d) in ***ans.* A**

Solution: এখানে Council members হলো একের অধিক সংখ্যক Members. তাই এদের মধ্যে Among বসাতে হবে।
বাক্যের অর্থঃ পরিষদের সদস্যদের মধ্যে খুব একটা একতা ছিল না।

36. **An amount of Tk. 735 was divided among A, B and C. If each of them had received Tk. 25 less, their shares would have been in the ratio of 1 : 3 : 2. The money received by C was:**
a) 195 b) 200
c) 225 d) 245 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, A, B ও C এর মধ্যে 735 টাকা ভাগ করে দেয়া হলো। তারা যদি প্রত্যেকেই 25 টাকা করে কম পেত তবে তাদের শেয়ারের অনুপাত হতো 1 : 3 : 2. C কত টাকা পেল?

ধরি, A পায় $(x - 25)$ টাকা, B পায় $(3x - 25)$ টাকা এবং C পায় $(2x - 25)$ টাকা।

প্রশ্নমতে, $x - 25 + 3x - 25 + 2x - 25 = 735$

$\Rightarrow 6x - 75 = 735$

$\Rightarrow 6x = 810$

$\therefore x = 135$

অতএব, C পাবে $= (2x - 25) = (2 \times 135 - 25)$
$= 270 - 25 = 245$ টাকা।

37. **Sam ranked ninth form the top and thirty-eight from the bottom in a class. How many students are there in the class?**

a) 45 b) 46
c) 47 d) 48 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, উপরের দিক থেকে Sam এর অবস্থান ৯ম আর নিচের দিক থেকে ৩৮তম হলে ক্লাসে কতজন ছাত্র আছে?

উপরের দিক থেকে ৯ম আর নিচের দিক হতে ৩৮তম। তাই যোগ করে ১ বাদ দিতে হবে।

$\therefore$ নির্ণেয় ছাত্রসংখ্যা $= 9 + 38 - 1 = 46$ জন।

38. **Idrak buys 80*kg* sugar at Taka 40 per *kg* and 40 *kg* rice at Taka 50 per *kg*. At what price approximately in Taka per *kg* of rice and sugar should be sell to make a profit of 10% on cost?**

a) 42.3 b) 44.3
c) 47.7 d) 49.2 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ইদ্রিক 40 টাকা দরে 80 কেজি চিনি এবং 50 টাকা দরে 40 কেজি চাল কিনে কত টাকা দরে তা বিক্রয় করলে মোটের উপর 10% লাভ হবে?

80 কেজি চিনির ক্রয়মূল্য $= 80 \times 40 = 3{,}200$ টাকা

40 কেজি চালের ক্রয়মূল্য $= 40 \times 50 = 2{,}000$ টাকা

$\therefore$ চিনি ও চাল বাবদ তার মোট খরচ হল $= 3{,}200 + 2{,}000 = 5{,}200$ টাকা।

চিনি ও চালের মোট পরিমাণ $= 80 + 40 = 120$ কেজি

এখন, 10% লাভে মোট বিক্রয়মূল্য হবে

$= 5{,}200 + 5{,}200$ এর $10\% = \left(5200 + \frac{5200 \times 10}{100}\right)$ টাকা $= 5{,}200 + 520 = 5{,}720$ টাকা

অতএব, প্রতি কেজির বিক্রয়মূল্য হবে $= \frac{5720}{120} = 47.7$ টাকা

39. **A rectangular field will be fenced on three sides leaving a side of 20 feet uncovered. If the area of the field is 680 square feet, how many feet of fencing will be required?**

a) 88 b) 34
c) 40 d) 68 ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি আয়তাকার বাগানের 3 টি পার্শ্বে বেড়া দিতে হবে। 20 ফুট এর একটি পার্শ্ব বেড়াহীন অবস্থায় থাকবে। ঐ আয়তাকার বাগানের ক্ষেত্রফল 680 বর্গফুট হলে বাগানে কত ফুট বেড়া দিতে হবে?

দেয়া আছে, আয়তাকার Yard এর ক্ষেত্রেফল = 680 square feet এবং এক বাহু = 20 feet যা Unfenced

$\therefore$ আয়তাকার Yard এর অন্য বাহু $= \frac{\text{ক্ষেত্রফল}}{\text{এক বাহু}} = \frac{680}{20} = 34$ feet

$\therefore$ আয়তাকার Yard এর 3 দিকে Fencing এর প্রয়োজন হবে $= (2 \times 34) + 20 = 88$ feet

40. **The selling price of 15 items equals the cost of 20 items. What is the percentage of profit earned by the seller?**

a) 33.3% b) 55.5%
c) 48.3% d) 32.3% ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, যদি 15টি পণ্যের বিক্রয়মূল্য 20 টি পণ্যের ক্রয়মূল্যের সমান হয় তবে বিক্রেতা শতকরা কত লাভ করবে?

ধরি, 15 টি Item এর বিক্রয়মূল্য $= x$ টাকা

$\therefore$ 1 টি Item এর বিক্রয়মূল্য $= \frac{x}{15}$ টাকা

আবার, 20 টি Item এর বিক্রয়মূল্য $= x$ টাকা

$\therefore$ 1 টি Item এর বিক্রয়মূল্য $= \frac{x}{20}$ টাকা

$\therefore$ লাভ হয় $= \left(\frac{x}{15} - \frac{x}{20}\right) = \left(\frac{4x - 3x}{60}\right) = \frac{x}{60}$ টাকা

অতএব, শতকরা লাভ হয় $= \left(\frac{\text{লাভ}}{\text{ক্রয়মূল্য}} \times 100\right)\% = \left(\frac{\frac{x}{60}}{\frac{x}{20}} \times 100\right)\% = \left(\frac{x}{60} \times \frac{20}{x} \times 100\right)\% = 33\frac{1}{3}\%$

Shortcut Formula: % লাভ $= \frac{100}{\text{Number of Sells}}$

Shortcut Solution: 15টি পণ্যের বিক্রয়মূল্য 20 টি পণ্যের ক্রয়মূল্যের সমান -এর মানে হলো

3 টি পণ্যের বিক্রয়মূল্য 4 টি পণ্যের ক্রয়মূল্যের সমান (5 দিয়ে ভাগ করে)

$\therefore$ % লাভ $= \frac{100}{\text{Number of Sells}} = \frac{100}{3} = 33\frac{1}{3}\%$

41. **The length of a rectangular room is double of its breadth. If the area is 512 square inches, what is the perimeter (in feet)?**

a) 4 b) 6
c) 8 d) 12 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি আয়তাকৃতির কক্ষের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। কক্ষটির ক্ষেত্রফল 512 বর্গইঞ্চি হলে তার পরিসীমা কত?

দৈর্ঘ্য $= \sqrt{\text{ক্ষেত্রফল} \times \text{কতগুণ}} = \sqrt{512 \times 2} = 32$

প্রস্থ $= \sqrt{\frac{\text{ক্ষেত্রফল}}{\text{কতগুণ}}} = \sqrt{\frac{512}{2}} = 16$

পরিসীমা = ২ (দৈর্ঘ্য + প্রস্থ) $= 2(32 + 16) = 96$

ইঞ্চি $= \frac{96}{12}$ ফুট $= 8$ ফুট

42. **A class has 30 students. The class needs to select 3 representatives. In how many ways can be this be done?**

a) 400 b) 2050
c) 3040 d) 4060 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি শ্রেণীতে 30 জন ছাত্র রয়েছে। ঐ শ্রেণীতে 3 জন প্রতিনিধি নির্বাচন করতে হলে সেটা কত উপায়ে করা যেতে পারে?

30 জন ছাত্র থেকে 3 জন প্রতিনিধিকে নিম্নোক্ত উপায়ে বাছাই করা যায়।

$30_{c_3} = \frac{30!}{3! \times (30! - 3!)} = \frac{30 \times 29 \times 28 \times 27!}{3 \times 2 \times 27!} = 4060$

43. **In a group of 15, 7 have studied Latin, 8 have studied Greek and 3 have not studied either. How many of these studied both Latin and Greek?**

a) 1 b) 3
c) 4 d) 5 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 15 জন সদস্যের একটি গ্রুপে 7 জন ল্যাটিন ভাষায়, 8 জন গ্রিক ভাষায় কথা বলতে পারে। কিন্তু 3 জন এই দুই ভাষার কোনোটিই বলতে পারে না। গ্রুপটির কত অংশ সদস্য ল্যাটিন ও গ্রিক ভাষায় কথা বলতে পারে?

Applying grid concept:

	Latin	Latin	
Greek	3 (answer)	5	8
Greek	4	3	7
Total	7	8	15

Shortcut: Total = 15; Spanish = S = 7; French = F = 8; Neither F nor S = 3

Neither F nor S = Total – [F + S – Both]

$\Rightarrow$ 3 = 15 – [8 + 7 – Both]

$\therefore$ Both = 3

44. **A student multiplied a number by $\frac{3}{5}$ instead of $\frac{5}{3}$. What is the percentage error in the calculation?**

a) 60% b) 64%
c) 70% d) 74% ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, এক ছাত্র কোন সংখ্যাকে $\frac{5}{3}$ এর পরিবর্তে $\frac{3}{5}$ দ্বারা গুণ করে ফেলল। এতে কত হিসাবের গড় মিল হবে?

ধরি, প্রথম সংখ্যাটি $= x$

$\therefore$ ভুল করা সংখ্যাটি নতুন সংখ্যা $= \frac{3}{5}x$

কিন্তু, আসলে সংখ্যাটি হওয়া উচিত ছিল $= \frac{5}{3}x$

$\therefore$ Error $= \frac{5}{3}x - \frac{3}{5}x = \frac{16}{15}x$

এখন, $\frac{5}{3}x$ এ ভুল হয় $= \frac{16}{15}x$

$\therefore$ 1 এ ভুল হয় $= \frac{16x}{15} \times \frac{3}{5x}$

$\therefore$ 100 এ ভুল হয় $= \frac{16x}{15} \times \frac{3}{5x} \times 100 = 64\%$

45. **The difference between two numbers is 5 and the difference between their squares is 65. What is the larger number?**

a) 8 b) 9
c) 11 d) 13 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দুটি সংখ্যার পার্থক্য 5 এবং ঐ সংখ্যা দুটির পার্থক্য 65 হলে বৃহত্তর সংখ্যাটি কত?

ধরি, বৃহত্তর সংখ্যাটি x এবং ক্ষুদ্রতর সংখ্যাটি $(x - 5)$

প্রশ্নমতে, $x^2 - (x - 5)^2 = 65$

$\Rightarrow x^2 - (x^2 - 2 \times x \times 5 + 5^2) = 65$

$\Rightarrow x^2 - (x^2 - 10x + 25) = 65$

$\Rightarrow x^2 - x^2 + 10x - 25 = 65$

$\Rightarrow 10x = 65 + 25 = 90$

$\therefore x = \frac{90}{10} = 9$

Shortcut: $x - y = 5$ ..... (i)

এবং $x^2 - y^2 = 65$

$\Rightarrow (x - y)(x + y) = 65$

$\Rightarrow 5(x + y) = 65$

$\therefore x + y = \frac{65}{5} = 13$ ..... (ii)

এখন, $\{(i) + (ii)\}$

$\Rightarrow 2x = 18$

$\therefore x = 9$

46. What is the slope of a line containing the points (1, 13) and (– 3, 6)?

a) 0.14 b) 0.57
c) 1.75 d) 1.83 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, (1, 13) এবং (– 3, 6) বিন্দুগামী সরলরেখার ঢাল কত?

আমরা জানি, (x_1, y_1) এবং (x_2, y_2) বিন্দুগামী সরলরেখার ঢাল

$$= \frac{\text{কোটিদ্বয়ের অন্তর}}{\text{ভুজদ্বয়ের অন্তর}} = \frac{y_1 - y_2}{x_1 - x_2} = \frac{13 - 6}{1 - (-3)} = \frac{7}{1 + 3} = \frac{7}{4}$$

$= 1.75$

47. If $a + b + c = 12$, $a + b = 4$, and $a + c = 7$, what is the value of a?

a) 1 b) – 1
c) $\frac{3}{23}$ d) 2 **ans. B**

Solution: দেয়া আছে, $a + b + c = 12$

$\Rightarrow 4 + c = 12$

$\therefore c = 8$

আবার দেয়া আছে, $a + c = 7$

$\Rightarrow 8 + a = 7$

$\therefore a = -1$

48. A cricket team has won 40 games out of 60 played. It has 32 more games to play. How many of these must the team win to make it record 70% win for the season?

a) 20 b) 23
c) 25 d) 32 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ক্রিকেট দল তাদের প্রথম 60 টি খেলার 40 টিতে জিতেছে এবং আরো 32 টি খেলা অবশিষ্ট আছে। অবশিষ্ট খেলাগুলোর কতটিতে জিতলে ঐ মৌসুমে দলটি তাদের মোট খেলার 70% জিতবে?

মনে করি, অবশিষ্ট খেলাগুলোর x টিতে জিতলে ঐ মৌসুমে দলটি তাদের মোট খেলার 70% জিতবে।

প্রশ্নমতে, $(40 + x) = (60 + 32)\frac{70}{100}$

$\Rightarrow 40 + x = \frac{92 \times 7}{10}$

$\Rightarrow 400 + 10x = 644$

$\Rightarrow 10x = 244$

$\therefore x = 24.4 \approx 25$

অর্থাৎ প্রায় 25 টি খেলায় জিততে হবে।

49. $\frac{2}{0}$ =?

a) 1 b) undefined
c) 0 d) 2 **ans. B**

50. 3 pumps, working 8 hours a day, can empty a tank in 2 days. How many hours a day must 4 pumps work to empty the tank in 1 day?

a) 9 b) 10
c) 11 d) 12 **ans. D**

Solution: 3 টি Pump প্রতিদিন 8 ঘণ্টায় করে 2 দিনে মোট কাজ করে $(8 \times 2) = 16$ ঘণ্টা। অর্থাৎ 3টি Pump 16 ঘণ্টায় Tankটি খালি করতে পারবে। বের করতে হবে 4 টি Pump 1 দিনে কত ঘণ্টায় Tank টি খালি করতে পারবে?

3 টি Pump tank খালি করে = 16 ঘণ্টায়

$\therefore$ 4 টি Pump tank খালি করে $= \frac{3 \times 16}{4} = 12$ ঘণ্টায়

Alternative: 3 টি Pump 2 দিনে 1 টি Tank খালি করে = 8 ঘণ্টা করে কাজ করে

$\therefore$ 3 টি Pump 1 দিনে 1 টি Tank খালি করে
$= (8 \times 2)$ ঘণ্টা করে কাজ করে

$\therefore$ 1 টি Pump 1 দিনে 1 টি Tank খালি করে
$= (8 \times 2 \times 3)$ ঘণ্টা করে কাজ করে

$\therefore$ 4 টি Pump 1 দিনে 1 টি Tank খালি করে
$= \frac{8 \times 3 \times 2}{4} = 12$ ঘণ্টা করে কাজ করে

51. A glass when full of milk weighs one *kg*. When half full, it weighs $\frac{3}{4}$ *kg*. What is the weight (in *kg*) of the empty glass?

a) 0.25 b) 0.35
c) 0.45 d) 0.50 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি গ্লাসে দুধ পূর্ণ থাকলে তার ওজন হয় 1 কেজি। যখন অর্ধেক পূর্ণ থাকে তখন তার ওজন হয় $\frac{3}{4}$ কেজি। খালি গ্লাসের ওজন কত?

এখানে $\frac{1}{2}$ দুধের ওজন $= 1 - \frac{3}{4} = \frac{1}{4}$ কেজি।

$\therefore$ Full milk এর ওজন $= \frac{1}{4} \times 2 = \frac{1}{2}$ কেজি।

$\therefore$ খালি গ্লাসের ওজন $= 1 - \frac{1}{2} = \frac{1}{2}$ কেজি।

52. If two angles are side to be complementary angles and one angle is 52 degrees, then the other angle is:

a) 100 b) 68
c) 128 d) 38 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দুটি পরিপূরক কোণের একটি 52° হলে অপরটি কত?

আমরা জানি, দুটি পরিপূরক কোণের সমষ্টি 90°

$\therefore$ একটি কোণ 52° হলে অপরটি হবে $= 90° - 52° = 38°$

53. If $w + x = -4$, $x + y = 25$ and $y + w = 15$, then the average of w, x, y is:

a) 3 b) 4
c) 5 d) 6 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, $w + x = -4$, $x + y = 25$ এবং $y + w = 15$ হলে w, x এবং y এর গড় কত?

$w + x + x + y + y + w = -4 + 25 + 15$

$\Rightarrow 2w + 2x + 2y = 36$

$\Rightarrow 2(w + x + y) = 36$

$\therefore w + x + y = \frac{36}{2} = 18$

অতএব, $w + x + y$ এর গড় $= \frac{18}{3} = 6$

54. What is the next term in the sequence: 4, 9, 6, 11, 8, 13, ...?

a) 18 b) 16
c) 10 d) 9 **ans. C**

Solution: এখানে ১ম থেকে ৩য়, ৫ম পদ পর্যন্ত বেড়েছে 2 করে।

আবার ২য়, ৪র্থ এবং ৬ষ্ঠ পদ পর্যন্ত বেড়েছে 2 করে।

$\therefore$ পরবর্তী সংখ্যা হবে $= 8 + 2 = 10$.

55. What is the greatest common factor of 24 and 64?

a) 8 b) 4
c) 12 d) 36 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 24 এবং 64 এর গ.সা.গু. কত?

এখানে, $24 = 3 \times 8$ এবং $64 = 8 \times 8$

$\therefore$ নির্ণেয় গ.সা.গু. $= 8$

56. Who won the 2022 Wimbledon Championship in women's singles?

a) Elena Rybakina
b) Naomi Osaka
c) Serena Williams
d) Venus Williams **ans. A**

Solution: প্রথমবারের মতো টেনিসের মহিলা এককের ফাইনাল উইম্বলডন জিতেছেন ২৩ বছর বয়সী কাজাখ তরুনী এলেনা রাইবাকিনা। মহিলা এককের ফাইনালে রাইবাকিনা বিশ্বের তিন নম্বর বাছাই ওন্স জাবেউরকে তিন সেটে পরাজিত করে তার প্রথম গ্র্যান্ড স্ল্যাম শিরোপা-২০২২ জিতেন। এটি কাজাখস্তানের হয়ে প্রথম কোনো উইম্বলডন শিরোপা জয়।

57. Who is the current Governor of Bangladesh Bank?

a) Mr. Abdur Rouf Talukder
b) Mr. Fazle Kabir
c) Dr. Atiur Rahman
d) Dr. Salebuddin Ahmed **ans. A**

Solution: অর্থ সচিব আব্দুর রউফ তালুকদারকে বাংলাদেশ ব্যাংকের নতুন গভর্নর হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। ফজলে কবিরের স্থলাভিষিক্ত রউফ তালুকদারও সাবেক আমলা ও অর্থসচিব। তিনি দেশের ১২ তম গভর্নর হিসাবে দায়িত্ব পালন করবেন।

58. Times square is located in:

a) London b) Moscow
c) New York d) Paris **ans. C**

Solution: টাইম্‌স স্কয়ার মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরের কেন্দ্রস্থলে ম্যানহাটানে অবস্থিত একটি সড়ক চত্বর। টাইমস স্কয়ার নিউ ইয়র্ক শহরের অন্যতম প্রধান বাণিজ্যিক এলাকা। একে 'পৃথিবীর সড়ক সংযোগস্থল' বলা হয়। এটি বিশ্বের অন্যতম ব্যস্ত পথচারী সংযোগস্থল এবং বিশ্ব বিনোদন শিল্পের অন্যতম প্রধান কেন্দ্র।

59. Which two countries have applied to join BRICS?

a) Tajikistan and Columbia
b) Iran and Argentina
c) Iraq and Saudi Arabia
d) Kenya and Chile **ans. B**

Solution: উদীয়মান অর্থনৈতিক শক্তিগুলোর জোট ব্রিকসের সদস্য পদের জন্য আবেদন জমা দিয়েছে ইরান ও আর্জেন্টিনা। ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকাকে নিয়ে গঠিত জোটটিতে ইরানকে অন্তর্ভুক্ত করলে উভয় পক্ষ লাভবান হবে বলে মন্তব্য করেছে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়। বিশ্বের প্রায় অর্ধেক মানুষের প্রতিনিধিত্বকারী অর্থনৈতিক জোট ব্রিকসে অন্তর্ভুক্ত হতে আগ্রহ প্রকাশ করেছে এশিয়া ও আমেরিকার বেশ কয়েকটি দেশ।

60. What is the name of the central bank of the UK?

a) The British Central Bank
b) Federal Reserve Systems
c) Bank of the UK
d) Bank of England **ans. D**

Solution: Bank of England বিশ্বের প্রথম প্রতিষ্ঠিত কেন্দ্রীয় ব্যাংক।

61. How many matches will be played in FIFA world Cup 2022?

a) 66 b) 63
c) 64 d) 65 **ans. C**

Solution: ফিফা বিশ্বকাপ ফুটবল ২০২২ এ ২৮ দিনে মোট ৬৪টি ম্যাচ অনুষ্ঠিত হয়। গ্রুপ পর্বে ৬৪ টি ম্যাচ এবং নকআউট রাউন্ডে ১৬ টি, কোয়ার্টার ফাইনালে ৪ টি, সেমি ফাইনালে ২ টি এবং তৃতীয় স্থান ও ফাইনালে ১ টি করে ম্যাচ রয়েছে। মোট ম্যাচ খেলা হয় ৮৮ টি।

62. I2U2 is the new grouping formed by

a) India, Ukraine, Israel, USA
b) India, USA, UAE, Israel
c) Iraq, China , Russia, Iran
d) UK, USA, Israel, India **ans. B**

Solution: ইসরাইল, সংযুক্ত আরব আমিরাত ও ভারতকে নিয়ে নতুন জোট গঠন করেছে যুক্তরাষ্ট্র। আই২ইউ২ নামের নতুন এ জোট বিশ্বজুড়ে মার্কিন মিত্রদের পুনরুজ্জীবিত এবং চাঙা করতে প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসনের প্রচেষ্টার অংশ।

63. A person who used his or her expertise to gain access to other people's computers to get information illegally is a:

a) Hacker
b) Spammer
c) Programmer
d) Instant messenger **ans. A**

Solution: হ্যাকার হচ্ছেন সেই ব্যক্তি যিনি নিরাপত্তা/অনিরাপত্তার সাথে জড়িত এবং নিরাপত্তা ব্যবস্থার দুর্বল দিক খুঁজে বের করায় বিশেষভাবে দক্ষ অথবা অন্য কম্পিউটার ব্যবস্থায় অবৈধ অনুপ্রবেশ করতে সক্ষম বা এর সম্পর্কে গভীর জ্ঞানের অধিকারী।

64. Which former Prime Minister was assassinated recently?

a) Noda Yoshihiko b) Fumio Kishida
c) Yoshihide Suga d) Shinzo Abe **ans. D**

Solution: জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো আবে গুলিবিদ্ধ হয়ে নিহত হয়েছেন। ৮ জুলাই ২০২২ শুক্রবার সকাল সাড়ে ১১টা নাগাদ দেশটির পশ্চিমাঞ্চলের নারা শহরে প্রচার কর্মসূচির সময় এই গুলির ঘটনা ঘটে।

65. ASCII is a coding system that provides-

a) 128 different characters
b) 256 different characters
c) 1040 different characters
d) 512 different characters **ans. A**

Solution: ASCII এর পূর্ণরূপ হলো American Standard Code for Information Ingerchange. ASCII আধুনিক কম্পিউটারে বহুল ব্যবহৃত কোড। এর প্রকাশক আমেরিকান ন্যাশনাল স্ট্যান্ডার্ড ইন্সস্টিটিউট ASCII. ১৯৬৫ সালে রবার্ট ৭ বিটের ASCII কোড উদ্ভাবন করেন। মিনি ও মাইক্রো কম্পিউটারে এই কোডের বহুল প্রচলন রয়েছে। কম্পিউটার এবং ইনপুট বা আউটপুট সরঞ্জামের মধ্যে তথ্য স্থানান্তরের জন্য এই কোড ব্যবহৃত হয়। ASCII কোড দু'ধরনের হয়ে থাকে। ASCII-7 এবং ASCII-8. আর ASCII-7 এর 7 বিট দ্বারা মোট $2^7 = 128$ টি অদ্বিতীয় (Unique) চিহ্ন নির্দিষ্ট করা যায়।

66. ____ are set of rules and procedures to control the data transmission over the internet?

a) Gateway b) Protocol
c) IP address d) Domains **ans. B**

Solution: যে পদ্ধতির মাধ্যমে কমিউনিকেশন সিস্টেমে কম্পিউটার এবং বিভিন্ন ডিভাইস বা ডেটা ট্রান্সমিট পদ্ধতি সফটওয়ারের মাধ্যমে নিয়ন্ত্রণ করা হয় তাকে প্রোটোকল বলে। বিভিন্ন প্রতিষ্ঠান বিভিন্ন ধরনের প্রোটোকল তৈরি করেছে। যেমনঃ FTP (File Transfer Protocol), NETBUEI, AppleTalk, TCP/IP ইত্যাদি।

67. The G-20 summit of 2022 will be held in:

a) Malaysia b) Indonesia
c) China d) Singapore **ans. B**

Solution: ৮ জুলাই ২০২২ (শুক্রবার) জি-২০ পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের সম্মেলন ইন্দোনেশিয়ার বালি দ্বীপে শুরু হয়েছিল। এবারের সম্মেলনের থিম হচ্ছে 'একযোগে আরো শান্তিপূর্ণ, স্থিতিশীল ও সমৃদ্ধ বিশ্ব নির্মাণ'।

68. DIBOR stands for

a) Dhaka Inter Bond Only Ready
b) Dhaka international Bond Only Ready
c) Dark International Board of Regulators
d) Delhi International Board of Operation Research **ans. Note**

Solution: DIBOR is Dhaka Interbank Offered Rate. DIBOR sets the benchmark interest rate at which banks borrow or lend to each other providing a determinative figure on how much short-term loans and floating rate notes would be valued at a specified maturity date.

69. What is the name of the Chinese currency?

a) Yen b) Dong
c) Renmenbi d) Bhat **ans. C**

Solution: চায়না মুদ্রারর নাম হলো Renmenbi. উল্লেখ্য, জাপানের মুদ্রার নাম হলো Yen; ভিয়েতনামের মুদ্রার নাম হলো Dong এবং থাইল্যান্ডের মুদ্রার নাম হলো Bhat.

70. Mujibnagar Government was formed on:

a) 10 April, 1971 b) 11 April, 1971
c) 17 April, 1971 d) 25 April, 1971 **ans. A**

Solution: বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার গঠন করা হয়েছিল ১০ এপ্রিল, ১৯৭১ সালে। ১৭ এপ্রিল বাংলাদেশের প্রথম সরকার 'মুজিব নগর সরকার' শপথ গ্রহণ করেন। এজন্য এ দিবসটিকে 'মুজিব নগর দিবস' হিসেবে পালন করা হয়।

Premier Bank Ltd.
Recruitment Test for Trainee Junior Officer
Examination Held On: 21.10.2022

01. **'অবীরা' বলতে কোন নারীকে বুঝায়?**
a) যে স্বামীর বশীভূত b) যার পুত্র হয়নি
c) যার স্বামী, পুত্র নেই d) যার বিয়ে হয়নি ***ans.*** **C**

Solution: যার স্বামী, পুত্র নেই = অবীরা। উল্লেখ্য, যে নারীর বিয়ে হয় না = অনূঢ়া। যে নারীর বিয়ে হয়নি = কুমারী। যে নারীর সম্প্রতি বিয়ে হয়েছে = নবোঢ়া।

02. **'মনীষা' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?**
a) মন + ঈষা b) মনঃ + ইষা
c) মনস + ঈষা d) মনো + ঈষা ***ans.*** **C**

Solution: কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়ঃ আ + চর্য = আশ্চর্য; গো + পদ = গোষ্পদ; বন্ + পতি = বনস্পতি; পর্ + পর = পরস্পর; মনস্ + ঈষা = মনীষা। এখানে, 'মনীষা' হলো নিপাতনে 'সিদ্ধ সন্ধি'।

03. **'গায়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ -**
a) গৈ + অক b) গায় + অক
c) গা + অক d) গৈ + য়ক ***ans.*** **A**

Solution: এ, ঐ, ও, ঔ কারের পরে এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমনঃ নৈ + অক = নায়ক; লো + অন = লবণ; গৌ + আদি = গবাদি; পৌ + অন = পবন।

04. **'বিহগ' এর সমার্থক শব্দ নয় কোনটি?**
a) প্রসূন b) খগ
c) পাখি d) খেচর ***ans.*** **A**

Solution: 'বিহগ' শব্দের অর্থ পাখি। বিহগের আরো কয়েকটি প্রতিশব্দ হলো পক্ষী, দ্বিজ, খেচর, বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম, খগ, প্রভৃতি। আর প্রসূন অর্থ ফুল।

05. **বাংলা ভাষার উদ্ভব হয়েছে নিচের কোন ভাষা থেকে?**
a) সংস্কৃত b) প্রাকৃত
c) অপভ্রংশ d) পালি ***ans.*** **B**

Solution: বাংলা ভাষার মূল উৎস হলো প্রাকৃত ভাষা। আর প্রাকৃত ভাষা বলতে বুঝায় প্রাচীন ভারতীয় উপমহাদেশে লোকমুখে প্রচলিত স্বাভাবিক ভাষাগুলোকে। প্রাকৃত ভাষাগুলো ইন্দো ইউরোপীয় পরিবারের ইন্দো আর্য শাখার প্রাচীন নিদর্শন।

06. **'দুঃখকে প্রাপ্ত' এটি কোন সমাস?**
a) দ্বিগু b) বহুব্রীহি
c) তৎপুরুষ d) কর্মধারয় ***ans.*** **C**

Solution: পূর্বপদের দ্বিতীয়া বিভক্তি (কে, রে) ইত্যাদি লোপ হয়ে যে সমাস হয়, তাকে দ্বিতীয়া তৎপুরুষ সমাস বলে। যেমনঃ দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত, বিপদকে আপন্ন = বিপদাপন্ন, পরলোকে গত = পরলোকগত।
ব্যাপ্তি অর্থেও দ্বিতীয় তৎপুরুষ সমাস হয়। যেমনঃ চিরকাল ব্যাপিয়া সুখী = চিরসুখী। এরকমঃ গা-ঢাকা, রথদেখা, বীজবোনা, ভাতরাঁধা, ছেলে-ভুলানো (ছড়া), নভেল-পড়া ইত্যাদি।

07. **'ডাকঘর' কোন ধরনের রচনা?**
a) নাটক b) কবিতা
c) উপন্যাস d) প্রবন্ধ ***ans.*** **A**

Solution: 'ডাকঘর' (১৯১১) রবীন্দ্রনাথ ঠাকুরের অন্যতম শ্রেষ্ঠ নাটক। মোট তিনটি দৃশ্যে ও ৩৯৯টি সংলাপে সমগ্র নাটকটি সম্পূর্ণ হয়েছে। ডাকঘর রবীন্দ্রনাথের সাংকেতিক নাটকগুলোর মধ্যে সম্ভবত সর্বাপেক্ষা জনপ্রিয় যা দেশে তো বটেই, বিদেশেও অনূদিত ও অভিনীত হয়েছিল।

08. **কায়কোবাদের 'মহাশ্মশান' গ্রন্থটি কোন ধরনের রচনা?**
a) ইতিহাস b) গীতিকাব্য
c) মহাকাব্য d) উপন্যাস ***ans.*** **C**

Solution: কায়কোবাদের শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ 'মহাশ্মশান' (১৯০৪)। কাব্যটি ধারাবাহিকভাবে মোহম্মদ রওশন আলী সম্পাদিত 'কোহিনূর' পত্রিকায় প্রকাশিত হয়। তাঁর অন্যান্য কাব্যগ্রন্থগুলো হলোঃ 'কুসুমকানন' (১৮৭৩), 'শিবমন্দির' (১৯২১), 'অমিয়ধারা' (১৯২৩)।

09. **'অঞ্চল' শব্দটি কোন শ্রেণীর?**
a) তদ্ভব b) তৎসম
c) ফারসি d) ইংরেজি ***ans.*** **B**

Solution: যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে বলা হয় তৎসম শব্দ। তৎসম একটি পারিভাষিক শব্দ। যেমনঃ অঞ্চল, হস্ত, চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য, শ্রদ্ধা ইত্যাদি।

10. **'ক্ষীয়মাণ' এর বিপরীত শব্দ কি?**
a) বৃহৎ b) বর্ধিষ্ণু
c) বর্ধমান d) বৃদ্ধিপ্রাপ্ত ***ans.*** **C**

Solution: 'ক্ষীয়মাণ' এর বিপরীত শব্দ 'বর্ধমান'। উল্লেখ্য,

প্রদত্ত শব্দ	বৃহৎ	ক্ষয়িষ্ণু	ক্ষীয়মাণ	বৃদ্ধিপ্রাপ্ত
বিপরীত শব্দ	ক্ষুদ্র	বর্ধিষ্ণু	বর্ধমান	ক্ষয়প্রাপ্ত

Fill in the blanks (Questions 11-15):

11. **My boss wants the work ___ before long.**
a) Finish b) Finished
c) Finishing d) Finishes ***ans.*** **B**

Solution: Causative verb এরপর ব্যক্তি বাচক থাকলে Subject এরপর সংশ্লিষ্ট verb টি Base form বসে। আর বস্তুবাচক থাকলে verb এর Past participle রূপ বসে। এখানে The work থাকায় Finished হবে।
বাক্যের অর্থঃ আমার বস চান শীঘ্রই কাজটি শেষ হোক।

12. **The lion rushed ____ the rabbit.**
a) at b) with
c) on d) to ***ans.* A**

Solution: কাউকে ধরার জন্য পশ্চাৎ পশ্চাদ্ধাবন করলে Rush at বসে। আর কাউকে তাড়া করা অর্থে Rush to বসে।
বাক্যের অর্থঃ সিংহ খরগোশ ধরার জন্য তীব্র বেগে ছুটে গিয়েছিল।

13. **They selected me for the job only ____ merit.**
a) with b) along
c) on d) in ***ans.* C**

Solution: বাক্যে মেধার ভিত্তিতে অর্থে On merit বসে।
বাক্যের অর্থঃ চাকরিটির জন্য তারা আমাকে কেবল মেধার ভিত্তিতে বাছাই করে নিয়েছিল।

14. **The teacher set some homework ___ the end of the lesson.**
a) about b) in
c) of d) at ***ans.* D**

Solution: এখানে At the end এবং In the end এর মধ্যে সুস্পষ্ট পার্থক্য রয়েছে। At the end অর্থ শেষে; শেষ হওয়া; শেষ সীমায় উপনীত হওয়া। এখানে অধ্যায়ের 'শেষে' বাড়ির কাজ থাকায় At the end হবে। কিন্তু In the end অর্থ অবশেষে।
বাক্যের অর্থঃ শিক্ষক অধ্যায়ের শেষে একটি বাড়ির কাজ তৈরী করেন।

15. **The goods that had not been claimed were sold ____ the Police Property Act.**
a) in b) under
c) of d) about ***ans.* B**

Solution: বাক্যের Phrase হলো 'Sold under police Property Act' অর্থ পুলিশ প্রোপার্টি আইনের অধীনে বিক্রয় করা হয়েছিল। তাই সঠিক উত্তর অপশন *b*).
বাক্যের অর্থঃ যে পণ্যটির মালিকানার ব্যাপারে কেউ দাবি করেনি, তা পুলিশ প্রোপার্টি আইনের অধীনে বিক্রয় করা হয়েছিল।

Choose the correct pair of words (Q. 16-17):

16. **GRAVITY : PULL:**
a) Iron : Metal
b) North pole : Directions
c) Magnetism : Attraction
d) Dust : Desert ***ans.* C**

Solution: Gravity – মধ্যাকর্ষণ শক্তি। Pull – টানা। Magnetism – চুম্বকত্ব। Attraction – আকর্ষণ। Iron – লৌহ। Metal – ধাতু। Dust – ধূলা। Desert – মরুভূমি।
ব্যাখ্যাঃ Gravity'র কারণে কোন বস্তু কেন্দ্রের দিকে আকৃষ্ট হয়। আর Magnetism এর কারণে কোন বস্তু চুম্বকের দিকে আকৃষ্ট হয়।

17. **TEN : DECIMAL**
a) Seven : Septet b) Four : Quarrel
c) Two : Binary d) Five : Quince***ans.* C**

Solution: Decimal হলো $\frac{1}{10}$. আর Quarter হলো $\frac{1}{4}$।

18. **Choose the correct tag question of the sentence: Zahara knows how to swim, ___?**
a) don't she b) does she
c) doesn't she d) do she ***ans.* C**

Solution: বাক্যে Auxiliary verb না থাকলে যদি শুধু Principal verb থাকে (কিন্তু Be verb ব্যতীত) তবে ঐ ধরনের বাক্যকে Tag করতে 'do/does/did' এর পরে 'not' যোগ করে নিতে হয়। অর্থাৎ Don't/ doesn't/ didn't + Subject pronoun? বসে। যেমনঃ Rahed often visits Tepra, doesn't he?
বাক্যের অর্থঃ জোহরা সাঁতার কাটতে জানে, তা নয় কি?

19. **Choose the correct translation of the proverb: চোরে চোরে মাসতুতো ভাই**
a) Two thieves are cousins
b) Birds of the same feather flock together.
c) Morning shows the day.
d) Better late than never ***ans.* B**

Solution: চোরে চোরে মাসতুতো ভাই = Birds of the same feather flock together. উঠন্তি মূল্যে পত্তনেই চেনা যায় = Morning shows the day. না হওয়ার চেয়ে দেরিতে হওয়া ভালো = Better late than never.

20. **He loves <u>himself</u>, the underlined word is:**
a) Personal pronoun
b) Related pronoun
c) Demonstrative pronoun
d) Reflexive pronoun ***ans.* D**

Solution: Myself, ourselves, yourself, yourselves, himself, herself, itself, themselves কে Reflexive pronoun বলে। I, me, my, mine, you, our ইত্যাদি Personal pronoun. Who, that, what ইত্যাদি হলো Relative pronoun এবং There, this, those, such ইত্যাদি Demonstrative pronoun.
বাক্যের অর্থঃ সে নিজেই নিজেকে ভালোবাসে।

21. **Choose the correct sentence:**
a) My friend is going to buy some new furniture
b) He is going to buy some new chairs.

c) My friend has got brown eye.
d) She has got short black hairs. ***ans.* A**

Solution: অপশন *b*) তে Some থাকায় Chairs না হয়ে Chair হবে। অপশন *c*) দ্বারা যদি বুঝানো হয় যে, 'আমার বন্ধু বাদামী চক্ষুবিশিষ্ট' তবে এর ইংরেজি হবে 'My friend is brown eyed'. অপশন *d*) এর বাক্যটি She has got subject by the short hairs হতো তবে এর অর্থ হতো সে কাউকে বাগে পেয়েছে।

বাক্যের অর্থঃ আমার বন্ধু কিছু নতুন আসবাবপত্র কিনতে যাচ্ছে।

22. **Active voice of 'His comment hart me deeply'.**
a) I was hurt deeply by his comment.
b) I could be hurt deeply by his comment.
c) I Should not be hurt by his comment.
d) His comment was hurtful. ***ans.* A**

Solution: এই ধরনের Passive বাক্যকে Active করার নিয়ম হলোঃ Subject + am/is/are/was/were + verb এর Past participle রূপ + by + object.

বাক্যের অর্থঃ তার মন্তব্য আমাকে গভীরভাবে আহত করেছিল।

23. **What is the correct meaning of the underlined word on the sentence? How are you <u>getting on</u> is your new job?**
a) Reaching b) Completing
c) Managing d) Arriving ***ans.* C**

Solution: Get on একটি Group verb অর্থ কোনো কিছু Manage করে এগিয়ে চলা; উন্নতি করা; এগিয়ে যাওয়া। যেমনঃ I simply can't get on with this exciting work of a lexicographer.

বাক্যের অর্থঃ তোমার নতুন চাকরি কেমন চলছে?

24. **The past participle form of the word 'BITE' is-**
a) Bit b) Biten
c) Beaten d) Bitten ***ans.* D**

Solution: Bite অর্থ কামড় দেয়া; দংশন করা। Beat অর্থ বারবার আঘাত করা। Bit অর্থ ক্ষুদ্র অংশ।

25. **Which of the following words is correctly spelled word?**
a) Parlament b) Pairlament
c) Parliament d) Parlaiment ***ans.* C**

Solution: Parliament অর্থ (জনপ্রতিনিধিত্বশীল সরকারশাসিত দেশ) সর্বোচ্চ আইনপ্রণয়নকারী সংস্থা; আইনসভা; সংসদ।

26. **A circular logo is enlarged to fit the lid of a jar. The new diameter is 50 percent larger than the original. By what percentage has the area of the logo increased?**
a) 50 b) 80
c) 100 d) 125 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি বৃত্তাকার Logo কে একটি পাত্রের ঢাকনা আটকানোর জন্য বড় করা হলো। নতুন ব্যাস মূল ব্যাসের 50% বেড়ে গেলে Logo ক্ষেত্রফল শতকরা কত বাড়বে?

মনে করি, বৃত্তের ব্যাস 20 একক

$\therefore$ ব্যাসার্ধ হবে $= \frac{20}{2} = 10$ একক

$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $\pi r^2 = \pi(10)^2 = \pi \times 100$
$= 100\pi$ বর্গএকক

ব্যাস বৃদ্ধি পেলে ব্যাসার্ধ হবে $= \frac{30}{2} = 15$ একক

$\therefore$ নতুন ক্ষেত্রফল $= \pi(15)^2 = \pi \times 225 = 225\pi$ বর্গএকক

$\therefore$ বৃদ্ধি পায় $(225\pi - 100\pi) = 125\pi$ বর্গএকক

অর্থাৎ বৃদ্ধির পরিমাণ = 125%

Shortcut: $A + B + \frac{A \times B}{100} = 50 + 50 + \frac{50 \times 50}{100}$
$= 125$. [এখানে A = B = 50%]

27. **After being dropped a certain ball always bounces back to $\frac{2}{5}$ of the height of its previous bounce. After the first bounce it reaches a height of 125 inches. How high (in inches) will it reach after its fourth bounce?**
a) 20 b) 15
c) 8 d) 5 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি বলকে ড্রপ করার পর এটি প্রতিবারই আগের বারের উচ্চতার $\frac{২}{৫}$ অংশ বাউন্স করে। ১ম বাউন্সের পরে ১২৫ ইঞ্চি উঠলে ৪র্থ বাউন্সের পরে কত উচ্চতায় উঠবে।

২য় বাউন্সের পরে উঠবে $= \frac{2}{5} \times 125$

$\therefore$ ৩য় বাউন্সের পরে উঠবে $= \frac{2}{5} \times \frac{2}{5} \times 125$

$\therefore$ ৪র্থ বাউন্সের পরে উঠবে $= \frac{2}{5} \times \frac{2}{5} \times \frac{2}{5} \times 125 = 8$ ইঞ্চি

28. **12 liters of water are poured into an aquarium of dimensions 50*cm* length, 30*cm* breadth, and 40*cm* height. How high (in *cm*) will the water rise? (1 liter = $1000cm^3$)**
a) 6 b) 8
c) 10 d) 20 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে $50cm$ দৈর্ঘ্য, $30cm$ প্রস্থ এবং $40cm$ উচ্চতার একটি অ্যাকুরিয়ামে 12 লিটার পানি ঢালা হলো। অ্যাকুরিয়ামে পানি কত উচ্চতায় উঠবে? (যেখানে 1 লিটার = $1000cm^3$)

এখানে, 1 লিটার পানি = $1000cm^3$

$\therefore$ 12 লিটার পানি = $12{,}000cm^3$

ধরি, পানি x cm উচ্চতায় উঠবে।

প্রশ্নমতে, $50 \times 30 \times x = 12{,}000$

$\therefore \quad x = \frac{12000}{50 \times 30} = 8cm$

29. Six years ago Anika was p time as old Ben was. If Anika is now 17 years old, how old is Ben now in terms of p?

a) $\frac{11}{p} + 6$ b) $\frac{p}{11+6}$

c) $17 - \frac{p}{6}$ d) $\frac{17}{p}$ **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 6 বছর আগে অনিকের বয়স বিনের বয়সের থেকে P গুণ বেশি ছিল। যদি অনিকের বর্তমান বয়স 17 বছর হয়, তবে P এর ভিত্তিতে বিনের বয়স কত?

ধরি, ছয় বছর আগে বিনের বয়স x বছর

ছয় বছর আগে অনিকের বয়স px বছর

প্রশ্নমতে, $px + 6 = 17$

$\therefore \quad x = \frac{11}{p}$

$\therefore$ বর্তমানে বিনের বয়স = $\left(\frac{11}{p} + 6\right)$ বছর

30. If $a^2 = 12$, then a^4 =?

a) 144 b) 72

c) 36 d) 24 **ans. A**

Solution: দেয়া আছে, $a^2 = 12$

$\Rightarrow \quad (a^2)^2 = 12^2$

$\therefore \quad a^4 = 144$

31. A certain animal in the zoo has consumed 39 pounds of food in six days. If it continues to eat at the same rate, in how many more days will its total consumption be 91 pounds?

a) 12 b) 11

c) 10 d) 08 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, 39 পাউন্ড খাবার 6 দিনে খেলে 91 পাউন্ড খাবার খেতে অতিরিক্ত কতদিন লাগবে?

খাবার বাকি থাকে = 91 – 39 = 52 পাউন্ড।

52 পাউণ্ড খাবার খায় = 6 দিনে

$\therefore$ 1 পাউণ্ড খাবার খায় = (6×52) দিনে

$\therefore$ 39 পাউণ্ড খাবার খায় = $\frac{6 \times 52}{39} = 8$ দিনে

Alternative: 39 পাউণ্ড খাবার খায় = 6 দিনে।

$\therefore$ 1 পাউণ্ড খাবার খায় = $\frac{6}{39}$ দিনে।

$\therefore$ 91 পাউণ্ড খাবার খায় = $\frac{6 \times 91}{39} = 14$ দিনে।

$\therefore$ অতিরিক্ত দিন লাগবে = 14 – 6 = 8 দিন।

32. A perfect cube is an integer whose cube root is an integer. For example 27, 64 and 125 are perfect cubes. If p and q are perfect cubes. Which of the following will not necessarily be perfect cube?

a) $8p$ b) pq

c) $pq + 27$ d) $-p$ **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি পূর্ণ ঘনসংখ্যা যার ঘনমূল একটি পূর্ণসংখ্যা। যেমন 27, 64 এবং 125 হলো পূর্ণঘন সংখ্যা। যদি p এবং q হলো পূর্ণঘন সংখ্যা। নিচের কোনটি পূর্ণঘন নয়?

ধরি, $p = 1$ এবং $q = 1$

এখন আসুন অপশন ধরে পরীক্ষা করিঃ

অপশন a) তে আছে, $8p = 8 \times 1 = 2^3$

$\therefore$ এটি পূর্ণঘন সংখ্যা।

অপশন b) তে আছে, $pq = 1 \times 1 = 1^3$

$\therefore$ এটি পূর্ণঘন সংখ্যা।

অপশন c) তে আছে, $pq + 27 = (1 \times 1) + 27$

$= 1 + 27 = 28$ $\therefore$ এটি পূর্ণঘন সংখ্যা নয়।

33. Half the people on bus get off at each stop after the first and no one gets on after the first stop. If only one person gets off at stop number 7, how many people got on at the first stop?

a) 128 b) 64

c) 32 d) 16 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, প্রতিটি স্টপেজে একটিতে যতজন যাত্রী থাকে তার অর্ধেক নেমে যায়। যদি 7 নং স্টপেজে কেবল একজন যাত্রী নামে, প্রথমে গাড়িতে যাত্রী ছিল কতজন?

1 নং স্টপেজে 64 জন যাত্রী ছিল।

2 নং স্টপেজে 32 জন যাত্রী।

3 নং স্টপেজে 16 জন যাত্রী।

4 নং স্টপেজে 8 জন যাত্রী।

5 নং স্টপেজে 4 জন যাত্রী।

6 নং স্টপেজে 2 জন যাত্রী।

7 নং স্টপেজে 1 জন নামলে।

Shortcut: যাত্রী সংখ্যা ছিল = $2^6 = 64$

34. **$4x = 52, x^2 - 5^2 = ?$**

a) 81 b) 09

c) 144 d) 12 **ans. C**

Solution: দেয়া আছে, $4x = 52$

$\therefore \quad x = \frac{52}{4} = 13$

অতএব, $x^2 - 5^2 = 13^2 - 5^2 = 169 - 25 = 144$

35. **$\{3x - 4\} > 20$. Which of the following choice is not a possible value for x?**

a) -5.3 b) 8.2

c) -5.4 d) 8.1 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, $\{3x - 4\} > 20$ হলে নিচের কোনটি x এর মান হওয়া সম্ভব নয়?

এখানে, $3x - 4 > 20$

$\Rightarrow \quad -20 > 3x - 4 > 20$

$\Rightarrow \quad -20 + 4 > 3x - 4 + 4 > 20 + 4$

$\Rightarrow \quad -16 > 3x > 24$

$\Rightarrow \quad \frac{-16}{3} > \frac{3x}{3} > \frac{24}{3}$

$\therefore \quad -5.3 > x > 8$

অতএব, x এর মান -5.3 হতে পারে না।

36. **n is an integer chosen at random from the set {5, 7, 9, 11}; p is chosen at random from the set {2, 6, 10, 14, 18}. What is the probability that $n + p = 23$?**

a) 0.1 b) 0.2

c) 0.25 d) 0.3 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, {5, 7, 9, 11} সেট হতে দৈবভাবে উত্তোলনকৃত একটি সংখ্যা হলো n. আবার, {2, 6, 10, 14, 18} সেট হতে দৈবভাবে উত্তোলনকৃত আর একটি সংখ্যা হলো p. এখন প্রশ্ন হলো $(n + p) =$ 23 হওয়ার সম্ভাব্যতা কত?

এখানে, সম্ভাব্য মোট ঘটনাসংখ্যা $= 4 \times 5 = 20$

কিন্তু, $5 + 18 = 23$

বা, $9 + 14 = 23$

এই 2 ভাবে 23 হওয়া সম্ভব।

$\therefore$ 23 হবার সম্ভাবনা $= \frac{2}{20} = \frac{1}{10} = 0.1$

37. **A dress on sale in a shop is marked at SD. During the discount sale its price is reduced by 15%. Staffs are allowed a further 10% reduction on the discounted price. If a staff member buys the dress what will she have to pay in terms of D?**

a) 0.75D b) 0.76D

c) 0.765D d) 0.775D **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি পোশাক Discount-এ বিক্রির সময় D টাকা মূল্য নির্ধারণ করা হলো। কিন্তু বিক্রয়ের সময় মূল্য ১৫% কমানো হলো। বিক্রেতা আবারো মূল্য ১০% কমালে তার বিক্রয়মূল্য কত হবে?

প্রশ্নানুসারে, 15% Discount দেয়ার পর

Price $= D - (D \times 15\%) = 0.85D$

$\therefore$ Staff দের পুনরায় Discount দেয়ার পর

Price $= 0.85D - (0.85D \times 10\%) = 0.765D$

38. **$x^2 - (a + b)x + ab = 0; x = ?$**

a) a, b b) a

c) b d) ab **ans. A**

Solution: দেয়া আছে, $x^2 - (a + b)x + ab = 0$

$\Rightarrow \quad x^2 - ax - bx + ab = 0$

$\Rightarrow \quad x(x - a) - b(x - a) = 0$

$\Rightarrow \quad (x - a)(x - b) = 0$

$x - a = 0$ অথবা, $x - b = 0$

$\Rightarrow \quad x = a \qquad \Rightarrow x = b$

নির্ণেয় সমাধান সেট $x = \{a, b\}$

39. **When a plot is sold for $18,700 the owner loses 15% at what price must that plot be sold in order to gain 15%?**

a) $21,000 b) $22,500

c) $25,300 d) $25,800 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে 18,700 টাকায় একটি Plot বিক্রয় করে মালিক 15% ক্ষতি করলো। Plot টি কত দামে বিক্রি করলে তিনি 15% লাভ করতেন?

15% ক্ষতিতে, ক্রয়মূল্য 100 টাকা হলে বিক্রয়মূল্য $= 100 - 15 = 85$ টাকা

এখন, বিক্রয়মূল্য 85 টাকা হলে ক্রয়মূল্য $= 100$ টাকা

$\therefore$ বিক্রয়মূল্য 18,700 টাকা হলে ক্রয়মূল্য

$= \frac{100 \times 18700}{85} = 22,000$ টাকা

$\therefore$ 15% লাভে বিক্রয়মূল্য $= (115\%$ এর $22,000)$ টাকা

$= \frac{115}{100} \times 22,000 = 25,300$ টাকা

Shortcut: বিক্রয়মূল্য $= \frac{18700 \times 100 \times 115}{85 \times 100} = 25,300$ টাকা

40. **The total cost of flooring a room at Tk. 8.50 per square meter is Tk. 510. If the length of the room is $8m$, what is its breadth?**

a) $7.5m$ b) $8.5m$

c) $10.5m$ d) $125m$ **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, 8.5 টাকা বর্গফুট মিটার হিসেবে একটি মেঝে ঢাকতে মোট 510 টাকা খরচ হয়। কক্ষটির দৈর্ঘ্য 8 মিটার হলে প্রস্থ কত?

কক্ষটির ক্ষেত্রফল $= \frac{510}{8.5} = 60$ বর্গমিটার

যেহেতু কক্ষটির দৈর্ঘ্য = 8 মিটার

$\therefore$ প্রস্থ $= \frac{60}{8} = 7.5$ মিটার $\quad [\because \text{প্রস্থ} = \frac{\text{ক্ষেত্রফল}}{\text{দৈর্ঘ্য}}]$

41. **Chancellor of the Exchequer in Britain is head of the-**

a) Finance Ministry b) Foreign Ministry
c) Home ministry d) Central Bank***ans.* A**

Solution: চ্যান্সেলর অব দ্য এক্সচেকার বলা হয় যুক্তরাজ্যের অর্থমন্ত্রীকে।

42. **What is the name of the Canadian currency?**

a) Dollar b) Euro
c) Manat d) Pound ***ans.* A**

Solution: যে সব দেশের মুদ্রার নাম 'ডলার'ঃ ব্রুনাই, সিঙ্গাপুর, লাইবেরিয়া, নামিবিয়া, নিউজিল্যান্ড, বাহামাস, বার্বাডোস, বেলিজ, কানাডা, জ্যামাইকা, ফিজি, গায়ানা, সুরিনাম, সলোমন দ্বীপপুঞ্জ, ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো।

43. **What is the New Zealand's national carrier?**

a) Lufthansa b) Air New Zealand
c) Qantas d) Delta ***ans.* B**

Solution: Air New Zealand হল নিউজিল্যান্ড এর জাতীয় বিমান সংস্থা। Lufthansa এয়ারলাইন্স হল জার্মানির বৃহত্তম এবং ইউরোপের দ্বিতীয় বৃহত্তম বিমান সংস্থা। Qantas এয়ারলাইন্স হল অস্ট্রেলিয়ার বিমান সংস্থা। Delta এয়ারলাইন্স হল আমেরিকান বিমান পরিবহন সংস্থা।

44. **Who is the current prime minister of Italy?**

a) Mario Draghi b) Kwasi kwarteng
c) Elisabeth Borne d) Lix Truss***ans.* Note**

Solution: ইতালির বর্তমান প্রধানমন্ত্রী হলেন Giorgia Melonia. তিনি ২২ অক্টোবর ২০২২ সালে থেকে দায়িত্বপালন করছেন।

45. **The first cell in MS-Excel worksheet is labeled as-**

a) AA b) AI
c) Aa d) AB ***ans.* B**

Solution: উল্লেখ্য, ওয়ার্কসিটের প্রতিটি আয়তাকার অংশই একটি সেল বা ঘর হিসেবে পরিচিত। এক্সেলে একটি ওয়ার্কসিটে মোট সেলের সংখ্যা ১,৬৭,৭৭,২১৬টি।

46. **Who is awarded the Nobel Prize 2022 in medicine?**

a) Svante paabo b) Ben Bernanke
c) Adam patapoutian d) David Julius ***ans.* A**

Solution: বিলুপ্ত হোমিনদের জিনোম এবং মানব বিবর্তনের অবদান রাখার জন্য ২০২২ সালে চিকিৎসা বিজ্ঞান নোবেল পুরস্কার পান সুভান্তে প্যাবো।

47. **ATM stands for-**

a) Automatic Toll Machine
b) Automatic Teller Machine
c) Auto Teller Machine
d) Automated teller Machine ***ans.* D**

Solution: Automated Teller Machine বা ATM যন্ত্রের ধারণা প্রথম স্কটল্যান্ডের অধিবাসী জন শেফার্ড ব্যারনের ভাবনাতে আসে। চকলেট ভেন্ডিং মেশিন (চকলেট বিক্রি করার স্বয়ংক্রিয় যন্ত্র) দেখেই তিনি ATM তৈরি করার কথা ভাবেন। ১৯৬৭ সালের ২৭ জুন লন্ডনে বার্কলেস ব্যাংকের এনফিল্ড শাখায় প্রথম ATM মেশিন স্থাপন করা হয়। ATM মেশিন পিন (পার্সোনাল আইডেন্টিফিকেশন নাম্বার) এর ভিত্তিতে কাজ করতো।

48. **Okinawa is located in-**

a) Australia b) Malaysia
c) Japan d) New Zealand***ans.* C**

Solution: ওকিনাওয়া প্রশাসনিক অঞ্চল (ওকিনাওয়া) হল জাপানের দক্ষিণে অবস্থিত ১,০০০ কিমি দীর্ঘ রিউকিউ দ্বীপপুঞ্জের দক্ষিণের দুই তৃতীয়াংশ। এটি জাপানের দক্ষিণতম প্রশাসনিক অঞ্চল। এর রাজধানী ওকিনাওয়া দ্বীপের দক্ষিণে অবস্থিত নাহা নগর।

49. **FIFA World Cup 2022 is hosted by-**

a) USA b) Russia
c) Japan d) Qatar ***ans.* D**

Solution: ২২ তম বিশ্বকাপ ফুটবল ২০২২ সালে কাতারে অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, ২০২৬ সালের ২৩তম ফুটবল বিশ্বকাপ অনুষ্ঠিত হবে যৌথভাবে আমেরিকা, মেক্সিকো ও কানাডায়।

50. **During the Liberation War, the combined military force was formed on-**

a) 17 March b) 10 April
c) 5 July d) 21 November***ans.* D**

Solution: ১৯৭১ সালের ২১ নভেম্বর বাংলাদেশের সেনা, নৌ ও বিমান বাহিনী সম্মিলিতভাবে পাকিস্তান হানাদার বাহিনীর বিরুদ্ধে আক্রমণের সূচনা করে।

Dhaka Bank Ltd.
Recruitment Test of Trainee Officer
Examination Held On: 04.11.2022

01. **If the selling price of an article is $\frac{4}{3}$ of its cost price, the profit in the transaction is**
a) 33.3% b) 16.67%
c) 20.3% d) 25.5% ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, যদি একটি পণ্যের বিক্রয়মূল্য ক্রয়মূল্যের $\frac{4}{3}$ অংশ হয় তবে আপনাকে শতকরা লাভ বের করতে হবে।
ধরি, পণ্যটির ক্রয়মূল্য x টাকা
তাহলে পণ্যটির বিক্রয়মূল্য $\frac{4x}{3}$ টাকা
$\therefore$ লাভ = বিক্রয়মূল্য - ক্রয়মূল্য
$= \left(\frac{4x}{3} - x\right) = \left(\frac{4x - 3x}{3}\right) = \frac{x}{3}$ টাকা
$\therefore$ শতকরা লাভ হয় $= \left(\frac{\frac{x}{3}}{x} \times 100\right)\% = \left(\frac{x}{3} \times \frac{1}{x} \times 100\right)\%$
$= 33.3\%$

Shortcut: $SP = \frac{4}{3} CP$ বলে ধরুন $CP = 3$,
তাহলে $SP = \frac{4}{3} \times 3 = 4$
$\therefore$ Profit $\% = \frac{SP - CP}{CP} \times 100\% = \frac{4 - 3}{3} \times 100\%$
$= 33.3\%$
এখানে, CP = Cost Price
এবং SP = Selling Price.

02. **Two numbers are such that the ratio between them is 4 : 7. If each is increased by 4, the ratio becomes 3 : 5. The larger number is:**
a) 64 b) 36
c) 48 d) 56 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দুটি সংখ্যার অনুপাত 4 : 7. যদি প্রতিটি সংখ্যা 4 করে বাড়ে তবে তাদের নতুন অনুপাত হয় 3 : 5. আপনাকে বড় সংখ্যাটি বের করতে হবে।
দুটি সংখ্যার অনুপাত 4 : 7 বলে ধরি, একটি সংখ্যা $4x$ এবং অপর সংখ্যাটি $7x$
এখন সংখ্যা দুটিকে 4 করে বাড়ালে সংখ্যা দুটি হবে যথাক্রমে $(4x + 4)$ এবং $(7x + 4)$
প্রশ্নমতে, $(4x + 4) : (7x + 4) = 3 : 5$
$\Rightarrow \frac{4x + 4}{7x + 4} = \frac{3}{5}$
$\Rightarrow 21x + 12 = 20x + 20$
$\Rightarrow 21x - 20x = 20 - 12$
$\therefore x = 8$
$\therefore$ বৃহত্তর সংখ্যাটি হবে $7x = 7 \times 8 = 56$.

Shortcut: যেহেতু, দুটি সংখ্যার অনুপাত 4 : 7 আর এই অনুপাতের সবচেয়ে বড়টি হলো 7. এখন উত্তর অপশন থেকে আপনাকে সবচেয়ে বড় সংখ্যাটি বের করতে হবে। আর উত্তরের সবচেয়ে বড় সংখ্যাটিকে প্রশ্নে দেওয়া সবচেয়ে বড় অনুপাত অর্থাৎ 7 দ্বারা ভাগ করা যাবে। দেখুন উত্তর অপশনে শুধু *d*) এর 56 কে 7 দ্বারা ভাগ করা যায়। তাই বড় সংখ্যাটি 56.

03. **The total of the ages of A, G and M is 93 years. 10 years ago, the ratio of their ages was 2 : 3 : 4. What is the present age of M?**
a) 24 b) 38
c) 34 d) 32 ***ans.* B**

Solution: প্রশ্নটিতে বলা হয়েছে, A, G এবং M এর বয়সের সমষ্টি 93 বছর। দশ বছর আগে তাদের বয়সের অনুপাত 2 : 3 : 4 হলে বর্তমানে M এর বয়স কত?
যেহেতু, 10 বছর পূর্বে A, G এবং M এর বয়সের অনুপাত 2 : 3 : 4
তাই ধরি, 10 বছর পূর্বে তাদের বয়স ছিল যথাক্রমে $2x$, $3x$ এবং $4x$ বছর।
তাহলে বর্তমানে A'র বয়স হবে $= (2x + 10)$ বছর,
G'র বয়স হবে $= (3x + 10)$ বছর
এবং M'র বয়স হবে $= (4x + 10)$ বছর
প্রশ্নমতে, $(2x + 10) + (3x + 10) + (4x + 10) = 93$
$\Rightarrow 9x + 30 = 93$
$\Rightarrow 9x = 63$
$\therefore x = 7$
$\therefore$ বর্তমানে M'র বয়স $= (4x + 10)$ বছর
$= (4 \times 7) + 10$ বছর $= (28 + 10) = 38$ বছর

04. **The length of a box is 3 meters, breadth is 2 meters 50 centimeters and height is 2 meters. What is the volume of the box in cubic meters?**
a) 9 b) 12
c) 15 d) 20 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি বক্সের দৈর্ঘ্য 3 মিটার, প্রস্থ 2 মিটার 50 সেমি এবং উচ্চতা 2 মিটার হয়, তাহলে বক্সের আয়তন কত?
$\therefore$ বক্সের আয়তন $= 3 \times 2 \times 2.5 = 15$ ঘন মিটার।

05. **The selling price of 15 items equal the cost of 20 items. What is the percentage of profit earned by the seller?**
a) 33.3% b) 55.5%
c) 48.5% d) 32.3% ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, যদি 15টি পণ্যের বিক্রয়মূল্য 20 টি পণ্যের ক্রয়মূল্যের সমান হয় তবে বিক্রেতার শতকরা কত লাভ করবে?

ধরি, 15 টি Item এর বিক্রয়মূল্য = x টাকা

$\therefore$ 1 টি Item এর বিক্রয়মূল্য = $\frac{x}{15}$ টাকা

আবার, 20 টি Item এর ক্রয়মূল্য = x টাকা

$\therefore$ 1 টি Item এর ক্রয়মূল্য = $\frac{x}{20}$ টাকা

$\therefore$ লাভ হয় = $\left(\frac{x}{15} - \frac{x}{20}\right) = \left(\frac{4x - 3x}{60}\right) = \frac{x}{60}$ টাকা

অতএব, শতকরা লাভ হয় = $\left(\frac{\text{লাভ}}{\text{ক্রয়মূল্য}} \times 100\right)\%$

$= \left(\frac{\frac{x}{60}}{\frac{x}{20}} \times 100\right)\% = \left(\frac{x}{60} \times \frac{20}{x} \times 100\right)\% = 33.3\%$

06. **A circular logo is enlarged to fit the lid of a jar. The new diameter is 50% larger than the original. By what percentage has the area of the logo increased?**

a) 50 b) 80

c) 100 d) 125 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি বৃত্তাকার Logo কে একটি পাত্রের ঢাকনা আটাকনোর জন্য বড় করা হলো। নতুন ব্যাস মূল ব্যাসের 50% বেড়ে গেলে Logo ক্ষেত্রফল শতকরা কত বাড়বে?

মনে করি, বৃত্তের ব্যাস 20 একক

$\therefore$ ব্যাসার্ধ হবে = $\frac{20}{2} = 10$ একক

$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $\pi r^2 = \pi(10)^2 = \pi \times 100$

$= 100\pi$ বর্গএকক

ব্যাসার্ধ হবে = $\frac{30}{2} = 15$ একক

$\therefore$ নতুন ক্ষেত্রফল = $\pi(15)^2 = \pi \times 225$

$= 225\pi$ বর্গএকক

$\therefore$ বৃদ্ধি পায় $(225\pi - 100\pi) = 125\pi$ বর্গএকক

অর্থাৎ বৃদ্ধির পরিমাণ = 125%

Shortcut: $A + B + \frac{A \times B}{100} = 50 + 50 + \frac{50 \times 50}{100}$

= 125% [এখানে A = B = 50%]

07. **Zilani gave 20% of his marbles to Minhaz and 20% of the rest marbles to Salman. If Zilani now has 320 marbles, how many did he have originally?**

a) 420 b) 500

c) 640 d) 720 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, জিলানি মিনহাজকে তার মোট মার্বেলের 20% দিল এবং বাকি মার্বেলের 20% সালমানকে দিল। এখন তার কাছে 320 টি মার্বেল আছে। তার কাছে কতটি মার্বেল ছিল?

ধরি, জিলানির কাছে মোট x টি মার্বেল ছিল।

প্রশ্নমতে, $x - \left(\frac{x}{5} + \frac{4x}{25}\right) = 32$

$\Rightarrow x - \left(\frac{5x + 4x}{25}\right) = 320$

$\Rightarrow x - \frac{9x}{25} = 320$

$\Rightarrow \frac{25x - 9x}{25} = 320$

$\Rightarrow \frac{16x}{25} = 320$

$\therefore x = \frac{320 \times 25}{16} = 500$

Alternative: মোট মার্বেলের সংখ্যা 100% হলে 20% মার্বেল মিনহাজকে দেওয়ার পর বাকি থাকে = (100 – 20)% = 80%

আবার, এই 80% মার্বেল থেকে সালমানকে দেওয়ার পর বাকি থাকে = 80 – (80 এর 20%) = 64%

প্রশ্নমতে, 64% মার্বেলের মান হলো 320 টি

$\therefore$ 100% মার্বেলের মান হলো = $\frac{320 \times 100}{64} = 500$ টি

08. **Find the area (in square *cm*) of a right angled triangle whose hypotenuse is 10*cm* and base is 8*cm*.**

a) 24 b) 34

c) 36 d) 48 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ 10*cm* এবং ভূমি 8*cm* হলে তার ক্ষেত্রফল কত?

ধরি, সমকোণী ত্রিভুজের লম্ব x cm

পিথাগোরাসের সূত্রানুসারে, $x^2 + 8^2 = 10^2$

$\Rightarrow x^2 + 64 = 100$

$\Rightarrow x^2 = 100 - 64 = 36$

$\Rightarrow x = \sqrt{36} = \sqrt{6^2} = 6$

$\therefore x = 6\ cm.$

অর্থাৎ লম্ব 6 *cm*.

আমরা জানি, ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা (লম্ব) = $\left(\frac{1}{2} \times 8 \times 6\right) cm^2 = 24\ cm^2$.

Shortcut: পিথাগোরাসের Triplet (6, 8, 10)

এখানে 10 হলো অতিভুজ

$\therefore$ 6 এবং 8 হবে ভূমি, উচ্চতা বা উচ্চতা ভূমি।

$\therefore$ ক্ষেত্রফল = $\frac{1}{2} \times 8 \times 6 = 24$

09. **If two angles are said to be complementary angles and one angle is 52 degrees, then the other angle is:**

a) 100 b) 68
c) 128 d) 38 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দুটি পরিপূরক কোণের একটি 52° হলে অপরটি কত?
আমরা জানি, দুটি পরিপূরক কোণের সমষ্টি 90°
∴ একটি কোণ 52° হলে অপরটি হবে
$= 90° - 52° = 38°$

10. **Club A has 20 members and Club B has 27. If a total of 42 people belongs to the two clubs, how many people belong to both clubs?**

a) 3 b) 4
c) 5 d) 6 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, A ক্লাবে 20 জন এবং B ক্লাবে 27 জন সদস্য রয়েছে। উভয় ক্লাবের মোট সদস্য সংখ্যা 42 জন হলে উভয় ক্লাবেই রয়েছে এমন সদস্য সংখ্যা কত?
এক্ষেত্রে প্রয়োজনীয় সূত্রটি হলোঃ
Total = $n(A) + n(B) - Both$
$\Rightarrow 42 = 20 + 27 - Both$
$\Rightarrow Both = 47 - 42 = 5$
∴ উভয় ক্লাবেই আছে এমন সদস্য সংখ্যা 5 জন।

Fill in the blanks (Questions 11 - 15):

11. **The ____ sound of the radiator as it released steam became an increasingly annoying distraction.**

a) Sibilant b) Scintillating
c) Diverting d) Sinuous ***ans.* A**

Solution: প্রশ্নে শূন্যস্থানে এক ধরনের শব্দের কথা বলা হচ্ছে যে, শব্দটি বিকিরণসৃষ্টিকারী একটি যন্ত্র হতে নির্গত হয়। আর এক্ষেত্রে সঠিক অপশন হলো Sibilant (শিষধ্বনি যুক্ত শব্দ)। Scintillating অর্থ দ্যুতিময়। Diverting অর্থ বক্র পথ অবলম্বনকারী; ভুলপথগামী। Sinuous অর্থ আঁকাবাঁকা; ঘোরানো।
বাক্যের অর্থঃ ধোয়া নির্গমনযন্ত্র যখন বাষ্প নির্গত করে তখন শিষধ্বনি যুক্ত এক ধরনের শব্দ নির্গত হয় যা মনোযোগ নষ্টকারী।

12. **It is helpful for salesmen to develop a good ____ with their customers in order to gain their trust.**

a) Platitude b) Rapport
c) Ire d) Tribute ***ans.* B**

Solution: কারো সাথে সৌহার্দ্যপূর্ণ গড়ে তোলা অর্থে Develop a good rapport এই Phrase টি বসে। কিন্তু, Platitude অর্থ মামুলি কথা। Ire অর্থ রোষানল; ক্রোধ। Tribute অর্থ শ্রদ্ধা বা গুণমুগ্ধতা।
বাক্যের অর্থঃ খরিদ্দারদের বিশ্বাস গর্জনের জন্য খরিদ্দারদের সাথে গণ্য বিক্রেতাকারীদের একটি সুসম্পর্ক গড়ে তোলা খুবই উপকারী।

13. **In such a small office setting, the office manager found he had ____ responsibilities that required knowledge in a variety of different topics.**

a) Heedless b) Complementary
c) Mutual d) Manifold ***ans.* D**

Solution: শূন্যস্থানে নানাবিধ বা বহুমুখী দায়িত্ব থাকা অর্থে He had manifold responsibilities বসবে। কিন্তু, Heedless অর্থ অমনোযোগী। Complementary অর্থ পরিপূরক। Mutual অর্থ পারস্পরিক।
বাক্যের অর্থঃ এরকম একটি ছোট অফিসে ব্যবস্থাপক এটা বুঝতে পারলেন যে বহুবিধ দায়িত্ব রয়েছে যা সম্পাদানের জন্য নানা বিষয়ের উপর জ্ঞান থাকা আবশ্যক।

14. **David's ____ entrance on stage disrupted the scene and caused the actors to flub their lines.**

a) Untimely b) Precise
c) Lithe d) Fortuitous ***ans.* D**

Solution: পাঠক, আপনাদের নিকটই প্রশ্ন ছুঁড়ে দিচ্ছি। কারো কোনো ধরনের আগমনে নাটকের মঞ্চে বিঘ্ন ঘটে এবং অভিনেতা-অভিনেত্রীদের মুখস্ত বুলিতে ভ্রান্তি ঘটে। উত্তর হিসেবে আসবে 'আকস্মিক উপস্থিতি' যার ইংরেজি হলো অপশন *d*) এর Fortuitous. কিন্তু, Untimely অর্থ চূড়ান্ত, সর্বশেষ। Precise অর্থ যথাযথ; সম্যক। Lithe অর্থ নমনীয়; সহজে নড়াচড়া করা যায় এমন।
বাক্যের অর্থঃ নাটকের মঞ্চে ডেভিডের আকস্মিক উপস্থিতিতে অভিনয়ে বিঘ্ন ঘটেছিল ও অভিনেতাদের সংলাপের ভ্রান্তি ঘটেছিল।

15. **The settlers found an ideal location with plenty of ____ land for faming and a mountain stream for fresh water and irrigation.**

a) Candid b) Provincial
c) Arable d) Timid ***ans.* C**

Solution: উল্লিখিত প্রশ্ন পড়লে বুঝা যায় ঔপনিবেশিক (Settlers) লোকজন প্রচুর পরিমাণ চাষযোগ্য ভূমি পেয়েছিলেন। এখানে চাষযোগ্য জমি হওয়া অর্থে Arable land বসবে। আর Candid অর্থ অকপট; মনখোলা। Provincial অর্থ প্রাদেশিক। Timid অর্থ ভীতু।
বাক্যের অর্থঃ ঔপনিবেশিক লোকজন একটা নতুন আদর্শ স্থান পেয়েছিল যাতে প্রচুর চাষযোগ্য জমি ছিল ও জলসেচনের জন্য একটি পর্বতে একটি ঝর্ণা ধারা ছিল।

16. **The past participle of "Spoil" is**
a) Spoiled b) Spoilled
c) Spoilt d) Spell ***ans.* A & C**

Solution: Spoil অর্থ অকেজো করা; ক্ষতিগ্রস্থ করা; নষ্ট করা। Spell অর্থ জাদুমন্ত্র।

17. **Idiom "Caught up with" means**
a) Conversant b) Tackled
c) Arrested d) Overlook ***ans.* C**

Solution: Caught up with অর্থ কারো নাগাল পাওয়া; সহগামীর নাগাল ধরা। এর সমার্থক হিসেবে গ্রেফতার করা বা নাগাল পাওয়া অর্থে Arrest বসবে। তাই সঠিক উত্তর হবে *c*). কিন্তু, Conversant অর্থ গভীর জ্ঞানসম্পন্ন। Tackled অর্থ বাগে আনা; আয়ত্তে আনা। Overlook অর্থ দেখেও না দেখা; শাস্তি না দিয়ে চলে যাওয়া।

18. **In the 'Solitary Reaper' what does the word solitary means?**
a) Lonely b) Humble
c) Busy d) Unhappy ***ans.* A**

Solution: Solitary অর্থ একাকী; নির্জন। আর এর Synonym হলো Lonely. কিন্তু Humble অর্থ বিনয়ী; নম্র। Busy অর্থ ব্যস্ততা। Unhappy অর্থ অসুখী।

19. **Antonym of ZEAL is**
a) Intolerance b) Inefficiency
c) Senile d) Apathy ***ans.* D**

Solution: Zeal অর্থ সতেজতা ও উদ্দীপনা। আর এর Antonym হলো উদাসীনতা; অনীহা। কিন্তু, Intolerance অর্থ অসহিষ্ণুতা। Inefficiency অর্থ অকার্যকারিতা। Senile অর্থ জরাগ্রস্ত; বার্ধক্যপীড়িত।

20. **Passive voice of 'He had kept up his diet program for a month.'**
a) His diet program had been kept up for a month.
b) His diet program was kept up for a month.
c) His diet program had been kept for a month.
d) The doctor bad kept up his diet program for a month. ***ans.* A**

Solution: Active voice টি Past perfect tense এ থাকতে Passive voice এ তা Past perfect tense এ পরিণত হবে। এক্ষেত্রে Subject এরপর সাহায্যকারী Verb হিসেবে 'had been' আসবে।
বাক্যের অর্থঃ তার ডায়েট প্রোগ্রাম এক মাসের জন্য বন্ধ করা হয়েছিল।

21. **Who was awarded the Nobel Prize 2022 in literature?**
a) Annie Ernaux b) Abdulrazzak Gurnah
c) Olga Earnest d) Natasha Erina ***ans.* A**

Solution: ফরাসি লেখক ও সাহিত্যের অধ্যাপক অ্যানি এরনাক্স ২০২২ সালে সাহিত্যে নোবেল পুরস্কার।

22. **What is the name of the sculptor who carved the Statue of Liberty?**
a) Joseph Conrad
b) Thomas Park
c) Frederic Auguste Bartholdi
d) William Napoleon ***ans.* C**

Solution: যুক্তরাষ্ট্রের হাডসন নদীর তীরে অবস্থিত স্ট্যাচু অব লিবার্টিকে ডাকা হয় "লেডি অব লিবার্টি" নামে। হাতে আলোকবর্তিকা ও বই হাতে ভাস্কর্যটি নির্মাণ করেন ফ্রেডরিক অগাস্টাস বার্থোলডি ও গুস্তাভ আইফেল। আমেরিকার স্বাধীনতা সংগ্রাম ও বন্ধুত্বের স্বীকৃতি স্বরুপ ১৮৭৬ সালে ফ্রান্স সরকার এটি উপহার দেয়। এটির উচ্চতা ৯৩ মিটার। বইটিতে রোমান অক্ষরে খোদাই করে লিখা আছে, ৪ জুলাই ১৭৭৬ সালে। এটি আমেরিকার স্বাধীনতা সাল। ১৯২৪ সালে আমেরিকা এটিকে জাতীয় ভাস্কর্য হিসেবে ঘোষণা করে।

23. **Times Square is located in which of the following city?**
a) New York b) Sydney
c) Caim d) Madagascar ***ans.* A**

Solution: টাইম্‌স স্কয়ার মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরের কেন্দ্রস্থলে ম্যানহাটানে অবস্থিত একটি সড়ক চত্বর। টাইমস স্কয়ার নিউ ইয়র্ক শহরের অন্যতম প্রধান বাণিজ্যিক এলাকা। একে 'পৃথিবীর সড়ক সংযোগস্থল' বলা হয়। এটি বিশ্বের অন্যতম ব্যস্ত পথচারী সংযোগস্থল এবং বিশ্ব বিনোদন শিল্পের অন্যতম প্রধান কেন্দ্র।

24. **Who is the shortest serving Prime Minister of the UK?**
a) Rishi Sunak b) Boris Johnson
c) Margaret Thatcher d) Liz Truss ***ans.* D**

Solution: মাত্র ৪৫ দিন প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন শেষে পদত্যাগ করতে বাধ্য হন ব্রিটিশ প্রধানমন্ত্রী লিজ ট্রাস।

25. **What is the name of the central bank of Japan?**
a) Bank of Japan b) Tokyo Bank
c) Nippon Bank d) Meiji Ginko ***ans.* A**

Solution: Bank of Japan (BoJ) হলো জাপানের কেন্দ্রীয় ব্যাংকের নাম। Bank of Japan (BoJ) কেন্দ্রীয় ব্যাংক হিসাবে ১০ অক্টোবর, ১৮৮২ সালে কাজ শুরু করে। ১৮৮৫ সালে ব্যাংকটি প্রথম মুদ্রা ইস্যু করে ছিল। এই ব্যাংকটির মূল কাজ হলো মুদ্রা ও কোষাগার সিকিওরিটি ইস্যু ও পরিচালনা করা, আর্থিক নীতি বাস্তবায়ন, জাপানিজ আর্থিক ব্যবস্থার স্থায়িত্ব বজায় রাখা এবং স্থায়ীকরণ এবং ক্লিয়ারিং পরিষেবাদি সরবরাহের জন্য দায়বদ্ধ থাকা।

26. What is the name of the currency of Armenia?
a) Manat b) Lira
c) Dram d) Euro **ans. C**

Solution: আমেরিকার মুদ্রার নাম হলো Dram. উল্লেখ্য,

দেশের নাম	আজারবাইজান, তুর্কমেনিস্তান	তুরস্ক	আর্মেনিয়া	ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশ
মুদ্রার নাম	Manat	Lira	Dram	Euro

27. In Ms-Excel ready-made templates are available in which of the following?
a) File b) Insert
c) Design d) View **ans. A**

28. What is the maximum font size you can apply in Ms Word?
a) 160 b) 300
c) 1638 d) 1820 **ans. C**

29. Fifth generation computers are based on:
a) Artificial Intelligence
b) Programming intelligence
c) System knowledge
d) VVLSI **ans. A**

Solution: ৫ম ভবিষ্যৎ প্রজন্মের কম্পিউটারে কৃত্রিম বুদ্ধিমত্তা বা Artificial Intelligence ব্যবহার করা হয়েছে। উল্লেখ্য, মানুষ তাঁর আশেপাশের পরিবেশ পরিস্থিতি সম্পর্কে বিচার বিশেষণ করে বিভিন্ন সমস্যার সমাধান করতে পারে পাশাপাশি বিভিন্ন জটিল বিষয়ে সিদ্ধান্ত নিতে পারে। একই ভাবে কোন যন্ত্র যখন কৃত্রিম বুদ্ধিকে কাজে লাগিয়ে মানুষের মত বিভিন্ন সমস্যা সমাধান করতে পারে এবং বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত নিতে পারে তখন তাকে বলা হয় কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স। বর্তমানে এর ব্যাপকতা বৃদ্ধি পাওয়ার কারণে এটিকে কম্পিউটার বিজ্ঞানের একটি শাখা হিসেবে প্রতিষ্ঠিত করা হয়েছে। যেখানে কম্পিউটারকে মানুষের মত চিন্তা করতে শেখানো হয়।

30. Portrait and Landscape are:
a) Page Orientation b) Page Size
c) Page Layout d) Page Margin **ans. A**

Solution: ওয়ার্ডে বিভিন্ন ফাইল তৈরি করে কাগজে প্রিন্ট করা হয়। কাগজের মাপ কি হবে, মার্জিন হবে, মার্জিন কতটুকু ছেড়ে হবে, কাগজে কিভাবে লেখা উপস্থাপিত হবে তা Page Setup এ নির্ধারণ করা হয়।
Page Orientation: Orientation অপশনের মধ্যে Portrait এবং Landscape নামে দুটি অপশন রয়েছে।
Portrait: পেজগুলোকে খাড়াখাড়িভাবে উপস্থাপন করে। পেজের দৈর্ঘ্য প্রস্থের চেয়ে বেশি হলে এ ধরনের পেজ Orientation ব্যবহৃত হয়। যেমনঃ জীবনবৃত্তান্ত।
Landscape: পেজগুলোকে আড়াআড়িভাবে উপস্থাপন করে। পেজের প্রস্থ দৈর্ঘ্যের চেয়ে বেশি হলে এ ধরনের পেজ Orientation ব্যবহৃত হয়। যেমনঃ সার্টিফিকেট।

Grameen Bank
Apprentice Centre Manager
Examination Held On: 17.02.2023

01. The poem 'visions of the past' is written by-
a) Lord byron
b) Michel Madhusudhan Dutt
c) William Blake
d) Rabindranath Tagore **ans. B**

Solution: বাংলা সাহিত্যের সর্বপ্রথম ও সর্বশ্রেষ্ঠ মহাকাব্য 'মেঘনাদ মহাকাব্য' অমিত্রাক্ষর ছন্দে রচিত হয় এবং প্রকৃতপক্ষে এটি 'বীর রস' সমৃদ্ধ একটি কাব্য। তাঁর আরো কিছু রচনা হলোঃ নাটক- শর্মিষ্ঠা, পদ্মাবতী, কৃষ্ণকুমারী, মায়াকানন, বিষ না ধনুগুন। তাঁকে আধুনিক বাংলা নাটকের জনক বলা হয়। কাব্যগ্রন্থঃ মেঘনাদ বধ, ব্রজাঙ্গনা, বীরাঙ্গনা। ইংরেজী কাব্যঃ The captive lady, Visions of the past.

02. Meaning of 'WARRIOR' is-
a) Soldier b) Sailor
c) Pirate d) Spy **ans. A**

Solution: Warrior = Soldier অর্থ যোদ্ধা; সৈনিক। Sailor অর্থ নাবিক; নৌজীবী। Pirate অর্থ জলদস্যু। Spy অর্থ গুপ্তচর; গোয়েন্দা।

03. Are you finding ____ reception today?
a) a b) an
c) the d) no article **ans. C**

Solution: এখানে একটি নির্দিষ্ট দিনের Reception বা অভ্যর্থনা বুঝানোর কারণে Article হিসেবে 'the' বসবে।
বাক্যের অর্থঃ তুমি কি আজকের অভ্যর্থনায় যোগদান করেছ?

04. An antonym of the word 'Equivocal'.
a) Remain steady b) Unambiguous
c) Unnecessary d) Suppress **ans. B**

Solution: Equivocal অর্থ দ্ব্যর্থবোধক। Remain steady অর্থ অবিচলিত থাকা। Unambiguous অর্থ দ্ব্যর্থহীন। Unnecessary অর্থ অপ্রয়োজনীয়; অনাবশ্যক। Suppress অর্থ দমন করা।

05. The man is true ____ his word.
a) to b) with
c) about d) for **ans. A**

Solution: True to অর্থ কোনো কিছু সৎ বা অনড়। আবার True to এর আরেকটি অর্থ বিশ্বস্ত; অনুগত। যেমনঃ Be true to one's word/ promise. আবার True blue অর্থ একান্ত নীতিবান; খাঁটি মানুষ।
বাক্যের অর্থঃ লোকটি তার কথা বা প্রতিশ্রুতি রাখে।

06. **The quote 'All that glitters is not gold' is from which play of Shakespeare?**
a) The Merchant of Venice
b) Romeo and Juliet
c) Hamlet
d) Othello **ans. A**

Solution: উইলিয়াম শেক্সপিয়ার এর একটি বিখ্যাত কমেডি The Merchant of Venice (1596). একে ট্রাজেডি কমেডিও বলা হয়। নাটকটির বিষয়বস্তু হলো Shylock এর শাস্তি। শাইলক হলো মহাজন (Money Lender).

07. **"Hold water" means?**
a) Keep water b) Bear examination
c) Drink water d) Store water **ans. B**

Solution: "Hold water" অর্থ পরীক্ষায় টিকে থাকা; ধোপে টেকা।

08. **'বাতিটি নিভাও' Choose the correct translation**
a) Put on the lamp
b) Put out the lamp
c) Put off the lamp
d) Put up the lamp **ans. B**

Solution: Put on অর্থ পরিধান করা।
যেমনঃ Put on your dress.
Put off অর্থ স্থগিত করা।
যেমনঃ The marriage was put off by a week.
উল্লেখ্য, Turn off অর্থ বন্ধ করা।
যেমনঃ Turn off the switch.

09. **A place where everything is perfect.**
a) Cosmos b) Platoon
c) Utopia d) Utilitarian **ans. C**

Solution: Utopia অর্থ নিখুঁত সামাজিক ও রাজনৈতিক ব্যবস্থার রাষ্ট্র বা স্বপ্নরাষ্ট্র। কিন্তু, Cosmos অর্থ শৃঙ্খলাবদ্ধ মহাজগৎ। Platoon অর্থ একজন লেফ্‌টেন্যান্টের অধীনে সেনাবাহিনীর সক্রিয় সেনাদল। Utilitarian অর্থ উপযোগবাদী।

10. **The dog is running ____ the fox. Here the right word for the gap is-**
a) at b) for
c) to d) off **ans. A**

Solution: আক্রমণের উদ্দেশ্যে পেছনে তাড়া করলে Run at বসে। আর দৌড়ে পালানো অর্থে Run off বসে।
বাক্যের অর্থঃ শেয়ালকে ধরার/আক্রমণের জন্য কুকুর দৌড়াচ্ছে।

11. **'অথৈ জল' শব্দটির বাগধারা কী?**
a) সাংঘাতিক b) অর্তি
c) ভীষণ বিপদ d) অকেজো **ans. C**

12. **কোন দেশের রাজধানী নেই?**
a) সুইজারল্যান্ড b) নাউরু
c) ইথিওপিয়া d) কোরিয়া **ans. B**

Solution: ওশেনিয়া মহাদেশের দেশ নাউরুতে কোনো রাজধানী নেই। নাউরুর রাষ্ট্রীয় নাম 'নাউরু প্রজাতন্ত্র'। এর আরেক নাম 'প্লিজ্যান্ট আইল্যান্ড'। পৃথিবীর একমাত্র দেশ এটাই, যার কোন সরকারি রাজধানী নেই। আয়তনের বিচারে পৃথিবীর তৃতীয় ক্ষুদ্রতম দেশ।

13. **'ক্লান্তি আমায় ক্ষমা কর প্রভু' গানটির রচয়িতা কে?**
a) কাজী নজরুল ইসলাম b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) হাছন রাজা d) লালন শাহ **ans. B**

14. **বাংলাদেশের সবচেয়ে বড় নদী বন্দর কোনটি?**
a) বরিশাল b) খুলনা
c) নারায়ণগঞ্জ d) ভৈরব **ans. C**

Solution: শীতলক্ষ্যা নদীর তীরে অবস্থিত নারায়ণগঞ্জ নদী বন্দর বাংলাদেশের সবচেয়ে বড় নদী বন্দর।

15. **নিচের কোনটি ড. মুহাম্মদ শহীদুল্লাহ্ এর রচনা নয়?**
a) বাংলা ব্যাকরণ b) পথ্য প্রদান
c) বাংলা সাহিত্যের কথা d) ভাষাতত্ত্ব **ans. B**

Solution: ড. মুহাম্মদ শহীদুল্লাহ রচনা করেন 'বাংলা সাহিত্যের কথা' (১ম খণ্ড ১৯৫৩, ২য় খণ্ড ১৯৬৫), 'বাংলা ব্যাকরণ' (১৯৫৮), 'ভাষা ও সাহিত্য' (১৯৩১), 'বাংলা ভাষার ইতিবৃত্ত' (১৯৬৫)। উল্লেখ্য, রামমোহনের রচিত গ্রন্থগুলো হলঃ 'বেদান্ত গ্রন্থ' (১৮১৫), 'বেদান্ত সার' (১৮১৫), 'ভট্টাচার্যের সচিত বিচার' (১৮১৭), 'গোস্বামীর সহিত বিচার' (১৮১৮), 'উপনিষদের অনুবাদ' (১৮১৫-১৯), সহমরণ বিষয়ক 'প্রবর্তক নিবর্তক সম্বাদ' (১৮১৮-১৯)' এবং 'পথ্য প্রদান' (১৯২৩) ।

16. **নিচের কোনটি Non-Scheduled ব্যাংক নয়?**
a) Grameen Bank
b) Ansar VDP Unnayan Bank
c) Probashi Kollayan Bank
d) Karmashangsthan Bank **ans. C**

Solution: যে সকল ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নিয়ম-নীতি মেনে চলার শর্তে এর তালিকায় অন্তর্ভুক্ত হয় না তাকে নন-শিডিউল ব্যাংক বা অ-তফসিলি ব্যাংক বা অ-তালিকাভুক্ত ব্যাংক বলে। অর্থাৎ যে সকল ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের তালিকার অন্তর্ভুক্ত নয় তাদেরকে অ-তালিকাভুক্ত ব্যাংক বলে। এরূপ ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের বিধি-নিষেধ মেনে চলে না। ফলে তাদের প্রদত্ত সুযোগ সুবিধা ভোগ করতে পারে না। তালিকার অন্তর্ভুক্ত না হবার কারণে এ সকল ব্যাংকসমূহ সবচেয়ে বড় সুবিধাটি ভোগ করে তা হচ্ছে তারা তারল্য সংরক্ষণের ব্যাপারে কোনরূপ আদেশ-নিষেধ মেনে চলে না।

অপরদিকে তাদেরকে মোট আমানতের একটি অংশ বিধিবদ্ধ তহবিল হিসেবে জমা রাখতে হয় না। ফলে তারা আমানত মূলধন সংরক্ষণ ও ব্যবহারে অধিক সুবিধা ভোগ করে থাকে। তবে তাদের উপর কেন্দ্রীয় ব্যাংকের প্রত্যক্ষ নিয়ন্ত্রণ না থাকলেও পরোক্ষ নিয়ন্ত্রণ অবশ্যই বজায় থাকে। বাংলাদেশের অ-তফসিলি ব্যাংক ৫টি। এগুলো হলোঃ ১. আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক ২. কর্মসংস্থান ব্যাংক ৩. গ্রামীণ ব্যাংক ৪. জুবিলি ব্যাংক ৫. পল্লী সঞ্চয় ব্যাংক।

17. **'ছন্দের যাদুকর' নিচের কে ছিলেন?**

a) কাজী নজরুল ইসলাম b) সমর সেন
c) সত্যেন্দ্রনাথ দত্ত d) জসীম উদ্‌দীন ***ans.* C**

Solution: বাংলা সাহিত্যের ছন্দের যাদুকর বলা হয় সত্যেন্দ্রনাথ দত্তকে। উল্লেখ্য, কাজী নজরুল ইসলামকে বলা হয় 'বিদ্রোহী কবি, জাতীয় কবি'। জসীম উদ্‌দীনকে বলা হয় 'পল্লীকবি'।

18. **Gigabyte is equal to ___?**

a) 1024 megabytes b) 1000 megabytes
c) 1024 Kilobytes d) 1024 bits ***ans.* A**

Solution: কম্পিউটারে ডাটা সংরক্ষনের জন্য Space প্রয়োজন হয়। ঐ Space গুলো 0 ও 1 দ্বারা Allocate করা হয়। এ রকম আট (৮) ডিজিট মিলে তৈরি হয় ১ বাইট আর প্রতি ডিজিটকে বলা হয় বিট। তাহলে বোঝা যায় যে, যত বেশী বাইট হবে তত বেশি Bit হবে। আর Space ও তত বেশী Amount Data রাখা যাবে। ক্রমানুসারে তা নিম্নে প্রদত্ত হলোঃ

1 Byte = 8 Bit; 1 Kilo Byte = 1024 Byte
1 Mega Byte = 1024 Kilobyte
1 Gita Byte = 1024 Megabyte
1 Tera Byte = 1024 Giga Byte

তাহলে আমরা পাই Tera Byte > Giga Byte > Mega Byte > Kilo Byte > Byte > Bit.

19. **'প্রদীপ নিভে গেল' বাক্যটি কোন কালের?**

a) নিত্যবৃত্ত অতীত b) সাধারণ অতীত
c) পুরাঘটিত অতীত d) ঘটমান অতীত ***ans.* B**

Solution: বর্তমান কালের পূর্বে যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে, তার সংঘটন কালই সাধারণ অতীত কাল। যেমনঃ শিকারি পাখিটিকে গুলি করল।

20. **Central Processing Unit (CPU) consists of-**

a) Control unit
b) Arithmetic and logic unit
c) Main store
d) All of the above ***ans.* D**

Solution: CPU এর সাথে সরাসরি যুক্ত কম্পিউটারের অভ্যন্তরীণ স্মৃতিকে প্রধান স্মৃতি বলা হয়। ডাটা ইনপুট হিসেবে প্রবেশ করানোর পর তা প্রক্রিয়াকরণের সময় প্রধান স্মৃতিতে অবস্থান করে। যখন কম্পিউটার বন্ধ করা হয় তখন এ মেমরী হতে ডাটা মুছে যায়। তাই প্রধান মেমরীকে ভোলাটাইল মেমরীও বলা হয়।

21. **$\frac{x}{y}$ এর সাথে কত যোগ করলে $\frac{y}{x}$ হবে?**

a) $\frac{x^2 - y^2}{xy}$ b) $\frac{2x^2 - y^2}{xy}$
c) $\frac{y^2 - x^2}{xy}$ d) $\frac{x^2 - 2y^2}{xy}$ ***ans.* C**

Solution: যোগফল হবে $\frac{y}{x} - \frac{x}{y} = \frac{y^2 - x^2}{xy}$

22. **যদি $x = 12$ হয়, তবে নিচের কোনটির মান সর্বোচ্চ?**

a) $(x - 3)$ b) $(x - 7)(x - 9)$
c) $(x - 7)(x - 8)$ d) $(x - 5)(x - 3)$ ***ans.* D**

Solution: আসুন উত্তর থেকে Back Solve করিঃ

দেয়া আছে, $x = 12$
অপশন *a*) তে আছে, $x - 3 = 12 - 3 = 9$
অপশন *b*) তে আছে, $(x - 7)(x - 9)$
$= (12 - 7)(12 - 9) = 5 \times 3 = 15$
অপশন *c*) তে আছে, $(x - 7)(x - 8)$
$= (12 - 7)(12 - 8) = 5 \times 4 = 20$
অপশন *d*) তে আছে, $(x - 5)(x - 3)$
$= (12 - 5)(12 - 3) = 7 \times 9 = 63$

$\therefore$ সর্বোচ্চ মান = 63 যা অপশন *d*) তে আছে।

23. **তিন জনের গড় বয়স ২৪ বছর । যদি কোন একজনেরও বয়স ২১ বছরের নীচে না হয় তবে তাদের কোন একজনের বয়স সর্বোচ্চ কত হতে পারে?**

a) ২৫ বছর b) ৩০ বছর
c) ২৮ বছর d) ৩২ বছর ***ans.* B**

Solution: দেয়া আছে, ৩ জনের গড় বয়স = ২৪ বছর।

$\therefore$ ৩ জনের মোট বয়স হবে = ২৪ × ৩ = ৭২ বছর।
সর্বনিম্ন ২১ বছর হলে, ২ জনের মোট বয়স হবে
= ২১ × ২ = ৪২ বছর।

$\therefore$ একজনের সর্বোচ্চ বয়স = ৭২ - ৪২ = ৩০ বছর।

24. **একজন শ্রমিক প্রতিদিন ৮ ঘণ্টা কাজ করার জন্য ১০ টাকা করে এবং পরবর্তী সময়ের জন্য ঘণ্টায় ১৫ টাকা মজুরী পায়। দৈনিক ১০ ঘণ্টা করে কাজ করলে তার ঘন্টা প্রতি গড় মজুরি কত?**

a) ১১ টাকা b) ১২ টাকা
c) ১২.৫০ টাকা d) ১৩ টাকা ***ans.* A**

Solution: প্রথম ৮ ঘণ্টা কাজ করে পায় = ৮ × ১০ = ৮০ টাকা
পরবর্তি ২ ঘণ্টা কাজ করে পায় = ১৫ × ২ = ৩০ টাকা
∴ ১০ ঘণ্টা কাজ করে মোট উপার্জন করে
= (৮০ + ৩০) = ১১০ টাকা
∴ ১ ঘণ্টায় পায় = $\frac{১১০}{১০}$ টাকা = ১১ টাকা

25. এক মিটার সমান কত ইঞ্চি?
a) ৩৭.৩৯ ইঞ্চি b) ৩৯.৩৭ ইঞ্চি
c) ৩৯.৪৭ ইঞ্চি d) ৩৮.৫৫ ইঞ্চি **ans. B**

26. একটি নির্দিষ্ট প্রজাতির ব্যাকটেরিয়া প্রতি আধা ঘণ্টা অন্তর দ্বিগুণ হয়। সকাল ১০.০০ টার সময় ব্যাকটেরিয়ার সংখ্যা ৩,০০,০০০ থাকলে সকাল ১১.৩০ মিনিটে ব্যাকটেরিয়ার সংখ্যা কত হবে?
a) ৪৮,০০,০০০ b) ২৪,০০,০০০
c) ১৬,০০,০০০ d) ১২,০০,০০০ **ans. B**

Solution: সকাল ১০টায় ব্যাকটেরিয়ার সংখ্যা = ৩,০০,০০০
∴ সকাল ১০.৩০ টায় ব্যাকটেরিয়ার সংখ্যা = ৬,০০,০০০
∴ সকাল ১১.০০ টায় ব্যাকটেরিয়ার সংখ্যা = ১২,০০,০০০
∴ সকাল ১১.৩০ টায় ব্যাকটেরিয়ার সংখ্যা = ২৪,০০,০০০

27. টাকায় ৫টি করে কিনে ১৫ টাকায় ৬টি করে বিক্রয় করলে শতকরা লাভ কত?
a) ৫০% b) ৪০%
c) ২৫% d) ৩৫% **ans. Note**

Solution: ৫টির ক্রয়মূল্য = ১ টাকা
∴ ১টির ক্রয়মূল্য = $\frac{১}{৫}$ টাকা
আবার, ৬টির বিক্রয়মূল্য = ১৫ টাকা
∴ ১টির বিক্রয়মূল্য = $\frac{১৫}{৬} = \frac{৫}{২}$ টাকা
∴ লাভ হয় = $\frac{৫}{২} - \frac{১}{৫} = \frac{২৫ - ২}{১০} = \frac{২৩}{১০}$ টাকা।
∴ শতকরা লাভ হয়
$= \left(\frac{\frac{২৩}{১০}}{\frac{১}{৫}} \times ১০০\right)\% = \left(\frac{২৩}{১০} \times \frac{৫}{১} \times ১০০\right)\%$
= ১,১৫০%

Shortcut: ক্রয়মূল্য ঃ বিক্রয়মূল্য = ৬ ঃ ৭৫ = ২ ঃ ২৫
= ১০০ ঃ ১,২৫০
∴ শতকরা লাভ হয় = ১,২৫০ - ১০০ = ১,১৫০%

28. ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যা সমূহের যোগফল কত?
a) ৪৯৯৯ b) ৫৫০১
c) ৫০৫০ d) ৫০০২ **ans. C**

Solution: ধারাটির সমষ্টি = $\frac{n(n+1)}{2}$ [n তম পদ = ১০০]
$= \frac{১০০\,(১০০ + ১)}{২} = \frac{১০০ \times ১০১}{২} = ৫০৫০$

29. একটি সংখ্যা ৬৫০ হতে যত বড় ৮২০ হতে তত ছোট। সংখ্যাটি কত?
a) ৭৩০ b) ৮৩৫
c) ৮০০ d) ৭৩৫ **ans. D**

Solution: ধরি, সংখ্যাটি = x
প্রশ্নমতে, $x - ৬৫০ = ৮২০ - x$
⇒ $x + x = ৮২০ + ৬৫০$
⇒ $২x = ১৪৭০$
∴ $x = \frac{১৪৭০}{২} = ৭৩৫$

Shortcut: সংখ্যাটি = $\frac{৬৫০ + ৮২০}{২} = ৭৩৫$

30. করিম ও রহিম এর বেতনের অনুপাত ৭ ঃ ৫। করিমের বেতন রহিমের বেতন অপেক্ষা ৪০০ টাকা বেশি। রহিমের বেতন কত?
a) ৯০০ টাকা b) ১,০০০ টাকা
c) ১,১০০ টাকা d) ১,৬০০ টাকা **ans. B**

Solution: ধরি, তাদের বেতন যথাক্রমে $৭x$ এবং $৫x$ টাকা
প্রশ্নমতে, $৭x - ৫x = ৪০০$
⇒ $২x = ৪০০$
∴ $x = \frac{৪০০}{২} = ২০০$
অর্থাৎ রহিমের বেতন = ৫ × ২০০ = ১,০০০ টাকা।

Shortcut: আমরা জানি,
$\text{Amount} = \frac{\text{Total difference}}{\text{Ratio difference}} \times \text{Required ratio}$
⇒ রহিমের বেতন = $\frac{৪০০}{৭ - ৫}$ × রহিমের বেতনের অনুপাত (৫)
$= \frac{৪০০}{২} \times ৫ = ১০০০$ টাকা

এই বইটিতে মোট ৭৪টি পরীক্ষার প্রশ্ন দেওয়া আছে। আর এই ৭৫টি পরীক্ষার মধ্যে যে সকল পরিবর্তনশীল প্রশ্ন রয়েছে, সেই প্রশ্নগুলো এখানে দেওয়া হলো। আপনি পরীক্ষার আগে এই পরিবর্তনশীল প্রশ্নের তথ্যগুলো পুনরায় দেখে যাবেন। যেমনঃ বাংলাদেশ বৈদেশিক মুদ্রার রিজার্ভ প্রতিমাসেই পরিবর্তন হয়।

First Security Islami Bank Ltd.
Recruitment Test of PO – 20.06.2014

26. **Who is the current Secretary of State of USA?**
a) Hillary Clinton
b) John F Kerry
c) Collin L Powell
d) Condoleezza Rice **ans. Note**

Solution: মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান পররাষ্ট্রমন্ত্রী অ্যান্থনি ব্লিনকেন। তিনি জানুয়ারি ২৬, ২০২১ সাল থেকে বর্তমান পর্যন্ত যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্বরত আছেন। উল্লেখ্য, বর্তমান ভাইস প্রেসিডেন্ট হলেন কমলা হ্যারিস।

27. **Name of our Minister in charge of Food Ministry.**
a) Md. Qamrul Islam
b) Anisul Huq
c) Dr. Abdur Razzak
d) Matia Chowdhury **ans. Note**

Solution: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বর্তমান মাননীয় খাদ্য মন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।

36. **Which country will host the World Cup Football tournament in 2018?**
a) Brazil b) Argentina
c) Qatar d) Russia **ans. D**

Solution: ২০১৮ সালে রাশিয়ায় বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয়েছিল। উল্লেখ্য, ২০২৬ সালে বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে মেক্সিকো, যুক্তরাষ্ট্র এবং কানাডায়।

37. **Who is the Foreign Minister of India?**
a) Sushma Swaraj
b) Arun Jaitley
c) Uma Bharati
d) Nitin Gadkari **ans. Note**

Solution: ভারতের বর্তমান Foreign Minister হলেন Subrahmanyam Jaishankar. তিনি ৩০ মে ২০১৯ সালে দায়িত্ব গ্রহণ করেন।

38. **Who is the current Chief justice of Bangladesh?**
a) Md. Muzammel Hossain
b) A. B. M. Khairul Haque
c) Badrul Alam
d) Anwarul Haque **ans. Note**

Solution: হাসান ফয়েজ সিদ্দিকী বাংলাদেশের বর্তমান ও ২৩তম প্রধান বিচারপতি। তিনি সৈয়দ মাহমুদ হোসেনের স্থলাভিষিক্ত হয়ে গত ৩১ ডিসেম্বর, ২০২১ সালে দায়িত্ব গ্রহণ করেন।

40. **Who is the current Prime Minister of Japan?**
a) Noda Yoshihiko b) Kan Naoto
c) Yoshihide Suga d) Shinzo Abe **ans. C**

Solution: ৪ অক্টোবর, ২০২১ সালের জাপানের নতুন প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন 'ফুমিও কিশিদা'। তিনি জাপানের ১০০তম প্রধানমন্ত্রী। তিনি ৯৯ তম প্রধানমন্ত্রী 'ইউশিহিদে সুগা' এর স্থলাভিষিক্ত হয়েছেন।

42. What is the size (in crore taka) of the proposed annual budget for 2014-2015?
a) 250506 b) 250500
c) 250202 d) 250000 **ans. A**

Solution: উল্লেখ্য, ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশের ৫১তম বাজেটে (অন্তবর্তীকালীন বাজেট বাদে) মোট বাজেটের পরিমাণ ছিলো ৬,৭৮,০৬৪ কোটি টাকা (জিডিপি প্রবৃদ্ধি হার ৭.৫%)।

50. Who is the current President of China?
a) Jiang Zemin b) Li Keqiang
c) Xi Jinping d) Hu Jintao **ans. C**

Solution: চীনের বর্তমান প্রেসিডেন্ট হলেন Xi Jinping.

51. Revenue target in the proposed budget is _____ crore taka.
a) 153782 b) 182954
c) 205037 d) 229361 **ans. Note**

Solution: উল্লেখ্য, ২০২২-২৩ অর্থবছরে বাজেট পাশ হয় ১৩ জুন ২০২২ সালে। এতে রাজস্ব আয়ঃ ৪,৩৩,০০০ কোটি টাকা।

South Bangla Agriculture & Commerce Bank Ltd.
Recruitment Test for MTO – 2014

46. Recently, which virus has caused an outbreak in the West African countries?
a) Kaposi Sarcoma virus
b) Human Pamplona Virus
c) Ebola virus
d) Mars Virus
e) None of these **ans. C**

Solution: ইবোলা ভাইরাস (Ebola Virous Disease) ২০১৩-১৫ সালে পশ্চিম আফ্রিকায় মহামারী সৃষ্টি করে। মারাত্মক সংক্রামক এই ভাইরাসজনিত রোগটি পশ্চিম আফ্রিকার গিনি, লাইবেরিয়া ও সিয়েরালিওনসহ কয়েকটি দেশে মহামারী আকারে ছড়িয়ে পড়ে। ১৯৭৬ সালে প্রথম শনাক্ত হয় মধ্য আফ্রিকার ইবোলা নদীর তীরে। তাই নদীটির নামেই ভাইরাসটির নামকরণ করা হয়।

47. Who won the Golden Boot in Word Cup Football 2014?
a) Wesley Sheijder b) Lionel Messi
c) Thomas Muller d) James Rodriguez
e) None of these **ans. D**

Solution: ২০১৪ সালের বিশ্বকাপ ফুটবলে ছয় গোলের সুবাদে গোল্ডেন বুট পেয়েছিলেন কলম্বিয়ার তারকা মিডফিল্ডার জেমস রদ্রিগেজ। উল্লেখ্য, ২০২২ সালে বিশ্বকাপ ফুটবলে গোল্ডেন বুট পান এমবাপ্পে (ফ্রান্ড) ৮ গোল করে এবং গোল্ডেন বল পান লিওনেল মেসি (আর্জেন্টিনা)।

Union Bank Ltd.
Recruitment Test for MTO – 23.05.2014

43. Recently, ____ general election has been held in India.
a) 12^{th} b) 15^{th} c) 16^{th}
d) 18^{th} e) None of these **ans. Note**

Solution: ২০১৯ সালের ভারতীয় সাধারণ নির্বাচন ১১ এপ্রিল থেকে ১৯ মে ২০১৯ সাল পর্যন্ত ১৭তম লোকসভা গঠনের জন্য অনুষ্ঠিত হয় সাতটি পর্যায়ে। ২৩ মে অনুষ্ঠিত হয় ভোট গণনা এবং ফলাফল ঘোষণা করা হয়। নরেন্দ্র মোদী দ্বিতীয় বারের মত ভারতের প্রধানমন্ত্রী হন। তাঁর রাজনৈতিক দল ভারতীয় জনতা পার্টি (বিজেপি)। প্রতীক হলো পদ্মফুল।

60. Who is the current Secretary General of the South Asian Association for Regional Cooperation (SAARC)?
a) Yadav Kanta Silwal
b) Arjun Bahadur Thapa
c) Shiva Prasad Koirala
d) Ahmed Saleem
e) None of these **ans. Note**

Solution: SAARC এর বর্তমান ১৪তম Secretary General হলেন Esala Weerakoon (শ্রীলংকা)।

Midland Bank Ltd.
Recruitment Test for MTO – 10.04.2015

36. Who among the following own the Nobel Prize for literature?
a) Linus Pauling
b) Samuel Beckett
c) Philip Noel Baker
d) Ralph Bunche **ans. B**

Solution: Samuel Beckett 1969 সালে Literature এ Nobel পান। তিনি Ireland এর অধিবাসী। কিন্তু জীবনের অধিকাংশ সময় France এ কাটিয়েছেন। আর সাহিসিকতা ও ক্ষুরধার লেখনীর মাধ্যমে ব্যক্তিগত স্মৃতির শেকড় সন্ধান, বিরহ-বিচ্ছেদ আর সামষ্টিক সংযমের নতুন পাঠ উন্মোচন করায় ২০২২ সালে সাহিত্যে নোবেল পান ফরাসি লেখক আনি এর্নো।

Premier Bank Ltd.
Recruitment Test for MTO – 27.02.2015

34. How many Non bank financial institution are exists in Bangladesh?
a) 31 b) 56
c) 39 d) 33 **ans. Note**

Solution: অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুযায়ী বর্তমানে বাংলাদেশে ব্যাংকবহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান - ৩৫টি (সর্বশেষ স্ট্রেটেজিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিঃ)। এদের মধ্যে ২টি প্রতিষ্ঠান সম্পূর্ণ সরকারি।

35. Number of Schedule Bank in Bangladesh is —
a) 56 b) 48
c) 63 d) 39 **ans. Note**

Solution: বর্তমানে বাংলাদেশে মোট তফসিলি ব্যাংক ৬১টি। এর মধ্যে রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক ৬টি। নতুন তফসিলভুক্ত ব্যাংকের নাম সিটিজেন ব্যাংক। বিশেষায়িত ব্যাংক ৩টি। বেসরকারি ব্যাংক ৪৩টি। বৈদেশিক ব্যাংক ৯টি এবং ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান ৩৫টি।

38. **The contribution of Banking sector into our GDP?**
a) 3.5% b) 2.87%
c) 4.5% d) 1.5% ***ans.* Note**

Solution: অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুযায়ী জিডিপিতে ব্যাংকিং খাতের অবদান ছিলো ২.৭৭%।

Dutch-Bangla Bank Ltd.
Recruitment Test for PO – 14.08.2015

03. **The G7 Summit 2015 took place in**
a) France b) Italy
c) United States d) Germany ***ans.* D**

Solution: ৪১তম G7 Summit - 2015 জার্মানির Bavia শহরের Krun এ ২০১৫ সালের ৭-৮ জুন অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, ৪৮তম G7 সম্মেলন অনুষ্ঠিত হয় ২৬ জুন, ২০২২ থেকে ২৮ জুন ২০২২ সালে।

04. **Who is the State Minister for Telecommunication in Bangladesh?**
a) Abdul Latif Siddiqui
b) Tarana Halim
c) Hasanul Huq Inu
d) Shahriar Alam ***ans.* Note**

Solution: Telecommunication মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে নিয়োগ দেওয়া হয় জনাব মোস্তফা জব্বারকে।

06. **Which one is now the world's largest car manufacturer by units?**
a) GM b) Ford
c) Volkswagen d) Toyota ***ans.* C**

Solution: ২০২২ সালের তথ্য অনুযায়ী বিশ্বের বৃহত্তম গাড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান জার্মানির Volkswagen.

07. **Which of the following country is under consideration for economic bail-out by European Union?**
a) Poland b) Latvia
c) Greece d) Hungary ***ans.* C**

Solution: ২০১০ সালে গ্রিস অর্থনৈতিক মন্দার মধ্যে পড়ে যায়। তখন ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংক ও IMF থেকে গ্রিস যে দুটি বেইল আউট গ্রহণ করে তার মেয়াদ শেষ হয় ৩০ জুন ২০১৫ সালে। গ্রিস IMF এর ১৬০ কোটি ইউরো কিস্তি পরিশোধ করতে ব্যর্থ হয় এবং ২০১৫ সালের ৩ জুলাই EFSF গ্রিসকে ঋণখেলাপী দেশ হিসেবে ঘোষণা করে। EU এর কেন্দ্রীয় জোট Troika গ্রিসকে বেইল আউটে সহায়তা করে। উল্লেখ্য যে, গ্রিসের ঋণের পরিমাণ ৩ ট্রিলিয়ন ইউএস ডলার।

09. **The next World Cup Football in 2018 will take place in**
a) Germany b) Brazil
c) Russia d) Qatar ***ans.* C**

Solution: ২০১৮ সালে ২১তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে রাশিয়ায়। আর ২২তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় কাতারে ২০২২ সালে।

10. **What is the money that the Bangladeshi workers send home from abroad called?**
a) Wage earner b) Remittance
c) Foreign Remittance d) Dollar ***ans.* B**

Solution: বিদেশে কর্মরত কোনো নাগরিক বা ব্যক্তি যখন তার নিজের দেশে প্রিয়জনের কাছে অর্থ স্থানান্তর করে, তখন তাকে রেমিট্যান্স বলা হয়। সহজ কথায়, প্রবাসে কর্মরত নাগরিকদের স্বদেশে প্রেরিত অর্থকে Remittance বলে।

14. **In which country was the World Entrepreneurship Conference 2015 held?**
a) Brazil b) South Africa
c) Kenya d) France ***ans.* C**

Solution: ২৫-২৬ জুলাই ২০১৫ সালে কেনিয়ার রাজধানী নাইরেবীতে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। ২০১৬ সালের সম্মেলন অনুষ্ঠিত হয় কিয়োটো, জাপানে। ২০১৭ সালের সম্মেলন অনুষ্ঠিত হয় ভারতের Hyderabad এ ২৮-৩০ নভেম্বরে এবং ২০২২ সালে কানাডার টরেন্টো শহরে সম্মেলন অনুষ্ঠিত হয়।

19. **What is the name of the last cyclone that hit the coasts of Bangladesh?**
a) Sidr b) Aila
c) Komen d) Nargis ***ans.* Note**

Solution: ২০২২ সালের ঘূর্ণিঝড় 'সিত্রাং' আঘাত হানে।

20. **The cricket team of which country was white washed last by the Bangladesh cricket team?**
a) India b) Zimbabwe
c) New Zealand d) Pakistan ***ans.* Note**

Solution: বাংলাদেশ সর্বশেষ জুলাই, ২০২২ সালে ওয়েস্ট ইন্ডিজকে হোয়াইটওয়াশ করে।

15. **What is the latest version of Microsoft's Windows operating system?**
a) Windows 11 b) Windows 9
c) Windows 10 d) Vista ***ans.* A**

Pubali Bank Ltd.
Recruitment Test for SO/Officer – 22.01.2016

15. **Who is the World Record Holder for fastest 50 in ODI cricket?**
a) Jayasunya b) AB de Villiers
c) MDKJ Perera d) MJ Guptill ***ans.* B**

Solution: ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ১৬ বলে হাফসেঞ্চুরি করে AB de Villiers.

Uttara Bank Ltd.
Recruitment Test for AO (Cash) – 08.12.2017

85. **The first meeting of the SAARC was opened in -**
a) Jakarta b) Dhaka
c) Delhi d) Islamabad ***ans.* B**

Solution: প্রথম সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ৭-৮ ডিসেম্বর ১৯৮৫ সালে। ১৯তম সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল পাকিস্তানের ইসলামাবাদে। কিন্তু ভারতীয় আর্মি ক্যাম্পে,

কাশ্মির হামলার কারণে তা বাতিল হয়ে যায়। ২০২৩ সালের ২০তম সম্মেলন একই স্থানে হওয়ার সম্ভাবনা রয়েছে।

39. **Who is the present President of Zimbabwe?**
a) Emmanuel Macron b) Marine Lee Pen
c) Robert Mugabe d) None ***ans.* D**

Solution: ২৪ নভেম্বর, ২০১৭ সালে Emmerson Mnangagwa জিম্বাবুয়ের নতুন প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

Uttra Bank Ltd.
Recruitment Test for PO – 24.11.2017

81. **What is the current per capita income of Bangladesh in US dollar?**
a) 1512 b) 1550
c) 1595 d) 1602 ***ans.* Note**

Solution: উল্লেখ্য, ২০২২-২৩ বাজেট অনুযায়ী মাথাপিছু জাতীয় আয় ৩,০০৭ মার্কিন ডলার আর অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুযায়ী মাথাপিছু জাতীয় আয় ২,৮২৪ মার্কিন ডলার।

95. **Which country has the highest Human Development Index in 2016?**
a) Norway b) New Zealand
c) Denmark d) Canada ***ans.* A**

Solution: উল্লেখ্য, মানব উন্নয়ন রিপোর্ট 'Human Development Index 2022' অনুসারে বাংলাদেশের অবস্থান ১২৯তম। ১ নম্বর দেশ সুইজারল্যান্ড এবং সর্বনিম্ন দেশ নাইজার।

United Commercial Bank Ltd.
Recruitment Test for MTO – 17.01.2017

53. **Who has been nominated as the new Chief Election Commissioner of Bangladesh?**
a) Nurur Rahman b) KM Nurul Huda
c) Kazi Rakibuddin Ahmad
d) KM Nurul Islam e) None ***ans.* B**

Solution: উল্লেখ্য, ১৫ ফেব্রুয়ারি, ২০২২ বাংলাদেশের নির্বাচন কমিশনার নিয়োগ প্রাপ্ত হন জনাব কাজী হাবিবুল আউয়াল (১৩ তম)।

57. **Who has been confirmed as the new US Education Secretary by US senate?**
a) Mike Pence b) Arne Duncan
c) Betsy Devos d) John King
e) None of these ***ans.* C**

Solution: US Education Secretary হিসেবে US senate সম্প্রতি Miguel Cardona কে মনোনিত করেছে। তিনি মার্চ ২১, ২০২১ তারিখ হতে এই দায়িত্বে আছেন।

55. **Which sector is the highest contributor to the GDP of Bangladesh?**
a) Agriculture b) Service c) Industry
d) Household e) None of these ***ans.* B**

Solution: GDP তে সার্বিক খাতসমূহের অবদানঃ

খাতসমূহ	প্রবৃদ্ধির হার (%)		অবদানের হার (%)	
	২০২০-২১	২০২১-২২	২০২০-২১	২০২১-২২
কৃষি	৩.১৭	২.২০	১২.০৭	১১.৫০
শিল্প	১০.২৯	১০.৪৪	৩৬.০১	৩৭.০৭
সেবা	৫.৭৩	৬.৩১	৫১.৯২	৫১.৪৪
সার্বিক GDP (উৎপাদন মূল্যে)	৬.৯৪	৭.২৫	১০০.০০	১০০.০০

63. **Which country hosted the World Economic Forum Annual Meeting 2017?**
a) Portugal b) Switzerland c) Sweden
d) Mexico e) None of these ***ans.* B**

Solution: World Economic Forum Annual Meeting 2017 অনুষ্ঠিত হয় Switzerland এর Davos এ। উল্লেখ্য, ২০২২ সালে World Economic Forum Annual Meeting অনুষ্ঠিত হয় Switzerland.

66. **Who has become the new king of Thailand?**
a) Bhumibol Adulayedej b) Dipangkorn
c) Vajiralongkorn d) Bolongkorn
e) None of these ***ans.* C**

Solution: King Maha Vajiralongkorn থাইল্যান্ডের নতুন রাজা হিসাবে নির্বাচিত হন ১৩ অক্টোবর ২০১৬ সালে।

Islami Bank Bangladesh Ltd.
Recruitment Test for PO – 31.03.2017

76. **Bangladesh gets highest Foreign Direct Investment (FDI) from which one of the following countries?**
a) Japan b) The USA c) The UK
d) The UAE e) None ***ans.* Note**

Solution: বিশ্ব বিনিয়োগ রিপোর্ট-২০২২ এর তথ্য মতে বাংলাদেশে বিনিয়োগে শীর্ষদেশ যুক্তরাষ্ট্র এবং বৈশ্বিক বিনিয়োগে শীর্ষদেশ চীন। Update তথ্য দেখে যাবেন।

Dutch-Bangla Bank Ltd.
Recruitment Test for AO – 18.03.2017

50. **Who won the Nobel Prize in Economics in 2016?**
a) Angus Deaton b) Tomas Lindahl
c) Paul Modrich d) Juan Manuel Santos
e) Oliver Hart and Bengt Holmstrom ***ans.* E**

Solution: জলবায়ু পরিবর্তন ও প্রযুক্তি কীভাবে অর্থনীতিকে প্রভাবিত করে, তা নিয়ে গবেষণার জন্য ২০১৮ সালে অর্থনীতিতে নোবেল পান 'উইলিয়াম ডি. নর্ডহাস (যুক্তরাষ্ট্র)' এবং 'পল মাইকেল রোমার (যুক্তরাষ্ট্র)'। উল্লেখ্য, ২০২২ সালে **অর্থনীতিতে** যৌথভাবে নোবেল পুরস্কার পেয়েছেন যুক্তরাষ্ট্রের ৩ জন। ১. বেন এস বার্নারকে, ২. ডগলাস ডব্লিউ ডায়মন্ড, ৩. ফিলিপ এইচ ডিবভিগ।

Modhumoti Bank Ltd.
Recruitment Test for PO - 21.04.2017

42. **Out of 171 number countries, how many countries participated in IPU conference held in Dhaka recently:**
a) 143 b) 171
c) 135 d) 147 ***ans.* Note**

Solution: 2017 সালের 1 থেকে 5 এপ্রিল Inter Parliamentary Union (IPU) এর Conference অনুষ্ঠিত হয় ঢাকায়। এতে ১৩৪টি দেশের প্রায় ১,৫০০ প্রতিনিধি যোগদান করেন। এটি ছিলো ১৩৬তম IPU conference. উল্লেখ্য, ১৪৫তম সম্মেলন ২০২২ সালের অক্টোবরে শুরু হয় রুয়ান্ডার ফিগালিতে এবং অংশগ্রহণ করে বিশ্বের ১৭৩টি দেশ।

43. **"Asian Infrastructure Investment Bank (AIIB) has ____ member countries:**
a) 57 b) 63
c) 67 d) 70 ***ans.* A**

Solution: AIIB (Asian Infrastructure Investment Bank) এর সদরদপ্তর হলো চীনের Beijing শহরে। এই ব্যাংকটির প্রেসিডেন্ট হলেন Jin Liquan। ৮ আগস্ট, ২০২২ সাল পর্যন্ত AIIB এর সর্বশেষ সদস্য সংখ্যা হলো ১০৬টি।

44. **Who was the 'man of the match' of the 100th test cricket match of Bangladesh?**
a) Tamim b) Sakib
c) Mushfiq d) None ***ans.* A**

Solution: ২০১৭ সালের ১৫-১৯ মার্চ কলম্বোর পি সারা ওভালে শ্রীলঙ্কার সাথে বাংলাদেশের শততম টেস্ট ম্যাচে বাংলাদেশ ৪ উইকেটে জয়লাভ করে। এ ম্যাচের দ্বিতীয় ইনিংসে তামিম ইকবাল জয়সূচক ৮২ রান করায় ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন।

ONE Bank Ltd.
Recruitment Test for SCO – 01.04.2017

43. **The foreign currency reserve of Bangladesh Bank as on 31st December 2016 was:**
a) $35.08 billion b) $32.09 billion
c) $33.12 billion d) $28.67 billion
***ans.* Note**

Solution: অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী বাংলাদেশের বৈদেশিক মুদ্রার মজুদ: ২৮.৪ বিলিয়ন। Update তথ্য দেখে যাবেন।

44. **In World Happiness Report 2017, Bangladesh is ranked _____**
a) 109th b) batter than Sri Lanka
c) 120th d) 122nd ***ans.* B**

Solution: উল্লেখ্য, World Happiness Report 2022 এর সর্বোচ্চ সুখী দেশ হলো ফিনল্যান্ড, সর্বনিম্ন সুখী দেশ আফগানিস্তান এবং বাংলাদেশের অবস্থান ৯৪ তম ১৪৬টি দেশের মধ্যে।

Social Islami Bank Ltd.
Recruitment Test for PO – 19.05.2017

39. **What is the name of Bangladeshi Economist appointed as 'Country Director' of World Bank in India?**
a) Junaid Mazumder b) Junaid Kamal
c) Zahid Hossain d) None ***ans.* B**

Solution: ১ সেপ্টেম্বর ২০১৬ সালে ভারতে World Bank এর 'Country Director' হিসেবে দায়িত্ব গ্রহণ করেন বাংলাদেশী অর্থনীতিবিদ জুনায়েদ কামাল আহমেদ। বাংলাদেশের আরো কয়েকজন ব্যক্তি বিভিন্ন দেশের World Bank এর আবাসিক প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করলেও ভারতে এ দায়িত্ব জুনায়েদ আহমেদই প্রথম বাংলাদেশী।

40. **Who has been elected as the President of France in the recently held election?**
a) Emmanuel Macron b) Marine Lee Pen
c) Theresa May d) None ***ans.* A**

Pubali Bank Ltd.
Recruitment Test for SO – 26.05.2017

82. **How many people received Ekushey Padak in 2016?**
a) 10 b) 12
c) 14 d) 16 ***ans.* D**

Solution: ২০১৬ সালে মোট ৬টি ক্যাটাগরিতে ১৬ জনকে একুশে পদক প্রদান করা হয়। উল্লেখ্য, একুশে পদক ২০২৩ সালে গ্রহণ করে ১৯ জন ব্যক্তি এবং ২টি প্রতিষ্ঠান।

Pubali Bank Ltd.
Recruitment Test for TAT – 02.06.2017

80. **What is the position of Bangladesh in ODI Cricket ranking according to ICC?**
a) 7th b) 8th
c) 9th d) 10th ***ans.* A**

84. **Who is the secretary general of OIC?**
a) Ahmed Saleem
b) Ekmeleddin Ihsanoglu
c) Prince Salman
d) Iyad Bin Amin Madani ***ans.* Update**

Solution: বর্তমানে OIC এর মহাসচিব হলেন হুসাইন ইব্রাহিম তাহা (শাদ)।

Al-Arafah Islami Bank Ltd.
Recruitment Test for MTO – 2017

39. **Who is the recipient of Nobel Peace Prize 2016?**
a) Juan Manuel Santos b) Bernard L. Fering
c) Oliver Hart d) Bob Dylan ***ans.* A**

Solution: কলম্বিয়ার ফার্ক বিদ্রোহীদের সাথে শান্তি চুক্তির জন্য Juan Manuel Santos কে ২০১৬ সালে নোবেল পুরস্কারে ভূষিত করা হয়। উল্লেখ্য, ২০২২ সালে শান্তিতে নোবেল

পুরস্কার পেয়েছেন যৌথবাবে বেলারুশের মানবাধিকার কর্মী আলেস বিলিয়াতস্কি, রুশ মানবাধিকার সংস্থা 'মেমোরিয়াল' এবং ইউক্রেনের মানবাধিকার সংস্থা 'সেন্টার ফর সিভিল লিবার্টিজ'।

41. **What was the total score of Dhaka Dynamites against Rajshahj Kings in their final match of BPL held December 9, 2016?**
a) 103 b) 135
c) 159 d) 167 ***ans.* C**

Solution: বাংলাদেশ প্রিমিয়ার লীগ (BPL) ২০২৩ আসরের চ্যাম্পিয়ান হয় কুমিল্লা ভিক্টোরিয়ানস আর রানার্স আপ হয় সিলেট।

Islami Bank Bangladesh Ltd.
Recruitment Test for ATO (General/ Cash) – 08.09.2017

61. **৩০ জুন ২০১৭ তারিখে বাংলাদেশের মোট খেলাপী ঋণের আনুমানিক পরিমাণ কত ছিল?**
a) ৭৪,২০০ কোটি b) ৬৪,৫০০ কোটি
c) ৮৪,০০০ কোটি d) ৮০,৭০০ কোটি ***ans.* A**

Solution: নভেম্বর ২০২২ অনুযায়ী বাংলাদেশের মোট খেলাপী ঋণের পরিমাণ ১,৩৪,৩৯৬ টাকা।

63. **২০১৭-১৮ সালের বাজেট অনুযায়ী ব্যক্তি কর দাতার ক্ষেত্রে করমুক্ত আয় কত টাকা?**
a) ১০০,০০০ b) ১৫০,০০০
c) ২০০,০০০ d) ২৫০,০০০ ***ans.* D**

Solution: উল্লেখ্য, ২০২১-২২ বাজেট অনুযায়ী করমুক্ত আয়সীমা: সাধারণ করদাতা -৩,০০,০০০ টাকা, মহিলা ও ৬৫ উর্ধ্ব বয়সী- ৩,৫০,০০০ টাকা, প্রতিবন্ধী - ৪,৫০,০০০ টাকা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা -৪,৭৫,০০০ টাকা। **এই ধরনের প্রশ্নগুলো সবসময় Update তথ্য দেখে নিবেন।**

66. **গ্লোবাল ডেমোক্রেসি ব্যাংকিং ২০১৭ সালের সূচকে বাংলাদেশের অবস্থান কত তম?**
a) ৭৭ b) ৯৩
c) ৯২ d) ১০৯ ***ans.* C**

Solution: গ্লোবাল ডেমোক্রেসি র‍্যাংকিং ২০১৭ সালের সূচকে বাংলাদেশের অবস্থান ৯২তম। উল্লেখ্য, ২০২৩ সালের সূচকে বাংলাদেশের অবস্থান ৭৩ তম।

Jamuna Bank Ltd.
Recruitment Test for PO – 10.10.2017

31. **Who won the Nobel Memorial Prize in Economics in 2017?**
a) Richard H. Thaler b) Robert A. Mundell
c) Joseph E. Stiglitz d) Eugene F. Fama
***ans.* A**

Solution: শিকাগো ইউনিভার্সিটির অধ্যাপক Richard H. Thaler 2017 সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন। অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মনস্তত্ত্বের প্রভাব নিয়ে গবেষণার জন্য তিনি এই পুরস্কার পান। উল্লেখ্য, ২০২২ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন তিনজন (বেন বার্ননকে, ডগলাস ডায়মন্ড এবং ফিলিপ ডিবভিগ) মার্কিন নাগরিক। ব্যাংক ও আর্থিক সংকটের উপর গবেষণার স্বীকৃতিস্বরূপ তাদের এই পুরস্কার দেওয়া হয়।

34. **Who is the State Minister of Ministry of Finance in Bangladesh?**
a) M A Mannan b) Zunaid Ahmed Palak
c) Shahriar Alam d) Yafes Osman ***ans.* A**

Solution: বাংলাদেশের অর্থ ও পরিকল্পনা মন্ত্রী হলো আ হ ম মুস্ত ফা কামাল।

35. **Who is the Secretary of State of USA?**
a) Mitt Romney b) Joe Biden
c) Rex Tillerson d) Mike Pence
***ans.* Note**

Solution: মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান পররাষ্ট্রমন্ত্রী অ্যান্থনি ব্লিনকেন।

IFIC Bank Ltd.
Recruitment Test for TAO – 09.02.2018

31. **The name of the new chief justice of Bangladesh is**
a) Surendra Kumar Sinha
b) Syed Mahmud Hossain
c) Syed Fazle Kabir
d) Mahbubey Alam ***ans.* Note**

Solution: হাসান ফয়েজ সিদ্দিকী বাংলাদেশের বর্তমান ও ২৩তম প্রধান বিচারপতি। তিনি সৈয়দ মাহমুদ হোসেনের স্থলাভিষিক্ত হয়ে গত ৩১ ডিসেম্বর, ২০২১ সালে দায়িত্ব গ্রহণ করেন।

40. **The name of the Swiss President recently visited Bangladesh on a four day official visit is**
a) Walter Thurnherr b) Christoph Blocher
c) Johann Schneider d) Alain Berset ***ans.* D**

Solution: ২০১৮ সালের ৪ ফেব্রুয়ারি সুইজারল্যান্ডের প্রেসিডেন্ট অ্যালেইন বেরসেত চারদিনের রাষ্ট্রীয় সফরে বাংলাদেশে আসেন। উল্লেখ্য, বর্তমান প্রেসিডেন্ট হলেন Simonetta Sommaruga.

49. **What is the percentage of shareholding of the government of Bangladesh in IFIC Bank Ltd.?**
a) 35% b) 32.75%
c) 35.50% d) 15.25% ***ans.* B**

56. **Chief Executive official of Apple incorporated is**
a) Antonio Neri b) Tim Cook
c) Satya Nadella d) Stave Jobs ***ans.* B**

IFIC Bank Ltd.
Recruitment Test for MTO – 05.10.2018

34. **Who of the following is the current captain of Bangladesh national women's cricket team?**
a) Salma Khatun b) Rumana Ahmed
c) Jahanara Alam d) Nahida Akter ***ans.* B**

35. **How many Rohingya refugees have fled to Bangladesh since 25 August 2017 from Myanmar?**
a) 355,000 to 400,000
b) 655,000 to 700,000
c) 455,000 to 500,000
d) 255,000 to 350,000 ***ans.* B**

Solution: বর্তমানে নিবন্ধিত রোহিঙ্গার সংখ্যা ১১ লাখ ৫০ হাজার।

36. **What is initial estimate of GDP growth in the current fiscal year (2017-2018) of Bangladesh?**
a) 7.28% b) 7.32%
c) 7.45% d) 7.65% ***ans.* Note**

Solution: ২০১৭-১৮ অর্থবছরে অনুমিত জিডিপি প্রবৃদ্ধি ছিলো ৭.৪% এবং মূল্যস্ফীতি ৫.৫%। উল্লেখ্য, ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশের ৫১তম বাজেটে (অন্তবর্তীকালীন বাজেট বাদে) মোট বাজেটের পরিমাণ ছিলো ৬,৭৮,০৬৪ কোটি টাকা (জিডিপি প্রবৃদ্ধি হার ৭.৫%) এবং মূল্যস্ফীতি ৫.৬%।

37. **Who won global women's leadership award 2018?**
a) Angela Merkel b) Dilma Rousseff
c) Julia Gillard d) None ***ans.* D**

Solution: অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত ২৬-২৮ এপ্রিল ২০১৮ সালে নারীদের বৈশ্বিক সম্মেলনে (Global Summit of Women) সফল নারী নেত্রী হিসেবে আনুষ্ঠানিকভাবে 'Global women's leadership award' লাভ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উল্লেখ্য, বিশ্বব্যাপী অন্যতম বড় যুব সংগঠন গ্লোবাল ইয়ুথ পার্লামেন্ট এর 'গ্লোবাল ইয়ুথ লিডারশিপ অ্যাওয়ার্ড ২০২৩' এর জন্য মনোনীত হয়েছেন একাত্তর টেলিভিশনের সিনিয়র রিপোর্টার কাবেরী মৈত্রেয়। বাংলাদেশে আর্থ-সামাজিক খাতে টেকসই উন্নয়ন নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ বিষয়ক যুবকদের উদ্বুদ্ধকরণ, নারীর ক্ষমতায়নে অবদান রাখার স্বীকৃতস্বরুপ এ পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন তিনি।

43. **Out of 03 Govt. has issued license for which new bank in Bangladesh?**
a) Peoples Islami Bank b) Royal Bank
c) City Union Islamic Bank d) IDFC Bank ***ans.* A**

41. **What is the regulatory agency for non-bank financial agency in Bangladesh?**
a) SEC b) Ministry of Finance
c) Bangladesh Bank d) ICB ***ans.* C**

51. **What is the percentage of Shareholding of the government of Bangladesh in IFIC Bank Limited?**
a) 11.96% b) 32.75%
c) 38.25% d) 39% ***ans.* B**

55. **Which of the following countries is the highest emitter of CO_2?**
a) USA b) China
c) UK d) Germany ***ans.* B**

53. **The current president of World Bank is**
a) Robert Zemeciks
b) Paul Wolfowitz
c) Jim Yong Kim
d) Sr. James Wolfensohn ***ans.* Note**

Solution: বিশ্বব্যাংকের ১৩তম প্রেসিডেন্ট হলেন David Malpass.

59. **Who of the following is the independent Director of IFIC Bank Limited?**
a) Mr. A.R.M. Nazmus Sakib
b) Mr. Jalal Ahmed
c) Mr. Anwaruzzaman Chowdhury
d) Mr. A.R.M. Nazmus Sakib ***ans.* C**

60. **In terms of GDP, which one of the following is the largest economy?**
a) USA b) UK
c) Australia d) China ***ans.* A**

65. **Which one of the private company recently becomes a trillion-dollar company?**
a) Amazon b) Apple
c) Microsoft d) Google ***ans.* B**

EXIM Bank Ltd.
Recruitment Test for TAO – 02.03.2018

73. **Who is the present Governor of Bangladesh Bank?**
a) Dr. Atiur Rahman b) Fazle Kabir
c) Salehuddin Ahmed d) None ***ans.* B**

Solution: বর্তমানে বাংলাদেশ ব্যাংকের ১২তম গভর্নর হলেন আব্দুর রউফ তালুকদার (৩ জুলাই, ২০২২ থেকে)। তিনি ফজলে কবিরের স্থলাভিষিক্ত হয়েছেন। তিনি আগামী চারবছরের জন্য দায়িত্ব প্রাপ্ত হয়েছেন। উল্লেখ্য, ৮ জুন ২০২০ সালের মন্ত্রিসভার বৈঠকে দেশের কেন্দ্রীয় ব্যাংকের গর্ভনরের বয়সসীমা ৬৫ থেকে বাড়িয়ে ৬৭ বছর করার লক্ষে 'দ্যা বাংলাদেশ ব্যাংক (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ২০২০' এর খসড়া অনুমোদন করা হয়। প্রশ্নকালীন সময়ে ছিলেন ফজলে কবির।

74. **Which country was champion in the Tri-Nation Cricket Series recently held in Bangladesh?**
a) India b) Sri Lanka
c) Zimbabwe d) Bangladesh ***ans.* B**

Solution: বাংলাদেশ-শ্রীলংকা-জিম্বাবুয়ে ত্রিদেশীয় সিরিজ ২০১৮ অনুষ্ঠিত হয় ১৫-২৭ জানুয়ারিতে। চ্যাম্পিয়ন হয় শ্রীলংকা আর রানার্সআপ হয় বাংলাদেশ। ম্যান অব দ্যা সিরিজ হন থিসারো পেরেরা।

87. **Which industrial sector of Bangladesh is the largest employer of women employees?**
a) Pharmaceuticals b) Ship-breaking
c) Textile d) RMG ***ans.* D**

Solution: বাংলাদেশের গার্মেন্টস শিল্পে কর্মরত শ্রমিকদের প্রায় ৮০% শতাংশই নারী শ্রমিক। উল্লেখ্য, পোশাক শিল্প হলো বাংলাদেশের বৈদেশিক মুদ্রা অর্জনকারী প্রধান খাত। রপ্তানি আয়ের প্রায় ৮২% আসে এই খাত থেকে।

88. **In which division of Bangladesh has the highest literacy rate?**
a) Dhaka b) Barisal
c) Chittagong d) Khulna ***ans.*** **B**

Solution: বাংলাদেশে শিক্ষার হার সবচেয়ে বেশি বরিশাল বিভাগে (৭৫.৩%)। অন্যান্য জেলার মধ্যে শিক্ষার হার সর্বাধিক ঢাকা জেলা (৬৪.৭%)।

89. **In which country, Bangladesh exports its own manufactured ship for the first time?**
a) Norway b) Sweden
c) Denmark d) Holland ***ans.*** **C**

Solution: আনন্দ শিপইয়ার্ড লিমিটেড নামের প্রতিষ্ঠানটি 'স্টেলা মেরিস' নামের জাহাজটি ১৫ মে ২০০৮ সালে ডেনমার্কে রপ্তানি করে।

97. **Which of the following personality was rewarded Ekushe Padak this year?**
a) Liakot Ali Lucky b) Humayun Faridi
c) Mamunur Rashid d) Afzal Hossain
ans. **Note**

Solution: উল্লেখ্য, বিভিন্ন গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে দেশের ১৯ জন ব্যক্তিকে এবং ২টি প্রতিষ্ঠানকে ২০২৩ সালের একুশে পদক দেওয়া হয়।

Dhaka Bank Ltd.
Recruitment Test for MTO – 04.05.2018

02. **Which city hosted the 2018 Commonwealth Game?**
a) London b) Sydney
c) Gold Coast d) Glasgow ***ans.*** **C**

Solution: অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ডের গোল্ড কোস্টে অনুষ্ঠিত হয় ২১তম কমনওয়েলথ গেমস ২০২২ আর কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হবে ইংল্যান্ডের বার্মিংহামে।

10. **What is the name of the latest discovered organ of a human being?**
a) Osegium b) Intestine
c) Collagen d) Interstitium ***ans.*** **D**

08. **Which country recently successfully tested its latest intercontinental ballistic missile 'Sarmat'?**
a) China b) Russia
c) Iran d) North Korea ***ans.*** **B**

18. **The minimum paid-up capital to start a new commercial bank in Bangladesh is —**
a) Tk. 1 billion b) Tk. 2 billion
c) Tk. 3 billion d) Tk. 4 billion ***ans.*** **D**

Dhaka Bank Ltd.
Recruitment Test for TO – 04.05.2018

02. **Who is the recipient of Nobel Peace Prize in 2017?**
a) Donal Trump b) Barak Obama
c) BRICKS d) ICAN ***ans.*** **D**

Solution: উল্লেখ্য, জীবনের অধিকাংশ সময় France এ কাটিয়েছেন। আর সাহিসিকতা ও ক্ষুরধার লেখনীর মাধ্যমে ব্যক্তিগত স্মৃতির শেকড় সন্ধান, বিরহ-বিচ্ছেদ আর সামষ্টিক সংযমের নতুন পাঠ উন্মোচন করায় ২০২২ সালে সাহিত্যে নোবেল পান ফরাসি লেখক আনি এর্নো।

03. **Which country has the highest rank in the human development index 2016?**
a) Sweden b) Switzerland
c) Norway d) Japan ***ans.*** **C**

Solution: উল্লেখ্য, ২০২১-২২ মানব উন্নয়ন সূচকে শীর্ষ ৩টি দেশ হলো সুইজারল্যানড, নরওয়ে এবং আইসল্যান্ড আর সর্বনিম্ন দেশ হলো দক্ষিণ সুদান (১৯১)। বাংলাদেশের অবস্থান ছিলো ১২৯তম।

04. **Which country has no paper based money circulated anymore?**
a) UK b) Germany
c) USA d) Denmark ***ans.*** **D**

05. **What is the current test cricket ranking of Bangladesh?**
a) 10^{th} b) 7^{th}
c) 5^{th} d) 8^{th} ***ans.*** **Note**

Solution: ১৭ জুন, ২০২৩ এর সর্বশেষ তথ্যানুযায়ী অস্ট্রেলিয়া Test ranking এ প্রথম এবং বাংলাদেশ নবম স্থানে রয়েছে।

07. **The foreign exchange reserve of Bangladesh is:**
a) $ 24,000 Million b) $ 32,907 Million
c) $ 32,402 Million d) $ 39,895 Million
ans. **Note**

Solution: অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী বাংলাদেশের বৈদেশিক মুদ্রার মজুদ: ২৮.৪ বিলিয়ন। Update তথ্য দেখে যাবেন।

Modhumoti Bank Ltd.
Recruitment Test for PO – 06.04.2018

40. **In the Economic Freedom Index published in 2018, Bangladesh is placed in __ position.**
a) 87^{th} b) 128^{th}
c) 130^{th} d) 131^{st} ***ans.*** **B**

Solution: উল্লেখ্য, ১৪ ফেব্রুয়ারি, ২০২২ সালের ওয়াশিংটনভিত্তিক কনজারভেটিভ থিংক ট্যাংক দ্য হেরিটেজ ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত সূচক অনুযায়ী অর্থনৈতিক স্বাধীনতা সূচকে বাংলাদেশের অবস্থান ১৩৭। শীর্ষ দেশ সিঙ্গাপুর। পরীক্ষার তারিখ অনুযায়ী বাংলাদেশের অবস্থান ছিল ১২৮তম।

41. **What was the total score of Bangladesh cricket team in the 'Nidahas Trophy-2018' final against India?**
a) 163 b) 166
c) 167 d) None ***ans.*** **B**

Solution: 'Nidahas Trophy-2018' শ্রীলংকার ৭০তম স্বাধীনতা দিবস উপলক্ষে 'টি-২০' ফরমেটের ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয়।

43. **In which division of Bangladesh has highest literacy rate?**
a) Dhaka b) Barishal
c) Chittagong d) Khulna ***ans.* B**

Solution: বাংলাদেশে বর্তমানে সাক্ষরতার হার ৭৪.৬৬%। গত ১০ বছরে বাংলাদেশে সাক্ষরতার হার ২৬.১০% বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশে সাক্ষরতার হারের ওপর ইউনেস্কো ইনস্টিটিউট ফর স্ট্যাটিসটিক্স এর ২০২২ সালের সর্বশেষ প্রতিবেদনে এ তথ্য প্রকাশ করা হয়। এক দশকে প্রাপ্ত বয়স্ক পুরুষ ও নারীর মধ্যে বর্ধিত সাক্ষরতার হার যথাক্রমে ৭৬.৬৬% এবং ৭২.৮২%।

Southeast Bank Ltd.
Recruitment Test for TO – 28.04.2018

23. **Who has received posthumous Ekushey Padak in 2018?**
a) Liakot Ali Lucky b) Humayun Faridi
c) Mamunur Rashid d) Afzal Hossain ***ans.* B**

Solution: উল্লেখ্য, ১৯ জন বিশিষ্ট নাগরিকে এবং ২টি প্রতিষ্ঠানকে (বিদ্যানন্দ ফাউন্ডেশন ও বাংলাদেশ জাতীয় জাদুঘর) ২০২৩ সালে একুশে পদক প্রদান করা হয়।

26. **Who is the recent Country Director of World Bank for Bangladesh, Bhutan & Nepal?**
a) Junaid Ahmad
b) Patchamuthu Illangovan (Illango)
c) Qimiao Fan
d) Idah Pswarayi-riddihough ***ans.* Note**

Solution: Mercy Miyang Tembon ১ জুলাই ২০১৯ সালে বিশ্ব ব্যাংকের Country Director হিসেবে নিয়োগ লাভ করেন। তিনি বাংলাদেশ এবং ভুটানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।

29. **Who won the Nobel prize in Economics in the year 2017?**
a) Richard H. Thaler b) Patric Mondiano
c) Svetlana Alexievich d) Jean Tirole ***ans.* A**

Solution: শিকাগো ইউনিভার্সিটির অধ্যাপক Richard H. Thaler 2017 সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন। অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মনস্তত্ত্বের প্রভাব নিয়ে গবেষণার জন্য তিনি এই পুরস্কার পান। উল্লেখ্য, ২০২২ সালে **অর্থনীতিতে** যৌথভাবে নোবেল পুরস্কার পেয়েছেন যুক্তরাষ্ট্রের ৩ জন। ১. বেন এস বার্নারকে, ২. ডগলাস ডব্লিউ ডায়মন্ড, ৩. ফিলিপ এইচ ডিবভিগ।

30. **Which country hosted the first-ever G20 Digital Ministerial Meeting on Digital Economy?**
a) Japan b) Germany
c) Russia d) France ***ans.* B**

35. **Which country contributes the highest number of peacekeeprs to United Nations Operation according to the UN report as of 31st January 2018?**
a) European b) Bangladesh
c) India d) Rwanda ***ans.* C**

Solution: বর্তমানে ২০১৮ সালের প্রকাশিত ৩১তম জাতিসংঘ রিপোর্ট অনুযায়ী জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সেনা সরবরাহের দিক থেকে ভারতের অবস্থান শীর্ষে। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে পাকিস্তান এবং বাংলাদেশ। উল্লেখ্য, ২০২১ সালে বাংলাদেশের অবস্থান ১ম।

ONE Bank Ltd.
Recruitment Test for SCO – 29.06.2018

39. **According to the proposed National Budget 2018-19, ... of total revenue will come from VAT.**
a) 32.5% b) 37.3%
c) 38.72% d) None ***ans.* B**

Solution: ২০১৮-১৯ অর্থবছরে ৩,৩৯,২৮০ কোটি টাকা রাজস্ব আদায়ের টার্গেট রয়েছে। এর মধ্যে NBR আদায় করবে ২,৯৬,২০১ কোটি টাকা। মোট রাজস্বের ৩৪.০% আসবে আয়কর থেকে, আমদানি শুল্ক ও অন্যান্য উৎস হতে আসবে ২৮.৭% এবং ভ্যাট থেকে ৩৭.৩% আসবে। উল্লেখ্য, ২০২২-২৩ অর্থবছরের বাজেটে রাজস্ব আয় ধরা হয়েছে জিডিপি'র ৯.৮%; বাজেটের ৬৩.৮%।

40. **In 2018 Bangladesh Women Cricket Team won the Asia Cup T-20 against India by-**
a) 20 runs b) 2 wickets
c) 35 runs d) 3 wickets ***ans.* D**

Standard Bank Ltd.
Recruitment Test for TAO – 20.07.2018

48. **Which sector of economy in Bangladesh contributes most of GDP?**
a) Agriculture b) Industry
c) Service d) Textile ***ans.* C**

City Bank Ltd.
Recruitment Test for MTO – 20.07.2018

45. **Who won Nobel Prize in Economics in 2017?**
a) Angus Deaton b) Tomas Lindahl
c) Richard H. Thaler d) Paul Modrich
e) None of these ***ans.* C**

Solution: অর্থনীতিতে আচরণের মনস্তাত্ত্বিক বিশ্লেষণের জন্য ২০১৭ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন রিচার্ড থ্যালার। মার্কিন এই অর্থনীতিবিদ মনোবিজ্ঞানের সাথে অর্থনীতির বিদ্যমান ব্যবধান ঘোচাতে কাজ করেছেন। শিকাগো বিশ্ববিদ্যালয়ের এই অর্থনীতিবিদের লেখা 'নাজ' নামের বইটি বোদ্ধা ও সাধারণ উভয় পাঠক ক্ষেত্রেই ব্যাপক সমাদৃত হয়েছে।

NRBC Bank Ltd.
Recruitment Test for MTO – 19.10.2018

39. **Nobel Prize in Economic Sciences 2018 has been awarded to**
a) William D. Nordhaus b) Paul M. Romer
c) Both of them d) None of them ***ans.* C**

Solution: ২০২২ সালে **অর্থনীতিতে** যৌথভাবে নোবেল পুরস্কার পেয়েছেন (৩ জন) ডেভিট কার্ড (কানাডা), জোশুয়া ডি অ্যাংরিস্ট (যুক্তরাষ্ট্র) এবং গুইডো ডব্লিউ ইম্বেন্স (নেদারল্যান্ড)।

43. **Which country became champion in the Bangabandhu Gold Cup Football Tournament 2018?**
a) Palestine b) France
c) Tajikistan d) None ***ans.* A**

44. **Which of the following sector has highest contribution to GDP of Bangladesh?**
a) Agriculture b) Service
c) Industry d) None ***ans.* B**

Solution: GDP তে সার্বিক খাতসমূহের অবদানঃ

খাতসমূহ	প্রবৃদ্ধির হার (%)		অবদানের হার (%)	
	২০২০-২১	২০২১-২২	২০২০-২১	২০২১-২২
কৃষি	৩.১৭	২.২০	১২.০৭	১১.৫০
শিল্প	১০.২৯	১০.৪৪	৩৬.০১	৩৭.০৭
সেবা	৫.৭৩	৬.৩১	৫১.৯২	৫১.৪৪
সার্বিক GDP (উৎপাদন মূল্যে)	৬.৯৪	৭.২৫	১০০.০০	১০০.০০

Shajalal Islami Bank Ltd.
Recruitment Test for TSO – 30.11.2018

38. **Who was the man of the match in the test cricket match recently held in Chittagong between Bangladesh and West Indies?**
a) Shakib Al Hasan b) Mushfiqur Rahim
c) Mominul Haque d) Taijul Islam ***ans.* C**

Solution: ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেটদল দুইটি টেস্ট তিনটি ওয়ানডে এবং তিনটি টুয়েন্টি ২০ আন্তর্জাতিক ম্যাচ খেলার জন্য বাংলাদেশ সফর করে, যা নভেম্বর থেকে ডিসেম্বর ২০১৮ এ অনুষ্ঠিত হয়। টেস্টে ম্যান অব দি ম্যাচ হন মমিনুল হক।

40. **Nobel Price in Economic 2018 has been awarded to**
a) William D. Nordhaus b) Paul M. Romer
c) Nadis Marad d) Both a and b ***ans.* D**

Solution: ২০২২ সালে **অর্থনীতিতে** যৌথভাবে নোবেল পুরস্কার পেয়েছেন (৩ জন) ডেভিট কার্ড (কানাডা), জোশুয়া ডি অ্যাংরিস্ট (যুক্তরাষ্ট্র) এবং গুইডো ডব্লিউ ইম্বেন্স (নেদারল্যান্ড)।

41. **According to the World Population Report 2018, which of the following country has highest population growth rate?**
a) Bangladesh b) Oman
c) Congo d) Libya ***ans.* B**

Solution: উল্লেখ্য, বিশ্ব জনসংখ্যা রিপোর্ট ২০২২ অনুযায়ী সর্বাধিক জন্মহারের দেশ সিরিয়া (৫.৫%) এবং সর্বনিম্ন দেশ লেবানন (- ১.৩%)। আর বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার ০.৯%। আর অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার ১.৩৭%।

IFIC Bank Ltd.
Recruitment Test for TSO – 25.01.2019

44. **What is the percentage of shareholding of the Government of Bangladesh IFIC Bank Ltd.?**
a) 25% b) 32.75%
c) 35.50% d) 15.25% ***ans.* B**

65. **In terms of GDP, which one of the following is the 2nd largest economy?**
a) USA b) UK
c) Japan d) China ***ans.* D**

Solution: বিশ্ব অর্থনীতি GDP তে ১ম যুক্তরাষ্ট্র এবং ২য় চীন।

Pubali Bank Ltd.
Recruitment Test for TAJO (Cash) – 15.02.2019

78. **Which country will host the 2019 Cricket World Cup?**
a) England & Wales b) South Africa
c) West Indies d) New Zealand ***ans.* A**

Solution: ২০২৩ সালে ১৩তম ওয়ানডে বিশ্বকাপ ক্রিকেট খেলা অনুষ্ঠিত হবে ভারতে।

97. **What is the GDP per capital of Bangladesh in USD?**
a) 1751 b) 1650
c) 1675 d) 1505 ***ans.* Note**

Solution: উল্লেখ্য, ২০২২-২৩ বাজেট অনুযায়ী মাথাপিছু জাতীয় আয় ৩,০০৭ মার্কিন ডলার আর অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুযায়ী মাথাপিছু জাতীয় আয় ২,৮২৪ মার্কিন ডলার।

98. **Nobel Prize in economics in 2018 is awarded to**
a) Richard Thaler
b) Paul Romer & William Nordhaus
c) Oliver Hart
d) Peter Diamond ***ans.* B**

Solution: ২০১৮ সালে নোবেল পুরস্কার দেওয়া হয় ১২ জন ব্যক্তিকে। তন্মধ্যে 'জলবায়ু পরিবর্তন ও প্রযুক্তি কীভাবে অর্থনীতিকে প্রভাবিত করে' এ বিষয়ে গবেষণার জন্য অর্থনীতিতে যুক্তরাষ্ট্রের ২ জন ব্যক্তি উইলিয়াম ডি. নর্ডহাউস ও পল মাইকেল রোমারকে পুরস্কার দেয়া হয়। প্রসঙ্গত, যৌন কেলেঙ্কারির অভিযোগে ২০১৮ সালে সাহিত্যে নোবেল স্থগিত করা হয়।

Islami Bank Bangladesh Ltd.
Recruitment Test for PO – 04.03.2019

20. **When did Bangladesh Post Office (BPO) launch "Daak Taka" as a digital wallet?**
a) 9th December, 2017 b) 10th December, 2017
c) 7th January, 2018 d) 10th February, 2018
***ans.* Note**

Solution: Daak Taka বা ডাক টাকা বাংলাদেশ ডাক বিভাগের মোবাইল ব্যাংকিং এর একটি সেবা। এটি বাংলাদেশে সরকারের হাজারেরও বেশি ডাকঘরের মাধ্যমে প্রায় তিন কোটি

ব্যাংকিং সুবিধাবঞ্চিত মানুষকে ব্যাংকিং সুবিধা দেবার একটি উদ্যোগ। ১১ ডিসেম্বর ২০১৭ প্রধানমন্ত্রী আইসিটি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় ডাক বিভাগের ডিজিটাল ওয়ালেট 'ডাক টাকা'র উদ্বোধন করেন।

24. **How many member countries does Islamic Development Bank have?**
a) 54 b) 55
c) 56 d) 57 ***ans.* D**

Pubali Bank Ltd.
Recruitment Test for JO – 01.03.2019

85. **The High Commissioner of India to Bangladesh who has been appointed as the new Indian Ambassador to USA**
a) Pinak Ranjan Chakravarty
b) Riva Ganguly Das
c) Harsha Vardhan Shringla
d) None of these ***ans.* Note**

Solution: বর্তমানে বাংলাদেশের নিযুক্ত ভাতরতীয় হাইকশিনার হলেন প্রণয় কুমার ভার্মা (৩০ জুলাই, ২০২২ সালে)।

86. **What is the global rank of Bangladesh in terms of population?**
a) 7^{th} b) 9^{th}
c) 8^{th} d) 10^{th} ***ans.* Note**

Solution: বিশ্ব জনসংখ্যা রিপোর্ট ২০২২ অনুযায়ী বাংলাদেশের অবস্থান ৮ম।

IFIC Bank Ltd.
Recruitment Test for TSO – 29.06.2019

43. **Which Cricket team that recorded the 2^{nd} highest successful chase in World Cup history?**
a) India b) West Indies
c) Bangladesh d) Pakistan ***ans.* C**

Solution: বিশ্বকাপ ক্রিকেট ইতিহাসে বাংলাদেশ (২০১৯ সালে) ২য় দেশ হিসাবে সর্বোচ্চ রান তাড়া করে জয়লাভ করে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে। ওয়েস্ট ইন্ডিজের করা ৩২১ রানকে তাড়া করে জয়লাভ করে বাংলাদেশ। ২০১১ সালে আয়ারল্যান্ড ১ম দেশ হিসেবে ইংল্যান্ডের করা ৩২৭ রান তাড়া করে জয়লাভ করে।

51. **What is the percentage of shareholding of the Government of Bangladesh in IFIC Bank Ltd.?**
a) 35% b) 32.75%
c) 35.50% d) 15.25% ***ans.* B**

60. **Which country is to release the new Banknotes of 10,000, 20,000 and 50,000 denominations for racketing hyperinflation which erode the currency's value?**
a) Libya b) Russia
c) Venezuela d) Syria ***ans.* C**

Solution: সম্প্রতি ভেনেজুয়েলায় উলম্ফন মুদ্রাস্ফীতির বেগ প্রশমনের জন্য 10,000, 20,000 এবং 50,000 মূল্যমানের নোট ছাপিয়েছে।

64. **US President Donald Trump announces tariffs on all goods from which country?**
a) Brazil b) Italy
c) Canada d) Mexico ***ans.* D**

Dutch-Bangla Bank Ltd.
Recruitment Test of PO – 15.11.2019

33. **In which district the Burimari Land Port is situated?**
a) Kurigram b) Rangpur
c) Lalmnonirhat d) Nawabganj
e) None of these ***ans.* C**

Solution: বর্তমানে বাংলাদেশে স্থলবন্দরের সংখ্যা মোট ২৪টি। এর মধ্যে অপশনে উল্লিখিত কুড়িগ্রামে 'সোনাহাট স্থালবন্দর', লালমনিরহাটে 'বুড়িমারি স্থলবন্দর', চাঁপাইনবাবগঞ্জে 'সোনা মসজিদ স্থলবন্দর' অবস্থিত এবং রংপুরে কোন স্থলবন্দর নেই। সর্বশেষ ২৪তম স্থলবন্দর ভোলাগঞ্জ, সিলেট।

United Commercial Bank Ltd.
Recruitment Test for PO: 03.01.2020

42. **When did the last Agricultural Census take in Bangladesh?**
a) 2015 b) 2017 c) 2018
d) 2019 e) None ***ans.* D**

Solution: দেশে ষষ্ঠবারের মতো কৃষি শুমারির জন্য ৯ জুন ২০১৯ থেকে ২০ জুন ২০১৯ পর্যন্ত তথ্য সংগ্রহ করা হয় শস্য, মৎস্য ও প্রাণি সম্পদের ওপর। পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীনে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কৃষি শুমারি ২০১৯ পরিচালনা করে। স্বাধীন বাংলাদেশে ১৯৭৭ সালে প্রথম কৃষি শুমারি অনুষ্ঠিত হয়।

Southeast Bank Ltd.
Recruitment Test for PO: 15.02.2020

44. **How much is the foreign exchange reserve of Bangladesh?**
a) $24,000 Million b) $32,689 Million
c) $12,000 Million d) $39,895 Million
***ans.* Note**

Solution: অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী বাংলাদেশের বৈদেশিক মুদ্রার মজুদ: ২৮.৪ বিলিয়ন। Update তথ্য দেখে যাবেন।

47. **The 2020 Olympic will be held in ____.**
a) London b) Doha
c) Tokyo d) Beijing ***ans.* C**

Solution: ২০২০ সালের ৪ জুলাই থেকে ৯ আগস্ট জাপানের টোকিওতে গ্রীষ্মকালীন অলিম্পিকের ৩২তম আসর অনুষ্ঠিত হওয়া কথা ছিলো। কিন্তু করোনার কারণে স্থগিত করা হয়। এই অলিম্পিক ২০২১ সালে অনুষ্ঠিত হয়।

50. **Who won the Nobel Price in economics in 2019?**
a) Paul M. Romer b) Esther Duflo
c) Svetlana Alexievich d) Jean Tirole ***ans.* B**

Solution: উল্লেখ্য, ২০২২ সালে **অর্থনীতিতে** যৌথভাবে নোবেল পুরস্কার পেয়েছেন যুক্তরাষ্ট্রের ৩ জন। ১. বেন এস বার্নারকে, ২. ডগলাস ডব্লিউ ডায়মন্ড, ৩. ফিলিপ এইচ ডিবভিগ।

NRBC Bank Ltd.
Recruitment Test of TAO – 01.01.2021

71. **What is the Cash Reserve Ratio (CRR) for the scheduled commercial bank?**
a) 8.2% b) 2.2%
c) 4.0% d) 7.4% ***ans.* C**

Solution: CRR হলো Cash Reserve Ratio বা নগদ সংরক্ষিত অনুপাত। মোট ব্যাংক জামানতের একটি নির্দিষ্ট শতাংশ কেন্দ্রীয় ব্যাংকের সাথে বর্তমান Account এ রাখা হয়। এই অর্থ ব্যাংক বিনিয়োগ করতে পারে না। অর্থাৎ বাণিজ্যিক ব্যাংক বাংলাদেশ ব্যাংকের সাথে দিন শেষে স্থানীয় মুদ্রায় যে Balance রাখে তাকে CRR বলে। Monetary Policy ঠিক রাখার জন্য কেন্দ্রীয় ব্যাংকে SLR এবং CRR মিলে ১৮.৫০% রাখতে হয়। এর মধ্যে CRR হলো ৪.০%.

73. **Who won the Nobel Prize in economics in 2020?**
a) Paul M. Romer b) Paul R. Milgrom
c) Svetlana Alexievich d) Jean Tirole ***ans.* B**

Solution: উল্লেখ্য, ২০২২ সালে **অর্থনীতিতে** যৌথভাবে নোবেল পুরস্কার পেয়েছেন যুক্তরাষ্ট্রের ৩ জন। ১. বেন এস বার্নারকে, ২. ডগলাস ডব্লিউ ডায়মন্ড, ৩. ফিলিপ এইচ ডিবভিগ।

77. **How much is the current foreign exchange reserve of Bangladesh?**
a) $24,000 Million b) $43,017 Million
c) $39,185 Million d) $40,816 Million
***ans.* Note**

Solution: অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী বাংলাদেশের বৈদেশিক মুদ্রার মজুদ: ২৮.৪ বিলিয়ন। Update তথ্য দেখে যাবেন।

First Security Islami Bank Ltd.
Recruitment Test for PO – 19.02.2021

47. **How much is the foreign exchange reserve of Bangladesh as of January 2021?**
a) $24,00 Million b) $42,670 Million
c) $27,450 Million d) $65,895 Million
***ans.* B**

Solution: অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী বাংলাদেশের বৈদেশিক মুদ্রার মজুদ: ২৮.৪ বিলিয়ন। Update তথ্য দেখে যাবেন।

Dhaka Bank Ltd.
Recruitment Test for TO – 05.02.2021

26. **How much is the current foreign exchange reserve of Bangladesh?**
a) $24,000 million b) $42,973 million
c) $39,185 million d) $36,816 million
***ans.* Note**

Solution: অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী বাংলাদেশের বৈদেশিক মুদ্রার মজুদ: ২৮.৪ বিলিয়ন। Update তথ্য দেখে যাবেন।

Social Islami Bank Ltd.
Recruitment Test for PO – 12.03.2021

53. **Who is the current coach of Bangladesh National Football Team?**
a) Russell Domingo b) Fabio Lopez
c) Maruful Hue d) Jemie Day ***ans.* D**

Solution: Jemie Day হলেন একজন ইংরেজ সাবেক পেশাদার ফুটবল খেলোয়াড় এবং কোচ। তিনি বর্তমানে বাংলাদেশ জাতীয় দলের কাচের দায়িত্ব পালন করছেন। Jemie Day তার খেলোয়াড়ী জীবনের অধিকাংশ সময় ওয়েলিং ইউনাইটেডের হয়ে একজন মধ্যমাঠের খেলোয়াড় হিসেবে খেলেছেন।

Global Islami Bank Ltd.
Probationary Officer – 02.04.2022

46. **Who is the foreign minister of Russia?**
a) Vladimir Titov b) Sergey Lavrov
c) Igot Morgudov d) Vlakimir Tolaky
***ans.* B**

Solution: রাশিয়ান পররাষ্ট্রমন্ত্রী হলো সের্গেই লেভরভ। উল্লেখ্য, ইউক্রেনের পররাষ্ট্রমন্ত্রী হলো দিমিত্র কুলেবা।

NRB Commercial Bank Ltd.
Trainee Officer – 13.05.2022

52. **Which country is the highest emitter of CO_2?**
a) Bangladesh b) Afghanistan
c) Pakistan d) China ***ans.* D**

Solution: CAIT Climate Data Explorer – 2021 অনুযায়ী China প্রায় 23.92 শতাংশ CO_2 এবং USA প্রায় 11.84 শতাংশ CO_2 নিঃসরণ করে।

NRBC Bank Ltd.
Recruitment Test of TAO – 01.01.2021
BUSINESS STUDIES, DU

01. নিচের কোনটি দ্বিগু সমাস?
a) আপাদমস্তক b) রুই কাতলা
c) একরোখা d) সেতার **ans. D**

Solution: সেতার = সে (তিন) তারের সমাহার। উল্লেখ্য, সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে সমাসনিষ্পন্ন পদটি বিশেষ্য পদ হয়। যেমনঃ তিন কালের সমাহার = ত্রিকাল, চৌরাস্তার সমাহার = চৌরাস্তা, তিন মাথার সমাহার = তেমাথা, শত অব্দের সমাহার = শতাব্দী, ত্রি (তিন) পদের সমাহার = ত্রিপদী, পঞ্চবটের সমাহার = পঞ্চবটী, ইত্যাদি। এরূপ অষ্টধাতু, চতুর্ভুজ, চতুরঙ্গ, ত্রিমোহিনী, তেরনদী, পঞ্চভূত, সাতসমুদ্র ইত্যাদি।

02. বাংলা ভাষার সাধু ও চলিত রূপের মধ্যে তুলনামূলক গবেষণা করেন কে?
a) উইলিয়াম কেরি b) এডওয়ার্ড ডিমোক
c) শ্যামাচরণ গঙ্গোপাধ্যায় d) প্রমথ চৌধুরী **ans. D**

03. 'জঙ্গম' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
a) সৈকত b) অরণ্য
c) স্থাবর d) সাগর **ans. C**

04. 'বুলবুলিতে ধান খেয়েছে' এই বাক্যের 'বুলবুলিতে' শব্দে কোন কারকে কোন বিভক্তি রয়েছে?
a) করণে সপ্তমী b) অধিকরণে সপ্তমী
c) কর্তৃকারকে সপ্তমী d) অপাদানে সপ্তমী **ans. C**

Solution: কর্তৃকারকের সপ্তমী বিভক্তির কিছু উদাহরণ হলোঃ বুলবুলিতে ধান খেয়েছে খাজনা দিব কীসে? (য়-বিভক্তি) ঘোড়ায় গাড়ি টানে। (তে-বিভক্তি) গরুতে দুধ দেয়।

05. বাংলা লিপির উদ্ভব হয়েছে কোন প্রাচীন লিপি থেকে?
a) সংস্কৃত লিপি b) চীনা লিপি
c) আরবি লিপি d) ব্রাহ্মী লিপি **ans. D**

Solution: এই উপমহাদেশে আর্য ভাষার প্রাচীনতম যে বর্ণমালার সন্ধান পাওয়া যায় তা খ্রিষ্টপূর্ব তৃতীয় শতকের, অশোকের শাসনামলে। বগুড়ার মহাস্থানগড়ে যে লিপি পাওয়া গেছে তাতে প্রাপ্ত লিপির সাদৃশ্য আছে। এই লিপিকে ব্রাহ্মী লিপি বলে। ব্রাহ্মী লিপি কুষাণ ও গুপ্ত রাজাদের আমলে পরিবর্তিত হয়ে তিনটি রূপ ধারণ করে।

06. কোন রচনাটি পুঁথি সাহিত্যের অন্তর্গত নয়?
a) মৈয়মনসিংহ গীতিকা b) ইউসুফ জুলেখা
c) পদ্মাবতী d) লাইলী মজনু **ans. A**

Solution: 'মৈয়মনসিংহ গীতিকা' বাংলা লোকগীতির একটি ভাগ। ড. দীনেশচন্দ্র সেনের আগ্রহে এবং স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের পৃষ্ঠপোষকতায় চন্দ্রকুমার দে 'মৈয়মনসিংহ গীতিকা' সংগ্রহ করেন। এটি ২৩টি ভাষায় অনূদিত হয়। আর আরবি, ফারসি, উর্দু এবং হিন্দি ভাষার মিশ্রণে রচিত সাহিত্যকে পুঁথি সাহিত্য বলে। 'ইউসুফ জুলেখা' এবং 'লাইলী মজনু' ফারসি প্রেম উপাখ্যান। আর 'পদ্মাবতী' হিন্দি কাহিনি অবলম্বনে রচিত অনুবাদ সাহিত্য ও বাংলা রোমান্টিক প্রণয়োপাখ্যান যা পুঁথি সাহিত্যের অন্তর্গত।

07. বাংলাদেশের জাতীয় সংগীতের ইংরেজি অনুবাদক কে?
a) সৈয়দ আলী আহসান
b) ড. আশরাফ সিদ্দিকী
c) ড. আলাউদ্দিন আল আজাদ
d) কবি আব্দুস সাত্তার **ans. A**

Solution: সৈয়দ আলী আহসান বাংলাদেশের একজন খ্যাতনামা সাহিত্যিক কবি, সাহিত্য সমালোচক, অনুবাদক, প্রাবন্ধিক এবং শিক্ষাবিদ। ১৯৮৯ সালে বাংলাদেশ সরকার তাকে জাতীয় অধ্যাপক হিসেবে স্বীকৃতি প্রদান করে। তিনি তার পান্ডিত্যের জন্য প্রসিদ্ধ ছিলেন। সৈয়দ আলী আহসান কৃত বাংলাদেশের জাতীয় সংগীতের ইংরেজি অনুবাদ সরকারি ভাষান্তর হিসেবে স্বীকৃত। বিশিষ্ট শিক্ষাবিদ, কবি, প্রাবন্ধিক, গবেষক, সম্পাদক, অনুবাদক ও জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসান ১৯২২ সালের ২৬ মার্চ বর্তমান মাগুরা জেলার আলোকদিয়া গ্রামে এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন।

08. 'ক্লান্তি আমার ক্ষমা কর প্রভু' গানটির রচয়িতা কে?
a) কাজী নজরুল ইসলাম b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) হাছন রাজা d) লালন শাহ **ans. B**

09. নিচের কোনগুলো ওলন্দাজ শব্দ?
a) আনারস, আলপিন b) গীর্জা, পাদ্রী
c) রুইতন, হরতন d) স্কুল, কলেজ **ans. C**

Solution: **ওলন্দাজ শব্দঃ** রুইতন, হরতন, ইস্কুপ, তুরুপ, টেক্কা, ইস্কাপন ইত্যাদি।

10. চলিত রীতি প্রতিষ্ঠায় কোন পত্রিকার নাম স্মরণীয়?
a) সমকাল b) দিগদর্শন
c) সন্দেশ d) সবুজপত্র **ans. D**

Solution: চলিত রীতি প্রতিষ্ঠায় 'সবুজপত্র' পত্রিকার নাম স্মরণীয়। ১৯১৪ খ্রিষ্টাব্দে মাসিক 'সবুজপত্র' প্রমথ চৌধুরীর সম্পাদনায় প্রকাশিত হয়। বাংলা গদ্যরীতির বিকাশে এই পত্রিকার গুরুত্ব অপরিসীম। সাধু গদ্যরীতির বদলে চলিত গদ্যরীতি এই পত্রিকা ব্যবহার ও প্রতিষ্ঠা করে। রবীন্দ্রনাথ নিজেও এই পত্রিকায় লেখার সুবাদে চলিত গদ্যরীতির স্বাচ্ছন্দ্য অনুভব এবং পরে তা চর্চা করেন। সাহিত্যজগতে এই পত্রিকা 'সবুজপত্র গোষ্ঠী' তৈরি করতে সক্ষম হয়। উল্লেখ্য, 'সমকাল' (১৯৫৭)

Recent Publications
www.exambd.net



২০০০ + চাকরির প্রস্তুতি সহায়ক ফ্রি PDF ফাইল ডাউনলোড করতে

www.exambd.net এর সাথেই থাকুন।

Download Menu👇

- চাকরির প্রস্তুতি সহায়ক বই PDF
- বিগত সালের নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান PDF
- গণিতের বই PDF
- মাসিক কারেন্ট অ্যাফেয়ার্স PDF
- সাম্প্রতিক নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান PDF
- ইংরেজি শেখার সকল বই PDF
- বিশ্ববিদ্যালয় ভর্তির প্রস্তুতি সহায়ক বই PDF

উপরের Menu থেকে প্রয়োজনীয় PDF ফাইলটি ডাউনলোড করে নিন

পত্রিকাটি সম্পাদনা করেন সিকান্দার আবু জাফর আর 'দিগদর্শন' (১৮১৮) পত্রিকাটি প্রথম সম্পাদন করেন জন ক্লার্ক মার্শম্যান।

11. কোনটি শুদ্ধ বাক্য?

a) মেয়েটি বুদ্ধিমান
b) আকণ্ঠ পর্যন্ত ভোজন করলাম
c) এ সৌন্দর্য ছেড়ে কোথাও নড়িতে ইচ্ছা হয় না
d) নৌকা স্রোতে ভাসিয়া চলিয়াছিল **ans. D**

Solution: প্রশ্নটিতে শুদ্ধ বাক্য হলো নৌকা স্রোতে ভাসিয়া চলিয়াছিল। উল্লেখ্য, এটি মানিক বন্দোপাধ্যায় রচিত 'পদ্মা নদীর মাঝি' উপন্যাসের একটি উক্তি।

অশুদ্ধ	মেয়েটি বুদ্ধিমান	এ সৌন্দর্য ছেড়ে কোথাও নড়িতে ইচ্ছা হয় না	আকণ্ঠ পর্যন্ত ভোজন করলাম
শুদ্ধ	মেয়েটি বুদ্ধিমতী	এই সৌন্দর্য ছেড়ে কোথাও যেতে ইচ্ছে করে না	আকণ্ঠ ভোজন করলাম

12. "আগে প্রতি বছর এখানে খেলা হত"। এ বাক্যে কোন ধরনের অতীত কালের প্রয়োগ লক্ষ্য করা যায়?

a) সাধারণ অতীত b) ঘটনার অতীত
c) পুরাঘটিত অতীত d) নিত্যবৃত্ত অতীত **ans. D**

Solution: অতীত কালে যে ক্রিয়া সাধারণ অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়, তাকে নিত্যবৃত্ত অতীত কাল বলে। যেমনঃ আমরা তখন রোজ সকালে নদী তীরে ভ্রমণ করতাম।

13. কোনটি মধ্যপদলোপী কর্মধারায় সমাসের উদাহরণ?

a) গায়ে হলুদ b) চাল কুমড়া
c) ছয়নি d) ছায়াছবি **ans. B**

Solution: চাল কুমড়া = চালে ধরে যে কুমড়া। উল্লেখ্য, যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমনঃ সিংহ চিহ্নিত আসন = সিংহাসন, সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা, স্মৃতি রক্ষার্তে সৌধ = স্মৃতিসৌধ ইত্যাদি।

14. 'তিনি ব্যাকরণে পণ্ডিত'। এ বাক্যে 'ব্যাকরণে' কোন কারক ও কোন বিভক্তি?

a) অধিকরণ কারকে সপ্তমী b) সম্প্রদান কারকে সপ্তমী
c) অপাদান কারকে দ্বিতীয়া d) কর্মকারকে সপ্তমী **ans. A**

Solution: প্রথাগত ব্যাকরণ অনুসারে, যে স্থানে বা যে সময়ে ক্রিয়া সম্পাদিত হয় তাকে অধিকরণ কারক বলে। যেমনঃ ছেলেরা **মাঠে** খেলে। ছাত্রীরা **পাঠাগারে** পড়ে। বাক্যে যে পদে ক্রিয়ার আধারকে বোঝায় তাকে বলে অধিকরণ কারক।

ক্রিয়াপদ ধরে কোথায়, কোন স্থানে, কখন, কোন সময়ে, কবে, কোন বিষয়ে বা ব্যাপারে- এসব প্রশ্ন করলে তার উত্তরে অধিকরণ কারক পাওয়া যায়। যেমনঃ পড়ুয়ারা **ক্লাসে** পড়ে। কোথায় পড়ে? ক্লাসে অর্থাৎ ক্লাসের মধ্যে। তাই ক্লাসে অধিকরণ কারক। তারা **সকালে** পড়ে। কখন পড়ে? সকালে। 'সকালে' হলো অধিকরণ কারক।

15. নিত্য মূর্ধন্য-ষ কোন শব্দে বর্তমান?

a) কষ্ট b) উপনিষৎ
c) কল্যাণীয়েষু d) আষাঢ় **ans. D**

Solution: কতগুলো শব্দে স্বভাবতই 'ষ' হয়। যেমনঃ আষাঢ়, ষড়ঋতু, রোষ, কোষ, ভাষণ, ভাষা, ঊষা, পৌষ, কলুষ, পাষাণ, মানুষ, ঔষধ, ষড়যন্ত্র, ভূষণ, দ্বেষ ইত্যাদি।

16. 'মাছের মা' বাগধারার অর্থ

a) কঠোর b) অত্যাচারী
c) নিষ্ঠুর d) নীতিহীন **ans. C**

Solution: মাছের মা (নিষ্ঠুর)ঃ তার মত মাছের মা লোকের থেকে শান্ত্বনা আশা করো না।

Fill in the blanks (Question 17 – 24):

17. The party boss shrewdly shifted party lines, hence he was able to ____ any voting bloc out of ____.

a) sanction, hand
b) disavow, actuality
c) validate, district
d) gerrymander, existence **ans. D**

Solution: দলের নেতা অত্যন্ত সুকৌশলে এমন একটি কাজ করলেন যার কারণে সে এমন একটি কাজ করতে সক্ষম হয়েছিলেন যা কখনোই সম্ভব ছিল না বা আগে কখনোই হয়নি। আর সেই কাজটি হলো তিনি পার্টি লাইন তৈরী করে নির্বাচনে তার দলকে অন্যায়ভাবে সুবিধা দেয়ার জন্য অসদুপায় অবলম্বন (Gerrymander) করেছিলেন। তাই সঠিক উত্তর অপশন *d*).

Sanction অর্থ অনুমোদন; মঞ্জুরি। Hand অর্থ হাত বাড়িয়ে সাহায্য করা। Disavow অর্থ অস্বীকার করা। Actuality অর্থ প্রকৃত অস্তিত্ব; সত্যতা। Validate অর্থ বৈধ করা। Existence অর্থ অস্তিত্ব; বিদ্যমানতা। District অর্থ জেলা; প্রশাসনিক এলাকাবিশেষ।

বাক্যের অর্থঃ দলের নেতা সুকৌশলে পার্টি লাইন পরিবর্তন করলো যাতে সে নজীরবিহীনভাবে নির্বাচনের সময় তার দলকে সুবিধা দিতে পারে।

18. The restaurant itself was beautiful and the service was excellent but the food was ____.

a) superb b) shabby
c) inedible d) delicious **ans. C**

Solution: খাবারের ক্ষেত্রে অত্যন্ত ভালো হলে তা হয়ে Delicious (সুস্বাদু); আর ভালো না হলে বা একে খাওয়ার অযোগ্য হলে তা হয় Inedible (খাবারের অযোগ্য)। এক্ষেত্রে প্রথমে বলা হলো, রেস্টুরেন্টটি অনেক সুন্দর। আবার, তার সার্ভিসটা ভালো। এরপর 'but' থাকায় সুন্দর ও ভালো সার্ভিসের পরিপন্থি কোনো শব্দ বসবে। তাই Inedible হলো সঠিক উত্তর।

Recent Publications
www.eXamBd.net

Superb অর্থ দেদীপ্যমান; চমৎকার। Shabby অর্থ জীর্ণ; ছেঁড়াখোঁড়া; মলিন।

বাক্যের অর্থঃ রেস্টুরেন্টটি সুন্দর, ভালো তার সার্ভিসও কিন্তু খাবারটা একেবারেই খাবারের অযোগ্য।

19. **He was the chief ____ of his uncle's will; in short, he was left with an ____ of $2,00,000.**
a) beneficiary, inheritance
b) heir, invoice
c) adjudicator, reckoning
d) plethora, estate **ans. A**

Solution: বাক্যটিতে Uncle's will দ্বারা তার চাচার ধন-সম্পত্তিকে বুঝানো হয়েছে যার প্রধান ভোগকারী (Chief beneficiary) হলো He. আর তার চাচা উত্তরাধিকার (Inheritance) হিসেবে $2,00,000 মূল্যের সম্পদ রেখে গেছেন। তাই এই প্রশ্নের অর্থপূর্ণ উত্তর হবে অপশন *a*). Heir অর্থ উত্তরাধিকারী; ওয়ারিস। Invoice অর্থ চালান। Adjudicator অর্থ বিচারক। Reckoning অর্থ গণনা করা। Plethora অর্থ অতি প্রাচুর্য। Estate অর্থ ভূ-সম্পত্তি।

বাক্যের অর্থঃ সে তার চাচার সম্পত্তির প্রধান ওয়ারিশ। অতি অল্প সময়েই তিনি $2,00,000 মূল্যের সম্পত্তি রেখে গিয়েছেন।

20. **When his temperature ____ above 104°F, then he became agitated and ____.**
a) descended, demanded
b) rose, mobile
c) stayed, ambulatory
d) climbed, delicious **ans. D**

Solution: শরীরের তাপমাত্রা বৃদ্ধি অর্থে Climb বসবে এবং তাপমাত্রা 104° ফারেনহাইট হয়ে গেলে স্বাভাবিকভাবেই যে-কেউ Agitated (বিক্ষুব্ধ) ও Delicious (বিকারগ্রস্ত) হয়ে পড়ে। তাই উত্তর হবে অপশন *d*). Descend অর্থ অবতরণ/অবরোহণ করা; নামা। Demand অর্থ আকাঙ্ক্ষা করা। Stay অর্থ থাকা; অবস্থান করা। Ambulatory হাঁটা সংক্রান্ত।

বাক্যের অর্থঃ যখন তার শরীরের তাপমাত্রা 104° ফারেনহাইটের উপরে উঠে গেল তখন সে উন্মত্ত ও বিকারগ্রস্ত হয়ে পড়লো।

21. **Although he was never at the scene of the crime, his complicity was uncovered; he had ____ and ____ the robbery by disposing of the stolen property.**
a) impeded, shunned
b) assisted, foiled
c) hindered, eschewed
d) aided, abetted **ans. D**

Solution: বাক্যের শুরুতেই Although থাকায় বাক্যে Was never at the scene (অপরাধ সংঘটনের স্পটে ছিলেন না) এবং Complicity was uncovered (অপকর্মে সংযুক্ত থাকার বিষয়টি প্রমাণিত হয়নি) থাকলেও পরবর্তী অংশে এমন Word বসবে যার দ্বারা তার অপরাধের বিষয়টি প্রমাণিত হয়। আর এক্ষেত্রে Abet দ্বারা বুঝানো হচ্ছে যে, সে ঐ দুষ্কার্যে সহযোগিতা করেছিল। তাই সঠিক উত্তর হলো *d*).

উল্লেখ্য, Impeded – অর্থ ব্যাহত; ব্যাধিত; বাধাগ্রস্ত করা, Hinder – অর্থ ব্যাহত; বিঘ্নিত, Assist – অর্থ সাহায্য; সহায়তা, Shun – অর্থ কোনো কিছু থেকে দূরে থাকা; পরিহার করা, Eshew – অর্থ এড়িয়ে চলা; বিরত থাকা।

বাক্যের অর্থঃ যদিও সে অপরাধ সংঘটনের স্থানে কখনো ছিল না; অপরাধে তার সংযুক্তি পাওয়া যায়নি তবুও সে চুরিকৃত মাল ধ্বংস করে অপরাধে সাহায্য করেছিল।

22. **The offenders then prostrated themselves and ____ for mercy.**
a) conceded b) petitioned
c) reiterated d) submitted **ans. B**

Solution: যারা আইন লঙ্ঘন করেছিলো (Offenders) তারা ক্ষমা প্রার্থনার (Mercy) জন্য কি করতে পারে?

এক্ষেত্রে উত্তর হিসেবে আসতে পারে-সবিনয়ে বা আকুলভাবে আবেদন করা (Petitioned for)। যেমনঃ The opposition petitioned for a reconsideration of tax-hike. আবার, A group of people petitioned for public attention of the issue. তাই সঠিক উত্তর হবে *b*).

বাক্যের অর্থঃ আইন লঙ্ঘনকারীরা মাটিতে বসে পড়ে গেল এবং সবিনয়ে ক্ষমা প্রার্থনা করলো।

23. **If you find peeling potatoes to be ____, then perhaps you would ____ scrubbing the floors.**
a) burdensome, despise b) tiresome, encourage
c) onerous, prefer d) galling, detest **ans. C**

Solution: প্রথমে আলুর খোসা ছড়ানোর ব্যাপারটিকে (Peeling potatoes) প্রতিটি অপশনেই কষ্টকর, কষ্টসাধ্য বা ক্লান্তিকর হিসেবে সাব্যস্ত করা হয়েছে। সেই হিসেবে আপনি যেকোন অপশনকেই উত্তর হিসেবে বেছে নিতে পারেন। কিন্তু পরে peeling potatoes এর Alternative হিসেবে অন্য কোনো কর্ম থাকলে তখন ঐ দুই কর্মের সাথে তুলনা করে যেটা কম কষ্টকর সেটাকেই আপনি বেছে নিবেন (Prefer). আর এক্ষেত্রে ঘর ঝাড়ুর বিষয়টি (Scrubbing the floors) অধিকতর পচ্ছন্দনীয় হওয়া অর্থে (Prefer) বসতে পারে। কিন্তু অন্য অপশনে Scrubbing the floor কেও ঘৃণ্য কাজ বা কদর্য কাজ হিসেবে দেখানো হয়েছে। তাই সঠিক উত্তর হবে *c*).

Recent Publications
www.exambd.net

উল্লেখ্য, Burden অর্থ বোঝা, Despise অর্থ অবজ্ঞা; ঘৃণা, Detest অর্থ তীব্রভাবে ঘৃণা করা, Onerous অর্থ কষ্টসাধ্য; গুরুভার।

বাক্যের অর্থঃ আলুর খোসা ছাড়ানোর কাজটি আপনার কাছে কঠিন মনে হলে আপনি মেঝে পরিস্কারের কাজটিকে পছন্দ করে থাকবেন।

24. **The film was completely devoid of any plot or character development; it was merely a ____ of striking images.**

a) proximity b) duration
c) dilettante d) montage **ans. D**

Solution: Montage অর্থ ধারাবাহিক ফিল্ম তৈরী করার জন্য ফিল্মের নির্বাচন, কর্তন ও বিন্যাস। অর্থাৎ ফিল্ম তৈরীর একটি প্রক্রিয়া বা অংশ হলো Montage যা কোনো পরিপূর্ণ মুভি বা ফিল্ম নয়। এর আরেকটি অর্থ হলো সংগ্রহশালা। Dilettante অর্থ কাব্য বা সঙ্গীত ইত্যাদির অনুরাগী ব্যক্তি। উল্লেখ্য Proximity অর্থ সামিপ্য; নৈকট্য, Duration অর্থ স্থিতিকাল; স্থায়িত্ব।

বাক্যের অর্থঃ ফিল্মটি আসলে কাহিনী ও চরিত্রের উন্নয়ন বিবর্জিত একটি ছবি। এটি আসলে আকর্ষণীয় ছবির একটি সংগ্রহ বিন্যাস।

Choose the best version of the underlined portion of each sentence (Question 25-33)

25. **Each year it seems to get harder to pay for a college education because a college education costs so much and it has been difficult to get scholarships.**

a) it has been difficult to get a scholarships
b) it be difficult to get scholarship money.
c) and it is being difficult to get scholarships
d) scholarships are difficult to get **ans. D**

Solution: It has been difficult to get scholarships অর্থ শিক্ষালাভের জন্য বৃত্তি পাওয়া খুবই দুষ্কর। এর হিসেবে Synonymous হিসেবে অপশন *d*) বসতে পারে।

বাক্যের অর্থঃ প্রতি বছর শিক্ষাব্যয় বাবদ ফি পরিশোধ খুবই কঠিন মনে হয় কারণ শিক্ষা ব্যয় অনেক বেশি এবং বৃত্তি পাওয়া খুবই দুষ্কর।

26. **Although it has been estimated that many people are deprived of much needed medical care in this country, especially follow-up visits and preventative medication.**

a) Although it b) Since it
c) In spite of the fact that it d) It **ans. D**

Solution: বাক্যটিতে that এর পরে যে অংশ রয়েছে, তার জন্য মূলত দরকার একটি subject এর। আর এই subject হিসেবে impersonal 'it' কাজ করছে। তাই এখানে Although অনাবশ্যক।

বাক্যের অর্থঃ এটা অনুমান করা হয় যে এই দেশের অনেক লোকই অতি প্রয়োজনীয় চিকিৎসা সেবা বিশেষত তারা রোগ নির্ণয়ের পর পরিদর্শন ও প্রতিরোধমূলক প্রয়োগের ক্ষেত্রে খুবই বঞ্চিত।

27. **According to some sources nearly one-third of all American children go to bed hungry each night, despite social welfare programs designed to combat hunger.**

a) sources nearly b) sources – nearly
c) sources, nearly d) sources; nearly **ans. C**

Solution: ইংরেজি বাক্যের নিয়ম হলো Accordings to something এরপর কমা বসে। যেমনঃ According to some sources, এরপর বাক্যের আলাদা অংশ শুরু হয়। যেখানে Nearly দিয়েও শুরু হতে পারে। তাই সঠিক উত্তর হবে *c*).

বাক্যের অর্থঃ কোনো কোনো উৎসের তথ্য অনুযায়ী, ক্ষুধা নিবৃত্তির জন্য আমেরিকাতে সামাজিক কল্যাণমূখী কর্মসূচি হাতে নেয়া সত্ত্বেও প্রায় এক-তৃতীয়াংশ আমেরিকান শিশু রাতে ক্ষুধা নিয়ে ঘুমাতে যায়।

28. **College financial aid officers claim the money would all be used if applicants looked more thorough for funds.**

a) more thorough b) more thoroughly
c) more, thorough d) thorough **ans. B**

Solution: বাক্যের look কে modify করার জন্য দরকার একটি Adverb এর। আর প্রত্যাশিত সেই Adverb টি হলো thoroughly এবং সাধারণ Applicant ও অতি উৎসাহী Applicant এর মধ্যে তুলনা বুঝানোর জন্য more দরকার হয়। কাজেই উত্তর *b*).

বাক্যের অর্থঃ কলেজের আর্থিক সাহায্যকারী কর্মকর্তাগণ দাবি করলেন যে এই ফান্ডের সকল অর্থই ব্যবহৃত হবে যদি প্রার্থীরা বেশি বেশি ফান্ডের জন্য দরখাস্ত করে।

29. **A new industry has sprung up that used computers to locate parents who fail to pay child support for their children.**

a) used computers to locate
b) would be using computers to locate
c) had been using computers to locate
d) uses computers to locate **ans. D**

Solution: To locate parents (পিতামাতাদের অবস্থান নির্দেশ করতে) Phrase টি হলো Present indefinite tense এর। তাই এই Industry যে Technology use করে তা Past tense নির্দেশ করবে না বরং Present indefinite tense ই নির্দেশ করবে। তাই Used না হয়ে Uses হবে। এজন্য সঠিক উত্তর হবে *d*).

বাক্যের অর্থঃ সন্তানদের ভার বহনের জন্য অর্থ পরিশোধে ব্যর্থ পিতা-মাতাদের অবস্থান নির্দেশের জন্য কম্পিউটার প্রযুক্তি ব্যবহারকারী একটি শিল্পের উদ্ভব হয়েছে।

Recent Publications
www.exambd.net

30. **Confirming our conversation of March 17, the shipment of books and magazines that you ordered will be delivered first thing Friday morning.**
a) Confirming our conversation of March 17,
b) Confirming the March 17 conversation,
c) On March 17, confirming our conversation,
d) As I stated in our conversation of March 17, **ans. D**

Solution: যিনি Conversation কে State করেছিলেন বাক্যের Subject হিসেবে Particple না বসিয়ে তাকেই বসাতে হবে। তাই সঠিক উত্তর হবে *d*).
বাক্যের অর্থঃ মার্চের ১৭ তারিখে আমাদের মধ্যে যে কথোপকথন হয়েছিল, সেখানে আমি বলেছিলাম যে, আপনি যে বই ও ম্যাগাজিন অর্ডার দিয়েছিলেন তা শুক্রবার সকালের মধ্যেই পৌছা দেয়া হবে।

31. **During a thunderstorm, people who are inside should not talk on the telephone, stand near any open windows or using large appliances.**
a) using large appliances
b) use large appliances
c) have been using large appliances
d) used large appliances **ans. B**

Solution: যখন কোনো বাক্যের ধারাবাহিক কিছু তথ্য দেয়া থাকে, প্রত্যেক তথ্য গঠন করার জন্য একই গঠনরূপ ব্যবহার করতে হয়। প্রদত্ত বাক্যে Talk on the telephone, stand near any open window এর সাথে Parallelism রেখে using/used/have been used না হয়ে use হবে। তাই উত্তর হবে *b*).
বাক্যের অর্থঃ বজ্রবিদ্যুৎপূর্ণ ঝড় বৃষ্টির সময় যারা ঘরের মধ্যে থাকে, তখন তাদের টেলিফোনে কথা বলা, খোলা জানালার নিকট দাড়ানো বা বড় ধরনের কোনো যন্ত্র ব্যবহার করা উচিৎ নয়।

32. **Of all the movies ever made, The Godfather has recognized as one of America's greater movies.**
a) greater movies b) more great movies
c) greatest movies d) more greater movies **ans. C**

Solution: এক্ষেত্রে ইংরেজি বাক্যের structure হলো: One of + Superlative form + plural noun.
কাজেই One of the America's greater movies না হয়ে One of the America's greatest movies হবে।
বাক্যের অর্থঃ আমেরিকায় এ পর্যন্ত যতগুলো মুভি করা হয়েছে এর মধ্যে The God father কে আমেরিকার সবচেয়ে বৃহত্তম মুভি হিসেবে বিবেচনা করা হয়।

33. **Most people who drink coffee do not know where it comes from it is actually the fruit of an evergreen tree.**
a) from it is b) from, it is
c) from it is, d) from; it is **ans. D**

Solution: একটি বাক্যের দুটি স্বাধীন Clause কে সেমিকোলন (;) ব্যবহার করে যুক্ত করতে হয়। এক্ষেত্রে সঠিক উত্তর *d*).
বাক্যের অর্থঃ যারা কফি পান করে তাদের অনেকেই জানে না যে কফি কোথা থেকে এসেছে; এটা আসলে একটি সবুজ গাছের ফল।

34. **Antonym of DUCTILE is:**
a) Docile b) Pliable
c) Stiff d) Supple **ans. C**

Solution: Ductile অর্থ যার রূপ সহজেই পরিবর্তন করা যায়। Docile অর্থ সহজে বশ মানে এমন; বাধ্য। Pliable অর্থ সহজে বাকানো যায় এমন। Stiff অর্থ কঠিন; শক্ত। Supple অর্থ নমনীয়; সুনম্য; কোমল।

35. **Synonym of INCREDULOUS is:**
a) Dishonest b) Honest
c) Reliable d) Unreliable **ans. D**

Solution: Incredulous অর্থ অপ্রত্যয়ী; অবিশ্বাসী। Dishonest অর্থ অসৎ; অসাধু। Honest অর্থ সত্যবাদী; সাধু। Reliable অর্থ নির্ভরযোগ্য; বিশ্বাসযোগ্য। Unreliable অর্থ আস্থা স্থাপনের অযোগ্য; অবিশ্বাসী।

36. **Antonym of DEVIANT is:**
a) Bent b) Devious
c) Regular d) Atypical **ans. C**

Solution: Deviant অর্থ স্বাভাবিক মান থেকে ভিন্ন। Bent অর্থ ইচ্ছা; দক্ষতা। Devious অর্থ ঘোরানো; অসরল। Regular অর্থ স্বীকৃত মানসম্পন্ন। Atypical অর্থ প্রতিনিধিত্ব করে না এমন; অপ্রতিরূপক।

37. **Synonym of EMBEZZLE is:**
a) Remunerate b) Misappropriate
c) Balance d) Clear **ans. B**

Solution: Embezzle অর্থ আত্মসাৎ করা। Remunerate অর্থ পুরস্কৃত করা; পারিতোষিক দেওয়া। Misappropriate অর্থ অর্থ অন্যায়ভাবে গ্রহণ ও ব্যবহার করা। Balance অর্থ বিচার করা; তুলনা করা। Clear অর্থ স্বচ্ছ; নির্মল।

38. **Find the correctly spelt word**
a) Affedevit b) Afidevit
c) Affidevit d) Affidavit **ans. D**

Solution: Affidavit অর্থ হলফনামা; শপথপত্র।

39. **MALA FIDE means**
a) Bad intention b) Genuine
c) Trustworthy d) Generous **ans. A**

Recent Publications
www.exambd.net

Solution: Malafide অর্থ খারাপ উদ্দেশ্য বা অভিপ্রায় যার Synonym হলো Bad intention কিন্তু Genuine অর্থ প্রকৃত; খাঁটি। Trustworthy অর্থ বিশ্বাসযোগ্য। Generous অর্থ উদার; মহৎ।

40. RULE OF THUMB means
a) Mark of thumb on a legal paper
b) a rough estimate
c) an easy choice
d) an unknown rule **ans. B**

Solution: Rule of thumb অর্থ একেবারে সঠিক নয় কিন্তু অভিজ্ঞতা ও অনুশীলনের উপর প্রতিষ্ঠিত কোনো পদ্ধতি যাকে A rough estimate দ্বারা Replace করা যায়। কিন্তু Mark of thumb on a legal paper অর্থ কোনো বৈধ কাগজে হাতের ছাপ দেয়া। An easy choice অর্থ একটি সহজ নির্বাচন। An unknown rule অর্থ অজ্ঞাত আইন।

41. What is the median of the modes in the dataset {– 5, 4, 3, 7, 2, 1, 3, 4, 5, – 1, 7, 8, – 4, 2, 6}?
a) 2 b) 2.5
c) 3 d) 3.5 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, প্রদত্ত ডাটা সেটের প্রচুরকের মধ্যক কত?
প্রদত্ত ডাটাসেটকে আমরা ক্রমানুসারে সাজিয়ে পাই (ছোট থেকে বড় আকারে)ঃ
– 5, – 4, – 1, 1, 2, 2, 3, 3, 4, 4, 5, 6, 7, 7, 8
এখানে 2, 3, 4 এবং 7 প্রত্যেকেই আছে দুই বার করে।
তাই প্রচুরকগুলি হলো 2, 3, 4 এবং 7

$\therefore$ প্রচুরকগুলির মধ্যক $= \frac{3+4}{2} = \frac{7}{2} = 3.5$

42. $(2x^2 + 3x - 5)(x + 2) = ax^3 + bx^2 + d$, $ac - bd$ =?
a) 70 b) 71
c) 72 d) 73 **ans. C**

Solution: দেয়া আছে, $(2x^2 + 3x - 5)(x + 2) = ax^3 + bx^2 + d$
বামপক্ষ $= (2x^2 + 3x - 5)(x + 2)$
$= 2x^3 + 3x^2 - 5x + 4x^2 + 6x - 10$
$= 2x^3 + 7x^2 + x - 10$
এখন $(2x^3 + 7x^2 + x - 10)$ কে $(ax^3 + bx^2 + cx + d)$ এর সাথে তুলনা করে পাইঃ
$a = 2$, $b = 7$, $c = 1$ এবং $d = -10$
অতএব, $ac - bd = (2 \times 1) - 7 \times (-10) = 2 + 70 = 72$

43. The average of x and y is 7, and $z = 3x + 2$. What is the average of y and z?
a) $2x + 8$ b) $2x - 8$
c) $2x + 16$ d) $x + 8$ **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, x ও y এর গড় 7 এবং $z = 3x + 2$ হলে y ও z এর গড় কত?
দেয়া আছে, $\frac{x+y}{2} = 7$

$\Rightarrow x + y = 14$
$\therefore y = 14 - x$
অতএব, $\frac{y+z}{2} = \frac{14 - x + 3x + 2}{2}$
$= \frac{16 + 2x}{2} = \frac{2(8 + x)}{2} = x + 8$
অর্থাৎ $(y + z)$ এর গড় হলো $(x + 8)$

44. $f(5) = 15$ and $g(x) = f(x + 2) - 5$. Then $g(3)$ = ?
a) 11 b) 10
c) 101 d) 120 **ans. B**

Solution: দেয়া আছে, $f(5) = 15$ এবং $g(x) = f(x + 2) - 5$.
$\therefore g(3) = f(3 + 2) - 5 = f(5) - 5 = 15 - 5 = 10$ [মানবসিয়ে]

45. The base of a rectangle is three times as long as the height. If the perimeter is 64, what is the area of the rectangle?
a) 24 b) 64
c) 96 d) 192 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি আয়তক্ষেত্রের ভূমি উচ্চতার তিনগুণ। আয়তক্ষেত্রটির পরিসীমা 64 হলে তার ক্ষেত্রফল কত?
ধরি, আয়তক্ষেত্রটির উচ্চতা x একক
এবং আয়তক্ষেত্রটির ভূমি $3x$ একক
প্রশ্নমতে, $2(x + 3x) = 64$ [$\because$ 2(দৈর্ঘ্য + প্রস্থ) = পরিসীমা]

$\Rightarrow 2 \times 4x = 64$
$\Rightarrow 8x = 64$
$\therefore x = \frac{64}{8} = 8$
অতএব, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= (x \times 3x)$
$= 3x^2 = 3 \times 8^2 = 3 \times 64 = 192$ বর্গএকক

46. A sphere is created with half the radius of the original sphere. What is the ratio of the volume of the original sphere to the volume of the new sphere?
a) 1 : 8 b) 8 : 1
c) 2 : 1 d) 1 : 2 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, মূল গোলকের অর্ধেক ব্যাসার্ধ নিয়ে একটি নতুন গোলক তৈরী করা হলে মূল গোলক এবং নতুন গোলকের আয়তনের অনুপাত কত?
ধরি, মূল গোলকের ব্যাসার্ধ $r = 2x$ একক

$\therefore$ নতুন গোলকের ব্যাসার্ধ $r_1 = \frac{2x}{2} = x$ একক

Recent Publications www.exambd.net

∴ মূল গোলকের আয়তন

$= \frac{4}{3}\pi r^3 = \frac{4}{3}\pi (2x)^3 = \frac{4}{3}\pi\, 8x^3$ ঘনএকক।

এবং নতুন গোলকের আয়তন

$= \frac{4}{3}\pi r_1^{\,3} = \frac{4}{3}\pi (x)^3 = \frac{4}{3}\pi x^3$ ঘনএকক।

∴ মূলগোলক ঃ নতুন গোলক $= \frac{\frac{4}{3}\pi\, 8x^3}{\frac{4}{3}\pi x^3} = \frac{8}{1} = 8 : 1$

47. Five people want to rent the last two copies of a movie. How many ways can these five people rent the two movies?

a) 10 b) 9

c) 8 d) 7 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 5 জন লোক দুটি মুভি কতভাবে ভাড়া নিতে পারবে?

5 জন লোক 2টি মুভিকে ${}^5C_2$ প্রকারে ভাড়া নিতে পারবে।

এখানে, ${}^5C_2 = \frac{5 \times 4 \times \lfloor 3}{\lfloor 5-2 \times \lfloor 2} = \frac{5 \times 4 \times \lfloor 3}{\lfloor 3 \times 2 \times 1} = 10$

48. X = {– 4, – 2, 1, 3}, Y = {– 1, 4, 5}. If x is a number from set X, and y is a number from set Y. The probability that $x + y$ is positive is closest to

a) 0.5 b) 0.6

c) 0.7 d) 0.8 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, X = {– 4, – 2, 1, 3}, Y = {– 1, 4, 5}. এখন X সেটের উপাদান x এবং y সেটের উপাদান Y হলে $(x + y)$ এর কাছাকাছি ধনাত্মক মান কত?

এখানে, প্রথম সেটে উপাদান আছে 4টি এবং দ্বিতীয় সেটে উপাদান আছে 3টি

∴ মোট ফলাফল সংখ্যা $= {}^4C_1 \times {}^3C_1 = 4 \times 3 = 12$

আবার, অনুকূল ঘটনার সংখ্যা = (– 4, 5), (– 2, 4), (– 2, 5), (1, 4), (1, 5), (3, – 1), (3, 4) এবং (3, 5).

অর্থাৎ অনুকূল ঘটনার সংখ্যা = 8টি

∴ নির্ণেয় সম্ভাব্যতা $= \frac{8}{12} = \frac{2}{3} = 0.7$

49. Jim is a car salesman who gets a base monthly salary and a commission for each car he sells. Jim's monthly earnings are given by the function $f(x) = c(4 + x)$, where x represents the number of cars he sold for the month. If Jim sells 6 cars in a month he earns $2,000. How much is Jim's base salary?

a) $500 b) $600

c) $700 d) $800 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, জিম একজন গাড়ি বিক্রেতা যিনি মাসিক ভিত্তিতে বেতন নেন এবং এছাড়া তিনি প্রতিটি গাড়ি বিক্রয়ে কমিশন পান। এখানে জিমের আয়ের সমীকরণ হলো $f(x) = c(4 + x)$ যেখানে x হলো এক মাসে বিক্রিত গাড়ির সংখ্যা। জিম মাসে 6টি গাড়ি বিক্রি করলে $2,000 পান। তার মূল বেতন কত?

দেয়া আছে, $f(x) = c(4 + x)$

এখানে, $f(6) = c(4 + 6) = 2{,}000$

$\Rightarrow c \times 10 = 2{,}000$

∴ $c = \frac{2000}{10} = 200$

যখন $x = 0$ হবে তখন আমরা $f(x) = c(4 + x)$ সমীকরণ থেকে তার মূল বেতন বের করতে পারব।

কাজেই, $x = 0$ হলে

$f(0) = c(4 + 0) = c \times 4 = 200 \times 4 = 800$

∴ জিমের মূল বেতন $800.

50. $x^2 - 25 = 12$, $x + 5 = 4$, $x - 5 = ?$

a) 2 b) 3

c) 4 d) 6 **ans. B**

Solution: দেয়া আছে, $x^2 - 25 = 12$

$\Rightarrow x^2 - 5^2 = 12$

$\Rightarrow (x + 5)(x - 5) = 12$

$\Rightarrow 4(x - 5) = 12$

∴ $(x - 5) = \frac{12}{4} = 3$

51. When 17 is divided by k, where k is a positive integer less than 17, the remainder is 3. What is the remainder when the sum of the possible values of it is divided by 17?

a) 2 b) 3

c) 4 d) 5 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 17 কে k দ্বারা ভাগ করলে ভাগশেষ থাকে 3. এখন k এর সম্ভাব্য মানসমূহের সমষ্টিকে 17 দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে? এখানে k এর মান 17 অপেক্ষা কম এবং k একটি ধনাত্মক পূর্ণসংখ্যা।

এখানে k এর মান 17 অপেক্ষা ছোট বলে, $k + 3 = 17$ হবে।

∴ $k = 14$ হবে।

এখানে, 14 এর উৎপাদক হলো 14 এবং 7 যাদের সমষ্টি = 14 + 7 = 21

∴ নির্ণেয় ভাগশেষ 17) 21 (1

17

4

52. $5a^2 - 4a - 3 - 3(a^2 + a + 4) = 0$. What is the sum of the possible value of a?

a) 3 b) 3.5

c) 4 d) 4.5 **ans. B**

Recent Publications
www.examnd.net

Solution: দেয়া আছে, $5a^2 - 4a - 3 - 3(a^2 + a + 4) = 0$

$\Rightarrow 5a^2 - 4a - 3 - 3a^2 - 3a - 12 = 0$

$\Rightarrow 2a^2 - 7a - 15 = 0$

এই সমীকরণে $a = 2$, $b = -7$ এবং $c = -15$

$\therefore$ আমরা জানি, মূলদ্বয়ের সমষ্টি $= \frac{-b}{a} = \frac{-(-7)}{2} = \frac{7}{2} = 3.5$

53. *a*, *b* and *c* are all positive integers such that $a + b + c = 150$ and none of these values are equal to each other. What is the smallest possible value for the median of *a*, *b* and *c*?

a) 5 b) 4

c) 3 d) 2 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে a, b এবং c হলো তিনটি ধনাত্মক পূর্ণসংখ্যা এবং $a + b + c = 150$ যেখানে a, b এবং c কোনোটাই কারো সমান নয়। a, b এবং c এর মধ্যকের সর্বনিম্ন মান কত হতে পারে?

যেহেতু a, b এবং c পূর্ণসংখ্যা এবং মধ্যকের সর্বনিম্ন মান বের করতে হবে। কাজেই

ধরি, $a = 1$; $b = 2$ এবং $c = 150 - (1 + 2) = 150 - 3 = 147$

অর্থাৎ ক্রমানুসারে সংখ্যাগুলো হলো 1, 2, 147

$\therefore$ সর্বনিম্ন মধ্যক হতে পারে 2.

54. Two sides of a triangle are 7 and 16. Which of the following is not the length of the third side?

a) 22 b) 17

c) 12 d) 9 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ত্রিভুজের দুটি বাহু যথাক্রমে 7 এবং 16. নিচের কোনটি তৃতীয় বাহুর মান হতে পারে না?

আমরা জানি, একটি ত্রিভুজের যেকোন দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হয়।

কাজেই, $(16 - 7) <$ তৃতীয় বাহু $< (16 + 7)$

$\Rightarrow 9 <$ তৃতীয় বাহু < 23

$\therefore$ দেখা যাচ্ছে, 9 কখনো তৃতীয় বাহুর দৈর্ঘ্য হতে পারে না। কিন্তু 9 ও 23 এর মধ্যবর্তী 22,17 কিংবা 12 হতে পারে।

55. If the average (arithmetic mean) of five distinct positive integers is 10, what is the difference between the largest possible value of the greatest integer and the least possible value of the greatest of the five integers?

a) 5 b) 28

c) 12 d) 40 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 5টি ভিন্ন ভিন্ন সংখ্যার গড় 10 হলে সম্ভাব্য বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?

দেয়া আছে, 5টি সংখ্যার গড় = 10

$\therefore$ 5টি সংখ্যার সমষ্টি $= 5 \times 10 = 50$

বৃহত্তম সংখ্যাসহ সম্ভাব্য 5টি সংখ্যা হলো

$= 1, 2, 3, 4, 40$ [কারণ, $1 + 2 + 3 + 4 + 40 = 50$]

$\therefore$ ক্ষুদ্রতম সংখ্যাসহ সম্ভাব্য 5টি সংখ্যা হলো

$= 8, 9, 10, 11, 12$

[কারণ, $8 + 9 + 10 + 11 + 12 = 50$]

$\therefore$ নির্ণেয় পার্থক্য $= 40 - 12 = 28$

56. Half the people on a bus get off at each stop after the first and no one gets on after the first stop. If only one person gets off at stop number 7, how many people got on at the first stop?

a) 128 b) 64

c) 16 d) 32 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, প্রতিটি স্টপেজে একটিতে যতজন যাত্রী থাকে তার অর্ধেক নেমে যায়। যদি 7 নং স্টপেজে কেবল একজন যাত্রী নামে, প্রথমে গাড়িতে যাত্রী ছিল কতজন?

7 নং স্টপেজে 1 জন নামলে।

3 নং স্টপেজে 16 জন যাত্রী।

6 নং স্টপেজে 2 জন যাত্রী।

2 নং স্টপেজে 32 জন যাত্রী।

5 নং স্টপেজে 4 জন যাত্রী।

1 নং স্টপেজে 64 জন যাত্রী ছিল।

4 নং স্টপেজে 8 জন যাত্রী।

Shortcut: যাত্রী সংখ্যা ছিল $= 2^6 = 64$

57. A circular logo is enlarged to fit the lid of a jar. The new diameter is 50 per cent larger than the original. By what percentage has the area of the logo increased?

a) 50 b) 80

c) 125 d) 100 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি বৃত্তাকার Logo কে একটি পাত্রের ঢাকনা আটকানোর জন্য বড় করা হলো। নতুন ব্যাস মূল ব্যাসের 50% বেড়ে গেলে Logo ক্ষেত্রফল শতকরা কত বাড়বে?

মনে করি, বৃত্তের ব্যাস 20 একক

$\therefore$ ব্যাসার্ধ হবে $= \frac{20}{2} = 10$ একক

$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $\pi r^2 = \pi(10)^2 = \pi \times 100 = 100\pi$ বর্গএকক

ব্যাসার্ধ হবে $= \frac{30}{2} = 15$ একক

$\therefore$ নতুন ক্ষেত্রফল $= \pi(15)^2 = \pi \times 225 = 225\pi$ বর্গএকক

$\therefore$ বৃদ্ধি পায় $(225\pi - 100\pi) = 125\pi$ বর্গএকক

অর্থাৎ বৃদ্ধির পরিমাণ = 125%

Recent Publications
www.exambd.net

58. After being dropped a certain ball always bounces back to $\frac{2}{5}$ of the height of its previous bounce. After the first bounce it reaches a height of 125 inches. How high (In inches) will it reach after its fourth bounce?

a) 20 b) 15
c) 8 d) 5 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি বলকে ড্রপ করার পর এটি প্রতিবারই আগের বারের উচ্চতার $\frac{২}{৫}$ অংশ বাউন্স করে। ১ম বাউন্সের পরে ১২৫ ইঞ্চি উঠলে ৪র্থ বাউন্সের পরে কত উচ্চতায় উঠবে।

২য় বাউন্সের পরে উঠবে $= \frac{2}{5} \times 125$

∴ ৩য় বাউন্সের পরে উঠবে $= \frac{2}{5} \times \frac{2}{5} \times 125$

∴ ৪র্থ বাউন্সের পরে উঠবে $= \frac{2}{5} \times \frac{2}{5} \times \frac{2}{5} \times 125 = 8$

59. Jo's collection contains US, Indian and British stamps. If the ratio of US to Indian stamps is 5 to 2 and the ratio of Indian to British stamps is 5 to 1, what is the ratio of US to British stamps?

a) 5 : 1 b) 10 : 5
c) 15 : 2 d) 25 : 2 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, জো এর সংগ্রহে US, Indian এবং British স্ট্যাম্প আছে। তার সংগৃহীত স্ট্যাম্প এর মধ্যে US : Indian = 5 : 2 এবং Indian : British = 5 : 1 হলে US : British কত হবে?

দেয়া আছে, US : Indian = 5 : 2 = 25 : 10 এবং Indian : British = 5 : 1 = 10 : 2

∴ US : British = 25 : 2

60. 6 pints of a 20 percent solution of methanol in water are mixed with 4 pints of a 10 percent methanol in water solution. The percentage methanol in the new solution is

a) 16 b) 15
c) 14 d) 13 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 6 পাইন্ট 20% মেনথলের সাথে 4 পাইন্ট এর 10% পানির দ্রবণ মিশ্রিত করলে নতুন মিশ্রণে মেনথলের শতকরা পরিমাণ কত?

প্রথম মিশ্রণে মেনথল আছে 20%

∴ প্রথম মিশ্রণে পানি আছে = 100 – 20 = 80%

আবার, দ্বিতীয় মিশ্রণে মেনথল আছে 10%

∴ দ্বিতীয় মিশ্রণে পানি আছে = 100 – 10 = 90%

মোট মেনথল আছে

$= (6 \times 20) + (4 \times 10) = 120 + 40 = 160$ একক

∴ মেনথলের শতকরা পরিমাণ $= \left(\frac{160}{10 \times 100} \times 100\right)\% = 16\%$

Shortcut: মেনথলের শতকরা পরিমাণ

$= \frac{(6 \times 20) + (4 \times 10)}{6 + 4} = \frac{120 + 40}{10} = \frac{160}{10} = 16\%$

61. A picture is copied onto a sheet of paper 8.5 inches by 10 inches. A 1.5 inch margin is left all around. What area in square inches does the picture cover?

a) 76 b) 65
c) 59.5 d) 38.5 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ছবিটি 8.5 inches by 10 inches কাগজে কপি করা হয়েছে এবং ছবির চারদিকে মার্জিন 1.5 ইঞ্চি হলে ছবিটি দ্বারা কতটুকু জায়গা দখল হয়েছে?

যে কাগজে Picture কপি করা হয়েছে তার আকার = 8.5 × 10 বর্গ ইঞ্চি। আর চারপাশের মার্জিন 1.5 ইঞ্চি রাখা হলে দখলকৃত স্থানের

প্রস্থ = 8.5 – (1.5 × 2) = 8.5 – 3.0 = 5.5

এবং দৈর্ঘ্য = 10 – 3.0 = 7

∴ দখলকৃত স্থানের Area = 7 × 5.5 = 38.5 বর্গ ইঞ্চি।

62. Jeff takes 20 minutes to jog around the race course one time, and 25 minutes to jog around a second time. What is his average speed in miles per hour for the whole jog if the course is 3 miles long?

a) 6 b) 8
c) 10 d) 12 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, Jeff প্রথমে জগিং করতে 20 মিনিট এবং পরের সময়ে জগিং করতে 25 মিনিট সময় নেয়। জগিং এর জায়গা 3 মাইল দীর্ঘ হলে তার গড় গতিবেগ কত?

∴ নির্ণেয় গড় গতিবেগ $= \frac{3 + 3}{\frac{20}{60} + \frac{25}{60}}$ [মিনিটকে 60 দ্বারা গুণ করে *mph* এ পরিণত করা হলো]

$= \frac{6}{\frac{20 + 25}{60}} = \frac{6}{\frac{45}{60}} = \frac{6}{1} \times \frac{60}{45} = 8\ mph.$

63. The first term in a sequence is 1 and second term is 5. From the third term on each term is the average (arithmetic mean) of all preceding terms. What is the 25th term in the sequence?

a) 2.5 b) 3
c) 5 d) 25 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ধারার প্রথম পদ 1 এবং দ্বিতীয় পদ 5. তৃতীয় পদ থেকে পরবর্তী পদগুলোর পূর্ববর্তী পদগুলোর গড় হলে 25তম পদ কত?

দেয়া আছে, প্রথম পদ 1 এবং দ্বিতীয় পদ 5.

Recent Publications www.exambd.net

∴ তৃতীয় পদ $= \frac{1+5}{2} = \frac{6}{2} = 3$

চতুর্থ পদ $= \frac{1+5+3+3}{4} = 3$

ষষ্ঠ পদ $= \frac{1+5+3+3+3}{5} = 3$

এভাবে যততম পদ-ই বের করতে বলুক না কেন উত্তর হবে 3

64. An employee's annual salary was increased $15,000. If her new annual salary now equals $90,000, what was the percent increase?

a) 15% b) 20%
c) 22% d) 24% ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একজন কর্মীর বার্ষিক বেতন $15,000 বেড়ে গেল। এখন তার বার্ষিক বেতন $90,000 হলে বেতন বৃদ্ধির হার কত?

আমরা জানি, বেতন বৃদ্ধির হার

$= \left(\frac{\text{বর্ধিত বেতন}}{\text{পূর্বের বেতন}} \times ১০০\right)\%$

$= \left(\frac{১৫০০০}{৯০০০০ - ১৫০০০} \times ১০০\right)\%$

$= \left(\frac{১৫০০০}{৭৫০০০} \times ১০০\right)\% = ২০\%$

65. Which level language is Assembly Language?

a) high-level programming language.
b) medium-level programming language.
c) low-level programming language.
d) machine language. ***ans.* C**

Solution: ১৯৪৫ সাল থেকে শুরু করে এ পর্যন্ত কয়েকশত প্রোগ্রামিং ল্যাংগুয়েজ বা ভাষা আবিষ্কৃত হয়েছে। এ সকল ভাষাকে বৈশিষ্ট্য অনুযায়ী পাঁচটি স্তর বা প্রজন্মে ভাগ করা যায়। যথা:

০১. প্রথম প্রজন্ম বা ফার্স্ট জেনারেশন ভাষা (১৯৪৫) : মেশিন ভাষা (Machine Language)

০২. দ্বিতীয় প্রজন্ম বা সেকেন্ড জেনারেশন ভাষা (১৯৫০) : অ্যাসেম্বলি ভাষা (Assembly Language)

০৩. তৃতীয় প্রজন্ম বা থার্ড জেনারেশন ভাষা (১৯৬০) : উচ্চতর বা হাই লেভেল ভাষা (High level)

০৪. চতুর্থ প্রজন্ম বা ফোর্থ জেনারেশন ভাষা (১৯৭০) : অতি উচ্চতর ভাষা (Very High Level)

০৫. পঞ্চম প্রজন্ম বা ফিফথ্ জেনারেশন ভাষা (১৯৮০) : স্বাভাবিক বা ন্যাচারাল ভাষা (Natural)

মেশিন ভাষা ও অ্যাসেম্বলি ভাষাকে লো লেভেল ভাষা বলে। এ দুটি ভাষাকে লো লেভেল ভাষা বলার কারণ হল এগুলো কম্পিউটারের ভাষা (০ বা ১) কিংবা এর কাছাকাছি। অন্যদিকে উচ্চতর বা হাই লেভেলের ভাষা মানুষের ভাষা যেমন ইংরেজির কাছাকাছি।

66. What is the full form of ALU?

a) Arithmetic logic unit
b) Allowed logic unit
c) Ascii logic unit
d) Arithmetic least unit ***ans.* A**

Solution: ALU এর পূর্ণরূপ হলো Arithmetic logic unit. অ্যারিথমেটিক লজিক ইউনিট হচ্ছে কম্পিউটারের ক্যালকুলেটর স্বরূপ। এটা সকল গাণিতিক (Arithmatic) এবং সিদ্ধান্ত গ্রহণের (Decision Making Function) কাজ করে থাকে। গাণিতিক যুক্তি ইউনিটেই মূলত কম্পিউটারের মস্তিষ্ক হিসেবে কাজ করে।

67. What is the period of coverage of the 8th five-year plan of Bangladesh?

a) FY 2016-FY2020 b) FY 2017-FY 2021
c) FY 2019-FY2023 d) FY 2020-FY2024
***ans.* Note**

Solution: অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ ২০২১ - ২০২৫ সাল পর্যন্ত। উল্লেখ্য, ২৯ ডিসেম্বর ২০২০ সালে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা মেয়াদ চূড়ান্ত অনুমোদন দেয়। 'কাউকে পিছনে ফেলে নয়' এই স্লোগানকে সামনে রেখে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিভিন্ন অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন সূচকে পিছিয়ে পড়া জনগোষ্ঠী এবং অঞ্চলকে চিহ্নিত করে লক্ষ্যভিত্তিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কয়েকটি লক্ষ্যসমূহঃ বাজেট ৬৪,৯৫,৯৮০ কোটি টাকা; ৭৫ লাখ কর্মসংস্থান সৃষ্টি; ৭৭ লাভ কোটি টাকা বিনিয়োগ (৭৬% বেসরকারি খাতে); ডেল্টা ২১০০ প্ল্যানের কার্যক্রম শুরু; ২০২৪-২৫ অর্থবছরে ডিজিপি প্রবৃদ্ধির হার ৮.৫১% অর্জন; দারিদ্র্যের হার ১২.১৭% এ নামিয়ে আনা।

68. The place bankers meet to settle their mutual claims and accounts is known as

a) Treasury b) Clearing House
c) Dumping House d) Head office ***ans.* B**

Solution: Clearing House হলো এমন একটি পদ্ধতি যার মাধ্যমে কোনো নির্দিষ্ট এলাকা বা অঞ্চলের তালিকাভুক্ত ব্যাংকসমূহ তাদের পরস্পরের মধ্যকার দেনা-পাওনা নিষ্পত্তিকরণের জন্য কেন্দ্রীয় ব্যাংক নির্দিষ্ট কোনো স্থানে নির্দিষ্ট সময়ে একত্রিত হয় এবং কেন্দ্রীয় ব্যাংক বা তার কোনো প্রতিনিধির তত্ত্বাবধানে আন্তঃব্যাংকিং দেনা-পাওনা নিষ্পত্তি করে।

69. What is the name of the Russian developed CORONA vaccine?

a) COVAX b) GAVI
c) Pfizer d) Sputenik ***ans.* D**

Solution: রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে গামালিয়া রিসার্চ ইনস্টিটিউট অব এপিডেমিওলজি অ্যান্ড মাইক্রোবায়োলজি তৈরি করে Sputenik-V নামের ভ্যাকসিন। এটি ৯৫% কার্যকর এবং ২-৮° সেলসিয়াস তাপমাত্রায় সংরক্ষণ করা যাবে।

Recent Publications
www.exambd.net

দেশ	বাংলাদেশ	যুক্তরাষ্ট্র	যুক্তরাজ্য	জার্মান	ভারত
প্রতিষ্ঠান	গ্লোব বায়োটেক	ফাইজার, মডার্না	অ্যাস্ট্রোজেনেকা ফার্মাসিটিক্যাল	বায়োএনটেক	সিরাম ইন্সটিটিউট

70. Freetown is the capital of:
a) Senegal b) Guinea
c) Sierra Leone d) Liberia ***ans.* C**

Solution: Freetown is the capital of Sierra Leone.

দেশের নাম	সেনেগাল	গিনি	লাইবেরিয়া
রাজধানী	ডাকার	কোনাক্রি	মনরোভিয়া

71. What is the Cash Reserve Ratio (CRR) for the scheduled commercial bank?
a) 8.2% b) 2.2%
c) 4.0% d) 7.4% ***ans.* C**

Solution: CRR হলো Cash Reserve Ratio বা নগদ সংরক্ষিত অনুপাত। মোট ব্যাংক জামানতের একটি নির্দিষ্ট শতাংশ কেন্দ্রীয় ব্যাংকের সাথে বর্তমান Account এ রাখা হয়। এই অর্থ ব্যাংক বিনিয়োগ করতে পারে না। অর্থাৎ বাণিজ্যিক ব্যাংক বাংলাদেশ ব্যাংকের সাথে দিন শেষে স্থানীয় মুদ্রায় যে Balance রাখে তাকে CRR বলে। Monetary Policy ঠিক রাখার জন্য কেন্দ্রীয় ব্যাংকে SLR এবং CRR মিলে ১৮.৫০% রাখতে হয়। এর মধ্যে CRR হলো ৪.০%.

72. An unwanted repetitious message, such as unsolicited bulk e-mail is known as
a) Spam b) Trash
c) Calibri d) Courier ***ans.* A**

Solution: ভুয়া এবং অযাচিত মেইল এসে Spam এ জমা হয়।

73. Who won the Nobel Prize in economics in 2020?
a) Paul M. Romer b) Paul R. Milgrom
c) Svetlana Alexievich d) Jean Tirole ***ans.* B**

Solution: নিলাম তত্ত্ব এবং নতুন নিলাম ফরমেটের প্রতিচ্ছবিগুলোর আবিষ্কারের জন্য ২০২০ সালে **অর্থনীতিতে** যৌথভাবে নোবেল পুরস্কার পেয়েছেন (২ জন) পল আর মিলগ্রাম (যুক্তরাষ্ট্র) এবং রবার্ট বি উইলসন (যুক্তরাষ্ট্র)।

74. Devaluation of currency is likely to increase
a) Import b) Duty
c) Tariff d) Export ***ans.* D**

Solution: বিনিময় হার হ্রাস করা হলে একই পরিমাণ বিদেশী মুদ্রায় অধিক পরিমাণ দেশীয় মুদ্রা পাওয়া যায় বলে বিদেশের বাজারে দেশীয় পণ্যের দাম হ্রাস পায়। ফলে বিদেশে দেশীয় পণ্যের চাহিদা বৃদ্ধি পায়। এতে দেশের রপ্তানির পরিমাণ বাড়ে।

75. Who is the promoter of Chinese 'One Belt One Road' initiative?
a) Xi Jinping b) Chiang Kaisak
c) Mao Shetung d) Shinzo Abe ***ans.* A**

Solution: চীনে Communist party এর একটি অনুষ্ঠানে দেশটির প্রেসিডেন্ট Xi Jinping সর্বপ্রথম 'One Belt One Road' বা 'OBOR' এর ধারণা দেন। 'One Belt One Road' এ সিল্ক রোড এবং সমুদ্রসীমার সমন্বয় ঘটিয়ে নতুন একটি অবকাঠামো প্রকল্পের অবতারণা করা হবে।

76. Currency swap facility has been extended by the government for which international body's members?
a) G20 b) SAARC
c) ASEAN d) NAFTA ***ans.* B**

77. How much is the current foreign exchange reserve of Bangladesh?
a) $24,000 Million b) $43,017 Million
c) $39,185 Million d) $40,816 Million
***ans.* Note**

Solution: বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২০ অনুযায়ী বৈদেশিক মুদ্রার মজুতের পরিমাণ ৩৬,০৩৭ মার্কিন ডলার।

78. What was the inflation rate in November 2020 in Bangladesh?
a) 8.20% b) 2.20%
c) 5.52% d) 7.42% ***ans.* C**

Solution: যেকোন দেশের অর্থনীতিতে মুদ্রাস্ফীতি একটি জটিল সমস্যা। কোন কালপরিধিতে পণ্য-সেবার মূল্য টাকার অঙ্কে বেড়ে গেলে অর্থনীতির ভাষায় তাকে মুদ্রাস্ফীতি বলা হয়। সাধারণত পণ্যদ্রব্যের দাম বেড়ে গেলে স্থানীয় মুদ্রা দিয়ে ঐ পণ্য ক্রয়ে বেশি পরিমাণ মুদ্রার প্রয়োজন কিংবা একই পরিমাণ মুদ্রা দিয়ে আগের পরিমাণ পণ্য কিনতে গেলে পরিমাণে কম পাওয়া যায়। সুতরাং মুদ্রাস্ফীতির ফলে মানুষের ক্রয় ক্ষমতা কমে যায়। একইভাবে অর্থনীতিতে পণ্যের আসল বিনিময়মূল্য কমে যায়। সাধারনত মুদ্রাস্ফীতি সূচকের মাধ্যমে হিসাব করা হয় যাকে মুদ্রাস্ফীতি সূচক বলা হয়।

79. Which one of the following is not a platform for Google?
a) Maps b) Keep
c) OneDrive d) Sheets ***ans.* C**

Solution: One Drive হলো Microsoft এর একটি অনলাইন স্টোরিং হাউজ।

80. Which of the following is the currency of Myanmar?
a) Dollar b) Euro
c) Kyat d) Rupee ***ans.* C**

Solution: কয়েকটি এশিয়ান দেশের মুদ্রার নাম নিচে দেয়া হলোঃ

দেশের নাম	মুদ্রার নাম	দেশের নাম	মুদ্রার নাম
তুরস্ক	লিরা	ফিলিপাইন	পেসো
তাজিকিস্তান	সোমনি	লাওস	কিপ
থাইল্যান্ড	বাথ	মালয়েশিয়া	রিঙ্গিত
তুর্কমেনিস্তান, আজারবাইজান	মানাত	উত্তর ও দক্ষিণ কোরিয়া	ওন
উজবেকিস্তান	সোম	ভূটান	গুলট্রাম
ভিয়েতনাম	ডং	ইসরাইল	শেকেল
মঙ্গোলিয়া	তোগরিক		

Recent Publications
www.exambd.net

First Security Islami Bank Ltd.
Recruitment Test for PO – 19.02.2021
Business Studies, DU

01. **কোনটি শুদ্ধ বানান?**
a) নথিপত্র b) ণথিপত্র
c) নতিপত্র d) নথিপত্ত ***ans. A***

02. **নিচের কোন শব্দটি তৎসম?**
a) হাত b) নক্ষত্র
c) দারোগা d) চুলা ***ans. B***

Solution: যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে বলা হয় তৎসম শব্দ। যেমনঃ চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য ইত্যাদি।

03. **"ডালে ডালে কুসুম ভার" এখানে 'ভার' কোন অর্থ প্রকাশ করেছে?**
a) সমূহ b) বোঝা
c) গুরুত্ব d) বিষাদ ***ans. A***

04. **'বিধবা' শব্দের বিপরীত লিঙ্গ কি?**
a) বহুপত্নীক b) সধবা
c) বিপত্নীক d) অধবা ***ans. C***

Solution: কতগুলো শব্দ শুধু স্ত্রীবাচক হয় যেমনঃ সধবা, সতীন, সৎমা ইত্যাদি। উল্লেখ্য, বহুপত্নীক দ্বারা এমন ব্যক্তিকে বুঝায় যার একাধিক পত্নী আছে।

05. **'চতুস্পদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কি?**
a) চতু + পদ b) চতুঃ + পদ
c) চতুষ + পদ d) চতু + সপদ ***ans. B***

Solution: অঘোষ অল্পপ্রাণ ও অঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে 'অ' বা 'আ' ধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ দন্ত্য শিশ ধ্বনি (স্) হয় এবং 'অ' বা 'আ' ব্যতীত অন্য স্বরধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ মূর্ধন্য শিশ্ ধ্বনি (ষ) হয়। যেমনঃ

'অ' এর পরে বিসর্গ
ঃ + ক = স্ + ক নমঃ + কার = নমস্কার।
'অ' এর পরে বিসর্গ
ঃ + খ = স্ + খ পদঃ + খলন = পদস্খলন।
'ই' এর পরে বিসর্গ
ঃ + ক = ষ + ক নিঃ + কর = নিষ্কর।
'উ' এর পরে বিসর্গ
ঃ + ক = ষ + ক দুঃ + কর = দুষ্কর।

এরূপঃ পুরস্কার, মনস্কামনা, তিরস্কার, নিষ্ফল, নিষ্পাপ, দুষ্প্রাপ্য, বহিষ্কৃত, দুষ্কৃতি, আবিষ্কার, চতুষ্কোণ, বাচস্পতি, ভাস্কর ইত্যাদি।

06. **'প্রদীপ নিভে গেল' বাক্যটি কোন কালের?**
a) নিত্যবৃত্ত অতীত b) সাধারণ অতীত
c) পুরাঘটিত অতীত d) ঘটমান অতীত ***ans. B***

Solution: বর্তমান কালের পূর্বে যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে, তার সংঘটন কালই সাধারণ অতীত কাল। যেমনঃ শিকারি পাখিটিকে গুলি করল।

07. **মৌলিক শব্দ কোনটি?**
a) গোলাপ b) শীতল
c) নেয়ে d) গৌরব ***ans. A***

Solution: যে সকল শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমনঃ গোলাপ, নাক, লাল, তিন ইত্যাদি।

08. **'শশাঙ্ক' শব্দের ব্যাসবাক্য কী হবে?**
a) শশের অঙ্ক b) অঙ্কের শশ
c) অঙ্কে শশ যার d) শশ অঙ্কে যার ***ans. D***

Solution: 'শশাঙ্ক' (বহুব্রীহি সমাস) শব্দের ব্যাসবাক্য হলো 'শশ অঙ্কে যার'।

09. **'বিস্কুট' কোন ভাষার শব্দ?**
a) ফরাসি b) ইংরেজি
c) পর্তুগীজ d) চীনা ***ans. B***

Solution: 'বিস্কুট' শব্দটি ইংরেজি ভাষা থেকে আগত। কিন্তু 'বিস্কুট' শব্দটি ফরাসি ভাষা থেকে উৎপত্তি হয়ে ইংরেজি ভাষায় এসেছে। প্রশ্নে 'বিস্কুট' শব্দটির উৎপত্তি কোন ভাষা থেকে হয়েছে বললে উত্তর হবে ফরাসি শব্দ। কিন্তু যদি বলা হয় বিস্কুট কোন ভাষার শব্দ তখন উত্তর হবে ইংরেজি।

10. **'ভূষণ্ডির কাক' বাগধারাটির অর্থ কি অর্থে ব্যবহৃত?**
a) নিরট মূর্খ b) দীর্ঘজীবী
c) নিষ্ক্রিয় দর্শক d) কপটচারী ***ans. B***

Solution: 'ভূষণ্ডির কাক' বাগধারাটির অর্থ 'দীর্ঘজীবী'।
'ভিজে বিড়াল' বাগধারাটির অর্থ 'কপটচারী'।
'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ 'নিষ্ক্রিয় দর্শক'।

Q. 11 – 15: *Fill in the blanks*

11. **Country X will never stabilize its economy if it does not ____ its disastrous inflationary spending practices.**
a) Exacerbate b) curtail
c) strengthen d) maximize ***ans. B***

Solution: দেশের অর্থনীতির স্থিতিশীলতার সাথে আর্থিক বা রাজস্ব নীতির গভীর মিল রয়েছে। অর্থনীতিকে স্থিতিশীল করতে চাইলে ব্যয় কমাতে হয়। Inflationary spending practices হলো সরকারি ব্যয় বৃদ্ধি জনিত মুদ্রাস্ফীতি। অর্থাৎ সরকারি ব্যয় বৃদ্ধি পেলে যে মুদ্রাস্ফীতি সৃষ্টি হয় তাকে সরকারি ব্যয় বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি বলা হয়। তাই এই অবস্থা থেকে মুক্তি পেতে চাইলে অবশ্যই সরকারি ব্যয় কমাতে হবে। অর্থাৎ ব্যয় Curtail করতে হবে।

Recent Publications www.exambd.net

উল্লেখ্য, Exacerbate অর্থ উত্তেজিত করা। Strengthen অর্থ শক্তিশালী হওয়া বা করে তোলা।

বাক্যের অর্থঃ X দেশটি তার বিপর্যয়কর মূল্যস্ফীতিজনিত ব্যয় না কমালে তার অর্থনীতিতে কখনো স্থিতিশীলতা আসবে না।

12. A slight ____ of the soil's settling rate caused the building's foundation to ____, which led to the building being deemed unusable.

a) estimation, settle
b) deviation, bulge
c) miscalculation, shift
d) permutation, stabilize **ans. B**

Solution: মাটির গুণগত মান থেকে সামান্য বিচ্যুতি হওয়া অর্থে A slight deviation of the soil এর ব্যবহার সঠিক আছে। আর বিল্ডিং এর স্থাপনাকে নষ্ট করা অর্থে To bulge এর ব্যবহার ঠিক আছে। উল্লেখ্য, Estimation অর্থ মূল্যায়ন; বিবেচনা। Permutation অর্থ (গণিত) বিন্যাস পরিবর্তন। Stabilize অর্থ স্থির রাখা; স্থির হওয়া। Miscalculation অর্থ ভুল গণনা/ হিসাব। Deviation অর্থ বিচ্যুতি; পার্থক্য। Bulge অর্থ ফোলা বা ফোলানো।

বাক্যের অর্থঃ মাটির গুণগত মানের সামান্য বিচ্যুতি বিল্ডিং স্থাপনাকে নষ্ট করে ফেলে যা পরবর্তীতে বিল্ডিংটি বসবাসের অনুপযোগী বলে বিবেচনা করা হয়।

13. The more she learnt ____ the American civil war, the more fascinated with it she became.

a) of b) in
c) at d) with **ans. Note**

Solution: Learn about something অর্থ কোনো বিষয় সম্পর্কে জানা বা অবহিত হওয়া। তাই এখানে 'about' বসবে।

বাক্যের অর্থঃ আমেরিকার গৃহযুদ্ধ সম্পর্কে সে যত জানতে লাগলো সে ততো তাতে আরো আকৃষ্ট হতে লাগলো।

14. Wordsworth introduced the readers ____ a new kind of poetry.

a) for b) about
c) in d) to **ans. D**

Solution: কাউকে কোনো কিছুর সাথে পরিচিত করা অর্থে Introduce to বসে। যেমনঃ Please introduce Hanjala to the mysteries of modern physics অথবা, I must introduce you to my friend.

বাক্যের অর্থঃ নতুন এক ধরনের কবিতার সাথে Wordsworth পাঠকদের পরিচয় করিয়ে দিয়েছিলেন।

15. Kavita is accustomed ____ doing work under any type of circumstances.

a) for b) of
c) with d) to **ans. D**

Solution: Become/ be accustomed to অর্থ অভ্যস্ত হওয়া।

বাক্যের অর্থঃ যেকোন পরিস্থিতিতে কবিতা কাজ করতে অভ্যস্ত।

Q. 16 – 17: Choose the correct pair of words.

16. LIGHT : BLIND ::

a) voice : vibration b) language : deaf
c) tongue : sound d) speech : dumb **ans. D**

Solution: Light – আলো; দৃষ্টিশক্তি। Blind – অন্ধ; দৃষ্টিশক্তিহীন। Speech – বাকশক্তি। Dumb – বোবা; বাকশক্তিহীন।

ব্যাখ্যাঃ যিনি Blind তার চোখে Light থাকে না। আর যিনি Dumb তার মুখে Speech থাকে না।

17. Caravan : desert ::

a) Boat : Cruise b) Book : Newspaper
c) Midnight : Noon d) Wheel : Car **ans. D**

Solution: Caravan – কাফেলা। Desert – মরুভূমি। Boat – নৌকা; তরণী। Cruise – প্রমোদতরী Car – গাড়ি। Wheel – চাকা।

ব্যাখ্যাঃ Desert এ Caravan চলে। আর Car এ Wheel চলে।

Q. 18 – 19: Change the voice of the sentences.

18. When I am alone, I hear the footsteps of my friend in my imagination.

a) The footsteps of my friend heard by me, when I am alone.
b) The footsteps of my friend is heard by me when I am alone.
c) The footsteps of my friend are heard by me when I am alone.
d) The footsteps of my friend was heard by me when I am alone. **ans. C**

Solution: এখানে Subject হলো Footsteps যা Plural noun. তাই সংশ্লিষ্ট Verb হিসেবে 'is' বা 'was' না বসে 'are' বসবে।

বাক্যের অর্থঃ আমি একা থাকলে আমার বন্ধুর পদধ্বনি আমি কল্পনায় শুনতে পাই।

19. Movies are not watched by him.

a) He did not watch movies.
b) He did not watch movies.
c) He does not watch movies.
d) He is not watched movies. **ans. C**

Recent Publications www.exambd.net

Solution: Passive বাক্যে সাহায্যকারী Verb হিসেবে Are not থাকায় Active voice টি Present indefinite tense এর হবে। আর আমরা জানি, Auxiliary verb হিসেবে Present tense এর ক্ষেত্রে 'he' এরপর 'does' বসে।

বাক্যের অর্থঃ তিনি মুভি দেখেন না।

Q. 20 – 22: Sentence Correction.

20. He is too important <u>for tolerating</u> any delay.

a) to tolerate b) with tolerating
c) at tolerating d) to tolerating **ans. A**

Solution: এক্ষেত্রে সঠিক নিয়মটি হলো too ..... to. এখানে to এরপর Verb এর Base form বসবে যা একমাত্র অপশন *a*) তে আছে। তাই উত্তর *a*).

বাক্যের অর্থঃ সে এতই প্রভাবশালী যে সে কোনো দেরিই সহ্য করতে পারে না।

21. The performance of our players was rather <u>worst than I had expected</u>.

a) bad as I had expected
b) worse than I had expected
c) worse than expectation
d) worst than was expected **ans. B**

Solution: Bad এর Comparative রূপ হলো Worse আর 'than' এরপর Subject কে আনতে হবে।

বাক্যের অর্থঃ দলের খেলোয়ারদের পারফরমেন্স আমার প্রত্যাশার চেয়ে খারাপ হয়েছিল।

22. The tea-estate administration is <u>in such mess there</u> is no leader to set the things right.

a) in such a mess here
b) in such a mess that there
c) in a such mess that here
d) with such a mess that there **ans. B**

Solution: In such a mess that there হলো একটি Phrase যার অর্থ হলো 'এমন একটি গোলমেলে অবস্থা যে'। তাই সঠিক উত্তর হবে অপশন *b*).

বাক্যের অর্থঃ চা বাগান প্রশাসনের এমন গোলমেলে অবস্থা যে এখানে সঠিকভাবে জিনিসপত্র পরিচালনার জন্য কোনো নেতা নেই।

23. Antonym of PIQUE is

a) Hurt b) Irk
c) Joy d) Huff **ans. C**

Solution: Pique – গর্ব; অহংকার; ঘৃণা করা। Joy – আনন্দ; গভীর হর্ষ। Irk – বিরক্ত/ উত্যক্ত করা। Hurt – আঘাত/ চোট পাওয়া/ লাগা। Huff – ক্রোধাবেশ; রোষাবেশ।

24. "Clique" means

a) A group of animals b) A group of birds
c) A group of people d) A group of fish **ans. C**

Solution: Clique অর্থ (মন্দ অর্থে) একই স্বার্থে আবদ্ধ ক্ষুদ্র একদল মানুষ।

25. Idiom "A slap on the wrist" means?

a) Hard Punishment
b) Beating Someone
c) Warning or Small Punishment
d) Make someone sad **ans. C**

Solution: A slap on the wrist অর্থ সতর্ক করা বা সামান্য তিরস্কার বা শাস্তি দেয়া। এর Synonymous হলো A mild reprimand or punishment.

26. If the sum of the interior angles of a regular polygon measures 1440°, how many sides does the polygon have?

a) 10 sides b) 8 sides
c) 12 sides d) 9 sides **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি সুষম বহুভুজের অন্তঃকোণের সমষ্টি 1,440° হলে বহুভুজের বাহুর সংখ্যা কত?

বহুভুজের বাহুর সংখ্যা n হলে বহুভুজটির অন্তঃকোণের সমষ্টির পরিমাণ হবে $(n-2)\times 180°$

প্রশ্নমতে, $(n-2)\times 180° = 1440°$

$\Rightarrow n-2 = \frac{1440°}{180°} = 8$

$\therefore n = 8+2 = 10$

27. If the mean of numbers 28, x, 42, 78 and 104 is 62, what is the mean of 48, 62, 98, 124 and x?

a) 58 b) 390
c) 78 d) 310 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 28, x, 42, 78 এবং 104 এর গড় 62 হলে 48, 62, 98, 124 এবং x এর গড় কত?

যেহেতু, প্রথমে সংখ্যা আছে 5 টি, তাই

প্রশ্নমতে, $\frac{28+x+42+78+104}{5} = 62$

$\Rightarrow 252 + x = 310$

$\therefore x = 310 - 252 = 58.$

অতএব, 48, 62, 98, 124 এবং x এর গড়

$= \frac{48+62+98+124+58}{5} = \frac{390}{5} = 78.$

28. If the difference between the circumference and diameter of a circle is 60*cm*, then the radius of the circle is

a) 7*cm* b) 9*cm*
c) 10*cm* d) 14*cm* **ans. D**

Recent Publications
www.exambd.net

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি বৃত্তের পরিধি ও ব্যাসের পার্থক্য হলো $60cm$. বৃত্তটির ব্যাসার্ধ কত?
ধরি, বৃত্তটির ব্যাসার্ধ r, ব্যাস $= 2r$
এবং পরিধি $= 2\pi r$
প্রশ্নমতে, $2\pi r - 2r = 60$

$\Rightarrow r(2\pi - 2) = 60$

$\Rightarrow r = \frac{60}{2\pi - 2}$

$\Rightarrow r = \frac{60}{6.2832 - 2}$ [যেহেতু $\pi = 3.1416$]

$\therefore r = \frac{60}{4.2832} = 14.00cm$

29. The average age of a group of 10 students was 20. The average age increased by 2 years when two new students joined the group. What is the average age of the two new students who joined the group?
a) 22 years b) 30 years
c) 40 years d) 32 years **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, ১০ জন ছাত্রের গড় বয়স ২০ বছর। ২ জন ছাত্র ঐ দলে যোগ দেয়ায় গড় বয়স ২ বছর বেড়ে গেল। ঐ ২ জন ছাত্রের গড় বয়স কত?
10 জন ছাত্রের বয়সের সমষ্টি $= 10 \times 20 = 200$ বছর
$(10 + 2) = 12$ জন ছাত্রের গড় বয়স হবে
$= 20 + 2 = 22$ বছর।

$\therefore$ 12 জন ছাত্রের বয়সের সমষ্টি $= 12 \times 22 = 264$ বছর
অতএব, 2 জন ছাত্রের বয়সের সমষ্টি
$= 264 - 200 = 64$ বছর

$\therefore$ তাদের বয়সের গড় $= \frac{64}{2} = 32$ বছর

30. A triangular plot with sides of 25 feet, 40 feet, and 55 feet is to be surrounded by a fence built on pillars set 5 feet apart. How many pillars will be required to surround the plot?
a) 21 b) 22
c) 23 d) 24 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে 25 ফুট, 40 ফুট এবং 55 ফুট দৈর্ঘ্যের একটি ত্রিভুজাকৃতি জমিতে 5 ফুট দূরে দূরে পিলার দিয়ে বেড়া দিতে হবে। বেড়া দিতে কতগুলো পিলার লাগবে?
প্লটের পরিসীমা $= 25 + 40 + 55 = 120$ ফুট
একটি পিলার হতে অন্য পিলারের দূরত্ব $= 5$ ফুট
অতএব, মোট পিলার লাগবে $= (120 \div 5) - 2$
[ত্রিভুজ হওয়ার কারণে ২ টি পিলার বাদ যাবে]
$= 24 - 2 = 22$ টি

31. Which of the following is the lowest positive integer that is divisible by 8, 9, 10, 11 and 12?
a) 7,920 b) 5,940
c) 3,960 d) 2,970 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, নিচের কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 8, 9, 10, 11 এবং 12 দ্বারা নিঃশেষে ভাগ করা যায়?
8, 9, 10, 11 এবং 12 এর ল.সা.গু.-ই হবে সেই সংখ্যা।
এখানে, 2|8, 9, 10, 11, 12
2|4, 9, 5, 11, 6
3|2, 9, 5, 11, 3
2, 3, 5, 11, 1

$\therefore$ নির্ণেয় ল.সা.গু. $= 2 \times 2 \times 3 \times 2 \times 3 \times 5 \times 11$
$= 3,960$

32. As the price of mango has reduced 20%, It is now possible to buy 2 more mangoes at Tk. 12. What is the current price of 50 mangoes?
a) Tk. 50 b) Tk. 40
c) Tk. 30 d) Tk. 60 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, আমের মূল্য 20% কমে যাওয়ায় 12 টাকা দিয়ে 2 টি আম বেশি ক্রয় করা যায়। 50 টি আমের প্রকৃত মূল্য কত?
ধরি, পূর্বে 1 টি আমের দাম ছিল $= x$ Tk.
তাহলে বর্তমানে 20% কমে 1টি আমের দাম $= 0.8x$ Tk.
প্রশ্নমতে, $\frac{12}{0.8x} - \frac{12}{x} = 2$

$\Rightarrow \frac{15}{x} - \frac{12}{x} = 2$

$\therefore x = 1.5$
তাহলে বর্তমানে 1টি আমের দাম $= 0.8 \times 1.5 = 1.20$ Tk
$\therefore$ বর্তমানে 50টি আমের দাম $= 1.20 \times 50 = 60$ Tk.

Shortcut: এখানে, 20% of 12 টাকা $= 2.4$ টাকা।
20% দাম কমার কারণে 2টি আম বেশি পাওয়া যাচ্ছে।
অর্থাৎ, 2টি আমের দাম $= 2.4$ টাকা

$\therefore$ 50টি আমের দাম $= \frac{2.4 \times 50}{2} = 60$ টাকা

33. A hat contains 12 cards marked with a star and 18 unmarked cards. What is the probability that one card selected at random will be marked with a star?
a) $\frac{3}{5}$ b) $\frac{2}{5}$
c) $\frac{2}{3}$ d) $\frac{5}{2}$ **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি টুপিতে 12টি তারকা চিহ্নিত কার্ড এবং 18টি অচিহ্নিত কার্ড রয়েছে। দৈবক্রমে একটি কার্ড তুললে তা তারকা চিহ্নিত হওয়ার সম্ভাবনা কত?

Recent Publications
www.exambd.net

মোট কার্ডের সংখ্যা = 12 + 18 = 30টি

∴ তারকা চিহ্নিত হওয়ার সম্ভাবনা

$= \frac{\text{অনুকূল ঘটনার সংখ্যা}}{\text{মোট ঘটনার সংখ্যা}} = \frac{12}{30} = \frac{2}{5}$

34. A rectangular room that is 8 meters by 5 meters is to be carpeted using carpet costing $12.50 per square meter. How much will the carpet cost?

a) $40 b) $500
c) $100 d) $480 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, 8 মিটার দীর্ঘ এবং 5 মিটার প্রস্থের একটি ঘরের কার্পেটিং হবে। প্রতি বর্গমিটার কার্পেটের খরচ $12.50 হলে মোট খরচ হবে কত?

দেয়া আছে, ঘরের ক্ষেত্রফল = 8 × 5 = 40 বর্গমিটার

∴ মোট খরচ হবে = 40 × 12.5 = $500

35. The original funding to build a housing development was $1.75 billion. The funding was increased to $2.5 billion. By what percentage was the original funding increased?

a) 38% b) 52%
c) 43% d) 71% **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি বাড়ি তৈরীর প্রকৃত খরচ 1.75 বিলিয়ন ডলার। ঐ বাড়ির নির্মাণ ব্যয় 2.5 বিলিয়ন ডলার বেড়ে গেল। প্রকৃত খরচ শতকরা কত বাড়লো?

নির্মাণ ব্যয় বেড়ে গেল = 2.5 – 1.75

= 0.75 বিলিয়ন ডলার।

∴ নির্মাণ ব্যয় শতকরা বেড়ে গেল = $\left(\frac{\$0.75}{\$1.75} \times 100\right)\%$

= $42.9% = প্রায় $43%

36. If x is an integer and $y = 7x + 5$, which of the following CANNOT be a divisor of y?

a) 10 b) 11
c) 12 d) 14 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, x একটি পূর্ণসংখ্যা এবং $y = 7x + 5$ হলে নিচের কোনটি y এর ভাজক হবে না?

ধরি, $x = 1, 2, 3, 4$ ..... ইত্যাদি।

এখানে,

$(7 \times 1) + 5 = 7 + 5 = 12$ যা 12 দ্বারা বিভাজ্য।

$(7 \times 2) + 5 = 14 + 5 = 19$ যা 19 দ্বারা বিভাজ্য।

$(7 \times 3) + 5 = 21 + 5 = 26$ যা 13 দ্বারা বিভাজ্য।

$(7 \times 4) + 5 = 28 + 5 = 33$ যা 33 দ্বারা বিভাজ্য।

অতএব, $(7x + 5)$ এর ভাজকগুলো হতে পারে 12, 19, 26, 33 .....

কিন্তু, $(7x + 5)$ সংখ্যাটি 14 দ্বারা বিভাজ্য হবে না।

তাই সঠিক উত্তর হবে অপশন *d*).

37. Which number is divisible by 2, 3, 4 and 6 but is not divisible by 5?

a) 138 b) 644
c) 1020 d) 1428 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে নিচের কোনটি 2, 3, 4 এবং 6 দ্বারা বিভাজ্য কিন্তু 5 দ্বারা বিভাজ্য নয়?

এখানে অপশন *a*) এর 138 সংখ্যাটি 4 দ্বারা বিভাজ্য নয়, তাই এই অপশনটি বাদ।

অপশন *b*) এর 644 সংখ্যাটি 3 দ্বারা বিভাজ্য নয়, তাই এই অপশনটি বাদ।

অপশন *c*) এর 1020 সংখ্যাটি 5 দ্বারা বিভাজ্য, তাই এই অপশনটিও বাদ।

অপশন *d*) এর 1428 সংখ্যাটি 2, 3, 4 এবং 6 দ্বারা বিভাজ্য কিন্তু 5 দ্বারা বিভাজ্য নয়। তাই সঠিক উত্তর হবে এটি।

38. What is the average (arithmetic mean) of the values 39, 40, 39, 45, 42, 35, 47?

a) 39 b) 41
c) 45 d) 47 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে 39, 40, 39, 45, 42, 35 এবং 47 এর গড় কত?

∴ সংখ্যাগুলোর গড়

$= \frac{39 + 40 + 39 + 45 + 42 + 35 + 47}{7} = \frac{287}{7} = 41$

39. A wall 8*m* long, 6*m* high and 22.5*cm* thick is made up of bricks, each measuring 25*cm* × 11.25*cm* × 6*cm*. The number of bricks required was

a) 7,200 b) 6,400
c) 6,000 d) 5,600 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, $25cm \times 11.25cm \times 6cm$ সাইজের ইট দিয়ে $8m \times 6m \times 22.5cm$ পরিমাপের একটি দেয়াল বানাতে কয়টি ইট লাগবে?

এখানে, $8m = 800cm$ এবং $6m = 600cm$

প্রয়োজনীয় ইটের সংখ্যা $= \frac{\text{দেয়ালের আয়তন}}{\text{একটি ইটের আয়তন}}$

$= \frac{800 \times 600 \times 22.5}{25 \times 11.25 \times 6} = 6,400$ টি

40. If $\log_a 2 = a$ and $\log_a 5 = b$, then $\log_a 50 =$

a) $a + b$ b) $a + b^2$
c) ab^2 d) $a + 2b$ **ans. D**

Solution: দেয়া আছে, $\log_a 2 = a$ এবং $\log_a 5 = b$

প্রদত্তরাশি = $\log_a 50 = \log a(2 \times 5^2)$

$= \log_a 2 + \log_a 5^2 = \log_a 2 + 2\log_a 5$

$= a + 2b$ [মানবসিয়ে]

∴ $\log_a 50 = a + 2b$

Recent Publications www.examrd.net

41. **Which of the following is not an Islamic Bank?**
a) Union Bank Ltd
b) Exim Bank Ltd
c) First Security Islami Bank Ltd
d) Bank Al-Falah Ltd **ans. D**

Solution: Bank Al-Falah Ltd. ছাড়া অপশনের অন্যগুলো ইসলামিক ব্যাংক। উল্লেখ্য, আল-ফালাহ পাকিস্তানের একটি প্রাইভেট ব্যাংক যা আবুধাবী গ্রুপের মালিকানাধীন। ১৬ মে ২০০৫ সালে আল-ফালাহ ব্যাংক বাংলাদেশে কার্যক্রম শুরু করে। বাংলাদেশে এর ৭টি শাখা রয়েছে। বাংলাদেশে যে সকল ইসলামী ধারার ব্যাংক কার্যক্রম পরিচালনা করছে সেগুলো হলোঃ ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক, সোশ্যাল ইসলামী ব্যাংক, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, শাহজালাল ইসলামী ব্যাংক, আইসিবি ইসলামী ব্যাংক, এক্সিম ব্যাংক, স্টান্ডর্ড ব্যাংক এবং গ্লোবাল ইসলামী ব্যাংক।

42. **What is the Statutory Liquidity Ratio (SLR) and Cash Reserve Ratio (CRR) for the Islamic scheduled commercial banks in Bangladesh?**
a) 18% b) 20%
c) 11% d) 4% **ans. C**

Solution: CRR হলো Cash Reserve Ratio বা নগদ সংরক্ষিত অনুপাত। মোট ব্যাংক জামানতের একটি নির্দিষ্ট শতাংশ কেন্দ্রীয় ব্যাংকের সাথে বর্তমান Account এ রাখা হয়। এই অর্থ ব্যাংক বিনিয়োগ করতে পারে না। অর্থাৎ বাণিজ্যিক ব্যাংক বাংলাদেশ ব্যাংকের সাথে দিন শেষে স্থানীয় মুদ্রায় যে Balance রাখে তাকে CRR বলে। Monetary Policy ঠিক রাখার জন্য কেন্দ্রীয় ব্যাংকে ইসলামী ব্যাংকগুলো SLR এবং CRR মিলে ১১% রাখে।

43. **Which of the following is not a bank or finance company?**
a) Barclays b) BNP Paribas
c) Lufthansa d) HSBC **ans. C**

Solution: Lufthansa হলো একটি বিমান সংস্থার নাম। এটি জার্মানির বৃহত্তম এবং ইউরোপের দ্বিতীয় বৃহত্তম বিমান সংস্থা। কিন্তু, Barclays হলো একটি বহুজাতিক বিনিয়োগ ব্যাংক এবং আর্থিক পরিসেবা সংস্থা। এর সদরদপ্তর ইংল্যান্ডের রাজধানী লন্ডনে অবস্থিত। BNP Paribas হলো একটি ফরাসি আন্তর্জাতিক ব্যাংকিং গ্রুপ। এর সদরদপ্তর ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থিত। HSBC হলো একটি ব্রিটিশ বহুজাতিক ব্যাংকিং এবং আর্থিক পরিষেবাদি সংস্থা। এর সদরদপ্তর ইংল্যান্ডের রাজধানী লন্ডনে অবস্থিত।

44. **How frequently does the central bank announce monetary policy in Bangladesh?**
a) Yearly b) Quarterly
c) Monthly d) Half yearly **ans. A**

Solution: ২৮ জুলাই ২০১৯ সাল থেকে বাংলাদেশ ব্যাংক বছরে ২ বারের পরিবর্তে ১ বার মুদ্রানীতি ঘোষণা করার সিদ্ধান্ত নেয়। মুদ্রানীতির কাজ হলো 'মুদ্রানীতি দেশের দারিদ্র্য বিমোচন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, কর্মসংস্থান বৃদ্ধি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়াতে বড় ভূমিকা রাখে'। তবে মুদ্রানীতির আরেকটা কাজ হলো দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষা করা। মূলত বাংলাদেশ ব্যাংক পরিস্থিতি মূল্যায়ন করে খোলাবাজার কার্যক্রম, সংবিধিবদ্ধ জমার অনুপাত পরিবর্তনসহ ব্যাংক হার পরিবর্তনের মাধ্যমে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের চেষ্টা করে।

45. **Freetown is the capital of**
a) Senegal b) Guinea
c) Sierra Leone d) Liberia **ans. C**

Solution: Freetown is the capital of Sierra Leone.

দেশের নাম	সেনেগাল	গিনি	লাইবেরিয়া
রাজধানী	ডাকার	কোনাক্রি	মনরোভিয়া

46. **Which technology is used in compact disks?**
a) Mechanical b) Electrical
c) Electro Magnetic d) Laser **ans. D**

Solution: সিডি হচ্ছে লেজার-ডিস্ক প্রযুক্তির একটি উদ্ভাবন। এটি অপটিক্যাল ডিস্ক, যা ডিজিটাল তথ্য যেমনঃ লেখা, ছবি, ভিডিও এবং গানসহ বিভিন্ন রকমের ডেটা সংরক্ষণে ব্যবহৃত হয়ে থাকে। প্রথমদিকে এটি বিশেষ করে শব্দ ধারণ করতে ব্যবহার করা হতো। সিডির তথ্য পাঠ করার জন্য ইনফ্রারেড লেজার ব্যবহৃত হয়, যার তরঙ্গদৈর্ঘ্য ৭৮০ ন্যানোমিটার।

47. **How much is the foreign exchange reserve of Bangladesh as of January 2021?**
a) $24,00 Million b) $42,670 Million
c) $27,450 Million d) $65,895 Million
ans. B

Note: ২০২১ সালের আগস্ট মাসের বাংলাদেশের ব্যাংকের তথ্য অনুযায়ী বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমান ৪৮ বিলিয়ন ডলার বা ৪ লাখ ৮ হাজার ৩৬৫ কোটি মার্কিন ডলার Update তথ্য দেখে যাবেন

48. **What is the name of Turkish currency?**
a) Lira b) Euro
c) Florin d) Pound **ans. A**

Solution: তুর্কির মুদ্রার নাম 'তুর্কি লিরা'। এর রাজধানী হলো আঙ্কারা।

Recent Publications
www.exambd.net

49. Dhaka Stock Exchange was founded in

a) 1996 b) 1954
c) 1991 d) 1974 **ans. B**

Solution: Dhaka Stock Exchange বা DSE প্রতিষ্ঠিত হয় ২৮ এপ্রিল, ১৯৫৪ সালে। DSE ১ সেপ্টেম্বর, ১৯৫৬ সালে আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে নারায়ণগঞ্জে। এই প্রতিষ্ঠানটির পূর্ব নাম ছিলো 'পূর্ব পাকিস্তান স্টক এক্সচেঞ্জ অ্যাসোসিয়েশন লিমিটেড। আর পরবর্তীতে এই নাম পরিবর্তন করে রাখা হয় 'ঢাকা স্টক এক্সচেঞ্জ' ১৪ মে ১৯৬৪ সালে। উল্লেখ্য, পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থার নাম হলো 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন'। আর দেশের দ্বিতীয় শেয়ারবাজারের নাম হলো 'চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ' যা প্রতিষ্ঠিত হয় ১৯৯৫ সালে।

50. How many goals are there in Sustainable Development Goals (SDG)?

a) 12 b) 13
c) 25 d) 17 **ans. D**

Solution: টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) এর লক্ষ্যগুলো হলোঃ ১. দারিদ্র্য নির্মূল; ২. ক্ষুধামুক্তি; ৩. সুস্বাস্থ্য; ৪. মানসম্পন্ন শিক্ষা; ৫. লিঙ্গ সমতা; ৬. বিশুদ্ধ পানি ও পয়ঃনিষ্কাশন; ৭. সাশ্রয়ী ও নবায়নযোগ্য জ্বালানি; ৮. উপযুক্ত কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি; ৯. শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো; ১০. বৈষম্য হ্রাস; ১১. টেকসই শহর ও জনগণ; ১২. পরিমিত ভোগ; ১৩ জলবায়ুবিষয়ক পদক্ষেপ; ১৪. পানির নিচে প্রাণ; ১৫. স্থলভাগের জীবন; ১৬. শান্তি ও ন্যায়বিচার এবং ১৭. লক্ষ্য অর্জনে অংশীদারিত্ব।

Global Islami Bank Ltd.
Recruitment Test for PO – 20.02.2021
Business Studies, DU

01. 'শবপোড়া' শব্দটির কি দোষ দেখা যায়?

a) গুরুচণ্ডালী b) আকাঙ্ক্ষার প্রয়োগে ভুল
c) উপমার প্রয়োগে ভুল d) দুর্বোধ্যতা **ans. A**

Solution: তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের প্রয়োগ কখনো কখনো গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে। এ দোষে দুষ্ট শব্দ তার যোগ্যতা হারায়। 'গরুর গাড়ি', 'শবদাহ', 'মড়াপোড়া' ইত্যাদি স্থলে যথাক্রমে 'গরুর শকট', 'শবপোড়া', 'মড়াদাহ' ইত্যাদি ব্যবহার গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে।

02. 'দুঃখকে প্রাপ্ত' এটি কোন সমাস?

a) দ্বিগু b) বহুব্রীহি
c) তৎপুরুষ d) কর্মধারয় **ans. C**

Solution: পূর্বপদের দ্বিতীয়া বিভক্তি (কে, রে) ইত্যাদি লোপ পেয়ে যে সমাস হয়, তাকে দ্বিতীয়া তৎপুরুষ সমাস বলে। যেমনঃ দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত, বিপদকে আপন্ন = বিপদাপন্ন, পরলোকে গত = পরলোকগত।

ব্যাপ্তি অর্থেও দ্বিতীয় তৎপুরুষ সমাস হয়। যেমনঃ চিরকাল ব্যাপিয়া সুখী = চিরসুখী। এরকমঃ গা-ঢাকা, রথদেখা, বীজবোনা, ভাতরাঁধা, ছেলে-ভুলানো (ছড়া), নভেল-পড়া ইত্যাদি।

03. 'সূর্য' এর প্রতিশব্দ

a) আদিত্য b) সুধাংশু
c) শশাঙ্ক d) বিধু **ans. A**

Solution: 'সূর্য' এর প্রতিশব্দগুলোঃ রবি, ভানু, আফতাব, ভাস্কর, আদিত্য, দিবাকর, তপন, দিনমণি, মার্তণ্ড, অর্ঘমা ইত্যাদি। 'চাঁদ' এর কিছু প্রতিশব্দগুলোঃ সুধাংশু, শশাঙ্ক, বিধু, চন্দ্র, সুধাকর, শশধর, শশী, হিমাংশু, নিশাকর, সোম, সিতাংশু, সুধানিধি, কলানিধি, হিমকর, ইন্দু, চন্দ্রমা, দ্বিজরাজ, নিশাকান্ত, মৃগাঙ্ক, কলাভৃৎ, কুমুদনাথ ইত্যাদি।

04. 'কৃষক হলেও তার আছে রাশি রাশি ধান' এই বাক্যে 'রাশি রাশি' কি অর্থে ব্যবহৃত হয়েছে?

a) সামান্য b) গভীরতা
c) আধিক্য d) তীব্রতা **ans. C**

Solution: বিশেষ্য শব্দযুগলের বিশেষণরূপে ব্যবহারঃ
আধিক্য বোঝাতেঃ রাশি রাশি ধন, ধামা ধামা ধান।
বিশেষণ শব্দযুগলের বিশেষণরূপে ব্যবহারঃ
আধিক্য বোঝাতেঃ ভালো ভালো আম নিয়ে এসো।
ছোট ছোট ডাল কেটে ফেল।

05. 'স্বাধীনতা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?

a) সু + অধীনতা b) স + অধীনতা
c) শ + অধীনতা d) স্ব + অধীনতা **ans. D**

Recent Publications
www.exambd.net

Solution: 'ই'-কার কিংবা 'ঈ'-কারের পর 'ই'-কার কিংবা 'ঈ'-কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ 'ঈ'-কার হয়। দীর্ঘ 'ঈ'-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমনঃ ই + ই = ঈ অতি + ইত = অতীত। ই + ঈ = ঈ। পরি + ঈক্ষা = পরীক্ষা। এরূপঃ গিরীন্দ্র, ক্ষিতীশ, মহীন্দ্র, শ্রীশ, পৃথ্বীশ, অতীব, প্রতীক্ষা, প্রতীত, রবীন্দ্র, দিলীশ্বর, সতীন্দ্র ইত্যাদি।

06. **এক কথায় প্রকাশ করুনঃ জয়ের জন্য যে উৎসব**

a) বিজয়জয়ন্তী b) জয়ন্তী
c) জয়ান্তী d) বিজয় উৎসব ***ans.* B**

Solution:

জয়ের জন্য যে উৎসব = জয়ন্তী।	জয়সূচক যে উৎসব = জয়ন্তী।
পঁচিশ বছর পূর্ণ হওয়ার উৎসব = রজত জয়ন্তী।	পঞ্চাশ বছর পূর্ণ হওয়ার উৎসব = সুবর্ণ জয়ন্তী।
ষাট বছর পূর্ণ হওয়ার উৎসব = হীরক জয়ন্তী।	একশত পঞ্চাশ বছর = সার্ধশতবর্ষ।

07. **'ছন্দের জাদুকর' কে ছিলেন?**

a) কাজী নজরুল ইসলাম b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) দ্বিজেন্দ্রনাল রায় d) সত্যেন্দ্রনাথ দত্ত ***ans.* D**

Solution:

নাম	সত্যেন্দ্রনাথ দত্ত	রবীন্দ্রনাথ ঠাকুর	কাজী নজরুল ইসলাম
উপনাম/ ছদ্মনাম	ছন্দের জাদুকর	ভানুসিংহ	দুখু মিয়া, নুরু

08. **কোনটি শুদ্ধ বানান?**

a) নিসুতী b) নিসুতি
c) নিসূতী d) নিষুতি ***ans.* D**

Solution: শুদ্ধ বানান 'নিষুতি' যার অর্থঃ নিদ্রায় মগ্ন; গাঢ়নিদ্রা।

09. **খাঁটি বাংলা উপসর্গ যোগে সৃষ্ট শব্দ কোনটি?**

a) আকাঁড়া b) অবেলা
c) অপমান d) অভিশয় ***ans.* A**

Solution: খাঁটি বাংলা উপসর্গ 'আ' যোগে গঠিত শব্দগুলোঃ

উপসর্গ	অর্থদ্যোতকতা	উদাহরণ
আ	অভাব অর্থে	আকাঁড়া, আধোয়া, আলুনি
	বাজে, নিকৃষ্ট	আকাঠা, আগাছা

10. **ভাষা আন্দোলনের ফলে কোন প্রতিষ্ঠান সৃষ্টি হয়েছিল?**

a) ঢাকা বিশ্ববিদ্যালয় b) নজরুল ইসস্টিটিউট
c) এশিয়াটিক সোসাইটি d) বাংলা একোডেমি ***ans.* D**

Solution: বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর। বাংলা একাডেমির প্রতিষ্ঠান স্থাপন ও সংগঠনের চিন্তা ড. মুহম্মদ শহীদুলাহ প্রথম করেন। ড. শহীদুল্লাহ ৩১ ডিসেম্বর, ১৯৪৮ এ পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলনে ভাষা সংক্রান্ত একটি একাডেমি প্রতিষ্ঠার দাবি করেন।

11. **Books are a great source ____ happiness.**

a) of b) for
c) on d) with ***ans.* A**

Solution: কোনো কিছুর উৎস হিসেবে Source এরপর 'of' বসে। যেমনঃ The sources of the Ganges অথবা, The source of an infection.
বাক্যের অর্থঃ বই হচ্ছে আনন্দের বা সুখের প্রধান উৎস।

12. **In the test, we will ____ your work and then give you detailed feedback.**

a) assess b) judge
c) measure d) check ***ans.* A**

Solution: Assess someone's task or work অর্থ কারো কাজের মূল্যায়ন করা। এখানে, Judge অর্থ বিচারকের কাজ করা। Measure অর্থ মাপ; পরিমাপ। Check অর্থ কোনো কিছু সঠিক কিনা পরীক্ষা করে দেখা।
বাক্যের অর্থঃ এই পরীক্ষায় আমরা তোমার কাজ মূল্যায়ন করবো এবং তোমাকে পূর্ণাঙ্গ একটা মতামত দিব।

13. **What is the cause ____ the problem?**

a) of b) on
c) about d) in ***ans.* A**

Solution: অতীত বা পূর্বের কোনো ঘটনার কারণ হিসেবে Cause of বসে। আবার কোনো কিছুর ভিত্তি বা যুক্তি হিসেবে Cause for বসে। যেমনঃ What is the cause of the accident? অথবা, There is no cause for anxiety.
বাক্যের অর্থঃ সমস্যার কারণ কী?

14. **If he is not interested, we will ____ the proposal.**

a) vacant b) abandon
c) impulse d) remove ***ans.* B**

Solution: এখানে We will abandon the proposal অর্থ আমরা প্রস্তাবটি ফিরিয়ে দিব। আর Vacant অর্থ শূন্য; রিক্ত; খালি। Impulse অর্থ তাড়না; বেগ। Remove অর্থ দূর করা; সরানো।
বাক্যের অর্থঃ তিনি আগ্রহী না হলে আমরা প্রস্তাবটি ফিরিয়ে দিব।

15. **Both parties must adhere ____ the terms of the contract.**

a) in b) by
c) on d) to ***ans.* D**

Solution: কোনো কিছুতে অটল থাকা বা দৃঢ়ভাবে লেগে থাকা অর্থে Adhere to বসে।
যেমনঃ I still adhere to my bank preparation অথবা She will adhere to her plan.
বাক্যের অর্থঃ উভয় দলই চুক্তিটির শর্তের ক্ষেত্রে অনড় থাকবে।

***Q. 16 – 17:** Find the correctly spelt word.*

16. a) Bureacracy b) Bercaucracy
c) Buereacracy d) Bureaucracy ***ans.* D**

Solution: Bureaucracy অর্থ আমলাতন্ত্র।

17. a) Deference b) Defferance
c) Defference d) Defference ***ans.* A**

Solution: Deference অর্থ অন্যের ইচ্ছার কাছে নতি স্বীকার; মান্যত্ব; বশবর্তিতা।

Recent Publications
www.exambd.net

18. The synonymous of Catastrophe is

a) Built b) Implement
c) Destruction d) Fresh **ans. C**

Solution: Catastrophe = Destruction – বিপর্যয়; আকস্মিক বিপত্তি। Built – নির্মাণ/ তৈরি করা; গড়া; বানানো। Implement – বাস্তবায়িত করা; কার্যে পরিণত করা। Fresh – টাটকা; তাজা।

19. The idiom 'Tie the knot' means?

a) Getting married b) Criticism
c) Enmity d) Wear a tie **ans. A**

Solution: 'Tie the knot' এর (Informal use এর ক্ষেত্রে) অর্থ হলো বিবাহ বন্ধন। Criticism অর্থ সমালোচনা। Enmity অর্থ শত্রুতা। Wear a tie অর্থ টাই পড়া।

20. Passive voice of 'I saw him leaving the house' is

a) Leaving the house he was seen by me
b) He was seen to be leaving the house
c) He was seen leaving the house by me
d) He had been seen leaving the house. **ans. C**

Solution: Object + present participle যুক্ত Active voice কে Passive voice এর পরিবর্তনের সময় Present participle থেকে বাক্যের বাকি অংশ অপরিবর্তিত থাকে। এক্ষেত্রে শুধু Present participle এর পূর্ববর্তী বাক্যাংশের Passive form হয়ে থাকে। এক্ষেত্রে By + object যুক্ত অংশ বাক্যের শেষে বসে।
যেমনঃ Active: I saw him carrying a book.
Passive: He was seen carrying a book by me.
বাক্যের অর্থঃ আমি তাকে বাড়ি থেকে চলে যেতে দেখেছিলাম।

21. Antonym of 'Foe' is

a) Friend b) Enemy
c) Classmate d) Future **ans. A**

Solution:

Foe – শত্রু	Friend – বন্ধু
Enemy – শত্রু	Future – ভবিষ্যৎ

22. The phrase 'De Jure' means?

a) Successful b) By law
c) Illegal d) Fugitive **ans. B**

Solution: 'De Jure' অর্থ ন্যায়সম্মতভাবে; আইনত। একে 'By law' বলা যায়। আর Successful অর্থ সফল। Illegal অর্থ অবৈধ। Fugitive অর্থ পলাতক।

23. Antonym of ENORMOUS is

a) Fragile b) Weak
c) Tiny d) Soft **ans. C**

Solution: Enormous – প্রচুর। Fragile – ভঙ্গুর; ঠুনকো। Tiny – অতি ক্ষুদ্র; পুঁচকে। Soft – নরম।

24. Passive voice of 'None likes him' is

a) He is not liked by anyone
b) He was not liked by anyone
c) He has not been liked by anyone
d) He is liked by none **ans. A**

Solution: **বাক্যের অর্থঃ** কেউ তাকে পছন্দ করে না।

25. It was bungled effect to restore order 'Bungled' here means

a) United b) Unsuccessful
c) Unprecedented d) Fatal **ans. B**

Solution: 'Bungle' অর্থ কোনো কাজ আনাড়ির মতো করা; ভণ্ডুল করা। আর উপরে উল্লিখিত বাক্যে 'Bungled' অর্থ অকার্যকর বা অসফল। আর United অর্থ ঐক্য; মিলিত। Unprecedented অর্থ নজীরবিহীন। Fatal অর্থ মারাত্মক।

26. 40 is subtracted from 60% of a number, the result is 50. Find the number?

a) 110 b) 330
c) 340 d) 150 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি সংখ্যার 60% হতে 40 বিয়োগ করা হলে বিয়োগফল হয় 50. সংখ্যাটি কত?
ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, 60% of $x - 40 = 50$

$\Rightarrow \frac{60x}{100} = 90$

$\Rightarrow \frac{3x}{5} = 90$

$\therefore \quad x = \frac{5 \times 90}{3} = 150$

Shortcut: অপশন ধরে, 150 এর $60\% - 40 = \frac{150 \times 60}{100} - 40$
$= 90 - 40 = 50$

27. The cost price of a product is 64% of the marked price. How much is the gain in percent if the product is sold allowing a discount of 12%.

a) 37.5% b) 38.5%
c) 42.5% d) 27.5% **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি পণ্যের ক্রয়মূল্য তালিকা মূল্যের 64% হলে ঐ পণ্যটিতে 12% হ্রাসে বিক্রি করলে শতকরা কত লাভ হবে?
ধরি, পণ্যটির তালিকামূল্য = 100 টাকা
$\therefore$ পণ্যটির ক্রয়মূল্য = 64 টাকা
12% হ্রাসে পণ্যটির মূল্য = 100 – 12 = 88 টাকা

$\therefore$ শতকরা লাভ $= \left(\frac{88 - 64}{64} \times 100\right)\% = 37.5\%$

Recent Publications
www.exambd.net

28. In a 300*m* race A beats B by 22.5*m* or 6 seconds. B's time over the course is:

a) 86 sec b) 80 sec
c) 76 sec d) 99 sec **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 300 মিটারের একটি প্রতিযোগিতায় A, B কে 22.5 মিটারে বা 6 সেকেন্ডে পরাজিত করে। B কত সময় নিয়েছিল?

যেহেতু, দৌড় প্রতিযোগিতায় A, B কে 22.5*m* বা 6 সেকেন্ডে পরাজিত করে, তাই

B একাকী 22.5*m* যায় = 6 সেকেন্ডে

$\therefore$ B একাকী 300*m* যায় $= \frac{6 \times 300}{22.5} = 80$ সেকেন্ডে

29. Three years back, a father was 24 years older than his son. At present the father is 5 times as old as the son. How old will the son be three years from now?

a) 12 years b) 27 years
c) 3 years d) 9 years **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ৩ বছর পূর্বে, পিতা পুত্রের চেয়ে ২৪ বছরের বড় ছিল। বর্তমানে পিতার বয়স পুত্রের বয়সের ৫ গুণ। ৩ বছর পর পুত্রের বয়স কত হবে?

পুত্রকে S এবং পিতাকে F ধরে প্রশ্নানুযায়ী নিচের মতো সমাধান করিঃ প্রথম শর্তানুযায়ী,

$F = 24 + S$ ..... (*i*) [বয়সের পার্থক্য সর্বদা সমান থাকবে বলে]

এবং $F = 5S$ ..... (*ii*)

F এর মান (*i*) নং এ বসাই,

$F = S + 24$

$\Rightarrow 5S = S + 24$

$\Rightarrow 5S - S = 24$

$\Rightarrow 4S = 24$

$\therefore S = \frac{24}{4} = 6$

অতএব, ৩ বছর পর পুত্রের বয়স হবে = 6 + 3 = 9 বছর।

30. A committee has 5 men and 6 women. What is the number of ways of selecting a group of eight persons?

a) 165 b) 185
c) 205 d) 225 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি কমিটিতে 5 জন পুরুষ এবং 6 জন মহিলা আছে। ঐ কমিটি থেকে 8 জনকে কতভাবে বাছাই করা যাবে?

মোট লোকসংখ্যা = 6 + 5 = 11 জন

11 জন থেকে 8 জনকে ${}^{11}C_8$ উপায়ে বাছাই করা যাবে।

$\therefore$ বাছাই সংখ্যা $= {}^{11}C_8 = \frac{\lfloor 11}{\lfloor 11-8 \times \lfloor 8}$

$= \frac{11 \times 10 \times 9 \times \lfloor 8}{\lfloor 3 \times \lfloor 8} = \frac{11 \times 10 \times 9}{3 \times 2} = 165$

31. A and B started a business investing Tk. 22,500 and Tk. 35,000 respectively. Out of a total profit of Tk. 13,800. B's share is

a) 5,400 b) 7,200
c) 8,400 d) 9,600 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, A এবং B যথাক্রমে 22,500 ও 35,000 টাকা নিয়ে ব্যবসায় শুরু করে। ব্যবসায় মোট 13,800 টাকা লাভ হলে B এর অংশ কত?

A এবং B এর Investment ratio

= 22,500 : 35,000 = 9 : 14

অনুপাতের যোগফল = 9 + 14 = 23

$\therefore$ B এর অংশ = 13,800 এর $\frac{14}{23} = 8400$.

32. P and Q can complete a work in 15 days and 10 days respectively. They started the work together and then Q left after 2 days. P alone completed the remaining work. Total days to finish the work was

a) 12 days b) 15 days
c) 22 days d) 20 days **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, P এবং Q একটি কাজ যথাক্রমে 15 এবং 10 দিনে শেষ করতে পারে। তারা একত্রে কাজটি শুরু করলো এবং দুই দিন পর Q কাজটি ছেড়ে চলে গেলো। বাকি কাজ P একা করলো। কাজটি কত দিনে শেষ হলো?

(P + Q) এর 1 দিনে কাজটি করে $= \frac{1}{15} + \frac{1}{10} = \frac{1}{6}$ অংশ

$\therefore$ (P + Q) এর 2 দিনে কাজটি করে $= \frac{2}{6} = \frac{1}{3}$ অংশ

অবশিষ্ট কাজ $= 1 - \frac{1}{3} = \frac{2}{3}$ অংশ

এখন $\frac{1}{15}$ অংশ কাজ P করে = 1 দিনে

$\therefore$ $\frac{2}{3}$ অংশ কাজ P করে $= \frac{15 \times 2}{3 \times 1} = 10$ দিনে

$\therefore$ পুরো কাজটি শেষ করতে সময় লাগে = 10 + 2 = 12 দিনে

33. Find the area of a rhombus whose side is 25*cm* and one of the diagonals is 30*cm*?

a) 225 sq.cm b) 360 sq.cm
c) 600 sq.cm d) 480 sq.cm **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি রম্বসের একবাহু 25*cm* এবং একটি কর্ণ 30*cm* হলে ক্ষেত্রফল কত?

দেয়া আছে, রম্বসের বাহু = 25*cm*;

কর্ণ = 30*cm* এবং অর্ধ কর্ণ $d_1 = \frac{30}{2} = 15cm$

Recent Publications www.examnet.net


ধরি, অপর অর্ধ কর্ণ $d_2 = x$

এখন আমরা জানি, রম্বসের কর্ণদ্বয় পরস্পর পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে বলে।

ΔDOC একটি সমকোণী ত্রিভুজ যার অতিভুজ $DC = 25cm$

অর্ধ কর্ণ, $d_1 = DO = 15cm$

এবং অপর অর্ধ কর্ণ $d_2 = OB = x$



$\therefore$ পিথাগোরাসের সূত্রানুযায়ী $(25)^2 = x^2 + (15)^2$

$\Rightarrow x^2 = 625 - 225 = 400$

$\therefore x = \sqrt{400} = 20$

$\therefore$ অপর কর্ণ $d_2 = 20$

$\therefore$ রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times d_1 \times d_2 = \frac{1}{2} \times 30 \times 40 = 600cm^2$

34. In a training camp, 18 men can eat 20*kg* of rice in 3 days. How long will 6 men take to eat 40*kg* of rice?

a) 20 b) 18

c) 32 d) 20 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, 18 জন লোক 3 দিনে 20*kg* চাল খায়। কত দিনে 6 জন লোক 40 কেজি চাল খাবে?

18 জন 20 কেজি চাল খায় = 3 দিনে

$\therefore$ 1 জন 20 কেজি চাল খায় = (3×18) দিনে

$\therefore$ 1 জন 1 কেজি চাল খায় = $\frac{3 \times 18}{20}$ দিনে

$\therefore$ 6 জন 40 কেজি চাল খায় = $\frac{3 \times 18 \times 40}{20 \times 6} = 18$ দিনে

Shortcut: ধরি, সময় লাগবে x দিন

$\therefore x \times 20 \times 6 = 3 \times 18 \times 40$

$\therefore x = \frac{3 \times 18 \times 40}{20 \times 6} = 18$ দিন।

35. The sum of two numbers is 25 and their difference is 13. Find their product

a) 104 b) 114

c) 315 d) 325 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দুটি সংখ্যার যোগফল 25 এবং পার্থক্য 13 হলে সংখ্যাদ্বয়ের গুণফল কত?

ধরি, সংখ্যাদ্বয় x এবং y

$x + y = 25$ ..... (i)

$x - y = 13$

$(+)$ $2x = 38$

$\Rightarrow x = 19$

এখন, (i) নং এ $x = 19$ বসালে

$19 + y = 25$

$\Rightarrow y = 6$

$\therefore$ গুণফল $= xy = 19 \times 6 = 114$

Shortcut: দুটি সংখ্যার যোগফল এবং বিয়োগফল দেয়া থাকবে সংখ্যাদ্বয় হবে = $\frac{\text{যোগফল} + \text{বিয়োগফল}}{2} \times \frac{\text{যোগফল} - \text{বিয়োগফল}}{2}$।

Solution: $\frac{25 + 13}{2} \times \frac{25 - 13}{2} = 19 \times 6 = 114$

36. A train 240*m* long passes a pole in 24 seconds. How long will is take to pass a platform 650*m* long?

a) 80 sec b) 89 sec

c) 90 sec d) 95 sec **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 240 মিটার দীর্ঘ একটি ট্রেন 24 সেকেন্ডে একটি Pole বা খুঁটি অতিক্রম করে। 650 মিটার দীর্ঘ একটি প্লাটফর্ম অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে?

ট্রেনের দৈর্ঘ্যের তুলনায় খুঁটির দৈর্ঘ্য নগণ্য বলে 24 সেকেন্ডে ট্রেনটি মূলত নিজের দৈর্ঘ্য অতিক্রম করবে।

240 মিটার অতিক্রম করে = 24 সেকেন্ডে

$\therefore$ (650 + 240) বা 890 মিটার অতিক্রম করে

$= \frac{24 \times 890}{240} = 89$ সেকেন্ডে

37. Out of 10 persons working on a project, 4 are graduates. If 3 are selected, what is the probability that there is at least one graduate among them?

a) $\frac{1}{6}$ b) $\frac{5}{8}$

40. Mr. Khan takes 10 minutes to walk from his house to market. His wife takes 20 minutes to go to market from his house. How long will it take if they both walk together from the house to market?

a) 10 minutes b) 15 minutes

c) 20 minutes d) 30 minutes **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, খান তার বাড়ি হতে বাজারে যেতে 10 মিনিট সময় নেয়। তার স্ত্রী সময় নেয় 20 মিনিট। তারা একত্রে বাড়ি থেকে বাজারে গেলে কত সময় নিবে?

জনাব খান ও তার স্ত্রী যদি একসাথে হেঁটে বাজারে যায় তবে তারা 20 মিনিট সময়ই নিবে। কারণ জনাব খান 10 মিনিটে গেলেও স্ত্রীর বেগেই তিনি বাজারে যাবেন। কাজেই সময় লাগবে 20 মিনিট।

Section: General Knowledge & Basic Computer

Q. 41 – 50: Choose the correct answer.

41. Operation carried out on March 25, 1971 is known as

a) Operation Flash Light

b) Operation Close Door

c) Operation Clean Heart

d) Operation Search Light **ans. D**

Solution: ১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাতে বাঙালির তথা পৃথিবীর ইতিহাসে একটি কলঙ্কজনক অধ্যায়ের সূচনা হয়, যা কালোরাত্রি নামে পরিচিত। সে সময় পাকিস্তান সেনাবাহিনী পূর্ব পাকিস্তানের নিরস্ত্র, নিরীহ, স্বাধীনতাকামী সাধারণ জনগণের উপর হামলা করে এবং নির্বিচারে হত্যাযজ্ঞ চালায়। পাকিস্তান তাদের এই অভিযানের নাম দেয় 'অপারেশন সার্চ লাইট'।

42. Oasis is a place in a desert where we can find

a) Sand b) Fire

c) Water d) Crops **ans. C**

Solution: মরূদ্যান হলো মরুভূমির একটি উর্বর স্থান যেখানে পানি পড়ে।

43. The deepest river in the world is

a) The Amazon b) The Yangtze

c) The ississippl-Missouri d) The Nile **ans. A**

Solution: প্রশ্নের অপশগুলোর মধ্যে পৃথিবীর গভীরতম এবং বৃহত্তম নদী 'আমাজান'। পৃথিবীর দীর্ঘতম নদী নীলনদ। আর ইউরোপের দীর্ঘতম নদী 'ভলগা'।

44. Which of the following is the highest award given to the living freedom fighters?

a) Bir Shreshtho b) Bir Uttam

c) Bir Bikrom d) Bir Protik **ans. A**

Solution: বীরশ্রেষ্ঠ হলো বাংলাদেশের সর্বোচ্চ সামরিক পদক ও সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কার। শহীদ ৭ জন যোদ্ধা এই মরণোত্তর পদক লাভ করেন। বীর উত্তম হলো বীরত্ব প্রদর্শনের ক্ষেত্রে বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কার। মুক্তিযুদ্ধে বীরত্ব প্রদর্শনের জন্য ৬৮ জনকে এই উপাধি প্রদান করা হয়েছিলো। আর একমাত্র মুক্তিযুদ্ধে অবদান ছাড়া মরণোত্তর বীর উত্তম খেতাব প্রাপ্ত হন ব্রিগেডিয়ার জেনারেল জামিল আহমেদ। এর মধ্যে মরণোত্তর বীর উত্তম পদক পান মোট ২১ জন। বাকী ৪৭ জনই তাঁদের জীবদ্দশায় এই সম্মাননা গ্রহণ করেন।

Recent Publications
www.exambd.net

45. Which of the following countries was the first to recognize Bangladesh as an independent state?

a) Bhutan b) Russia
c) Libya d) India **ans. A**

Solution: ভুটান ও ভারত ৬ ডিসেম্বর ১৯৭১ সালে একই দিনে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দিলেও ভুটান ভারতের কয়েক ঘণ্টা আগে স্বীকৃতি দেয়। তাই প্রথম স্বীকৃতি দানকারী দেশ হিসেবে ভুটানই হবে উত্তর।

	দেশ	তারিখ
প্রথম দেশ	ভুটান	৬ ডিসেম্বর, ১৯৭১
আরব দেশ	ইরাক	৮ জুলাই, ১৯৭২
উপমহাদেশীয় দেশ	ভুটান	৪ নভেম্বর, ১৯৭৩
ইউরোপীয় দেশ	পূর্ব জার্মানি	১১ জানুয়ারি, ১৯৭২
উত্তর আমেরিকার দেশ	বার্বাডোস	২০ জানুয়ারি, ১৯৭২
দক্ষিণ আমেরিকার দেশ	গুয়েনা	২ মে, ১৯৭২
ওশেনিয়া দেশ	টোঙ্গা	২৪ জানুয়ারি, ১৯৭২
এশীয় মুসলিম দেশ	ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া	২৫ ফেব্রুয়ারি, ১৯৭২

46. Which of the following is the full form of WAN?

a) World Association of News
b) Wide Area Network
c) Wide Agency of North
d) What A News **ans. B**

Solution: WAN এর পূর্ণরূপ হলো Wide Area Network. যেসব Network দূরবর্তী স্থানসমূহের মাঝে করা হয় তাকে WAN বলে। যেমন: ঢাকা, চট্টগ্রাম, নিউইয়র্ক এমন তিনটি শহরের মধ্যে Network স্থাপন করা হয় তবে তাকে WAN বলা হয়। এই Network system ও Transmission media হিসেবে টেলিফোন লাইন, স্যাটেলাইট, Microwave, Fiver optic Cable ব্যবহৃত হয়।

47. How many national awards are there for contribution towards the independent war in Bangladesh?

a) 2 b) 3
c) 4 d) 7 **ans. D**

Solution: ৭ জন বীরশ্রেষ্ঠঃ সিপাহী মোঃ মোস্তফা কামাল, ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ, ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ, ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান, সিপাহী হামিদুর রহমান, ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর এবং স্কোয়াড্রন লিডার রুহুল আমীন।

বীরশ্রেষ্ঠের নাম	কর্মক্ষেত্র	পদবী
মুন্সী আব্দুর রউফ	রাইফেলস	ল্যান্সনায়েক
মোহাম্মদ মোস্তফা কামাল	সেনাবাহিনী	সিপাহী
মতিউর রহমান	বিমানবাহিনী	ফ্লাইট লেফটেন্যান্ট
নূর মোহাম্মদ শেখ	রাইফেলস	ল্যান্সনায়েক
হামিদুর রহমান	সেনাবাহিনী	সিপাহী
রুহুল আমিন	নৌবাহিনী	ইঞ্জিনরুম আর্টিফিসার
মহিউদ্দিন জাহাঙ্গীর	সেনাবাহিনী	ক্যাপ্টেন

48. Which of the following is the only South Asian country that is a member of ASIAN?

a) India b) Pakistan
c) Bangladesh d) Myanmar **ans. D**

Solution: দক্ষিণ এশিয়ার একমাত্র দেশ হলো মিয়ানমার। উল্লেখ্য, ASIAN (Association of Southeast Asian Nations) এর বর্তমান সদস্য দেশ ১০টি। এগুলো হলোঃ সিঙ্গাপুর, মিয়ানমার, মালয়েশিয়া, থাইল্যান্ড, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, ব্রুনাই, ভিয়েতনাম, লাওস এবং কম্বোডিয়া। ASIAN ৮ আগস্ট ১৯৬৭ সালে প্রতিষ্ঠিত হয় এবং এর সদরদপ্তর অবস্থিত জাকার্তা, ইন্দোনেশিয়া। আর ASIAN + 3 হলো আসিয়ানভুক্ত দেশসহ চীন, জাপান এবং দক্ষিণ কোরিয়াকে নিয়ে গঠিত ফোরাম।

49. Which of the following country is known as "Holy City"?

a) Italy b) Vatican City
c) Switzerland d) Australia **ans. B**

50. What is the name of earth's moon?

a) Europa b) Leston
c) Luna d) Titan **ans. C**

Solution: Moon শব্দের ল্যাটিন প্রতিশব্দ হলো Luna. অন্য গ্রহের প্রাকৃতিক উপগ্রহের সাথে পৃথিবীর প্রাকৃতিক উপগ্রহের পার্থক্য করার জন্য চাঁদকে ইংরেজিতে Moon না বলে অনেক সময়ই Luna বলা হয়ে থাকে। ইংরেজিতে চাঁদের বিশেষণ হিসেবে Luna শব্দটি ব্যবহৃত হয়।

Recent Publications
www.exambd.net

Uttara Bank Ltd.
Recruitment Test for PO – 17.09.2021
Business Studies, DU

01. 'অতিশয়' দ্যোতনা সৃষ্টি করে নিচের কোন উপসর্গ?
a) পরাজয় - পরা b) প্রকোপ - প্র
c) পরাবাস্তব - পরা d) প্রগতি - প্র **ans. C**

Solution: 'পরা' উপসর্গ দিয়ে নিম্নলিখিত অর্থে শব্দ গঠিত হয়ঃ

উপসর্গ	অর্থদ্যোতকতা	উদাহরণ
পরা	আতিশয্য অর্থে	পরাকাষ্ঠা, পরাক্রান্ত, পরাভব, পরাক্রম, পরাশক্তি, পরাবাস্তব
	বিপরীত অর্থে	পরাজয়, পরাভব, পরাধীন, পরাঙ্মুখ, পরাহত।

02. 'বড় দাদা > বড় দা' কী ধরনের ধ্বনি পরিবর্তন?
a) অন্তর্হিতি b) ব্যঞ্জন বিকৃতি
c) বিষমীভবন d) ব্যঞ্জনচ্যুতি **ans. D**

Solution: **ব্যঞ্জনচ্যুতিঃ** পাশাপাশি সম উচ্চরণের দুটো ব্যঞ্জনধ্বনি থাকলে তার একটি লোপ পায়। এরূপ লোপকে বলা হয় ব্যঞ্জনচ্যুতি। যেমনঃ বউদিদি > বউদি; বড় দাদা > বড়দা ইত্যাদি। **ব্যঞ্জন বিকৃতিঃ** শব্দের মধ্যে কোন কোন সময় কোনো ব্যঞ্জন পরিবর্তিত হয়ে নতুন ব্যঞ্জনধ্বনি ব্যবহৃত হয়। একে বলে ব্যঞ্জন বিকৃতি। যেমনঃ কবাট > কপাট, ধোবা > ধোপা, ধাইমা > দাইমা ইত্যাদি। **অন্তর্হিতিঃ** পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ পেলে তাকে বলে অন্তর্হিতি। যেমনঃ ফাল্গুন > ফাগুন, ফলাহার > ফলার, আলহিদা > আলাদা ইত্যাদি।

03. মধ্যগত স্বরসঙ্গতির উদাহরণ কোনটি?
a) জিলিপি b) মুজো
c) মেলামেশা d) তুলো **ans. A**

Solution: **মধ্যগত (Mutual)ঃ** আদ্যস্বর ও অন্ত্যস্বর অনুযায়ী মধ্যস্বর পরিবর্তিত হলে মধ্যগত স্বরসঙ্গতি হয়। যেমন: বিলাতি > বিলিতি, ভিখারি > ভিখিরি, জিলাপি > জিলিপি ইত্যাদি। উল্লেখ্য, মুজো হলো অন্যোন্য স্বরসঙ্গতি এবং মেলামেশা হলো চলিত ভাষায় স্বরসঙ্গতি।

04. মাত্রাবৃত্ত ছন্দে পূর্ণপর্ব সাধারণত কয় মাত্রার হয়ে থাকে?
a) ৪ b) ৬
c) ৩ d) ৮ **ans. B**

05. 'বিপদ এবং দুঃখ একই সময় আসে।' কোন ধরনের বাক্য?
a) যৌগিক বাক্য b) জটিল বাক্য
c) সরল বাক্য d) মিশ্র বাক্য **ans. A**

Solution: মিশ্র বাক্যকে যৌগিক বাক্যে পরিবর্তন করতে হলে খণ্ডবাক্যগুলোকে এক একটি স্বাধীন বাক্যে পরিবর্তন করে তাদের মধ্যে সংযোজক অব্যয়ের ব্যবহার করতে হয়। মিশ্র বাক্যঃ যখন বিপদ আসে, তখন দুঃখও আসে। যৌগিক বাক্যঃ বিপদ এবং দুঃখ একই সময় আসে।

06. 'সূর্য' শব্দের সমার্থক নয় কোনটি?
a) প্রভাকর b) দিবাকর
c) সুধাকর d) মিহির **ans. C**

Solution: 'সুধাকর' শব্দের আরো কিছু সমার্থক শব্দ হলোঃ চাঁদ, চন্দ্র, সুধাংশু, শশাঙ্ক, শশধর, শশী, হিমাংশু, বিধু, নিশাকর, সোম, সুধানিধি, কলানিধি, হিমকর, ইন্দু, চন্দ্রমা, দ্বিজরাজ, নিশাকান্ত, মৃগাঙ্ক, কলাভৃৎ, কুমুদনাথ, সিতাংশু ইত্যাদি।

07. 'অন্ধজনে দেহ আলো' এখানে 'অন্ধজনে' কোন কারক?
a) অপাদান কারক b) অধিকরণ কারক
c) সম্প্রদান কারক d) কর্ম কারক **ans. C**

Solution: 'অন্ধজনে দেহ আলো' এখানে 'অন্ধজনে' হলো সম্প্রদান কারকে ৭মী বিভক্তি।

08. 'ছি! ছি! তুমি এত খারাপ' এখানে 'ছি! ছি!' কোন অর্থ প্রকাশ করেছে?
a) ভাবের গভীরতা b) পৌনঃপুনিকতা
c) ভাবের ধারাবাহিকতা d) অনুভূতি ভাব **ans. A**

Solution: এখানে 'ছি! ছি!' ভাবের গভীরতা বুঝাচ্ছে। উল্লেখ্য, অব্যয়ের দ্বিরুক্তিঃ

০১. ভাবের গভীরতা বোঝাতে	তার দুঃখ দেখে সবাই হায় হায় করতে লাগল। ছি ছি, তুমি কী করেছ?
০২. পৌনঃপুনিকতা বোঝাতে	বার বার সে জমান গর্জে উঠল।
০৩. অনুভূতি বা ভাব বোঝাতে	ভয়ে গা ছম ছম করছে। মৌতাতে টন টন করছে।
০৪. বিশেষণ বোঝাতে	শিলচুরে বাতি জ্বলে মিটি মিটি।
০৫. ধ্বনিব্যঞ্জনা	ঝির ঝির করে বাতাস বইছে। বৃষ্টি পড়ে টুপুর টুপুর।

09. 'মন' শব্দের বিশেষণ-
a) মানস b) মানসিক
c) মনন d) মানুষ **ans. B**

Solution: 'মন' শব্দের বিশেষণ 'মানসিক'। উল্লেখ্য, 'মানস', 'মনন', 'মানুষ' এই তিনটি হলো বিশেষ্য।

10. সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
a) বন্ + পতি = বনস্পতি b) অহঃ + রহ = অহরহ
c) সং + সার = সংসার d) ছেলে + মি = ছেলেমি **ans. A**

Solution: সঠিক সন্ধিবিচ্ছেদ হলো 'বন্ + পতি = বনস্পতি'। উল্লেখ্য, অহঃ + অহ = অহরহ; সম্ + সার = সংসার; ছেলে + আমি = ছেলেমি।

11. 'বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত' গ্রন্থের রচয়িতা-
a) মুহাম্মদ শহীদুল্লাহ b) মুহাম্মদ আব্দুল হাই
c) সুনীতিকুমার চট্টোপাধ্যায় d) সুকুমার সেন **ans. A**

Solution: 'বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত' গ্রন্থের রচয়িতা ডক্টর মুহাম্মদ শহীদুল্লাহ। উল্লেখ্য,

Recent Publications www.exambd.net

মুহাম্মদ আব্দুল হাই	বাংলা সাহিত্যের ইতিহাস
সুনীতিকুমার চট্টোপাধ্যায়	ODBL (The origin & Development of the Bengali Language)

12. নিচের কোনটি মৌলিক শব্দ নয়?

a) গোলাপ b) গায়ক
c) হাত d) ফুল **ans. B**

Solution: মৌলিক শব্দ নয় 'গায়ক'। এই শব্দটি হলো যৌগিক শব্দ। উল্লেখ্য, যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। নিচে কিছু মৌলিক শব্দ এবং সাধিত শব্দের উদাহরণ দেয়া হলোঃ

মৌলিক শব্দ	সাধিত শব্দ
গোলাপ	গোলাপী
হাত	হাতা/হাতি/হাতল
মেঘ	মেঘলা
চুল	চুলা

মৌলিক শব্দ	সাধিত শব্দ
কলম	কলমি
ফুল	ফুলেল
কান	কানা
দুখ	দুখরা

13. 'কচুবনের কালাচাঁদ' বাগধারার অর্থ-

a) নির্বোধ b) অপদার্থ
c) ধূর্ত ব্যক্তি d) চাটুকার **ans. B**

Solution: 'কচুবনের কালাচাঁদ' বাগধারার অর্থ 'অপদার্থ'। 'ঘরের ঘাঁ' অর্থ 'চাটুকার'। 'বুদ্ধির ঢেঁকি' অর্থ 'নিরেট'। 'বর্ণচোরা' অর্থ 'কপট ব্যক্তি'।

14. 'দেশে-বিদেশে' ভ্রমণ সাহিত্যের রচয়িতা-

a) অন্নদাশঙ্কর রায় b) সৈয়দ মুজতবা আলী
c) রবীন্দ্রনাথ ঠাকুর d) জসিম উদ্দীন **ans. B**

Solution: সৈয়দ মুজতবা আলী (১৯০৪-১৯৭৪) একজন শিক্ষাবিদ ও সাহিত্যিক। তার রচিত বিশেষভাবে উল্লেখযোগ্য গ্রন্থগুলি হলো: **ভ্রমণকাহিনী:** দেশে-বিদেশে (১৯৪৯), জলে-ডাঙায় (১৯৬০); **উপন্যাস:** অবিশ্বাস্য (১৯৫৪), শবনম (১৯৬০), **রম্যরচনা:** পঞ্চতন্ত্র (১৯৫২), ময়ূরকণ্ঠী (১৯৫২) এবং **ছোটগল্প:** চাচা-কাহিনী (১৯৫২), টুনি মেম (১৯৬৩)।

15. 'পথিক, তুমি পথ হারাইয়াছ' কোন উপন্যাসে উল্লেখ আছে?

a) দুর্গেশনন্দিনী b) রাজসিংহ
c) বিষবৃক্ষ d) কপালকুণ্ডলা **ans. D**

Solution: 'কপালকুণ্ডলা' বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের (১৮৩৮-১৮৯৪) দ্বিতীয় উপন্যাস। এটি ১৮৬৬ সালে রচিত হয়। 'পথিক তুমি পথ হারাইয়াছ' -কপালকুণ্ডলার এই সংলাপকে বলা হয় বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক সংলাপ। এই উপন্যাসের আর একটি উল্লেখযোগ্য সংলাপ হল- "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?"

Fill in the blanks (Questions 16-20):

16. After sitting in the sink for several days, the dirty, food-encrusted dishes became ____.

a) malodorous b) prevalent
c) imposing d) perforated **ans. A**

Solution: Food-encrusted dishes became malodorous অর্থ খাদ্য কণা বিজড়িত পাত্রগুলো দুর্গন্ধময় হয়ে উঠেছিল। অর্থাৎ এখানে দুর্গন্ধময় হওয়া অর্থে Malodorous বসবে।

Prevalent – ব্যাপক; প্রচলিত	Imposing – জমকালো; বিস্ময়কর	Perforated – ছিদ্র করা হয়েছে এমন; ছিদ্র

বাক্যের অর্থঃ বেসিনে পাত্রগুলি অনেকদিন ধরে থাকায় তাতে খাদ্য কণা জমে তা দুর্গন্ধময় হয়ে উঠেছিল।

17. Giulia soon discovered the source of the ____ smell in the room: a week old tuna sandwich that one of the children had hidden in the closet.

a) quaint b) fastidious
c) clandestine d) fetid **ans. D**

Solution: কোনো কক্ষে বিরক্তিকর দুর্গন্ধ আবিষ্কার করা অর্থে Discover the source of the fetid smell in the room এর ব্যবহার করতে হবে।

Quaint – অদ্ভুত কিন্তু আকর্ষক; খেয়ালি	Fastidious – খুঁতখুঁতে; দোষ ধরতে তৎপর এমন	Clandestine – গোপন; গুপ্ত

বাক্যের অর্থঃ Giulia কক্ষের বিরক্তিকর দুর্গন্ধ বের করতে সক্ষম হয়েছে; বালকদের একজন মাছের স্যান্ডউইচ ছোট কক্ষে লুকিয়ে রেখেছিল।

18. After making ____ remarks to the President, the reporter was not invited to return to the White House pressroom.

a) hospitable b) itinerant
c) enterprising d) irreverent **ans. D**

Solution: প্রেসিডেন্টের প্রতি অশোভনীয় বক্তব্য বা অশ্রদ্ধা জ্ঞাপনের পর অর্থে After making irreverent remarks to the President এর ব্যবহার করতে হবে।

Hospitable – অতিথিপরায়ণ	Itinerant – ভ্রমণশীল; পর্যটনশীল	Enterprising – উদ্যোগী

বাক্যের অর্থঃ প্রেসিডেন্টের প্রতি অশ্রদ্ধা জ্ঞাপনের পর ঐ সাংবাদিককে হোয়াইট হাউসের সম্মেলন কক্ষে ফিরে আসার জন্য আহ্বান করা হয়নি।

Recent Publications
www.exambd.net

19. With her ____ eyesight, Krystyna spotted a trio of deer on the hillside and she reduced the speed of her car.

a) inferior b) keen
c) impressionable d) ductile **ans. B**

Solution: কারো উৎসুক দৃষ্টিশক্তি বুঝাতে 'keen eyesight' এই Phrase টি ব্যবহৃত হয়।

Inferior – নিকৃষ্ট; হীন	Impressionable – সহজে প্রভাবিত হয় এমন; সহজপ্রবণ
Ductile – (কোন ব্যক্তি বা তার চরিত্র সম্পর্কে) যাকে সহজে পরিচালনা বা প্রভাবিত করা যায়	

বাক্যের অর্থঃ তার উৎসুক দৃষ্টিশক্তি দিয়ে ক্রিস্টিনা তিনটি হরিণ পাহাড়ের দিকে অবলোকনের পর সে তার গাড়ির গতি কমিয়ে এনেছিল।

20. Johan argued, "If you know about a crime but don't report it, you are ____ in that crime because you allowed it to happen."

a) acquitted b) steadfast
c) tenuous d) complicit **ans. D**

Solution: কোনো দুষ্কর্মের সহযোগী হওয়া অর্থে 'Be complicit in' এই Phrase টি ব্যবহৃত হয়।

Acquitted – খালাসপ্রাপ্ত	Steadfast – দৃঢ়; অবিচল	Tenuous – ক্ষীণ; নরু

বাক্যের অর্থঃ জোহান যুক্তি দেখিয়ে বললেন যে, 'আপনি যদি কোনো অপরাধের ব্যাপারে জানেন কিন্তু বিষয়টি রিপোর্ট না করেন তবে আপনি অপরাধ সংগঠনের সহযোগী হিসেবে সাব্যস্ত হবেন কারণ আপনি এটি ঘটতে সাহায্য করেছেন।

21. Synonym of JOVIAL is

a) incredulous b) merry
c) revolting d) dizzy **ans. B**

Solution: Jovial – হাসি-খুশি; আমুদে। Merry – হাসিখুশি; আনন্দময়। Incredulous – অপ্রত্যয়ী; অবিশ্বাসী। Revolting – ঘৃণ্য; বিরক্তিকর। Dizzy – হতবুদ্ধি।

22. Synonym of EDUCE is

a) demand b) unlawful
c) ideal d) elicit **ans. D**

Solution: Educe = Elicit – কোনো কিছু টেনে বের করা বা কাউকে কোনো কিছু প্রকাশে বাধ্য করা বা অনুপ্রেরণা যোগানো। Demand – চাহিদা। Unlawful – বেআইনী। Ideal – আদর্শ।

23. Antonym of LUMINOUS is

a) Clear b) Dim
c) Clever d) Brittle **ans. B**

Solution: Luminous – উজ্জ্বল; স্পষ্ট; সহজবোধ্য। Dim – নিষ্প্রভ; অস্পষ্ট। Clear – স্পষ্ট; পরিষ্কার। Clever – চতুর; চালাক। Brittle – ভঙ্গুর; শক্ত অথচ সহজে ভাঙা যায় এমন।

24. Antonym of IRASCIBLE is

a) determined b) placid
c) reasonable d) pliant **ans. B**

Solution: Irascible – কোপনস্বভাব; ক্রোধে উন্মুক্ত এমন; খিটখিটে। Placid – শান্ত; সুসমাহিত; সৌম্য। Determined – দৃঢ়; অবিচল। Reasonable – যৌক্তিক। Pliant – নালিশ; অভিযোগ।

25. Select the correct spelling of the word

a) Acquainttanc b) Acquaintance
c) Acqquaintance d) Accquaintance **ans. B**

Solution: Acquaintance – অভিজ্ঞতালব্ধ জ্ঞান বা তথ্য; পরিচয়।

26. Choose the correct pair of words from the following SYMPHONY : COMPOSER ::

a) Leonardo : music b) Fresco : painter
c) Art : appreciation d) Colours : pallet **ans. B**

Solution: Symphony অর্থ ঐকতানসঙ্গীত। Composer অর্থ কোন কিছুর রচনাকারী। Leonardo অর্থ একজন ব্যক্তির নাম যিনি চিত্রশিল্পী ছিলেন। Music অর্থ সঙ্গীত; গীতবাদ্য। Fresco অর্থ প্রাচীরচিত্র। Painter অর্থ চিত্রশিল্পী; চিত্রকর। Colour অর্থ বর্ণ; রং। Pallet অর্থ খড়ের গদি। Art অর্থ শিল্প বিদ্যা। Appreciation অর্থ গুণের যথাযথ মূল্যায়ন।

Symphony নিয়ে কাজ করেন Composer. আর Fresco নিয়ে কাজ করেন Painter.

Choose the best version of the underlined portion of each sentence (Question 27 – 31)

27. Precipitation in California is often erratic and <u>when arriving, tends to fall</u> in the mountainous northern and eastern parts of the state rather than the populous and fertile southern and western ones.

a) when arriving, tends to fall
b) when arriving, has a tendency of falling
c) when it arrives, it tends in falling
d) when it arrives, it tends to fall **ans. D**

Solution: প্রথমেই বলে নেই Precipitation in California অর্থ ক্যালিফোর্নিয়ায় বৃষ্টি বা তুষারপাত। বাক্যের Subject হলো Precipitation in California. এটাকে বাক্যের পরবর্তী অংশে 'it' দ্বারা Replace করেছে। এজন্যই পরবর্তীতে 'when' এরপর এবং Tends এর আগে Subject হিসেবে 'it' বসালে বাক্যটি অর্থপূর্ণ হবে।

Recent Publications www.exambd.net

বাক্যের অর্থঃ ক্যালিফোর্নিয়ার বৃষ্টি বা তুষারপাত খুব অনিয়মিত। এটি যখন শুরু হয় তখন জনবহুল ও উর্বর দক্ষিণ-পশ্চিমাঞ্চলের চেয়ে পর্বতময় উত্তর-পর্বাঞ্চলে পতিত হবার প্রবণতা দেখা যায়।

28. **Just who inspired English painter John Constable's marvelously enigmatic cloud studies, much prized by collectors, have never been entirely clear.**

a) studies, much prized by collectors, have
b) studies, much prized by collectors, has
c) studies, many of them prized by collectors, have
d) studies, many of which are prized by collectors **ans. B**

Solution: বাক্যের Subject হলো 'who' (যে ব্যক্তি বা লোক অর্থে) যে কিনা John Constable কে অনুপ্রাণিত করেছিল। এই জন্য 'who' এর সাথে Appropriate verb হলো 'has'. আবার, বাক্যটিকে নিচের মতো করে কল্পনা করলেও বুঝতে পারা যায় যে 'have' না বসে 'has' বসবে।

It has never been entirely clear just who inspired English Painter John constable's marvelously enigmatic cloud studies, much prized by collections. অর্থাৎ যে Inspire করেছে তার অনুযায়ী 'verb' বসাতে হবে। Cloud studies কে Follow করে Verb বসবে না।

বাক্যের অর্থঃ হেয়ালিপূর্ণ মেঘমালা নিয়ে চমৎকার গবেষণার জন্য যিনি ইংরেজ চিত্রশিল্পী John constable কে অনুপ্রাণিত করেছিলেন, সংগ্রাহকরা তাকে বহুমূল্য জ্ঞান করেছেন।

29. **The starling, a bird mentioned in one of Shakespeare's plays, was first introduced in the United States in 1890 and has since become a significant pest species.**

a) was first introduced in the United States in 1890 and has since become
b) were first introduced in the United States in 1890 and has since become
c) was first introduced to the United States in 1890 and would since become
d) was first introduced to the United States in 1890 and since became **ans. A**

Solution: **বাক্যের অর্থঃ** স্টারলিং, একটি পাখি যা শেক্সপিয়ারের একটি নাটকে উল্লেখ করা হয়েছিল ১৮৯০ সালে প্রথম আমেরিকায় পরিচিতি লাভ করেছিল এবং এরপর থেকে এটি একটি গুরুত্বপূর্ণ প্রজাতি হিসেবে বিবেচিত হয়ে আসছে।

30. **Contrasting with the works of the rationalists, Hume held that passion rather than reason governs human behavior and postulated that humans can have knowledge only of the objects of experience.**

a) Contrasting with the works of the rationalists,
b) In contrast with the rationalists work,
c) In contrast to those of the rationalist,
d) Unlike the rationalists **ans. D**

Solution: তুলনামূলক বৈষম্য প্রদর্শনের বিরুদ্ধে স্থাপন করা বা তুলনা করার ফলে বিপরীত বা বিরুদ্ধে বলে প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে Contrast with এর পাশাপাশি Unlike ব্যবহার করা যায়।

বাক্যের অর্থঃ যুক্তিবাদীদের আচরণের সাথে তুলনা করতে গিয়ে Hume এই ধারণা পোষণ করতেন যে যুক্তির চেয়ে আবেগ-ই মানব মনকে নিয়ন্ত্রণ করে এবং তিনি এই মর্মে সিদ্ধান্তে পৌছালেন যে মানবের কেবলমাত্র অভিজ্ঞতা প্রদানকারী বস্তু সম্পর্কে জ্ঞান থাকতে পারে।

31. **By day, hippos enjoy bathing in water to cool themselves down, which might have contributed to their reputation for being relatively sluggish and sedentary.**

a) which might have contributed to their reputation for being
b) which might contribute to its reputation for being
c) and this might have contributed to their reputation to be
d) a preference that might contribute to their reputation for being **ans. D**

Solution: Hippos দের Bathing in water একধরনের Preference যেটা তাদেরকে Sluggish এবং Sedentary'র খেতাব পেতে সাহায্য করে। সেই হিসেবে সঠিক উত্তর হবে অপশন *d*).

বাক্যের অর্থঃ দিনের বেলায় জলহস্তিগুলো শরীর ঠাণ্ডা রাখতে পানিতে ডুবে থাকে। এই বিষয়টি তাদের তুলনামূলকভাবে অলস ও বসে থাকা প্রাণির খেতাব পেতে সাহায্য করে।

32. **Select the sentence with appropriate form:**

a) If Salina had the money, she would buy a fast car.
b) If I know the answer, I would tell you.
c) If I was you, I would put your jacket on.
d) It would be nice if the weather is better. **ans. A**

Recent Publications
www.exambd.net

Solution: দ্বিতীয় Conditional বাক্যের আরেকটি সঠিক Structure হলোঃ If + subject + past রূপ + ..., Subject + would/ could / might + মূল Verb + বাকি অংশ। যেমনঃ If Tarek had the money, he would buy a car.

বাক্যের অর্থঃ সেলিনার হাতে টাকা থাকলে সে একটি দ্রুতগামী গাড়ি কিনতেন।

33. **Choose the sentence with appropriate use of 'some':**

a) I want to buy some new shoe.
b) Would you like to buy some apples?
c) Rana has listened to some music.
d) He bought some piece of cheese. ***ans.* B**

S: Some মূলত একটি Adjective. তিন বা ততোধিক সংখ্যা বুঝালে Some ব্যবহৃত হয়। কাজেই Some এরপর Plural noun হয়। এজন্য অপশন *a*) তে Some new shoe. অপশন *c*) তে Some music. অপশন *d*) তে Some pieces of cheese না হয়ে এদের Plural যথাক্রমে Shoes, music's এবং Cheeses হবে।

বাক্যের অর্থঃ আপনি কি কিছু আপেল ক্রয় করবেন?

34. **Which of the following words is correctly spelt word?**

a) Parliamant b) Pairlament
c) Parliament d) Parlaiment ***ans.* C**

Solution: Parliament অর্থ সংসদ; আইনসভা।

35. **Passive voice of 'If you're doing something important, you are working to make change happen.'**

a) If something important is done, work is done to make change happen.
b) Something important is being done by you, you are making change happen.
c) If something important is being done, work is being done to make change happen.
d) If important work is being done, change is about to happen. ***ans.* C**

S: বাক্যটিকে খণ্ড খণ্ড আকারে Voice change করা যায়। প্রথমে If you are doing something important এর Voice change হলো 'If something important is being done'. এর পরবর্তীতে আছে You are working to make change happen যার Passive voice হলো 'Work is being done to make change happen'.

বাক্যের অর্থঃ আপনি যদি গুরুত্বপূর্ণ কিছু করতে থাকেন, তবে আপনি পরিবর্তনের জন্য কাজ করছেন।

36. **In a city, 40% of the people are illiterate and 60% are poor. Among the rich, 10% are illiterate. What percent of the poor population are illiterate?**

a) 36 b) 40
c) 50 d) 60 ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, শহরের মোট লোকসংখ্যার 40% অশিক্ষিত এবং 60% লোক গরীব। ধনীদের মধ্যে 10% অশিক্ষিত গরীবদের শতকরা পরিমাণ কত?

এটা Box এর অংক।

	Rich	Poor	Total
Illiterate	40 Gi 10% = 4	40 – 4 = 36	40
Literate			60
Total	40	60	100

নোটঃ 40 – 4 = 36 হচ্ছে Illiterate poor people এর শতকরা পরিমাণ কারণ আপনাকে Total Population হতে কতজন অশিক্ষিত গরীব তাই বের করতে বলা হয়েছে। Poor এর মধ্যে কতজন অশিক্ষিত তা বের করতে বলা হয়নি।

37. **Palash drives form City A to B at 40*km* per hour and returns over the same road at 30 *km* per hour and spends 8 hours away from home including a one-hour stop for lunch. What is the distance (in *km*) between City A and City B?**

a) 100 b) 120
c) 140 d) 180 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, Palash A থেকে B তে রওনা হলো 40 কিমি/ঘণ্টা বেগে এবং A থেকে B তে ফিরে আসল 30 কিমি/ঘণ্টা বেগ। মোট 8 ঘণ্টা সময় ব্যয় হলো যেখানে 1 ঘণ্টা ছিল Lunch বিরতি। তাহলে A থেকে B এর দূরত্ব কত?

ধরি, A থেকে B এর দূরত্ব x কি. মি.

প্রশ্নমতে, $\frac{x}{40}+\frac{x}{30}+1=8$

$\Rightarrow \frac{3x+4x}{120}=8-1$

$\Rightarrow 7x=7\times 120$

$\therefore x=120$ কি. মি.

38. **A collection of books went on sale and $\frac{2}{3}$ of them was sold for Tk 2.30 each. If none of the 36 remaining books were sold, what was the total amount received for the books that were sold?**

a) 165.6 b) 180
c) 135.6 d) 90 ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, দুই তৃতীয়াংশ বই প্রত্যেকটি 2.50 দামে বিক্রি করা হলো। যদি 36টি বই অবিক্রিত

Recent Publications
www.exambd.net

থাকে তবে কত টাকার বই বিক্রি করা হয়েছিল।

বই বিক্রি হয়নি $= 1 - \frac{2}{3} = \frac{1}{3}$ অংশ

এখন $\frac{1}{3}$ অংশের মান $= 36$

$\therefore$ 1 অংশের মান $= 36 \times 3$

$\therefore$ $\frac{2}{3}$ অংশের মান $= \frac{36 \times 3 \times 2}{3} = 72$

$\therefore$ বইয়ের বিক্রয় মূল্য $= 72 \times 2.30 = 165.6$ Tk.

39. **Tk 7,500 is divided in the ratio of 1 : 2 : 3 : 4 : 5. Find the difference between the greatest and smallest shares?**

a) 1500 b) 2000

c) 2600 d) 2700 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে 7,500 টাকা 1 : 2 : 3 : 4 : 5. অনুপাতে বিভক্ত করা হলে সবচেয়ে বড় ও সবচেয়ে ছোট শেয়ারের মধ্যে পার্থক্য কত?

দেয়া আছে, শেয়ারের অনুপাত $= 1 : 2 : 3 : 4 : 5$

$\therefore$ অনুপাতগুলোর যোগফল $= 1 + 2 + 3 + 4 + 5 = 15$

অতএব, সবচেয়ে বড় শেয়ারের পরিমাণ হবে $= \left(7500 \text{ এর } \frac{5}{15}\right) = 2,500$ টাকা

এবং সবচেয়ে কম শেয়ারের পরিমাণ হবে $= \left(7500 \text{ এর } \frac{1}{15}\right) = 500$ টাকা

$\therefore$ পার্থক্য হবে $= 2,500 - 500 = 2,000$ টাকা

Shortcut: Difference between Greatest & Smallest $= 7,500 \times \frac{5 - 1}{1 + 2 + 3 + 4 + 5} = 2,000$

40. **When the diameter of a circle is tripled, the area of the circle will be increased by how many time?**

a) 3 b) 6

c) 9 d) 12 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি বৃত্তের ব্যাস 3 গুণ বাড়ালে ক্ষেত্রফল কতগুণ বাড়বে?

ব্যাস 3 গুণ বাড়ালে ক্ষেত্রফল $3^2 = 9$ গুণ বাড়বে। তাই উত্তর *c*).

Shortcut: বৃত্তের ব্যাস 'n' গুণ বাড়লে ক্ষেত্রফল n^2 ও বাড়বে।

41. **A woman says, "if you revise my own age, the figure represents my husband's age. He is, of course, senior to me and the difference between our ages is one-eleventh of our sum. "What is the age of the woman?**

a) 23 b) 34

c) 45 d) 54 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একজন নারী বলছেন যে, 'তুমি যদি আমার বয়সটা উল্টিয়ে দাও, তবে যেটা হবে সেটা হলো আমার স্বামীর বয়স। সে অবশ্যই আমার চাইতে বড়। আর আমাদের বয়সের পার্থক্য হলো আমাদের বয়সের সমষ্টির এগার ভাগের এক ভাগ।' এখন প্রশ্ন হলো- ঐ নারীর বয়স কত?

অপশন *a*) তে আছে 23 years. এটা হবে না। কারণ 23 এর বিপরীত হলো 32 এবং $23 + 32 = 55$ আর বয়সরে পার্থক্য হলো $= 32 - 23 = 9$. এখানে 9 অবশ্যই 55 এর এগারো ভাগের এক ভাগ নয়।

অপশন *b*) তে আছে, 34 years. এটিও হবে না।

কারণ, 34 এর বিপরীত হলো 43 এবং $34 + 43 = 77$

আর বয়সের পার্থক্য হলো $= 43 - 34 = 9$.

অপশন *c*) তে আছে, 45 years. এটা হবে।

কারণ, 45 এর বিপরীত হলো 54 এবং $45 + 54 = 99$

আর তাদের বয়সের পার্থক্য হলো $= 54 - 45 = 9$ বছর

যা $\frac{9}{99} = \frac{1}{11}$ = অংশ। তাই সঠিক উত্তর অপশন *c*).

42. **In the coordinate plane, line *m* passes through the origin and has slope of 3. If points (6, *y*) and (*x*, 12) are on line *m*, then $y - x = ?$**

a) 14 b) 18

c) 22 d) 26 ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি সমতল স্থানাঙ্কে m রেখাটি মূলবিন্দুগামী যার ঢাল 3. এখন ঐ রেখার দুটি বিন্দু (6, y) এবং (x, 12) হলে $y - x = ?$

আমরা জানি, মূলবিন্দুগামী রেখার সমীকরণ $y = mx$

এখানে, ঢাল $m = 3$

$\therefore$ $y = 3x$ ..... (i)

এখন $(6, y)$ বিন্দুর জন্য (i) নং হতে পাই,

$y = 3x$

$\therefore$ $y = 3 \times 6 = 18$ [$\because$ ভূজ $= 6$]

আবার, $(x, 12)$ বিন্দুর জন্য (i) নং হতে পাই,

$y = 3x$

$\Rightarrow$ $12 = 3x$ [$\because$ কোটি $= 12$]

$\therefore$ $x = \frac{12}{3} = 4$

অতএব, $y - x = 18 - 4 = 14$

43. **A delivery cart went from Candle ford to Lark Rise and back at an average speed of $\frac{2}{3}$ miles per hour. If the distance from Candle ford to Lark Rise is 1 mile and the trip back took half as much time as the trip there, what was the average speed of the delivery cart on the way to Lark Rise?**

Recent Publications www.exambd.net

a) $\frac{1}{3}$ b) $\frac{3}{4}$

c) $\frac{1}{2}$ d) $\frac{2}{3}$ **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি গাড়ি ক্যান্ডেলফোর্ড থেকে লার্ক রাইজে যেয়ে পুনরায় ক্যান্ডেলফোর্ডে ফিরে আসে। এসময় গড় বেগ ছিল $\frac{2}{3}$ *mph*. ক্যান্ডেলফোর্ড হতে লার্ক রাইজের দূরত্ব 1 মাইল এবং গাড়িটি যে সময়ে লার্ক রাইজে গিয়েছিল তার অর্ধেক সময়ে ক্যান্ডেলফোর্ডে ফিরে এলে লার্ক রাইজে যাবার সময় গড় বেগ কত ছিল?

প্রশ্নানুযায়ী প্রথমেই একটি চিত্র আঁকিঃ

C ——— L

ফিরে আসার গড় বেগ ছিল $\frac{2}{3}$ *mph*. যার অর্থ 2 মাইল অতিক্রম করে 3 ঘণ্টায়।

এখন ধরি, লার্ক রাইজে যেতে সময় লাগে 2 ঘণ্টা।

∴ ফিরে আসতে সময় লেগেছিল 1 ঘণ্টা

অর্থাৎ গাড়িটি 1 মাইল দূরত্ব যেতে 2 ঘণ্টা সময় নিয়েছিল

∴ নির্ণেয় বেগ = $\frac{1}{2}$ *mph*.

44. The average of several exam scores is 80. One make-up exam was given. Included with the other scores, the new average was 84. If the score on the make up exam was 92, how many total exams were given?

a) 3 b) 2

c) 4 d) 5 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, কয়েকটি পরীক্ষার গড় স্কোর হলো 80. একটি ক্ষতিপূরণমূলক (Make-up) পরীক্ষা নেয়া হয়েছিল। নতুন গড় স্কোর 84 হলো। ক্ষতিপূরণ মূলক পরীক্ষার গড় 92 হলে মোট কতগুলো পরীক্ষা নেয়া হয়েছিল?

ধরি, পরীক্ষা নেয়া হয়েছিল xটি (Make-up পরীক্ষা বাদে)

প্রশ্নমতে, $80x + 92 = 84(x + 1)$

$\Rightarrow 80x + 92 = 84x + 84$

$\Rightarrow 4x = 8$

$\therefore x = \frac{8}{4} = 2$

অতএব, Make-up পরীক্ষাসহ মোট পরীক্ষা হয়েছিল = 2 + 1 = 3টি

45. If one of the roots of the quadratic equation $x^2 + mx + 24 = 0$ is 1.5, then what is the value of m?

a) – 22.5 b) 16

c) – 17.5 d) 10.5 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, $x^2 + mx + 24 = 0$ দ্বিঘাত সমীকরণের একটি মূল 1.5 হলে m =?

এখানে, $x = 1.5$ অবশ্যই উপরিউক্ত সমীকরণ সিদ্ধ করবে। তাই

$(1.5)^2 + 1.5m + 24 = 0$

$\Rightarrow 2.25 + 1.5m = -24$

$\Rightarrow 1.5m = -26.25$

$\Rightarrow m = \frac{-26.25}{1.5} = -17.5$

$\therefore m = -17.5$

Alternative: Formula: মূলদ্বয়ের যোগফল $= -\frac{b}{a}$;

মূলদ্বয়ের গুণফল $= \frac{c}{a}$,

এখন আমরা জানি যে, $ax^2 + bx + c = 0$

মনে করি, মূলদ্বয় হলো 1.5 এবং z

অতএব, $1.5 + z = -m$ ..... (i)

এবং $1.5z = 24$ ..... (ii)

সমীকরণ (ii) নং হতে পাই, $z = \frac{24}{1.5} = 16$

এবং সমীকরণ (i) নং এ z এর মান বসাই, $-m = 16 + 1.5 = 17.5$ ∴ $m = -17.5$

46. A solid cube of side 6 is first painted pink and then cut into smaller cubes of side 2. How many of the smaller cubes have paint on exactly 2 sides?

a) 13 b) 27

c) 30 d) 12 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ঘনবস্তুর ৬টি বাহু রয়েছে যাকে Pink রং দিয়ে রং করা হলো। এরপর ২ একক বাহু বিশিষ্ট ক্ষুদ্র ঘনাকার বস্তুতে তা আকৃতি দান করা হলো। ক্ষুদ্রাকৃতির ঘনবস্তুর কতগুলোতে রং করা থাকবে? 6 তল বিশিষ্ট একটি ঘনকের এই 6টি একক করে ধরে 2 একক করে ভাগ করে নিতে হবে। এখন, পুরো ঘনকটিকে যদি Pink রংয়ে রাঙানো হয় তবে দেখা যায় যে, 8টি টুকরোর 3টি করে পিঠ Pink রংয়ে রঙিন হবে আর মাঝের 4টিতে শুধু 1টি পিঠ করে Pink রংয়ে রঙিন হবে। অবশিষ্ট 12টিতে দুই পিঠেই Pink রংয়ে রঙিন হবে। তাই উত্তর 12টি।

47. A men spent $\frac{1}{2}$ of his money and then lost $\frac{1}{4}$ of the remainder. He was left with Tk. 3,600. How much did he start with?

a) 7,200 b) 8,800

c) 9,600 d) 10,400 **ans. C**

Recent Publications www.exambd.net

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, এক ব্যক্তি তার $\frac{1}{2}$ টাকা খরচ করল এবং বাকি টাকার $\frac{1}{4}$ অংশ হারিয়ে ফেলল। এখন তার নিকট 3,600 টাকা থাকলে তার নিকট মোট কত টাকা ছিল?

ধরি, তার নিকট ছিল x টাকা

সে খরচ করল $\frac{x}{2}$ টাকা।

$\therefore$ অবশিষ্ট থাকে $= x - \frac{x}{2} = \frac{x}{2}$ টাকা।

সে হারিয়ে ফেলল $= \frac{x}{2}$ এর $\frac{1}{4} = \frac{x}{8}$ টাকা।

$\therefore$ অবশিষ্ট থাকে $= \frac{x}{2} - \frac{x}{8} = \frac{3x}{8}$ টাকা।

প্রশ্নমতে, $\frac{3x}{8} = 3,600$

$\therefore$ $x = \frac{3600 \times 8}{3} = 9,600$ টাকা

48. A Triangle has a perimeter 13. The two shorter sides have integer lengths equal to x and $x + 1$. Which of the following could be length of the other side?

a) 3 b) 4

c) 10 d) 6 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ত্রিভুজের পরিসীমা 13 একক। দুই ক্ষুদ্র বাহুর দৈর্ঘ্যের পরিমাণ হলো x এবং $(x + 1)$. বৃহত্তর বাহুর দৈর্ঘ্য কত হতে পারে?

আমরা জানি, ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্যের সমষ্টি-ই তার পরিসীমা।

আবার, ত্রিভুজের যেকোন দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হবে।

কাজেই প্রদত্ত বাহুদুটি ক্ষুদ্রতর বলে বৃহত্তর বাহুটি অবশ্যই 2 এবং 4 অপেক্ষা বড় হবে এবং তা 10 একক হতে পারে না। কারণ তাহলে 2 বাহুর সমষ্টি অপেক্ষা বড় হয়। তাই সঠিক উত্তর অপশন *d*).

49. A Shopkeeper buys 100 mangoes at Tk. 12 each. He sells 60 mangoes at Tk. 17.40 each and x mangoes at Tk. 11.31 each. The shopkeeper makes a profit of at least 10%. Find the least possible value of x.

a) 24 b) 25

c) 27 d) 28 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একজন বিক্রেতা প্রতিটি ১২ টাকা করে ১০০টি আম কিনলো। ৬০টি আম প্রতিটি ১৭.৪০ টাকা করে এবং xটি আম প্রতিটি ১১.৩১ টাকা করে বিক্রি করে সে কমপক্ষে ১০% মুনাফা করলো। x এর সম্ভাব্য মান কত?

100 টি আমের ক্রয়মূল্য $= 12 \times 100 = 1,200$ টাকা

প্রশ্নমতে, $(60 \times 17.40) + (x \times 11.31) = 1,200$ এর 110%

$\Rightarrow$ $1,044 + 11.31x = \frac{1200 \times 110}{100}$

$\Rightarrow$ $1,044 + 11.31x = 1,320$

$\Rightarrow$ $11.31x = 1,320 - 1,044 = 276$

$\Rightarrow$ $x = \frac{276}{11.31} = 24.4$

$\therefore$ $x \approx 25$

50. Lamia owns a hairdressing salon. She borrows Tk. 2,500 from a bank to improvements to her beauty salon. She is charged 4.5% per year compound interest. She pays the money back after 3 years. Calculate the total amount Lamia must pay to the bank.

a) Tk. 2852.92 b) Tk. 2528.29

c) Tk. 2752.29 d) Tk. 2679.92 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, লামিয়া ব্যাংক থেকে ৪.৫% চক্রবৃদ্ধি হার সুদে ২,৫০০ টাকা নিলে ৩ বছর পর তিনি কত টাকা পরিশোধ করবেন?

আমরা জানি, 3 বছরের চক্রবৃদ্ধি সুদাসল $= p\left(1 + \frac{r}{100}\right)^n$ [এখানে, আসল $p = 2500$ tk; মুনাফার হার $r = 4.5\%$; বছর, $n = 3$ বছর]

$= 2,500\left(1 + \frac{4.5}{100}\right)^3 = 2,500\left(\frac{104.5}{100}\right)^3 = 2,500$

$(1.045)^3 = 2,500 \times 1.141 = 2,852.92$

$\therefore$ পরিশোধ করবে 2,852.92 টাকা।

51. A room 8*m* long, 6*m* high and 22.5 *cm* thick is made up of bricks, each measuring 25 *cm* × 11.25 *cm* × 6 *cm*. The number of bricks required is.

a) 7200 b) 6400

c) 6000 d) 5600 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, $25cm \times 11.25cm \times 6cm$ সাইজের ইট দিয়ে $8m \times 6m \times 22.5cm$ পরিমাপের একটি দেয়াল বানাতে কয়টি ইট লাগবে?

এখানে, $8m = 800cm$ এবং $6m = 600cm$

প্রয়োজনীয় ইটের সংখ্যা $= \frac{\text{দেয়ালের আয়তন}}{\text{একটি ইটের আয়তন}} = \frac{800 \times 600 \times 22.5}{25 \times 11.25 \times 6} = 6,400$ টি।

52. If the salary of an employee is reduced by 10 percent for his late attendance and then increased by 10 percent on a pardon, how much does he loss?

Recent Publications
www.exambd.net

a) 2% b) 1%
c) $\frac{1}{2}$ d) 9% **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দেরিতে আসার কারণে একজন কর্মীর বেতন 10% কমানো হলো এবং ক্ষমা চাওয়ার পর আবার 10% বাড়ানো হলো। এতে তার শতকরা কত ক্ষতি হলো?

ধরি, কর্মীর বেতন ছিল 100 টাকা

10% হ্রাসে তার বর্তমান বেতন হবে = (100 – 100 এর 10%) = $\left(100 - \frac{100 \times 10}{100}\right)$ = 100 – 10 = 90 টাকা

আবার, 10% বৃদ্ধিতে তার বর্তমান বেতন হবে = (90 + 90 এর 10%) = $\left(90 + \frac{90 \times 10}{90}\right)$ = 90 + 9 = 99 টাকা

∴ তার মোটের উপর ক্ষতি হলো = 100 – 99 = 1 টাকা বা 1%

Shortcut: $A + B + \frac{A \times B}{100}$ - সূত্রে A = – 10 এবং B = 10 বসালে পাই, % C = $-10 + 10 + \frac{(-10)(10)}{100}$ = – 1%

53. A train 240*m* long passes a pole in 24 seconds. How long will it take to pass a platform 650*m* long?
a) 80 sec b) 89 sec
c) 90 sec d) 95 sec **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 240 মিটার দীর্ঘ একটি ট্রেন 24 সেকেন্ডে একটি Pole বা খুঁটি অতিক্রম করে। 650 মিটার দীর্ঘ একটি প্লাটফর্ম অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে?

ট্রেনের দৈর্ঘ্যের তুলনায় খুঁটির দৈর্ঘ্য নগণ্য বলে 24 সেকেন্ডে ট্রেনটি মূলত নিজের দৈর্ঘ্য অতিক্রম করবে।

240 মিটার অতিক্রম করে = 24 সেকেন্ডে

∴ (650 + 240) বা 890 মিটার অতিক্রম করে = $\frac{24 \times 890}{240}$ = 89 সেকেন্ডে

54. Out of 10 persons working on a project, 4 are graduates. If 3 are selected, what is the probability that there is at least one graduate among them?
a) $\frac{1}{6}$ b) $\frac{5}{8}$
c) $\frac{3}{8}$ d) $\frac{5}{6}$ **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, 10 জন কর্মীর মধ্যে 4 জন Graduate. 3 জনকে বাছাই করা হলে কমপক্ষে 1 জন Graduate হওয়ার সম্ভাবনা কত?

মোট কর্মী সংখ্যা = 10 জন

এদের মধ্যে গ্র্যাজুয়েটের সংখ্যা = 4 জন।

∴ কমপক্ষে 1 জন গ্র্যাজুয়েট হওয়ার সম্ভাবনা = 1 – নন গ্র্যাজুয়েট

$= 1 - \frac{{}^{6}C_3}{{}^{10}C_3} = 1 - \frac{6 \times 5 \times 4}{10 \times 9 \times 8} = 1 - \frac{1}{6} = \frac{6-1}{6} = \frac{5}{6}$

55. 85% of a number is added to 24, the result is the same number. Find the number?
a) 150 b) 140
c) 130 d) 160 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি সংখ্যার 85% কে 24 এর সাথে যোগ করলে যোগফল ঐ সংখ্যাটিই হয়। সংখ্যাটি কত?

ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, 85% of $x + 24 = x$

$\Rightarrow x - \frac{85x}{100} = 24$

$\Rightarrow x - \frac{17x}{20} = 24$

$\Rightarrow \frac{20x - 17x}{20} = 24$

$\Rightarrow 3x = 24 \times 20$

$\therefore x = \frac{24 \times 20}{3} = 160$

56. Who is the current Prime Minister of New Zealand?
a) Jacinda Ardern b) Simon Bridges
c) Katrin Jackobsdottir d) Sophie Wilms **ans. A**

Solution: জাসিন্ডা আরডার্ন একজন নিউজিল্যান্ডীয় রাজনীতিবিদ, যিনি ২০১৭ সালের ২৬ অক্টোবর থেকে নিউজিল্যান্ডের ৪০তম এবং বর্তমান প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করছেন।

57. The headquarter of Food and Agriculture Organization of the United Nations is in
a) London, Uk b) New York, US
c) Paris, France d) Rome, Italy **ans. D**

Solution: Food and Agriculture Organization (FAO) এর সদর দপ্তর রোম, ইতালিতে অবস্থিত। এটি খাদ্য ও কৃষি সংস্থা হিসেবে কাজ করে। এটি ১৬ অক্টোবর ১৯৪৫ সালে গঠিত হয়।

58. Who is the Author of the Book "Brief Answers to the Big Questions"?
a) Chadwick b) Stephen Hawking
c) Albert Einstein d) Newton **ans. B**

Solution: Brief Answers to the Big Questions বইটি লিখেছেন বৃটিশ তাত্ত্বিক পদার্থ বিজ্ঞানী ও লেখক

Recent Publications www.exambd.net

Stephen Hawking. এই গ্রন্থে মহাবিশ্ব সৃষ্টির এই 'বৃহৎ বিস্ফোরণ' (Big-Bang) তত্ত্বের পক্ষে পদার্থবিদ্যার দৃষ্টিকোণ থেকে এর ব্যাখ্যা উপস্থাপন করেন এবং তিনি তত্ত্বীয়ভাবে আরো দেখান যে, 'কৃষ্ণবিবর কণা নির্গমণের উৎস হতে পারে'। তাঁর রচিত অন্যান্য বইগুলো হলোঃ 'A Brief History of Time' (1988), 'Black Holes and Baby Universes and Other Essays' (1993), 'The Universe in a Nutshell' (2001), 'On the Shoulders of Giants' (2002).

59. World Environment Day is on
a) 2nd June b) 2nd May
c) 5th May d) 5th June **ans. D**

Solution: বিশ্ব পরিবেশ দিবস প্রতি বছর ৫ জুন বিশ্বব্যাপী রাজনৈতিক কর্মোদ্যোগ আর জনসচেতনতার মাধ্যমে পরিবেশ সচেতনতার লক্ষ্যে পালিত দিবস। এই দিনটিতেই জাতিসংঘের মানবিক পরিবেশ কনফারেন্স (United Nations Conference on the Human Environment) শুরু হয়েছিল। এই কনফারেন্স হয়েছিল ১৯৭২ সালের ৫ থেকে ১৬ জুন অবধি। এই কনফারেন্স ঐ বছরই চালু করেছিল জাতিসংঘের সাধারণ সভা। তখন থেকেই প্রতি বছর এই দিবস পালিত হয়ে আসছে। দিবসটি প্রথম পালিত হয় ১৯৭৪ সালে।

60. Ryanair airline belongs to which country?
a) Tajiskistan b) Ireland
c) Switzerland d) Finland **ans. B**

Solution: Ireland এর বিমানসংস্থার নাম হলো Ryanair. উল্লেখ্য,

দেশের নাম	সুইজারল্যান্ড	ফিনল্যান্ড	স্পেন	রাশিয়া	ব্রাজিল
বিমান সংস্থার নাম	সুইস এয়ার	ফিন এয়ার	ইবিরিয়া	এরাফ্লোট	বারিজ

61. Who is the current CEO of Google?
a) Larry Page b) Sundar Pichai
c) Sergey Brin d) Onil Bagchi **ans. B**

Solution: গুগলের দুই সহপ্রতিষ্ঠাতা ল্যারি পেজ এবং সের্গেই ব্রিন ২০১৯-এর ডিসেম্বরে ঘোষণা দেন, গুগলের মূল প্রতিষ্ঠান অ্যালফাবেটের নতুন প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) হবেন সুন্দর পিচাই। আর তাঁরা দুজনই সরে দাঁড়াবেন নেতৃত্ব থেকে। এখন তিনি গুগল এবং এর মূল প্রতিষ্ঠান অ্যালফাবেটের প্রধান নির্বাহী কর্মকর্তা।

62. Who is the incumbent President of European Commission?
a) Usual Von der Leyen
b) Jean Claude Juncker
c) Jose Manuel Barroso
d) Romano Prodi **ans. A**

Solution: ইউরোপীয় কমিশনের দুই মেয়াদের প্রেসিডেন্ট জ্যঁ ক্লদে ইউঙ্কার অবসরে যাওয়ার কারণেই নতুন প্রেসিডেন্ট নির্বাচনের প্রয়োজন হয়ে পড়েছিল। ইউরোপীয় ইউনিয়নের ইতিহাসে এই প্রথম একজন নারী ইউরোপীয় কমিশনের নতুন প্রেসিডেন্ট মনোনীত হয়েছেন। নতুন প্রেসিডেন্ট হয়েছেন জার্মানির প্রতিরক্ষামন্ত্রী উরসুলা ভন ডার লেন।

63. JAXA is a space agency of which country?
a) Jordan b) Germany
c) Jamaica d) Japan **ans. D**

Solution: জাপানের মহাকাশ গবেষণা সংস্থার নাম হলো জাক্সা। জাপান এরোস্পেস এক্সপ্লোরেশন এজেন্সিটি ২০০৩ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। এর মূল কাজটি প্রযুক্তিগত বিকাশ, গবেষণা কাজ এবং কক্ষপথে উপগ্রহের উদ্বোধন, চাঁদ গবেষণা, গ্রহাণু ডেটা এবং অন্যান্য অনেক মহাকাশ গবেষণা পর্যবেক্ষণ করা। এটি বৃষ্টিপাত এবং কার্বন ডাই অক্সাইড পর্যবেক্ষণের জন্যও কাজ করে থাকে। উল্লেখ্য, বিশ্বের আরো কিছু মহাকাশ গবেষণা সংস্থা

নাসা	আরএফএসএ	ইএসএ
ন্যাশনাল অ্যারোনটিকস অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্ট্রেশন	রাশিয়ান ফেডারেশন স্পেস এজেন্সি	ইউরোপীয় স্পেস এজেন্সি
ইসরো	**সিএনএসএ**	**এস.এস.আই**
ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা	চীন জাতীয় মহাকাশ প্রশাসন	ক্যালিফোর্নিয়ায় স্পেস স্টাডিজ ইনস্টিটিউট

64. Old name of Zimbabwe is
a) Northern Rhodesia b) Saigon
c) Southern Rhodesia d) Zaire **ans. C**

Solution: জিম্বাবুয়ের পুরাতন নাম ছিলো Southern Rhodesia.

পুরাতন নাম	নিপ্পন	ভয়েচল্যান্ড	উত্তর রোডেশিয়া
বর্তমান নাম	জাপান	জার্মানি	জাম্বিয়া

65. The study of light and vision is known as
a) Astronomy b) Acoustics
c) Neurology d) Optics **ans. D**

Solution: Astronomy হলো জ্যোতির্বিদ্যা। Acoustics হলো শব্দবিজ্ঞান। Neurology হলো স্নায়ুবিদ্যা।

66. Which continent has the highest number of countries?
a) Asia b) Africa
c) North America d) Europe **ans. B**

Solution: এশিয়া মহাদেশে স্বাধীন দেশ আছে ৪৪টি; ইউরোপে ৪৮টি; আফ্রিকায় ৫৪টি; উত্তর আমেরিকায় ২৩টি এবং দক্ষিণ আমেরিকায় ১২টি।

67. First Asian city that hosted the Olympics is
a) Hanoi b) New Delhi
c) Beijing d) Tokyo **ans. D**

Recent Publications
www.exambd.net

Solution: এশিয়া মহাদেশে ১৯৬৪ সালে জাপানের রাজধানী টোকিওতে সর্বপ্রথম অলিম্পিক অনুষ্ঠিত হয়।

68. Who is the king of Bahrain?
a) Mohammad Bin Salman AI Saud
b) Qaboob bin Said al Said
c) Elyes Fakhfakh
d) Hamad bin Isa AI Khalifa **ans. D**

Solution: বাহরাইনের রাজা বাহরাইনের শাসক এবং রাষ্ট্রপ্রধান। ১৭৮৩ থেকে ১৯৭১ সালের মধ্যে, বাহরাইনি শাসকরা হাকিম উপাধি এবং ১৯৭১ থেকে ২০০২ সাল পর্যন্ত আমির উপাধি গ্রহণ করে। ২০০২ সালের ১৪ ফেব্রুয়ারি বাহরাইনের তৎকালীন আমির হামাদ বিন ইসা আল খলিফা বাহরাইনকে একটি রাজ্য এবং নিজেকে প্রথম রাজা হিসাবে ঘোষণা করেন।

69. Which country is called "Land of Protease'?
a) Zimbabwe b) New Zealand
c) Australia d) South Africa **ans. D**

Solution: দক্ষিণ আফ্রিকার প্রধান অধিবাসীদের নাম 'জুলু'। আবার, দক্ষিণ আফ্রিকার ক্রিকেট টিমের সদস্যদের প্রটিয়াজ বলে ডাকা হয়। উল্লেখ্য, অস্ট্রেলিয়ানদের 'অজি' বলে ডাকা হয়। নিউজিল্যান্ড অধিবাসীদের 'কিউই' বলা হয়। কিউই হলো দেশটির জাতীয় পাখির নাম। আর দেশটির আদি অধিবাসী হলো মাউরি।

70. Suez Canal is between
a) Mediterranean Sea and Red Sea
b) Mediterranean Sea and North Sea
c) Arabian Sea and Red Sea
d) Red Sea and North Sea. **ans. A**

Solution: সুয়েজখাল লোহিতসাগর ও ভূ-মধ্যসাগর দুইটি সাগরকে সংযুক্ত করেছে। সুয়েজ খাল খনন করেন ফরাসি ইঞ্জিনিয়ার ফার্ডিনান্দ দ্য লিসেপস। ২৫ এপ্রিল ১৮৫৯ সালে এটির খনন কাজ শুরু হয় এবং ২৫ এপ্রিল ১৮৬৯ সালে এটি উদ্বোধন করে। মিসর সুয়েজ খাল জাতীয়করণ করেছিল ২৬ জুলাই ১৯৫৬ সালে।

Islami Bank Bangladesh Ltd.
Recruitment Test for TAO – 30.10.2021
Business Studies, DU

01. The ____ man was taken to the hospital.
a) Injure b) injured
c) Injury d) injurious **ans. B**

Solution: বাক্যে কোনো Noun যদি Action receiver হয় তবে তার পূর্বে Past Participle বসে। উল্লিখিত বাক্যে যে লোকটিকে হাসপাতালে নেয়া হয়েছিল, তিনি Action receive করেছেন, তাই তার পূর্বে Past participle হিসেবে injured বসবে।
বাক্যের অর্থঃ আহত ব্যক্তিকে হাসপাতালে নেয়া হয়েছিল।

02. Robin who is a ____ boy has many friends.
a) popular b) famous
c) quiet d) handsome **ans. A**

Solution: এখানে যে বালক Popular তাকে সবাই পছন্দ করে তাই তার Many friends থাকতে পারে। কিন্তু Famous হলো Well-known among people. অর্থাৎ কোনো ব্যক্তি Famous হওয়া সত্ত্বেও তার অনেকগুলি Friend নাও থাকতে পারে। আর Handsome হলেই যে অনেক Friend থাকে বিষয়টি এমন না। তাই সঠিক উত্তর *a*).
বাক্যের অর্থঃ রবিন একজন বন্ধুপ্রিয় বালক যার অনেক বন্ধু আছে।

03. Monica is a ____ girl and does not like to go out alone.
a) timid b) frightened
c) lonely d) scared **ans. A**

Solution: স্বভাবতই ভীতু অর্থে Timid বসে। কিন্তু আতঙ্কগ্রস্ত হওয়া অর্থে Frightened বা Scared বসতে পারে। তাই উল্লিখিত বাক্যে Timid বসবে।
বাক্যের অর্থঃ মনিকা ভীতু মেয়ে, তাই সে একা বাইরে যেতে পছন্দ করে না।

04. The ____ hostages handled together, waiting to be rescued.
a) excited b) terrified
c) bored d) annoyed **ans. B**

Solution: আটককৃত জিম্মিরা সাধারণত Excited (উত্তেজিত), Bored (বিরক্ত) বা Annoyed (অসন্তোষ) থাকবে না। বরং যারা জিম্মি তারা সর্বদাই terrified বা আতঙ্কিত থাকবে। তাই সঠিক উত্তর B)
বাক্যের অর্থঃ আতঙ্কগ্রস্ত জিম্মিরা উদ্ধার হবার জন্য অপেক্ষায় ছিল।

05. ____ earth moves around ____ sun.
a) The; a b) An; the
c) The; the d) An; a **ans. C**

Recent Publications www.exambd.net

Solution: অদ্বিতীয় (Unique) বা অতুলনীয় বলে মনে হয় এমন কোনো বস্তু বা বস্তু সমষ্টির নামের পূর্বে 'the' বসে। যেমন: The earth, the moon, the sun, the sky ইত্যাদি।
বাক্যের অর্থঃ পৃথিবী সূর্যের চারদিকে ঘুরে।

06. **"Cap it all" means:**
a) To cover everything b) To finish
c) To occur d) To seize everything **ans. B**

Solution: কোনো কাজ সমাপ্ত বা শেষ করা অর্থে "Cap it all" ব্যবহার করতে হয়। তাই সঠিক উত্তর *b*). কিন্তু To occur অর্থ ঘটা। To seize everything অর্থ সবকিছু জব্দ করা। To cover everything অর্থ সবকিছু ঢেকে দেয়া।

07. **Antonym of "Ductile" is**
a) Docile b) Pliable
c) Stiff d) Supple **ans. C**

Solution: Ductile অর্থ নমনীয়; এমন ব্যক্তি যাকে সহজেই প্রভাবিত করা যায়। কিন্তু Stiff অর্থ কঠিন; শক্ত; অনমনীয়। উল্লেখ্য, Docile অর্থ সহজে বশ মানে এমন। Supple অর্থ নমনীয়; সুনম্য; কোমল। Pliable অর্থ সহজে বাঁকানো, পেঁচানো বা আকারপ্রদান করা যায় এমন।

08. **"Pull your socks up" means**
a) To improve b) To finish
c) To starts d) To get ready **ans. A**

Solution: Pull one's socks up অর্থ নিজেকে বা নিজের কোনো কাজকে উন্নত করা। তাই সঠিক উত্তর *a*). উল্লেখ্য, To finish অর্থ শেষ করা। To starts অর্থ শুরু করা। To get ready অর্থ প্রস্তুতি নেয়া।

09. **Antonym of "Deviant" is**
a) Bent b) Devious
c) Regular d) Atypical **ans. C**

Solution: Deviant অর্থ স্বাভাবিক মান থেকে ভিন্ন। Regular অর্থ স্বাভাবিক। উল্লেখ্য, Bent অর্থ ইচ্ছা; দক্ষতা। Devious অর্থ ঘোরানো; অসরল। Atypical অর্থ প্রতিনিধিত্ব করে না এমন; অপ্রতিরূপক।

10. **Synonym of "Embezzle" is**
a) Remunerate b) Misappropriate
c) Balance d) Clear **ans. B**

Solution: Embezzle অর্থ আত্মসাৎ করা। Remunerate অর্থ পুরস্কৃত করা; পারিতোষিক দেওয়া। Misappropriate অর্থ অর্থ অন্যায়ভাবে গ্রহণ ও ব্যবহার করা। Balance অর্থ বিচার করা; তুলনা করা। Clear অর্থ স্বচ্ছ; নির্মল।

11. **Find the correctly spelt word**
a) Burocracy b) Birocracy
c) Bureacracy d) Bureaucracy **ans. D**

Solution: Bureaucracy অর্থ আমলাতন্ত্র; আমলাদের পরিচালিত প্রশাসনিক ব্যবস্থা।

12. **Antonym of "Artificial" is**
a) Red b) Solid
c) Truthful d) Natural **ans. D**

Solution: Artificial – কৃত্রিম। Solid – শক্ত; দৃঢ়; কঠিন। Natural – প্রাকৃতিক; নৈসর্গিক; স্বাভাবিক। Truthful – সত্যনিষ্ঠ; সত্যবাদী।

13. **Change the voice of the sentence: "Have you taken a rest?"**
a) Have a rest been taken by you?
b) Have a rest taken by you?
c) Had a rest taken by you?
d) Have a rest be take by you? **ans. A**

Solution: Present perfect tense এর Passive interrogative বাক্যের Passive voice এর নিয়ম: Has/Have + object + been + verb এর P. P. রূপ + by + subject?
বাক্যের অর্থঃ আপনি কি বিশ্রাম নিয়েছেন?

14. **Find the correctly spelt word**
a) Allegedly b) Allegedely
c) Alegedly d) Allegedley **ans. A**

Solution: Allegedly অর্থ কথিত।

15. **The antonym of "Mammoth" is**
a) Small b) Low
c) Giant d) High **ans. A**

Solution: Mammoth এর অর্থ বিশাল; প্রকাণ্ড। আর Small অর্থ ছোট; ক্ষুদ্র। কিন্তু Low অর্থ নিচু; Giant অর্থ দৈত্য; দানব; অসাধারণ আকার ও High অর্থ উচু।

16. **PAIN : SEDATIVE::**
a) comfort : stimulant b) grief : consolation
c) trance : narcotic d) ache : extraction
ans. B

Solution: Sedative উপশম করে Pain কে। আর Consolation উপশম করে Grief কে। উল্লেখ্য, Pain অর্থ দেহের বা মনের বেদনা; যন্ত্রণা। Sedative অর্থ অস্থিরতা প্রশমিত করে এমন ঔষধ। Comfort অর্থ আরাম; স্বস্তি; আয়েশ। Stimulant অর্থ উদ্দীপক। Grief অর্থ প্রচণ্ড দুঃখ; তীব্র শোক। Consolation অর্থ সান্তনা; প্রবোধ। Trance অর্থ সমাধি অবস্থা; ঘুমের মতো অবস্থা। Narcotic অর্থ মাদক। Ache অর্থ অবিরাম অস্বস্তিকর বেদনা; ব্যথা। Extraction অর্থ বলপূর্বক উৎপাটন।

Recent Publications www.exambd.net

17. **LIGHT : BLIND::**

a) speech : dumb b) hanging : deaf
c) together : sound d) voice : vibration

***ans.* A**

Solution: Light অর্থ আলো; দৃষ্টিশক্তি। Blind অর্থ অন্ধ; দৃষ্টিশক্তিহীন। Speech অর্থ বাকশক্তি। Dumb অর্থ বোবা; বাকশক্তিহীন।

ব্যাখ্যাঃ যিনি Blind তার চোখে Light থাকে না। আর যিনি Dumb তার মুখে Speech থাকে না।

18. **GRAVITY : PULL ::**

a) iron : metal
b) north pole : directions
c) magnetism : attraction
d) dust : desert

***ans.* C**

Solution: Gravity কোনো কিছুকে Pull করে আর Magnetism কোনো কিছুকে Attraction করে। তাই সঠিক উত্তর *c*). উল্লেখ্য, Gravity অর্থ মধ্যাকর্ষণ শক্তি। Metal অর্থ ধাতব। Pull অর্থ টেনে রাখা বা ধরা। North Pole অর্থ উত্তর মেরু। Magnetism অর্থ চুম্বকত্ব। Direction অর্থ পথ নির্দেশনা। Attraction অর্থ আকর্ষন। Dust অর্থ ধুলা। Iron অর্থ লোহা। Desert অর্থ মরুভূমি।

19. **TEN : DECIMAL**

a) seven : septet b) four : quarter
c) Even : quince d) two : binary ***ans.* B**

Solution: Decimal হলো $\frac{1}{10}$ আর Quarter হলো $\frac{1}{4}$; Septet হলো সাতটি কণ্ঠ বাদ্যযন্ত্রের সমষ্টি; Quince হলো আচার, জেলি ইত্যাদি তৈরিতে ব্যবহৃত নাশপাতি জাতীয় ফলের গাছবিশেষ।

20. **Change the voice of the sentence: "I remember my sister taking me to the museum".**

a) I remember I was taken to the museum by my sister.
b) I remember being taken to the museum by my sister.
c) I remember myself being taken to the museum by my sister.
d) I remember taken to the museum by my sister. ***ans.* B**

Solution: এই ধরনের বাক্যকে Passive এর নিয়ম: Subject + Like / remember / hate + being + verb এর Past Participle + অবশিষ্ট অংশ।

বাক্যের অর্থঃ আমার মনে আছে বোন আমাকে জাদুঘরে নিয়ে গিয়েছিল।

21. **If both 11^2 and 3^3 are factors of the number $a * 4^3 * 6^2 * 13^{11}$, then what is the smallest possible value of 'a'?**

a) 363 b) 121
c) 3267 d) 33 ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 11^2 এবং 3^3 উভয়ই $a * 4^3 * 6^2 * 13^{11}$ এর উৎপাদক হলে a এর সম্ভাব্য সর্বনিম্ন মান কত?

এখানে, প্রদত্ত সংখ্যাটি একটি উৎপাদক হলো 11^2. এখন $a * 4^3 * 6^2 * 13^{11}$ সংখ্যাটিতে 4, 6 কিংবা 13 কোনো ঘাত নয় কিংবা 11 এর গুণিতকও নয়।

তাই $a * 4^3 * 6^2 * 13^{11}$ সংখ্যাটি 11^2 দ্বারা বিভাজ্য হলে a এর মধ্যে 11^2 থাকবেই।

আবার, যেহেতু 3^3 হলো প্রদত্ত সংখ্যাটির একটি উৎপাদক তাই 6^2 হলো সংখ্যাটির একটি অংশ। এখানে $6^2 = 3^2 * 2^2$

অর্থাৎ, $a * 4^3 * 6^2 * 13^{11}$ এর মধ্যে 3^2 রয়েছে।

এখন, সংখ্যাটিকে 3^3 দ্বারা বিভাজ্য করার জন্য তাতে 3^3 থাকতে হবে।

কাজেই a সংখ্যাটিতে আরো একটি 3 লাগবে।

অর্থাৎ কমপক্ষে $a = 11^2 * 3 = 121 \times 3 = 363$ হবে।

22. **Set A contains all the even numbers between 2 and 50 inclusive. Set B contains all the even numbers between 102 and 150 inclusive. What is the difference between the sum of elements of set B and that of set A?**

a) 5050 b) 11325
c) 6275 d) 2500 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, A সেটে 2 এবং 50 সহ 2 ও 50 এর মধ্যে সকল জোড় সংখ্যা আছে। B সেটে 102 এবং 150 সহ 102 ও 150 এর মধ্যে সকল জোড় সংখ্যা আছে। এখন B সেট ও A সেটের উপাদান গুলোর সমষ্টির পার্থক্য কত?

এখানে, B সেটের উপাদান গুলির সমষ্টি
$= 102 + 104 + 106 + \ldots\ldots + 150$
A সেটের উপাদান গুলির সমষ্টি
$= 2 + 4 + 6 + \ldots\ldots + 50$

$\therefore$ পার্থক্য $= (102 - 2) + (104 - 4) + (106 - 6) + \ldots\ldots + (150 - 50)$
$= 100 \times 25$ [প্রত্যেক সেটের উপাদান সংখ্যা 25 টি]
$= 2,500$

Recent Publications
www.exambd.net

Solution: বাইনারি সংখ্যা পদ্ধতিতে মাত্র দুটি চিহ্ন বা প্রতীক দিয়ে সব রকমের সংখ্যা গঠন করা যায়। দুটি প্রতীক ব্যবহৃত হয় বলে একে ২-ভিত্তিক সংখ্যা বা বাইনারি পদ্ধতি বলা হয়। কম্পিউটার কাজ করে তার নিজস্ব পদ্ধতিতে। এই পদ্ধতিকে বলা হয় কম্পিউটারের মেশিনের ভাষা বা মেশিন ল্যাংগুয়েজ। এই মেশিন ল্যাংগুয়েজ গঠিত হয় বিদ্যুৎ প্রবাহের দুটি মাত্র সংকেতের দ্বারা। বিদ্যুৎ আছে (১) অথবা বিদ্যুৎ নেই (০)। শুধু এই দুটি অবস্থাই কম্পিউটার বুঝতে পারে। অর্থাৎ অন এবং অফ ধারনা থেকেই ২-ভিত্তিক বা বাইনারি সংখ্যা পদ্ধতি গড়ে উঠেছে। ৩২ বিট, ৬৪ বিট সকল কম্পিউটারে সাধারণত বাইনারি ডিজিট ২ সংখ্যা পদ্ধতি ব্যবহৃত হয়।

47. নিচের কোনটি স্প্রেডসিট সফটওয়্যার?

a) Excel
b) Visual Studio
c) PowerPoint
d) SQL

***ans.* A**

Solution: স্প্রেডসিট হিসাব নিকাশের কাজ করার প্রোগ্রাম। স্প্রেডসিট প্রোগ্রামের সাহায্যে একসঙ্গে যোগ, বিয়োগ, গুণ, ভাগ, শতকরা, গড়, সুদ ইত্যাদি হিসেবের কাজ খুব দ্রুত এবং নির্ভুলভাবে করা যায়। স্প্রেডসিট প্রোগ্রামের বড় সুবিধা হচ্ছে কোন একটি সংখ্যা পরিবর্তন করলে এর সাথে সম্পর্কযুক্ত সকল হিসাব আপনা আপনি পরিবর্তত হয়ে নতুনভাবে বিন্যস্ত হয়ে যায়। বাজেট, ব্যালান্সসিট, স্কুল-কলেজের ফলাফল তৈরি ইত্যাদি বিভিন্ন গাণিতিক কাজে স্প্রেডসিট সফটওয়্যার ব্যবহার করা হয়।

ভিসি ক্যাল (VisiCale)ঃ পৃথিবীর প্রথম স্প্রেডসিট প্রোগ্রাম				
Corel Quatropro	Lotus 1-2-3	Super Calc	Calc	MS Excel
Sorcim	Symphony	Numbers	Multiplan	Gnumeric

মাইক্রোসফট এক্সেল সংক্ষেপে MS Excel বলে। বর্তমান সময়ের সবচেয়ে জনপ্রিয় স্প্রেডসিট প্রোগ্রাম। Adobe Acrobat, Adobe PageMaker এগুলো ডেস্কটপ পাবলিশিং সফটওয়্যার।

48. নিচের কোনটি ইনপুট ডিভাইস?

a) মনিটর
b) প্রিন্টার
c) সিপিইউ
d) কি বোর্ড

***ans.* D**

Solution: বহুল ব্যবহৃত Input Device গুলো হলোঃ Keyboard, Mouse, Scanner, Light Pen, Graphics Tablet, WebCam, Joy-stick, Sensor, OMR, OCR, Barcode Reader, Punch Card Reader, Magnetic Tape Drive, Digitizer, MICR ইত্যাদি।

49. প্রিন্ট করার শর্টকাট কমান্ড কোনটি?

a) ctrl + shift
b) ctrl + p
c) shift + p
d) alt + p

***ans.* B**

50. নিচের কোনটি এ্যাপ্লিকেশন সফটওয়্যার নয়?

a) Windows NT
b) Page Maker
c) Photoshop
d) Paint

***ans.* A**

Solution: মাইক্রোসফট কর্পোরেশন ১৯৯৩ সালে 'উইন্ডোজ এনটি' বাজারে ছাড়ে। এনটি কথাটির অর্থ হচ্ছে নতুন টেকনোলজি (New Technology). মাইক্রোসফট কর্পোরেশন একে সার্ভার ও ওয়ার্কস্টেশনে কাজের জন্য রূপান্তর করে। এর নাম হয় 'উইন্ডোজ এনটি' সার্ভার।

www.exambd.net

Dutch-Bangla Bank Ltd.

Recruitment Test of PO – 15.11.2019

IBA, DU

Q. 01 – 04: *For each question, select the word(s)/ phrase(s) that appropriately fill(s) in the gap(s).*

01. **Registering children at birth can play a critical role in ____ children's rights and ____ that any violations of these rights do not go unnoticed.**

a) enhancing – maintaining b) protecting – disregarding c) eradicating – assuring
d) safeguarding – ensuring e) None of these ***ans.* D**

Solution: Enhance – বাড়ানো; বৃদ্ধি করা। Maintain – বজায় রাখা; অক্ষুণ্ন রাখা। Protect – রক্ষণ/ সুরক্ষা/ ত্রাণ করা। Disregard – আগ্রহ করা; পাত্তা না দেওয়া। Eradicate – সমূলে উৎপাটন করা। Assure – নিশ্চয়তা দেওয়া; নিশ্চয় করে বলা। Safeguard – রক্ষাকবচ। Ensure – নিশ্চিত করা।

Play a critical role in safeguarding children's right's অর্থ শিশুদের অধিকার রক্ষায় চরম ভূমিকা পালন করা। এখানে অধিকার রক্ষা অর্থে Safeguarding -ই উপযুক্ত শব্দ। আর Safeguarding এর সাথে মিল রেখে অধিকার অবমাননার বিষয়টি যেন Unnoticed থেকে না যায় তার নিশ্চয়তার বিধান করা অর্থে Ensuring বসবে।

বাক্যের অর্থঃ শিশুদের জন্ম নিবন্ধনের বিষয়টি তাদের অধিকার রক্ষার ব্যাপারে গুরুত্বপূর্ণভূমিকা পালন করে ও ঐসব অধিকার লঙ্ঘনের বিষয়টি যেন অলক্ষিত থেকে না যায়-তার নিশ্চয়তা দেয়া।

02. **The institutional environments in which corporations in emerging countries operate are ____ from the ones in which corporations of developed economies operates.**

a) homogenous b) mainly different c) vast different
d) vastly different e) None of these ***ans.* D**

Solution: এখানে দুটি অর্থনীতির মধ্যে Institutional difference এর কথা বলা হচ্ছে। দুই ধরনের অর্থনীতির এই Institutional difference কে বড় করে দেখানোর জন্য Vastly different এর ব্যবহার ঠিক আছে।

বাক্যের অর্থঃ উন্নয়নশীল অর্থনীতির দেশগুলোর কাজের প্রাতিষ্ঠানিক পরিবেশ উন্নত অর্থনীতির দেশগুলোর হতে অনেক ভিন্নতর হয়ে থাকে।

03. **Despite being in the safe ____ of one's home, there is always this ____ fear due to the deterioration in law and order situation in the country.**

a) vicinity – usual b) harbour – euphoric c) confines – niggling
d) proximity – prevalent e) none of these ***ans.* A**

Solution: Vicinity – নৈকট্য, সন্নিকর্ষ, সামীপ্য। Usual – সচরাচর ঘটে এমন; প্রচলিত। Harbour – পোতাশ্রয়। Euphoric – আনন্দদায়ক। Niggling – তুচ্ছ; সামান্য; সঙ্কীর্ণ। Confines – সীমা; সীমান্ত। Proximity – নৈকট্য; সান্নিধ্য। Prevalent – সাধারণ; ব্যাপক।

বাক্যের প্রথমে In the safe vicinity of one's home অংশে নিরাপদ অঞ্চলের পাশাপাশি বুঝাতে Vicinity শব্দটি ব্যবহার করতে হবে। আর বাক্যের দ্বিতীয়তে There is always this usual fear অংশে স্বাভাবিক ভয় বুঝাতে Usual এর ব্যবহার করতে হবে।

বাক্যের অর্থঃ নিরাপদ অবস্থানের কাছাকাছি থাকা সত্ত্বেও দেশের আইন শৃঙ্খলার অবনতির কারণে একটা স্বাভাবিক ভয় কাজ করে।

04. **The government needs to create a ____ for providing affordable housing ____ for low-income groups in Dhaka.**

a) planning – system b) framework – facilities c) roadmap – provisions
d) endemic – prevalent e) none of these ***ans.* B**

Solution: Planning – পরিকল্পনা। System – তন্ত্র; সংশ্রয়। Framework – নির্মাণ কাঠামো। Facilities – সুযোগ-সুবিধা। Roadmap – পরিকল্পনা। Provision – প্রস্তুতি; সংস্থান; সরবরাহ। Endemic – নির্দিষ্ট এলাকাজুড়ে। Prevalent – সাধারণ; ব্যাপক।

একটি কাঠামো গঠনের প্রয়োজনীয়তাকে ইংরজিতে Create a framework বলা যায়। আর সহজলভ্য আবাসিক সুবিধাকে ইংরেজিতে বলা হয় Affordable housing facilities.

বাক্যের অর্থঃ ঢাকা শহরের নিম্ন আয়ের মানুষের সহজলভ্য আবাসিক সুবিধার জন্য সরকারের উচিত একটি কাঠামো প্রণয়ন করা।

www.exambd.net

Q. 05 – 08: For each question, find the odd word from the following lists.

05. a) Calamity b) Tragedy c) Collision
d) Epidemic e) Catastrophe ***ans. C***

Solution: Calamity – বিপর্যয়; চরম দুর্দশা। Tragedy – ট্র্যাজেডি; বিয়োগান্ত নাটক। Collision – সংঘর্ষ; ধাক্কা। Epidemic – মহামারী সংক্রান্ত। Catastrophe – বিপর্যয়; আকস্মিক বিপত্তি।

06. a) Central b) Prominent c) Pivotal
d) Peripheral e) Significant ***ans. D***

Solution: Central – কেন্দ্রীয়। Prominent – উন্নত; প্রকট। Pivotal – গুরুত্বপূর্ণ। Peripheral – সীমান্তবর্তী; প্রান্তিক। Significant – গুরুত্বপূর্ণ।

07. a) Steer b) Navigate c) Pilot
d) Maneuver e) Escapade ***ans. E***

Solution: Steer – কোনো জাহাজ, নৌকা বা যানের দিকনির্দেশ করা। Navigate – নৌচালনা/বিমান চালনা করা। Maneuver – কৌশলী পরিচালনা। Pilot – নাবিক/ বিমান চালক। Escapade – ঝুঁকিপূর্ণ দুঃসাহসিক কাজ।

08. a) Esteem b) Honor c) Prestige
d) Glory e) Infamy ***ans. E***

Solution: Esteem – অত্যন্ত শ্রদ্ধা করা। Honor – সম্মান; শ্রদ্ধা। Prestige – মর্যাদা। Glory – যশ; বিজয় গৌরব; মহিমা। Infamy – কুকীর্তি; কুখ্যাতি; কলঙ্ক।

09. **'This diagram is different the rest'. Which correction should be made to this sentence?**
a) replace is with then b) insert as it is before different c) add more after is
d) insert from after different e) No correction is required ***ans. D***

Solution: একটি হতে অন্যটি ভিন্ন অর্থে Different এরপর 'from' বসে।
সঠিক বাক্যঃ This diagram is different from the rest.
বাক্যের অর্থঃ চিত্রটি বাকিগুলো হতে ভিন্ন।

10. **I don't know as I concur in your decision to fire the manager. Which correction should be made to this sentence?**
a) replace in with with b) insert completely after decision c) replace as with that
d) Change to fire to of firing e) No correction is required. ***ans. A***

Solution: বাক্যে Concur with someone on something এইভাবে ব্যবহৃত হয়। Concur with somebody অর্থ কারো সাথে একমত হওয়া। এখানে কারো সাথে একমত হওয়া অর্থে Concur এরপর 'in' না বসে 'with' বসবে।
বাক্যের অর্থঃ আমি জানি না কারণ আমি ম্যানেজারকে অপসারণের (fire) ব্যাপারে তোমার সাথে একমত হয়েছিলাম।

11. **'I would drink water than carbonated drinks'. Which correction should be made to this sentence?**
a) change drinks to drink b) insert rather after would c) replace would with will
d) add in spite before drink e) No correction is required ***ans. B***

Solution: বাক্যে Would rather একটি Phrase যা একসাথে বসে। Would rather এরপর Verb এর Base form ব্যবহৃত হয়। যেমনঃ I would rather stay at home than go to a movie. তাই উপরিউক্ত বাক্যে Would এরপর Rather বসাতে হবে। এর বাংলা অর্থ বরং।
বাক্যের অর্থঃ আমি কোমল পানীয় এর চেয়ে বরং পানিই পান করব।

12. **'A list of books about sourcing fresh ingredients and cooking are in the file on the table'. Which correction should be made to this sentence?**
a) replace of with to b) insert a comma after cooking c) insert food after cooking
d) change are to is e) insert a comma after file ***ans. D***

Solution: বাক্যের Subject হলো A list যা Singular. তাই এর সাথে সংশ্লিষ্ট Verb টিও Singular হবে। এজন্য 'are' না বসিয়ে 'is' বসাতে হবে।
বাক্যের অর্থঃ ভালো মানের উপাদান ও রান্না সম্পর্কিত একগুচ্ছ বই টেবিলে রয়েছে।

www.exambd.net

13. Badhon has 60 kg of 18% sugar solution. How much sugar should he add to make it 40% sugar solution?

a) 20 kg b) 22 kg c) 23 kg

d) 24 kg e) None of these **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, বাঁধনের কাছে 60 কেজি 18% চিনির মিশ্রণ আছে। মিশ্রণে 40% চিনি করতে কত কেজি চিনি মেশাতে হবে?

মিশ্রণে চিনি আছে $= 60 \times \frac{80}{100} = 10.8$ কেজি

$\therefore$ পানি আছে $= 600 - 10.8 = 49.2$ কেজি

প্রশ্নমতে, $\frac{10.8 + x}{49.2} = \frac{40}{60}$

$\Rightarrow \frac{10.8 + x}{49.2} = \frac{2}{3}$

$\Rightarrow 32.4 + 3x = 98.4$

$\Rightarrow 3x = 98.4 - 32.4 = 66$

$\therefore x = \frac{66}{3} = 22$

CLIPBOARD

বীর উত্তম বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ বীরত্বের পুরস্কার। মুক্তিযুদ্ধে অবদানের জন্য ৬৮ জনকে বীর উত্তম উপাধিতে ভূষিত করা হয়েছে। সর্বশেষ বীর উত্তম প্রতীক পেয়েছেন **ব্রিগেডিয়ার জেনারেল জামিল আহমেদ** (২০১০) মরণোত্তর সহ মোট বীর উত্তম ৬৯ জন। এর মধ্যে বেসামরিক ৫ জন বীর মুক্তিযোদ্ধাকে 'বীর উত্তম' খেতাব প্রদান করা হয়। এরা হলেনঃ আকরাম আহমেদ, আবদুল কাদের সিদ্দিকী, মাসকুর উল হক সিদ্দিকী, শরফুদ্দীন আহমেদ, সাতাবউদ্দিন আহমেদ।

14. If x is decreased from 2 to – 2, which of the following must increase?

a) $2 + x$ b) $5 - x^2$ c) $1 + \frac{1}{x}$

d) $\frac{1}{(x - 3)}$ e) None of these **ans. D**

Solution: x এর মান 2 থেকে কমিয়ে – 2 করলে নিচের কোনটির মান বৃদ্ধি পাবে?

x এর মান 2 থেকে কমিয়ে – 2 করায় প্রথমে $x = 2$ এবং পরে $x = -2$ বসিয়ে আমরা অপশনগুলো পরীক্ষা করিঃ

অপশন a) এর $x = 2$ হলে $2 + x = 2 + 2 = 4$

$x = -2$ হলে $2 - 2 = 0$ অপশন a) না বেড়ে কমেছে, তাই এই অপশনটি বাদ।

অপশন b) এর $x = 2$ হলে $5 - x^2 = 5 - (2)^2 = 5 - 4 = 1$

$x = -2$ হলে $5 - (-2)^2 = 5 - 4 = 1$ অপশন b) অপরিবর্তিত রয়েছে, তাই এই অপশনটিও বাদ।

অপশন c) এর $x = 2$ হলে $1 + \frac{1}{2} = 1.5$

$x = -2$ হলে $1 + \frac{1}{-2} = 1 - \frac{1}{2} = \frac{1}{2} = 0.5$ অপশন c) না বেড়ে কমেছে, তাই এই অপশনটি বাদ।

অপশন d) এর $x = 2$ হলে $\frac{1}{x - 3} = \frac{1}{2 - 3} = \frac{1}{-1} = -1$

$x = -2$ হলে $\frac{1}{x - 3} = \frac{1}{-2 - 3} = \frac{1}{-5} = -0.2$ স্পষ্টতই -1 অপেক্ষা -0.2 বড়। তাই এটিই সঠিক উত্তর।

15. Suppose A is the product of all integers from 2 to 20 inclusive. If 2^x is a factor of A, what is the greatest possible value for integer x?

a) 10 b) 16 c) 18

d) 20 e) None of these **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ২ থেকে ২০ পর্যন্ত সকল সংখ্যার গুণফল A. 2^x সংখ্যাটি A এর একটি গুণনীয়ক হলে x এর সর্বোচ্চ মান কত?

www.exambd.net

2 দ্বারা বিভাজ্য A এর সকল সংখ্যাগুলি 20, 18, 16, 14, 12, 10, 8, 6, 4 এবং 2.

এখানে, 2 আছে 1 বার করে 2, 6, 10, 14, 18 তে।

2 আছে 2 বার করে 4, 12, 20 তে।

2 আছে 3 বার করে 8 এর ভিতর।

2 আছে 4 বার করে 16 এর ভিতর।

অতএব, 2 সর্বমোট আছে $= 5 + (2 \times 3) + (3 \times 1) + (4 \times 1) = 5 + 6 + 3 + 4 = 18$টি

$\therefore$ x এর সর্বোচ্চ মান 18 হতে পারে।

16. **Forty tiles of dimensions 1 foot × 2 foot each are required to completely cover a floor. How many titles of dimensions 2 foot × 4 foot each would be required to completely cover the same floor?**

a) 10 b) 20 c) 80

d) 160 e) 320 ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 1 ফুট × 2 ফুট মাপের 40টি টাইল্‌স দিয়ে একটি মেঝে টাইল্‌স করা যায়। ঐ মেঝেটি 2 ফুট × 4 ফুট মাপের টাইল্‌স দিয়ে টাইল্‌স করলে কয়টি টাইল্‌স লাগবে?

1টি টাইলসের ক্ষেত্রফল $= 1 \times 2 = 2$ বর্গফুট

$\therefore$ 40টি টাইলসের ক্ষেত্রফল $= 40 \times 2 = 80$ বর্গফুট

$\therefore$ নতুন ক্ষেত্রফল $= 2 \times 4 = 8$ বর্গফুট

$\therefore$ নির্ণেয় টাইলস সংখ্যা $= \frac{80}{8} = 10$টি

17. **'*m*', '*n*' and '*o*' integers in such that '*m*' is a multiple of '*n*' and '*o*' is a factor of '*m*' Given these relationship, which of the following CANNOT be an integer?**

a) $\frac{m}{n+o}$ b) $\frac{mn}{o}$ c) $\frac{mo}{n}$

d) $\frac{n+o}{m}$ e) None of these ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 'm', 'n' এবং 'o' তিনটি পূর্ণ সংখ্যা। 'm' হলো 'n' এর গুণিতক এবং 'o' হলো 'm' এর গুণনীয়ক। নিচের কোনটি পূর্ণ সংখ্যা হতে পারে না?

ধরি, $n = 2$, $m = 6$ এবং $o = 3$

এখন, অপশন d) তে $\frac{n+o}{m} = \frac{2+3}{6} = \frac{5}{6}$ যা Integer নয়।

18. **A total of Tk 1,200 was deposited in two savings accounts for one year, one portion at 5% simple interest, and the rest at 7% simple interest. If Tk 72 was earned in interest, how much was deposited at 5%?**

a) Tk 410 b) Tk 520 c) Tk 600

d) Tk 650 e) None of these ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে ১,২০০ টাকা দুটো ব্যাংক একাউন্টে রাখা হলো। কিছু টাকা ৫% হারে ও বাকি টাকা ৭% হারে জমা রেখে ৭২ টাকা পাওয়া গেলে ৫% হারে কত টাকা জমা হয়েছিল?

ধরি, 5% টাকা হারে রাখা হয়েছিলো x টাকা

$\therefore$ 7% টাকা হারে রাখা হয়েছিলো $(1200 - x)$ টাকা

প্রশ্নমতে, $(x \times .05 \times 1) + [(1200 - x) \times .07 \times 1] = 72$

$\Rightarrow$ $.05x + 84 - .07x = 72$

$\therefore$ $x = 600$ টাকা

www.exambd.net

19. When a positive integer x is divided by 5 the remainder is 1. When x is divided by 8 the remainder is 4. What is the smallest positive integer y, such that $(x + y)$ is divisible by 40?

a) 3 b) 4 c) 9
d) 13 e) None of these **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, যখন কোন পজিটিভ পূর্ণ সংখ্যা x, 5 দ্বারা ভাগ করা হয় তখন ভাগশেষ থাকে 1. যখন x কে 8 দ্বারা ভাগ করা হয় ভাগশেষ থাকে 4. পজিটিভ সংখ্যা y এর সর্বনিম্ন মান কত হতে পারে যেখানে $(x + y)$ 40 দ্বারা বিভাজ্য হয়?

5 দ্বারা ভাগ করলে যেহেতু ভাগশেষ 1 থাকে সুতরাং x এর সম্ভাব্য মান 6, 11, 16, 21, 26, 31, 36, 41.

এবং 8 দ্বারা ভাগ করলে যেহেতু ভাগশেষ 4 থাকে সুতরাং x এর সম্ভাব্য মান 12, 20, 28, 36, 44.

এখানে, 36 দুটো শর্তই পূরণ করে।

$\therefore$ $x = 36$

$\therefore$ y এর সর্বনিম্ন মান হবে 4 যার ফলে $(x + y) = 36 + 4 = 40$ যা 5 দ্বারা বিভাজ্য হবে।

20. A class can be divided into 8 groups with in equal number of students on each group or each group or into 12 groups with an equal number of students to each group. What is the lowest possible number of students in the class?

a) 20 b) 24 c) 36
d) 48 e) None of these **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি শ্রেণির সকল ছাত্রকে ৮ কিংবা ১২টি গ্রুপে ভাগ করলে প্রত্যেক গ্রুপে সম সংখ্যক ছাত্র থাকে। ক্লাসের সর্বনিম্ন ছাত্র সংখ্যা কত হতে পারে?

এখানে, 8 ও 12 এর ল.সা.গু.

$$\begin{array}{r|l} 2 & 8,\ 12 \\ \hline 2 & 4,\ 6 \\ \hline & 2,\ 3 \end{array}$$

নির্ণেয় ছাত্রসংখ্যা $= 2 \times 2 \times 2 \times 3 = 24$ জন

21. If Rashed were twice as old as he is, he would be 40 years older than Hashem. If Hashem is 10 years younger than Rashed, how old is Rashed?

a) 10 years b) 20 years c) 30 years
d) 60 years e) None of these **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, হাশেম রাশেদের চেয়ে ১০ বছরের ছোট। হাশেমের চেয়ে রাশেদের বয়স দ্বিগুণ হলে হাশেমের চেয়ে সে ৪০ বছরের বড় হতো। রাশেদের বর্তমান বয়স কত?

ধরি, রাশেদের বর্তমান বয়স x বছর

তখন হাশেমের বর্তমান বয়স ছিল $(x - 10)$ বছর

প্রশ্নমতে, $2x = (x - 10) + 40$

$\Rightarrow$ $2x - x = 40 - 10$

$\therefore$ $x = 30$

22. If w is 10 percent less than x, and y is 30 percent less than z, then wy is what percent less than xz?

a) 10% b) 20% c) 37%
d) 63% e) None of these **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে w, x এর চেয়ে 10% কম এবং y, z এর চেয়ে ৩০% কম হলে wy, xz এর কম শতাংশ?

ধরি, $x = 100$ $\therefore$ $w = 90$

আবার ধরি, $z = 100$ $\therefore$ $y = 70$

$\therefore$ $zx = 10{,}000$ $\therefore$ $wy = 6{,}300$

$\therefore$ মোট কম হবে $= 3{,}700$ [বিয়োগ করে পাই]

$\therefore$ শতকরা কম হবে $= \dfrac{3700 \times 100}{10000} = 37\%$

www.exambd.net

23. What percentage of numbers from 1 to 80 (inclusive) has 0 or in the unit's digit?

a) 10% b) 16% c) 20%
d) 21% e) None of these **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, শতকরা কতগুলো সংখ্যার একক স্থানীয় অঙ্কে 0 বা 5 আছে?

1 থেকে 80 পর্যন্ত 5 unitary digit এমন সংখ্যা (5, 15, 25, 35, 45, 55, 65, 75) অর্থাৎ মোট 8 টি এবং 0 unitary digit এমন সংখ্যা (10, 20, 30, 40, 50, 60, 70, 80) অর্থাৎ মোট 8 টি

$\therefore$ মোট সংখ্যা $= 8 + 8 = 16$ টি

$\therefore$ Percentage $= \frac{16 \times 100}{80} = 20\%$


24. The side length of a square inscribed in a circle is 2. What is the area of circle?

a) π b) $\sqrt{2}\,\pi$ c) 2π
d) $2\sqrt{2}\,\pi$ e) π^2 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, বৃত্তে অন্তর্লিখিত একটি বর্গের একবাহুর দৈর্ঘ্য 2 একক হলে বৃত্তের ক্ষেত্রফল কত?

প্রশ্নানুসারে প্রথমে চিত্র আঁকুনঃ

এখানে ত্রিভুজ ABD একটি সমকোণী ত্রিভুজ।



$\therefore$ পিথাগোরাসের সূত্র অনুসারে,

$AB^2 + AD^2 = BD^2$

$\Rightarrow 2^2 + 2^2 = BD^2$

$\Rightarrow BD^2 = 8$

$\therefore BD = 2\sqrt{2}$

$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2 = \pi\left(\frac{2\sqrt{2}}{2}\right)^2 = 2\pi$

Q. 25 – 27: *Answer each question based on the following information.*

Bonhi has six books to place on an empty bookshelf with three shelves. The six books are Fiction books X, Y, and Z and Non-fiction, books P, Q, and R. The three shelves of the bookshelf are marked 1 to 3 from top to bottom. Any of the shelves can remain empty. The placement of books must conform to the following conditions:

- P and R cannot be on the same shelf.
- X must be on the shelf immediately above the shelf that R is on.
- No single shelf can hold all three Fiction books.
- Q cannot be on Shelf 2.

গল্পঃ বহির 3 তাকের একটি খালি বুকসেলফে 6 টি বই সাজাতে হবে। বইগুলোর মধ্যে 3 টি ফিকশন X, Y এবং Z. আর 3 টি নন-ফিকশন বই P, Q এবং R. তাক 3 টি উপর থেকে নিচে 1 থেকে 3 মার্ক করা। যে কোন একটি তাক খালি থাকতে পারে। বইগুলোর Placement নিচের শর্তগুলোকে নিশ্চিত করবেঃ

- P এবং R একই তাকে থাকবে না।
- X অবশ্যই R এর ঠিক উপরের তাকে থাকবে।
- কোন একক তাকে 3 টি ফিকশন বই একসাথে থাকবে না।
- Q, 2 নং তাকে থাকতে পারবে না।

25. If P is on Shelf 2, which of the following must also be on Shelf 2?

a) Q b) Y c) X
d) R e) Z **ans. C**

Solution: P যদি 2 নং তাকে থাকে তাহলে শর্ত না ভেঙ্গে X 2 নং তাকে থাকতে পারে।

www.exambd.net

26. If Y and Z are on Shelf 2, which of the following must be true?

a) Q is on Shelf 1 b) R is on Shelf 2 c) P is on Shelf 3
d) Y and P are on the same shelf e) X and Q are on the same shelf **ans. B**

Solution: যদি Y এবং Z, ২ নয় তাকে থাকে তবে নিচের কোনটি অবশ্যই সত্য?

1	X
2	Y Z R
3	

যেহেতু X অবশ্যই R এর ঠিক উপরে থাকবে এক্ষেত্রে R এর অবস্থান 2 বা 3 নং এ হবে। কিন্তু 3 নং এ রাখলে X 2নং এ বসবে যা তৃতীয় শর্তকে ভঙ্গ করবে। সুতরাং R এর অবস্থান হবে 2 নং তাকে।

27. If on Non-fiction books are on shelf 3. Which pair of books must be on the same shelf?

a) X and Y b) R and Z c) R and Y
d) Q and P e) Y and Z **ans. D**

Solution: 3 নং তাকে Non-fiction বই থাকলে ঐ একই থাকে কোন প্রকার শর্ত না ভেঙ্গে Q এবং P থাকতে পারে।

28. A clock seen through a mirror shows quarter past three. Which the correct time shown by the clock?


a) 3 : 15 b) 9 : 15 c) 8 : 45
d) 9 : 45 e) None of these **ans. C**

Solution: আয়নায় দেখলে দেখা যায় যে, একটি ঘড়িতে ৩ টা ১৫ মিনিট বাজে। প্রকৃত পক্ষে ঘড়িটি কত সময় দিচ্ছে?

29. M is a girl and has the same number of brothers as sisters. N is a boy and has twice as many sisters as brothers. M and N are the children of Q. How many children does Q have?

a) 2 b) 3 c) 5
d) 7 e) None of these **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে M একজন মেয়ে যার সমান সংখ্যক ভাই এবং বোন আছে। আবার N একজন বালক যার ভাইয়ের সংখ্যার চেয়ে বোনের সংখ্যা দ্বিগুণ। M এবং N যদি Q এর সন্তান হয় তবে Q এর সন্তান সংখ্যা কত হতে পারে?



অর্থাৎ M ছাড়াও আরো একজন মেয়ে আছে। অর্থাৎ Q এর মেয়ে আছে ২ জন। আর M এর ভাই ১ জন অর্থাৎ N হলো একা। সুতরাং মোট সন্তান সংখ্যা 3 জন।

Q. 30 – 32: *Answer each question based on the following information.*

A house inspection company must inspect each of seven houses – F, G, H, J, K, L and M. The company will use two inspectors, each of whom will be assigned a group of houses to inspect. The houses will be divided into two groups-group 1 and group 2 containing at least three houses each, according to following conditions:

- No houses can be in both groups.
- If H is in group 1, L must be in group 1.
- F must be in the same group as M.
- If H is in group 1, in L will be in group 1.
- If J is in group 2, G must be in group 1.

প্রশ্নে বলা হচ্ছে, একটি House Inspection Company F, G, H, J, K, L এবং M নামের সাতটি বাড়ি পরিদর্শন করবে। কোম্পানিটি ২ জন পরিদর্শক ব্যবহার করবে যাদের প্রত্যেকে একটি করে গ্রুপ বাড়ি পরিদর্শন করবে। বাড়িগুলোকে Group 1 এবং Group 2 এ নিচের শর্তানুযায়ী ভাগ করা যায়ঃ

www.exambd.net

শর্তসমূহঃ

- প্রত্যেক গ্রুপে কমপক্ষে ৩টি বাড়ি থাকবে।
- কোনো বাড়ি উভয় গ্রুপে থাকতে পারবে না।
- F এবং M একই গ্রুপে থাকবে।
- H যদি Group 1 এ থাকে তবে L অবশ্যই Group 2 এ থাকবে।
- J যদি Group 2 এ থাকে তবে G অবশ্যই Group 1 এ থাকবে।

30. **Any of the following could be true EXCEPT:**

a) F and H are in group 2 b) G and I are is group 1 c) L and M are in group 1
d) F, K and L are in the group 1 e) J, H are in group 2 ***ans.* D**

Solution: নিচের কোনটি সত্য হতে পারে না?

Group-1	*a*) G, J, K, L	*b*) G, J, K, L	*c*) L, M, F, J	*d*) F, K, L, M	*e*) G, J, L
Group-2	F, H, M (হতে পারে)	F, H, M (হতে পারে)	H, G, K (হতে পারে)	G, J, J (শর্ত *e*) ভঙ্গ করে, তাই হতে পারে না)	F, K, H, M (হতে পারে)

31. **If G and L are in group 2, which of the following must be together in one of the groups?**

a) F and H b) F and K c) H and J
d) H and K e) J and M ***ans.* E**

Solution: G এবং L যদি Group 2 এ থাকে, তবে নিচের কোন দুটি Group 1 এ থাকবে?

শর্ত, অপশন *d*) কে অন্যভাবে বলা যায়, ২ যদি Group 2 তে থাকে, H অবশ্যই Group 2 তে থাকবে।

শর্ত, অপশন *e*) কে অন্যভাবে বলা যায়, G যদি Group 2 তে থাকে, J অবশ্যই Group 1 এ থাকবে। অর্থাৎ Group 1 এ অবশ্যই J থাকবে। এজন্য অপশন *a*), *b*) এবং *d*) বাদ। আবার, H অবশ্যই Group 1 এ থাকবে না। তাই অপশন *c*) ও বাদ যাবে। তাই সঠিক উত্তর হবে অপশন *e*).

32. **If F is in group 2 with only two other houses, which of the following must be in group 1?**

a) G b) H c) J
d) K e) L ***ans.* E**

Solution: বাকি দুই বাড়ির সাথে F যদি Group 2 এ থাকে, তবে নিচের কোনটি অবশ্যই Group 1 এ থাকবে?

শর্ত, অপশন *c*) অনুযায়ী Group 2 তে অবশ্যই M থাকবে। বাকি থাকে L. Group 2 তে থাকে, H ও Group 2 তে থাকবে। কিন্তু তখন Group 2 তে থাকতে পারবে একটি বাড়ি; অর্থাৎ L অবশ্যই Group 2 তে থাকবে না। তার মানে L অবশ্যই Group 1 এ থাকবে।

33. **In which district the Burimari Land Port is situated?**

a) Kurigram b) Rangpur c) Lalmnonirhat
d) Nawabganj e) None of these ***ans.* C**

Solution: বর্তমানে বাংলাদেশে স্থলবন্দরের সংখ্যা মোট ২৪টি। এর মধ্যে অপশনে উল্লিখিত কুড়িগ্রামে 'সোনাহাট স্থালবন্দর', লালমনিরহাটে 'বুড়িমারি স্থলবন্দর', চাঁপাইনবাবগঞ্জে 'সোনা মসজিদ স্থলবন্দর' অবস্থিত এবং রংপুরে কোন স্থলবন্দর নেই। সর্বশেষ ২৪তম স্থলবন্দর ভোলাগঞ্জ, সিলেট।

34. **What is Bangladesh's sovereign rating (long term) assigned by S & P in the year 2019?**

a) AAA b) BB+ c) AAb
d) BB- e) None of these ***ans.* D**

Solution: আন্তর্জাতিক ঋণমান সংস্থা Standard & Poor's বা S & P এর ক্রেডিট রেটিংয়ে বাংলাদেশের রেটিং হলো BB-.

35. **In MS PowerPoint, Which function key in the keyboard is used as a shortcut for starting slideshow?**

a) F2 b) F3 c) F4
d) F5 e) None of these ***ans.* D**

www.exambd.net

Solution: কী-বোর্ডে থেকে F5 কী চাপলে স্লাইড প্রদর্শিত হবে। অথবা, তৈরিকৃত স্লাইড মনিটরের পুরো পর্দা জুড়ে প্রদর্শনের জন্য Slide show ⇒ View show ক্লিক করতে হবে।

স্লাইডের প্রদর্শন বন্ধ করার জন্যঃ শুধু S চাপতে হবে। এমতাবস্থায় স্লাইডশোর প্রদর্শন বন্ধ হয়ে এডিটিং স্ক্রিন আসবে। অথবা, প্রদর্শিত স্লাইড বন্ধ করার জন্য স্লাইড শো স্ক্রিনে থাকাবস্থায় মাউসের ডান বোতাম চেপে প্রাপ্ত পপ-আপ মেনু থেকে End show তে ক্লিক করতে হবে।

36. Which one of the following countries does not share any border with China?

a) Thailand b) Mongolia c) Vietnam
d) Kazakhstan e) None of these **ans. A**

Solution: চীনের সাথে ১৪টি দেশের সীমান্ত রয়েছেঃ ভারত, আফগানিস্তান, ভুটান, নেপাল, পাকিস্তান, মিয়ানমার, কাজাখস্তান, উত্তর কোরিয়া, লাওস, কিরগিজস্তান, মঙ্গোলিয়া, রাশিয়া, ভিয়েতনাম এবং তাজিকিস্তান।

37. Which one of the following countries is not a democratic country and has no actual political parties?

a) Uganda b) Qatar c) Tunisia
d) Rwanda e) None of these **ans. B**

Solution: কাতার পারস্য উপসাগরের একটি দেশ। এর রাজধানী হলো দোহা। দেশটিতে খনিজ তেল ও প্রাকৃতিক গ্যাসের বড় মজুদ আছে। কাতারের রাজনীতি একটি পরম রাজতন্ত্র কাঠামোয় সংগঠিত হয়। কাতারের বর্তমান (৬ষ্ঠ) প্রধানমন্ত্রী হলো খালিদ বিন খলিফা বিন আবদুল আজিজ আল থানি। কাতার বিশ্বের অন্যতম সর্বোচ্চ মাথাপিছু আয়ের রাষ্ট্র।

38. Who was the first Bangladeshi woman to climb the Mount Everest?

a) Wasfia Nazreen b) Nishat Mazumdar c) Suzana Haque
d) Nishi Haque e) None of theme **ans. B**

Solution: ১৯ মে ২০১২ সালে মাউন্ট এভারেস্ট জয় করেন প্রথম বাংলাদেশী নারী নিশাত মজুমদার। ২৬ মে ২০১২ সালে দ্বিতীয় বাংলাদেশী নারী হিসেবে এভারেস্ট জয় করেন ওয়াসফিয়া নাজরীন। আর ২৩ মে ২০১০ সালে মাউন্ট এভারেস্ট জয় করেন প্রথম বাংলাদেশী নাগরিক মুসা ইব্রাহিম।

39. In MS word, which one of the following options is used to create different formatting for different sections?

a) Section break b) Section formatting c) Page break
d) Page section e) None of these **ans. A**

Solution: MS word প্রোগ্রামে Section break অপশন ব্যবহার করে কোনো ডকুমেন্টের পৃষ্ঠাকে বিভিন্ন সেকশনে বিভক্ত করা (Split) যায় এবং বিভিন্ন সেকশনকে সুবিধাজনকভাবে বিভিন্ন ফরমেট বা লেআউটে সাজানো যায়।

40. Which among the following international organization is not based in Geneva?

a) ILO b) ITU c) World Bank
d) WTO e) None of these **ans. C**

Solution: WTO, ILO এবং ITU এর সদরদপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। উল্লেখ্য, World Bank এর সদরদপ্তর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডি.সিতে অবস্থিত।

www.exambd.net

Uttra Bank Ltd.

Recruitment Test for AO (Cash) – 08.12.2017

Faculty of Social Science, DU

01. প্রমথ চৌধুরীর মতে, সাহিত্যের উদ্দেশ্য হলো-

a) আনন্দ দান b) লোকরঞ্জন
c) সমাজ উন্নয়ন d) মানবকল্যাণ **ans. A**

Solution: ১৯১৫ সালে 'সুবজপত্র' পত্রিকায় 'সাহিত্যে খেলা' প্রবন্ধটি প্রকাশিত হয়। এই প্রবন্ধেই তিনি বেশ কিছু গুরুত্বপূর্ণ উক্তি করেছেন। কিছু উক্তি নিচে দেয়া হলোঃ

ক. 'ভাষা মানুষের মুখ থেকে কলমের মুখে আসে, উল্টোটা করতে গেলে মুখে শুধু কালিই পড়ে'	খ. 'কাব্যরস নামক অমৃতে যে আমাদের অরুচি জন্মেছে তার জন্য দায়ী এ যুগের স্কুল ও তার মাস্টার'
গ. 'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত'	ঘ. 'আনন্দের ধর্ম এই যে তা সংক্রামক'

02. নিচের কোন বানানটি শুদ্ধ?

a) নিমিলিত b) নির্মীলিত
c) নীমিলিত d) নিমিলীত **ans. B**

03. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৌলিক গ্রন্থ কোনটি?

a) প্রভাবতী সম্ভাষণ b) শকুন্তলা
c) ভ্রান্তিবিলাস d) বাঙ্গলার ইতিহাস**ans. A**

Solution: বাংলা ভাষায় রচিত প্রথম মৌলিক গদ্য রচনার নাম 'প্রেভাবতী সম্ভাষণ (১৮৯২)' কিন্তু প্রাচীন সংস্কৃত মহাকবি কালিদাস রচিত 'অভিজ্ঞান শকুন্তলম' নাটক অবলম্বনে ১৮৫৪ সালে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর 'শকুন্তলা' রচনা করেন এবং Shakespeare এর 'Comedy of Errors' বঙ্গানুবাদ হিসেবে রচনা করেন 'ভ্রান্তিবিলাস'। তাই এগুলো তার মৌলিক রচনা নয়। 'বাঙালীর ইতিহাস' গ্রন্থটি লিখেছেন নীহাররঞ্জন রায়।

04. আলাওলের রচনা নয় কোনটি?

a) হপ্ত পয়কর b) ইউসুফ-জোলেখা
c) সিকান্দর নামা d) তোহফা **ans. B**

Solution: 'ইউসুফ-জোলেখা' আলাওলের রচনা নয়। এটি লিখেছেন মধ্যযুগের মুসলিম কবি শাহ মুহম্মদ সগীর। কোরআন ও বাইবেলে 'ইউসুফ-জেলেখা'র কথা বর্ণিত আছে। ইরানের কবি ফেরদৌসিও এই নামে কাব্য রচনা করেছেন। উল্লেখ্য, শাহ মুহম্মদ সগীর বাংলা সাহিত্যের প্রথম মুসলিম কবি হিসেবে গণ্য।

05. 'বঙ্গভাষা' শীর্ষক সনেট রচনায় মাইকেল মধুসূদন দত্ত অবলম্বন করেছেন কোন রীতি?

a) শেক্সপীয়ারীয় b) শেক্সপীয়ারীয় ও পেত্রার্কীয়
c) কবির একান্ত নিজস্ব d) পেত্রার্কীয় **ans. B**

06. 'মুখর' এর বিপরীত শব্দ

a) মৌন b) নিশ্চুপ
c) নির্বাক d) মৌনী **ans. D**

Solution: 'মুখর' শব্দটি বিশেষণ। সুতরাং এর বিপরীত শব্দ হিসেবেও বিশেষণ আসতে পারে। এখানে 'মৌন' ও 'মৌনী'র মধ্যে 'মৌনী' হলো বিশেষণ যার অর্থ 'যে মৌন অবলম্বন করেছে। তাই 'মুখর' এর সঠিক বিপরীত শব্দ হলো 'মৌনী'।

07. কোনটি অশুদ্ধ?

a) নিস্পন্দ b) নিস্পত্র
c) নিস্ফল d) নিস্পৃহ **ans. A**

08. কোনটি শুদ্ধ?

a) সমীক্ষন b) ভাস্কর
c) শিরচ্ছেদ d) সমীচীন **ans. D**

09. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে ঢাকা বিশ্ববিদ্যালয় কোন ডিগ্রি প্রদান করে?

a) সম্মানসূচক ডি. লিট b) সম্মানসূচক ডি. ফল.
c) সম্মানসূচক পি.এইচ.ডি d) সম্মানসূচক ডিএসসি **ans. A**

Solution: ১৯২৩ সালে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে জগত্তারিণী স্বর্ণপদক ও ১৯৩৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ডি.লিট উপাধি লাভ করেন।

10. 'কবর' কবিতাটি প্রথম যখন স্কুলপাঠ্য হিসেবে অন্তর্ভুক্ত হয় তখন জসীম উদ্‌দীন ছিলেন

a) কলেজছাত্র b) বিশ্ববিদ্যালয়ের ছাত্র
c) বিশ্ববিদ্যালয়ের শিক্ষক d) কলেজশিক্ষক **ans. B**

Solution: কবি জসীম উদ্‌দীন বি.এ. ক্লাসে অধ্যয়নকালে 'কবর' কবিতাটি রচনা করেন। ১১৮ লাইনের কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে লেখা।

11. বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন কে?

a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর b) বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়
c) রবীন্দ্রনাথ ঠাকুর d) প্যারীচাঁদ মিত্র **ans. A**

Solution: ফোর্ট উইলিয়াম কলেজের পণ্ডিত মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার বাংলা গদ্যে কিছুটা ছন্দ আনলেও সে গদ্য দূরান্বয়ী দোষ থেকে গেছে। ঈশ্বচন্দ্র বিদ্যাসাগর বাংলা গদ্যে সুললিত শব্দবিন্যাস, পদবিভাগ ও যতি সন্নিবেশে সুবোধ্য ও শিল্পগুণান্বিত করে তোলেন। বাংলা গদ্যকে তিনি সাহিত্য গুণসম্পন্ন ও সর্বভাব প্রকাশ করতে সক্ষম হয়েছিলেন। রবীন্দ্রনাথ ঠাকুর বিদ্যাসাগরকে বাংলাগদ্যের 'প্রথম শিল্পী' হিসেবে অভিহিত করেছেন।

12. 'সংশয়' এর বিপরীতার্থক শব্দ কোনটি?

a) বিস্ময় b) নির্ভয়
c) প্রত্যয় d) দ্বিধা **ans. C**

13. কবি সুফিয়া কামালের পৈতৃক নিবাস কোন জেলায়?

a) কুমিল্লা b) ঢাকা
c) বরিশাল d) বর্ধমান **ans. A**

www.exambd.net

Solution: সুফিয়া কামাল ১৯১১ সালের ২০শে জুন বরিশালের শায়েস্তাবাদে জন্মগ্রহণ করেন। তার পৈত্রিক নিবাস কুমিল্লায়। তিনি 'জননী সাহসিক্য' নামে পরিচিত।

14. 'যে নারীর সন্তান হয় না' তাকে এক কথায় বলে

a) নিঃসন্তান b) মৃতবৎসা
c) বন্ধ্যা d) স্ত্রৈণ **ans. C**

Solution: যে নারীর সন্তান বাঁচে না তাকে বলে মৃতবৎসা। যে পুরুষ স্ত্রীর বশীভূত তাকে বলে স্ত্রৈন। আর যে নারীর সন্তান নেই তাকে বলে নিঃসন্তান।

15. 'ফেলো কড়ি, মাখো তেল' বলতে বোঝায়

a) পরের ক্ষতি করে আত্মস্বার্থ হাসিল
b) অপ্রাসঙ্গিক প্রসঙ্গের অবতারণা
c) আবদারহীন নগদ কারবার
d) স্বাভাবিক ক্ষমতার বাইরে প্রতিপত্তি **ans. C**

16. 'সমভিব্যাহার' শব্দের অর্থ কী?

a) সমতাভিত্তিক সম্পর্ক b) একত্রে গমন
c) সমবেত সংগীত d) সমান ব্যবহার **ans. B**

17. 'কাকভূষন্ডি' বাগধারার অর্থ

a) অদৃষ্টের বন্ধন b) সীমাবদ্ধ জ্ঞান
c) দীর্ঘায়ু ব্যক্তি d) পক্ষী সমাচার **ans. C**

18. কোনটি চাঁদের সমার্থক শব্দ নয়?

a) ইন্দু b) তুরগ
c) রাকেশ d) বিধু **ans. B**

Solution: তুরগ হলো ঘোড়া। এর আরো প্রতিশব্দ হলো তুরঙ্গ, তুরঙ্গম, ঘোটক।

19. নিচের কোনটি অশুদ্ধ?

a) দুরাশয় b) দুরাচার
c) দুরাবস্থা d) দুরাকাঙ্ক্ষা **ans. C**

Solution: দুরাবস্থা বানানটি ভুল। এটি সন্ধিঘটিত বানান। এর শুদ্ধরূপ হলো দুর্ + অবস্থা = দুরবস্থা।

20. বাংলা সাহিত্যে 'অন্ধকার যুগ' সম্পর্কিত ধারণাকে খন্ডন করেছেন-

a) মুহম্মদ আবদুল হাই b) আহমদ শরীফ
c) অসিত কুমার বন্দ্যোপাধ্যায় d) সুকুমার সেন **ans. B**

21. কোনটি পর্তুগিজ শব্দ নয়?

a) আলকাতরা b) আলমারি
c) আলবোলা d) আলপিন **ans. C**

22. নিচের কোনটিতে আভিধানিক অর্থ প্রযোজ্য?

a) মোটা শরীর b) মোটা কাপড়
c) মোটা টাকা d) মোটা বুদ্ধি **ans. Note**

Solution: মোটা শরীর, মোটা কাপড় এবং মোটা বুদ্ধি এই তিনটিই আভিধানিক অর্থ প্রযোজ্য। কিন্তু মোটা টাকা এর আভিধানিক কোন ব্যবহার নেই।

23. 'টঙ্কার' বলতে বোঝায়-

a) বিহঙ্গের ধ্বনি b) কর্কশ ধ্বনি
c) ধনুকের ধ্বনি d) বীরের ধ্বনি **ans. C**

24. 'যাকে ভাষায় প্রকাশ করা যায় না' তাকে এককথায় বলে-

a) অনির্বাচ্য b) অনির্বচনীয়
c) অনির্ণেয় d) অনির্দেশ্য **ans. B**

25. দুরোরোগ্য ব্যাধির শিকার হয়ে কাজী নজরুল ইসলাম বাকশক্তি হারিয়ে ফেলেন কত বছর বয়সে?

a) তেতাল্লিশ b) একচল্লিশ
c) বিয়াল্লিশ d) চল্লিশ **ans. A**

Select the lettered pair that has the same relationship as the original pair of words (26-30)

26. Heart : Cardiology

a) Civics : polity
b) History : histology
c) Brain : psychology
d) Fossils : palaeontology **ans. D**

Solution: Cardiology – হৃদবিজ্ঞান। Polity – রাষ্ট্র ব্যবস্থা। Psychology – মনোবিজ্ঞান। Fossil – জীবাশ্ম। Civics – পৌরনীতি। Paleontology – জীবাশ্ম বিজ্ঞান।

ব্যাখ্যাঃ Cardiology হলো Heart বিষয়ক বিজ্ঞান। আর Paleontology হলো Fossils বিষয়ক বিজ্ঞান।

27. Wet : Dry

a) Worse : worst
b) Scold : praise
c) Weather : temperature
d) Rise : walk **ans. B**

Solution: Wet – আর্দ্র; ভেজা। Dry – শুষ্ক; জলীয় বাষ্পহীন। Worse – অধিকতর মন্দ। Worst – নিকৃষ্ট; সর্বাপেক্ষা খারাপ। Scold – তীব্র ভাষায় তীরস্কার করা। Praise – প্রশংসা/ তারিফ/ গুণকীর্তন করা।

ব্যাখ্যাঃ Wet ও Dry যেমন একে অপরের বিপরীত তেমনি Scold এবং Praise ও একে অপরের বিপরীত।

28. Shield : Soldier

a) Helmet : rider b) Stethoscope : doctor
c) Advocate : court d) Book : author **ans. A**

Solution: Shield – চর্ম; ফলক। Soldier – সৈনিক। Helmet – শিরস্ত্র; শিরস্ত্রাণ। Stethoscope – হৃদবীক্ষণ যন্ত্র।

ব্যাখ্যাঃ Soldier নিজেকে রক্ষা করে Shield দিয়ে; তেমনি, মটর সাইকেল (Rider) বা আরোহীও নিজেকে হেলমেটের (Helmet) মাধ্যমে রক্ষা করে।

www.exambd.net

29. Ashes : Fire

a) Building: debris b) Current: bygone
c) Relics : Civilization d) Bottle : stopper

ans. C

Solution: Debris – ধ্বংসাবশেষ। Bygone – বিগত। Relics – সভ্যতার ধ্বংসাবশেষ। Civilization – সভ্যতা।

ব্যাখ্যাঃ Fire এ পুড়ে Ashes হয়। আর Civilization থেকে Relics হয়।

30. Needle : Thread

a) Leader : follower b) Pin : cushion
c) Bat : Ball d) Prick : sew **ans. C**

Solution: Prick – সুচ, কাঁটা ইত্যাদি ফোটানোর দাগ বা ফুটা। Sew – সেলাই করা। Cushion – গদি। Thread – সুতা।

ব্যাখ্যাঃ সুঁইয়ের (Needle) কাজ সুতা (Thread) দিয়ে। আর Bat এর কাজ বল (Ball) দিয়ে।

Choose the correctly spelt word (31-35)

31. a) Jeoppardise b) Jeopardize
c) Jeoarddiz d) Jeoppardise **ans. B**

Solution: Jeopardize – বিপদগ্রস্থ করা।

32. a) Facsism b) Facism
c) Fascism d) Fasiom **ans. C**

Solution: Fascism – ফ্যাসিবাদ।

33. a) Expettriat b) Expatriat
c) Expetriate d) Expatriate **ans. D**

Solution: Expatriate – বিদেশে প্রবাসী ব্যক্তি।

34. a) Etiquette b) Etiquate
c) Etiquete d) Etiquatte **ans. A**

Solution: Etiquette – নম্র আচরণ।

35. a) Mustache b) Moustash
c) Moustache d) Mostache **ans. A & C**

Solution: Mustache = Moustache – গোঁফ; মোচ।

Replace the words/phrases given in italics to make the sentence most effective and meaningfully correct (36-40)

36. The weather was not bad; it was *fairly* pleasant.

a) fairly b) to some extent
c) a little d) rather **ans. D**

Solution: A bit = A little – কিছুটা বা বরং। Fairly – বেশ বা মোটামুটি। To some extent – অংশত; কিছু পরিমাণে; কিছুটা। Rather যখন Adverb হিসেবে ব্যবহৃত হবে তখন এর অর্থ হয় কিছুটা; খানিকটা। উপরের বাক্যে 'কিছুটা বা খানিকটা আনন্দদায়ক' বুঝাতে Rather বসবে। তাই উত্তর হবে অপশন *d*) এর Rather.

বাক্যের অর্থঃ আবহাওয়া খারাপ ছিল না; বেশ ভালই ছিলো।

37. He did not know the answer *and I did not neither.*

a) and either did I b) and either did have
c) and neither have I d) and neither did I

ans. D

Solution: বাক্যটিতে গুরুত্ব বুঝানো হচ্ছে। তাই 'and' এর পরের অংশের Subject 'I' এর আগে Verb 'did' বসবে। আর Negative বাক্য বলে Neither হবে। একারণে উত্তর হবে অপশন *d*) এর and neither did I.

বাক্যের অর্থঃ সে যেমন উত্তরটি পারেনি, তেমনি আমিও পারিনি।

38. Can this machine be adapted *in* farm work.

a) for b) into
c) by d) to **ans. D**

Solution: Adapt to – খাপ খাওয়ানো; অভিযোজিত করা। Adapted to for something – উপযোগী।

বাক্যের অর্থঃ কৃষি কাজের জন্য কি মেশিনটি উপযোগী।

39. Do *how* I say.

a) which b) as
c) that d) like **ans. B**

Solution: 'As' এর বিভিন্ন অর্থের মধ্যে একটি অর্থ হলো যেভাবে। যেমনঃ He did as I said.

বাক্যের অর্থঃ যেভাবে বলি সেভাবেই কর।

40. He *lives* in a remote colony since August 1989.

a) has been living b) is living
c) has lived d) continues to live

ans. A

Solution: 1989 সালের আগস্ট মাস হতে বাস শুরু করে এখন বাস করছে বলে এটা Present Perfect Continuous হবে।

Shortcut: দেখুন বাক্যের শেষ অংশে Since 1989 আছে। তাই প্রথম অংশে Has been living হবে।

বাক্যের অর্থঃ ১৯৮৯ সালের আগস্ট হতে তিনি একটি দূরের কলোনীতে বাস করছেন।

Choose the word or phrase which is nearest in meaning to the key word (41-45)

41. Lest

a) but b) anything but that
c) fear d) unless **ans. C**

www.exambd.net

Solution: Fear শব্দটি Noun যার অর্থ ভয়; আতঙ্ক। অন্যদিকে Lest শব্দটি Conjunction যার অর্থ পাছে (ঘটে তাই); যাতে না ঘটে। সেই হিসেবে Fear এবং Lest শব্দ দুটি পরস্পরের Synonym হতে পারে না। কিন্তু Lest শব্দটি সর্বদাই একটা আশঙ্কা অর্থে ব্যবহৃত হয়। সেই অর্থে Synonym হিসেবে Unless না হয়ে Fear শব্দটি হবে।

42. Give up

a) start b) give
c) receive d) stop doing **ans. D**

Solution: Give up – ত্যাগ করা; বন্ধ করা; পরিত্যাগ করা।

43. Hybrid

a) pedigreed b) crossbred
c) hackneyed d) unusual **ans. B**

Solution: Hybrid = Crossbred – সঙ্কর; সঙ্কর জাত। Pedigree – পূর্বপুরুষক্রম। Unusual – অস্বাভাবিক; অপ্রচলিত। Hackneyed – মামুলি; গতানুগতিক; নিরস।

44. Devoid

a) lacking b) stupid
c) evasive d) hopeless **ans. A**

Solution: Devoid – বিহীন; বর্জিত। Lack – অভাব ঘটা। Evasive – এড়িয়ে যেতে সচেষ্ট। Hopeless – আশাবিহীন; নিরাশ।

45. Submerge

a) to walk on b) to join together
c) to sink d) to appear **ans. C**

Solution: Submerge – জলে ডুবিয়ে রাখা। Walk on – মঞ্চে কোনো নির্বাক ভূমিকায় অভিনয় করা। Appear – দৃষ্টি গোচর হওয়া। Sink – ডোবা; ডোবানো; ডুবে যাওয়া।

Fill in the blanks with appropriate word from the alternatives (46-50)

46. Everyone in this universe is accountable to God ____ his actions.

a) about b) for
c) of d) against **ans. B**

Solution: Accountable to somebody for something অর্থ কারো কাছে কোন বিষয়ে দায়ী থাকা বা জবাবদিহি করা।

বাক্যের অর্থঃ জগতের প্রত্যেকেই তাদের কৃতকর্মের জন্য আল্লাহর নিকট দায়ী থাকবে বা জবাবদিহি করবে।

47. Most of the issues discussed here in the meeting were trivial and only a few were ___.

a) interesting b) significant
c) practical d) irrelevant **ans. B**

Solution: Interesting – আগ্রহোদ্দীপক; আকর্ষণীয়; চিত্তাকর্ষক। Practical – ব্যবহারিক; প্রায়োগিক। Significant – বিশেষ অর্থপূর্ণ। Irrelevant – অপ্রাসঙ্গিক; অবান্তর।

উত্তর হিসেবে Trivial (তুচ্ছ; নগন্য) বিপরীত শব্দ আসবে। কেননা Only a few দ্বারা মূলত এমন একটা শব্দ নির্দেশ করছে যা Trivial এর বিপরীত। আর Trivial এর বিপরীত হলো Significant.

বাক্যের অর্থঃ মিটিংয়ে যে বিষয়গুলি নিয়ে আলোচনা হয়েছে তার অধিকাংশই নগন্য এবং কিছু বিষয় ছিল তাৎপর্যপূর্ণ।

48. Fate smiled ____ him in all his ventures.

a) at b) on
c) with d) above **ans. B**

Solution: Smile on – ভাগ্য সুপ্রসন্ন হওয়া।
Smile at – কারো প্রতি মৃদু হাসি দেয়া।
বাক্যের অর্থঃ তার সকল উদ্যোগ সফল হালো।

49. Questions will be answered by a ___ of experts.

a) panel b) staff
c) bunch d) band **ans. A**

Solution: A panel of experts অর্থ একদল বিশেষজ্ঞ।
বাক্যের অর্থঃ একদল বিশেষজ্ঞ দ্বারা প্রশ্নগুলির উত্তর দেয়া হলো।

50. Every sensible citizen abides ____ the law of the country.

a) to b) for
c) by d) with **ans. C**

Solution: Abide by – মেনে চলা। Abide with – সঙ্গে থাকা। Abide at or in – বাস করা।
অর্থঃ প্রত্যেক সুনাগরিকই দেশের আইন মেনে চলে।

51. What will come in place of question mark?

$$\sqrt{\frac{32.4}{?}} = 2$$

a) 2.1 b) 3.1
c) 8.1 d) 4.1 **ans. C**

Solution: 8.1 কারণ $32.4 \div 8.1 = 4$ আর $\sqrt{4} = 2$

52. The speeds of three cars are in the ratio 2 : 3 : 4. The ratio of the times taken by these cars to travel the same distance is —

a) 2 : 3 : 4 b) 4 : 3 : 2
c) 6 : 4 : 3 d) 4 : 3 : 6 **ans. C**

www.exambd.net

Solution: প্রশ্নে বলা হচ্ছে, তিনটি গাড়ির গতিবেগের অনুপাত 2 : 3 : 4. একই পরিমাণ দূরত্ব অতিক্রমের জন্য গাড়ি তিনটি যে সময় নিবে তার অনুপাত কত?

আমরা জানি, গতিবেগ $= \frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$

অর্থাৎ গতিবেগের সাথে সময়ের বিপরীত সম্পর্ক।

মনে করি, গাড়ি তিনটি x দূরত্ব অতিক্রম করবে।

$\therefore$ দূরত্ব অতিক্রমের অনুপাত হবে $= \frac{x}{2} : \frac{x}{3} : \frac{x}{4}$

$= \left(\frac{x}{2} \times \frac{12}{x}\right) : \left(\frac{x}{3} \times \frac{12}{x}\right) : \left(\frac{x}{4} \times \frac{12}{x}\right) = 6 : 4 : 3$

53. Complete the following series 9, 11, 15, 23, 39, ?

a) 64 b) 71
c) 42 d) 56 **ans. B**

Solution: $11 - 9 = 2$; $15 - 11 = 4$;
$23 - 15 = 8$; $39 - 23 = 16$
অর্থাৎ প্রতিক্ষেত্রে পার্থক্য দ্বিগুণ হচ্ছে। 16 এর দ্বিগুণ 32.
অতএব, পরবর্তী সংখ্যাটি হবে $= 39 + 32 = 71$

54. In 4 years, Tk. 6,000 amounts to Tk. 8,000. In what time at the same rate will Tk. 525 amount to Tk. 700?

a) 2 years b) 4 years
c) 3 years d) 5 years **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 6000 টাকা সুদে আসলে 8,000 টাকা হয়। ঐ একই হার সুদে কত বছরে 525 টাকা 700 টাকা হবে?

4 বছরে সুদ হয় $= 8,000 - 6,000 = 2,000$ টাকা

এখানে, আসল $p = 6,000$ টাকা; সময় $n = 4$ বছর;

সুদ $I = 2,000$ টাকা এবং $r = ?$

আমরা জানি, $I = \frac{prn}{100}$

$\Rightarrow 2,000 = \frac{6000 \times r \times 4}{100}$

$\Rightarrow r = \frac{100 \times 2000}{6000 \times 4} = 8.33$

$\therefore r = 8\frac{1}{3} = \frac{25}{3}$ টাকা

আবার, নতুন ক্ষেত্রে সুদ $I_1 = 700 - 525 = 175$ টাকা

নতুন ক্ষেত্রে আসল $p_1 = 525$ টাকা

সুদের হার $r = \frac{25}{3}$ টাকা এবং বছর $n = ?$

অতএব, $I_1 = \frac{p_1 rn}{100}$

$\Rightarrow 175 = \frac{525 \times 25 \times n}{100 \times 3}$

$\therefore n = \frac{100 \times 175 \times 3}{525 \times 25} = 4$

55. A, B and C are three partners. They altogether invested Tk. 14,000 in business. At the end of the year, A got Tk. 337.50. B Tk. 1,125 and C Tk. 637.50 as profit. The difference between the investments of B and A was

a) Tk. 2,200 b) Tk. 3,200
c) Tk. 5,250 d) Tk. 4,200 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে A, B এবং C এই 3 জন পার্টনার একটি ব্যবসায় একত্রে 14,000 টাকা বিনিয়োগ করে। বছর শেষে মুনাফা হিসেবে A পায় 337.5 টাকা, B পায় 1,125 টাকা এবং C পায় 637.5 টাকা। A এবং B এর বিনিয়োগের পার্থক্য কত?

A এর Invest এর পরিমাণ

$= \left(14000 \text{ এর } \frac{337.5}{337.5 + 1125 + 637.5}\right)$

$= \left(14000 \text{ এর } \frac{337.5}{2100}\right) = 2,250$ টাকা

B এর Invest এর পরিমাণ $= \left(14000 \text{ এর } \frac{1125}{2100}\right)$

$= 7,500$ টাকা

অতএব A এবং B এর বিনিয়োগের পার্থক্য

$= 7,500 - 2,250 = 5,250$ টাকা

56. $\sqrt{2\sqrt{2\sqrt{2\sqrt{2\sqrt{2}}}}} = ?$

a) $2^{\frac{29}{31}}$ b) $2^{\frac{9}{2}}$
c) $2^{\frac{31}{32}}$ d) $2^{\frac{11}{2}}$ **ans. C**

Solution: দেয়া আছে, $\sqrt{2\sqrt{2\sqrt{2\sqrt{2\sqrt{2}}}}}$

$= \sqrt{2\sqrt{2\sqrt{2\sqrt{2 \times 2^{\frac{1}{2}}}}}}$

$= \sqrt{2\sqrt{2\sqrt{2 \times 2^{\frac{1}{2}} \times 2^{\frac{1}{4}}}}}$

$= \sqrt{2\sqrt{2 \times 2^{\frac{1}{2}} \times 2^{\frac{1}{2} \times \frac{1}{2}} \times 2^{\frac{1}{4} \times \frac{1}{2}}}}$

$= \sqrt{2 \times 2^{\frac{1}{2}} \times 2^{\frac{1}{2} \times \frac{1}{2}} \times 2^{\frac{1}{4} \times \frac{1}{2}} \times 2^{\frac{1}{8} \times \frac{1}{2}}}$

$= 2^{\frac{1}{2}} \times 2^{\frac{1}{2} \times \frac{1}{2}} \times 2^{\frac{1}{4} \times \frac{1}{2}} \times 2^{\frac{1}{8} \times \frac{1}{2}} \times 2^{\frac{1}{16} \times \frac{1}{2}}$

$= 2^{\frac{1}{2}} \times 2^{\frac{1}{4}} \times 2^{\frac{1}{8}} \times 2^{\frac{1}{16}} \times 2^{\frac{1}{32}}$

$= 2^{\frac{1}{2} + \frac{1}{4} + \frac{1}{8} + \frac{1}{16} + \frac{1}{32}} = 2^{\frac{16+8+4+2+1}{32}} = 2^{\frac{31}{32}}$

57. Find the average of all the numbers between 6 and 34 which are divisible by 5.

a) 20 b) 18
c) 24 d) 30 **ans. A**

www.exambd.net

Solution: 6 থেকে 34 পর্যন্ত যে সকল সংখ্যাগুলিকে 5 দ্বারা ভাগ করা যায় সেই সকল সংখ্যাগুলি হচ্ছে 10, 15, 20, 25 এবং 30. অর্থাৎ এই 5 টি সংখ্যা।

এই 5 টি সংখ্যার গড় $= \frac{10+15+20+25+30}{5} = \frac{100}{5}$

$= 20.$

58. 0.5 × 0.5 + 0.5 ÷ 5 is equal to

a) 0.15 b) 0.35

c) 0.25 d) 0.45 **ans. B**

Solution: $0.5 \times 0.5 + 0.5 \div 5 = 0.5 \times 0.5 + 0.1$

$= 0.25 + 0.1 = 0.35$

59. If 6 persons working 8 hours a day earn Tk. 8,400 per week, then 9 persons working 6 hours a day will earn per week —

a) Tk. 9,450 b) Tk. 8,400

c) Tk. 16,200 d) Tk. 16,800 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, 6 জন ব্যক্তি দৈনিক 8 ঘণ্টা করে পরিশ্রম করে 8,400 টাকা উপার্জন করে। 9 জন ব্যক্তি দৈনিক 6 ঘণ্টা করে পরিশ্রম করে এক সপ্তাহে কত টাকা উপার্জন করবে?

এক সপ্তাহে কাজ করে $= 6 \times 7 = 42$ ঘণ্টা

এখন 6 জন ব্যক্তি 8 ঘণ্টা করে পরিশ্রম করে আয় করে

$= 8,400$ টাকা

∴ 1 জন ব্যক্তি 8 ঘণ্টা করে পরিশ্রম করে আয় করে

$= \frac{8400 \times 9 \times 6}{6 \times 8}$ টাকা

∴ 9 জন ব্যক্তি 6 ঘণ্টা করে পরিশ্রম করে আয় করে

$= 9,450$ টাকা

60. A boat goes 8*km* in one hour along the stream and 2*km* in one hour against the stream. The speed in *km/hr* of the stream is

a) 2 b) 4

c) 3 d) 5 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি নৌকা স্রোতের অনুকূলে ঘণ্টায় $8km$ এবং স্রোতের প্রতিকূলে ঘণ্টায় $2km$ দূরত্ব অতিক্রম করে। স্রোতের বেগ কত?

স্রোতের বেগ + নৌকার বেগ = 8

স্রোতের বেগ - নৌকার বেগ = 2

2 স্রোতের বেগ = 6

∴ স্রোতের বেগ $= \frac{6}{2} = 3$

61. The perimeter of a rectangle is 60 meters. If its length is twice its breadth, then its area is —

a) $160m^2$ b) $180m^2$

c) $220m^2$ d) $200m^2$ **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি আয়তক্ষেত্রের পরিধি 60 মিটার। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ হলে ক্ষেত্রফল কত?

ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ x মিটার এবং দৈর্ঘ্য $2x$ মিটার

প্রশ্নমতে, $2(x + 2x) = 60$

$\Rightarrow 3x = \frac{60}{2} = 30$

∴ $x = \frac{30}{3} = 10$

অতএব, আয়তক্ষেত্রের প্রস্থ 10 মিটার

∴ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য $= 2 \times 10 = 20$ মিটার

∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= 20 \times 10 = 200$ বর্গমিটার।

62. A and B start a business jointly. A invests Tk. 16,000 for 8 months and B remains in the business for 4 months. Out of the total profit, B claims $\frac{2}{7}$ of the profit. How much money was contributed by B?

a) Tk. 10,500 b) Tk. 12,800

c) Tk. 11,900 d) Tk. 13,600 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, A এবং B একটি যৌথ ব্যবসায় বিনিয়োগ করলো। 8 মাসের জন্য A 16,000 টাকা বিনিয়োগ করলো এবং B কিছু টাকা 4 মাসের জন্য বিনিয়োগ করলো। B মোট মুনাফার $\frac{2}{7}$ অংশ দাবি করলো। B কত টাকা বিনিয়োগ করেছিল?

ধরি, B বিনিয়োগ করেছিলো x টাকা

∴ 4 মাসে B এর টাকা খাটে $4x$ টাকা

আবার, 8 মাসে A এর টাকা খাটে

$= 8 \times 16,000 = 1,28,000$ টাকা

এখন, মোট মুনাফা 7 টাকা হলে B পাবে 2 টাকা।

∴ A পাবে $= 7 - 2 = 5$

প্রশ্নমতে, $\frac{128000}{4x} = \frac{5}{2}$

$\Rightarrow 4x = \frac{128000 \times 2}{5}$

∴ $x = \frac{128000 \times 2}{5 \times 4} = 12,800$

63. If an article is sold at 200 percent profit, then the ratio of its cost price to its selling price will be —

a) 1 : 2 b) 2 : 1

c) 3 : 1 d) 1 : 3 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি দ্রব্য 200% লাভে বিক্রয় করা হলে ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্যর অনুপাত কত?

ধরি, দ্রব্যটির ক্রয়মূল্য 100 টাকা

www.exambd.net

∴ বিক্রয়মূল্য = (100 + 100 এর 200%)

$= \left(100 + 100 \text{ এর } \frac{200}{100}\right) = 100 + 200 = 300$ টাকা

অতএব, ক্রয়মূল্য ঃ বিক্রয়মূল্য = 100 : 300 = 1 : 3

64. A number when multiplied by 13 is increased by 180. The number is —

a) 5 b) 15

c) 12 d) 45 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি সংখ্যাকে 13 দিয়ে গুণ করলে সংখ্যাটি বেড়ে 180 হয়। সংখ্যাটি কত?

ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, $13x = x + 180$

$\Rightarrow 13x - x = 180$

$\Rightarrow 12x = 180$

$\therefore x = \frac{180}{12} = 15$

Hence the number is 15.

65. 853 + ? ÷ 17 = 1000

a) 2499 b) 2482

c) 2516 d) 16147 **ans. A**

Shortcut: ধরি, প্রশ্নবোধক স্থানে x বসবে।

সুতরাং $853 + x \div 17 = 1000$

$\Rightarrow \frac{x}{17} = 1{,}000 - 853$

$\therefore x = 147 \times 17 = 2499$

66. What is the place value of 5 in 3254710?

a) 50000 b) 10000

c) 5 d) 54710 **ans. A**

Shortcut: Place value of 5 = 5 × 10000 = 50000

67. 3.5 can be expressed in terms of percentage as —

a) 350% b) 3.5%

c) 35% d) 0.35 % **ans. A**

Shortcut: $3.5 = \frac{35}{10} = \left(\frac{35}{10} \times 100\right)\% = 350\%$

68. In 10 years, A will be twice as old as B was 10 years ago. If A is now 9 years older than B, the present age of B is

a) 19 years b) 29 years

c) 39 years d) 49 years **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 10 বছর পূর্বে B এর যত বয়স ছিল 10 বছর পর A এর বয়স তার দ্বিগুণ হবে। বর্তমানে A, B এর চাইতে 9 বছরের বড় হলে বর্তমানে B এর বয়স কত?

ধরি, বর্তমানে B এর বয়স = x বছর

∴ বর্তমানে A এর বয়স = $(x + 9)$ বছর

10 বছর পূর্বে B এর বয়স ছিল $(x - 10)$ বছর

প্রশ্নমতে, $(x + 9) + 10 = 2(x - 10)$

$\Rightarrow x + 19 = 2x - 20$

$\Rightarrow x - 2x = -20 - 19$

$\therefore x = 39$

অর্থাৎ B এর বর্তমান বয়স 39 বছর।

69. $\sqrt{0.00004761}$ equals

a) 0.00069 b) 0.0609

c) 0.0069 d) 0.069 **ans. C**

Solution:

প্রথমেই $\sqrt{4761} = 69$ তাই $\sqrt{0.00004761} = 0.0069$

70. A takes 5 days more than B to do a certain job and 9 days more than C; A and B together can do the job in the same time as C. How many days A would take to do it?

a) 5 b) 15

c) 10 d) 20 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি কাজ করতে A, B এর চাইতে 5 দিন বেশি সময় নেয় এবং C এর চাইতে 9 দিন বেশি সময় নেয়। C কাজটি করতে যে সময় নেয় A এবং B একত্রে ঐ কাজটি করতে পারে। কাজটি করতে A এর কত দিন সময় নিবে?

ধরি, A কাজটি করে = x দিনে; B কাজটি করে = $(x - 5)$ দিনে এবং C কাজটি করে = $(x - 9)$ দিনে

এখন,

A এবং B এর 1 দিনের কাজ $= \left(\frac{1}{x} + \frac{1}{x-5}\right)$ অংশ

প্রশ্নমতে, $\frac{1}{x} + \frac{1}{x-5} = \frac{1}{x-9}$

$\Rightarrow \frac{x - 5 + x}{x(x-5)} = \frac{1}{x-9}$

$\Rightarrow \frac{2x-5}{x^2-5x} = \frac{1}{x-9}$

$\Rightarrow (2x - 5)(x - 9) = (x^2 - 5x)$

$\Rightarrow 2x^2 - 18x - 5x + 45 = x^2 - 5x$

$\Rightarrow 2x^2 - 23x + 45 - x^2 + 5x = 0$

$\Rightarrow x^2 - 18x + 45 = 0$

$\Rightarrow x^2 - 15x - 3x + 45 = 0$

$\Rightarrow x(x - 15) - 3(x - 15) = 0$

$\Rightarrow (x - 15)(x - 3) = 0$

$\therefore (x - 15) = 0$ এবং $(x - 3) = 0$

$\Rightarrow x = 15$ $\therefore x = 3$

71. A train moves with a speed of 108 kmph. Its speed in meters per second is —

a) 10.8m/sec b) 30 m/sec

c) 18m/sec d) 38.8 m/sec **ans. B**

www.exambd.net

Shortcut: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি ট্রেন 108 kmph বেগে চলে। ms^{-1} এ ট্রেনটির গতিবেগ কত?

Speed 108 kmph $= \frac{108 \times 5}{18}$ m/sec = 30 m/sec.

72. In a 100*m* race, A covers the whole distance in 36 seconds and B in 45 seconds. In this race, A beats B by —

a) 25*m* b) 20*m*
c) 22.5*m* d) 9*m* **ans. B**

Shortcut: প্রশ্নে বলা হচ্ছে যে, 100 মিটারের একটি দৌড় প্রতিযোগিতায় A 36 সেকেন্ডে এবং B 45 সেকেন্ডে দৌড় শেষ করে। ঐ প্রতিযোগিতায় A, B কে কত মিটারে পরাজিত করে?

Distance covered by B in 9 seconds
$= \frac{100}{45} \times 9m = 20m.$

73. If 60% of A = $\frac{3}{4}$ of B, then A : B is -

a) 4 : 5 b) 9 : 20
c) 5 : 4 d) 20 : 9 **ans. C**

Solution: 60% of A $= \frac{3}{4}$ of B $\Rightarrow \frac{60}{100} \times A = \frac{3B}{4}$

$\Rightarrow \frac{3A}{5} = \frac{3B}{4}$ $\Rightarrow \frac{A}{B} = \frac{3 \times 5}{4 \times 3}$

$\Rightarrow \frac{A}{B} = \frac{5}{4}$ $\therefore A : B = 5 : 4$

74. The highest common factor of 0 and 6 is —

a) 0 b) 3
c) Undefined d) 6 **ans. C**

a) Brazil b) South Africa
c) Kenya d) France
ans. C

Solution: ২৫-২৬ জুলাই ২০১৫ সালে কেনিয়ার রাজধানী নাইরেবীতে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। ২০১৬ সালের সম্মেলন অনুষ্ঠিত হয় কিয়োটো, জাপানে। ২০১৭ সালের সম্মেলন অনুষ্ঠিত হয় ভারতের Hyderabad এ ২৮-৩০ নভেম্বরে এবং ২০১৯ সালের ৩-৫ জুন সম্মেলনটি অনুষ্ঠিত হয় নেদারল্যান্ডের হেগে।

www.exambd.net

b) তে আছে, $xy = 24 = 3 \times 8$ তাই এটিও সত্য হতে পারে।

c) তে আছে, $xy = 48$, কিন্তু x ও y এর প্রাপ্ত কোন Value এর জন্যই 48 পাওয়া সম্ভব নয়। (বিশ্বাস না হলে করে দেখুন !)।

***Shortcut* – 1:** $x \le 4$ হতে x এর সর্বোচ্চ মান 4 এবং $y < 12$ হতে y এর সর্বোচ্চ মান 12 থেকে ছোট বলে xy এর সর্বোচ্চ মান $4 \times 12 = 48$ থেকে ছোট হবে।

***Shortcut* – 2:** $x \le 4$ হতে x এর সর্বোচ্চ মান 4 এবং $y < 12$ হতে y এর সর্বোচ্চ মান 12 থেকে ছোট বলে xy এর সর্বোচ্চ মান $4 \times 12 = 48$ থেকে ছোট হবে।

24. If *a* and *b* are both even numbers, which of the following COULD be odd integer?

a) $(a+1)^2 + (b+1)^2$

b) $[(a+1) \times (b+1)] - 1$

c) $(a+1) / (b+1)$

d) None of these **ans. C**

Solution: অনুবাদঃ a এবং b উভয়েই জোড় সংখ্যা। তাহলে নিচের কোনটি বিজোড় হতে পারে?

ধরি, $a = 2$ এবং $b = 4$.

a) $\Rightarrow (a+1)^2 + (b+1)^2$
$= (2+1)^2 + (4+1)^2$
$= 3^2 + 5^2$
$= 9 + 25$
$= 34$ যা জোড়, তাই এটি হবে না।

b) $\Rightarrow [(a+1) \times (b+1)] - 1$
$= [(2+1) \times (4+1)] - 1$
$= (3 \times 5) - 1$
$= 15 - 1$
$= 14$ এটিও জোড়, তাই এটি হবে না।

c) $\Rightarrow \frac{a+1}{b+1}$
$= \frac{2+1}{4+1} = \frac{3}{5}$ ভগ্নাংশ বলে জোড় বা বিজোড় বুঝা যাচ্ছে না।

তাই *c*) তে $a = b = 2$ বসিয়ে পাই।

$\frac{a+1}{b+1} = \frac{2+1}{2+1} = \frac{3}{3} = 1$ যা একটি বিজোড় সংখ্যা।

Shortcut: এখানে বলা হয়েছে a এবং b Even বা জোড় সংখ্যা।

যেহেতু দুটি সংখ্যা ভিন্ন এরকম কোন শর্ত নেই।

তাই Calculation এর সুবিধার্থেঃ $a = b = 0$ ধরুন;

কারণ 0 একটি জোড় সংখ্যা এবং 0 দিয়ে +, –, ×, + খুবই দ্রুত করা যায়।

এবার অপশনে $a = b = 0$ বসিয়ে মনে মনে Calculation করলে পাবেনঃ *a*) 2, *b*) 0, *c*) 1

যেহেতু *c*) এর 1 হলো Odd বা বিজোড়, তাই এটিই উত্তর।

25. If the coordinates of A and B are (4, 1) and (– 2, 7) respectively, then the coordinates of the midpoint of AB are:

a) (1, 4) b) (– 3, 4)

c) (– 1, 4) d) None **ans. A**

Solution: এই অংক করার জন্য আগে সূত্রটি জানতে হবে।

M = মধ্যবিন্দু

(x_1, y_1) (x_2, y_2)

দুটি বিন্দু (x_1, y_1) এবং (x_2, y_2) এর মধ্য বিন্দু, M
$= \left(\frac{x_1 + x_2}{2}, \frac{y_1 + y_2}{2}\right)$

∴ এই অংকের ক্ষেত্রে (4, 1), (– 2, 7) এর মধ্য বিন্দু M =
$\left(\frac{4-2}{2}, \frac{1+7}{2}\right)$
$= \left(\frac{2}{2}, \frac{8}{2}\right) = (1, 4)$

26. If a number exceeds another number by 13 and the larger number is 1.5 times the smaller number, then the smaller number is:

a) 13 b) 26

c) 31 d) None **ans. B**

Solution: অনুবাদঃ একটি সংখ্যা অপর একটি সংখ্যা হতে 13 বেশি। আবার বৃহত্তর সংখ্যাটি ক্ষুদ্রতম সংখ্যাটির 1.5 গুণ। ক্ষুদ্রতর সংখ্যাটি কত?

ধরি, ক্ষুদ্রতর সংখ্যাটি = x

এবং বৃহত্তর সংখ্যাটি = $1.5x$

প্রশ্নমতে, $1.5x - x = 13$

$\Rightarrow 0.5x = 13$ $\Rightarrow \frac{x}{2} = 13$

∴ $x = 26$.

***Shortcut* – 1:**

	ধরি	সমীকরণ
ছোট	x (প্রশ্নে মান চেয়েছে বলে)	$x + 13 = 1.5x$
বড়	$x + 13$ (পার্থক্য ১৩ বলে)	$\Rightarrow 13 = 1.5x - x$ $= 0.5x$ ∴ $x = \frac{13}{0.5} = 26$.

27. Mahfuz has a total of Tk. 480 in the denominations of one Taka, five Taka and Ten taka notes. The numbers of different notes are equal. What is the total number of notes?

a) 45 b) 75

c) 90 d) None **ans. C**

Solution: অনুবাদঃ Mahfuz এর কাছে এক টাকা, পাঁচ টাকা ও দশ টাকার নোটের মোট 480 টাকা রয়েছে। প্রত্যেক নোটের পরিমাণ সমান। মোট কতটি নোট রয়েছে?

www.exambd.net

ধরি, প্রত্যেক নোটের পরিমাণ = x টি

প্রশ্নমতে, $x + 5x + 10x = 480$

$\Rightarrow 16x = 480 \quad \Rightarrow x = \frac{480}{16} \quad \therefore x = 30.$

$\therefore$ মোট নোটের সংখ্যা = $(30 + 30 + 30) = 90$টি।

Shortcut: Different Solution: যদি ভিন্ন ভিন্ন টাকার নোটের সংখ্যা সমান হয় তবে এক ধরনের Denomination এর নোটের সংখ্যা

$= \frac{\text{মোট টাকা}}{\text{বিভিন্ন Denomination এর যোগফল}}$

এক্ষেত্রে এক ধরনের Denominaton এর নোটের সংখ্যা

$= \frac{480}{1 + 5 + 10} = \frac{480}{16} = 30.$

$\therefore$ যেহেতু তিন ধরনের নোট তাই মোট নোট

$= 30 \times 3 = 90$টি।

28. In one year, the population of a city increased by 20%. The next year, it decreased by 10%. What was the percentage increase in the population over the two years?

a) 8 b) 10

c) 15 d) None ***ans. A***

Solution: অনুবাদঃ একবছরে একটি শহরের জনসংখ্যা 20% বাড়লো। পরের বছর তা 10% কমলো। তাহলে দুই বছরে Overall কি পরিমাণ জনসংখ্যা বাড়লো?

এই অংকে A = বৃদ্ধির Percentage

এবং B = হ্রাসের Percentage হবে

$A + B + \frac{A \times B}{100}$ -এই সূত্রে

$= 20 - 10 + \frac{20 \times (-10)}{100} = 10 - 2 = 8\%$

29. The ratio of the number of boys and girls in a school is 3:2. If 20% of the boys and 25% of the girls are scholarship holders, what percent of the students are not scholarship holders?

a) 56 b) 70

c) 78 d) None ***ans. C***

Solution: অনুবাদঃ কোন স্কুলে ছাত্রছাত্রীর অনুপাত 3 : 2. যদি ছাত্রদের 20% এবং ছাত্রীদের 25% Holder হয়, তবে শতকরা কত জন শিক্ষার্থী Scholarship holder নয়?

যেহেতু ছাত্র ঃ ছাত্রী = 3 : 2

তাই ধরি, ছাত্রছাত্রীর সংখ্যা যথাক্রমে $3x$ এবং $2x$

যেহেতু, ছেলেদের 20% Scholarship holder,

$\therefore$ ছেলেদের = $100 - 20 = 80\%$ Scholarship holder নয়।

$\therefore$ Scholarship holder নয় এমন ছাত্র সংখ্যা = $3x$ এর

80% জন = $3x \times \frac{80}{100} = \frac{12x}{5}$ জন

যেহেতু, ছাত্রীদের 25% Scholarship holder,

$\therefore$ ছাত্রীদের = $100 - 25 = 75\%$ Scholarship holder নয়।

Scholarship holder নয় এমন ছাত্রীর সংখ্যা = $2x$ এর

75% জন = $2x \times \frac{75}{100} = \frac{3x}{2}$ জন

$\therefore$ Scholarship holder নয় এমন ছাত্রছাত্রীর সংখ্যা

$= \left(\frac{12x}{5} + \frac{3x}{2}\right) = \left(\frac{24x + 15x}{10}\right) = \frac{39x}{10}$ জন

মোট ছাত্রছাত্রী = $3x + 2x = 5x$ জন

$5x$ জন ছাত্রছাত্রীর মধ্যে Scholarship holder নয়

$= \frac{39x}{10}$ জন

$\therefore$ 1 জন ছাত্রছাত্রীর মধ্যে Scholarship holder নয়

$= \frac{39x}{10 \times 5x}$ জন

$\therefore$ 100 জন ছাত্রছাত্রীর মধ্যে Scholarship holder নয়

$= \frac{39x \times 100}{10 \times 5x} = 78$ জন

Shortcut:

শেষে উত্তর Percent –এ বের করতে হবে বলে মোট Student = 100 ধরুন।

তাহলে Boys = $100 \times \frac{3}{3+2} = 60,$

$\therefore$ Girls = $100 - 60 = 40.$

$\therefore$ Scholarship holder

$= (60 \times 20\%) + (40 + 25\%) = 12 + 10 = 22$

$\therefore$ Not scholarship holder = $100 - 22 = 78$ জন

30. A salesman travels a distance of 70 miles in 2.5 hours. How much faster, in miles per hour, must he travel to make the same trip in 0.75 hours less than the original time?

a) 28 b) 24

c) 12 d) None ***ans. C***

Solution: অনুবাদঃ একজন ব্যবসায়ী 2.5 ঘন্টায় অর্থাৎ $2\frac{1}{2}$ ঘন্টায় 70 mile দূরত্ব অতিক্রম করে। সে যদি পূর্ববর্তী সময় $2\frac{1}{2}$ ঘন্টা থেকে 0.75 ঘন্টা বা 45 মিনিটে কম সময়ে ঐ দূরত্ব অতিক্রম করতে চায়, তবে তাকে পূর্বের চেয়ে কত কিলোমিটার বেশি বেগে যেতে হবে?

এখানে, দূরত্ব = 70 mile,

সময় = 2.5 hour = $2\frac{1}{2}$ hour = $\frac{5}{2}$ hour

$\therefore$ বেগ = $\frac{\text{দূরত্ব}}{\text{সময়}} = \frac{70}{\frac{5}{2}} = \frac{70}{1} \times \frac{2}{5} = 28mph.$

অর্থাৎ সে ঐ দূরত্ব $28mph.$ বেগে যান।

এখন 0.75 hr বা 45 min কম সময়ে গেলে সময় লাগবে

= 2 ঘন্টা 30 মিনিট – 45 মিনিট = 1 ঘন্টা 45 মিনিট =

www.exambd.net

$1\frac{3}{4}$ ঘন্টা $= \frac{7}{4}$ ঘন্টা

∴ ঐ দূরত্ব অতিক্রম বেগ হবে

$= \frac{70}{\frac{7}{4}} = \left(\frac{70}{1} \times \frac{4}{7}\right) mph = 40\ mph$

অতএব তাকে $= (40 - 28) mph$

$= 12 mph$ বেশি বেগে যেতে হবে।

Shortcut: বেগ $= \frac{70}{2.5 - 0.75} - \frac{70}{2.5} = \frac{70}{1.75} - \frac{70}{2.5}$

$= 70 \times \frac{2.5 - 1.75}{1.75 \times 2.5} = 70 \times \frac{0.75}{1.75 \times 2.5} = 12.$

31. **The effective speed of a boat travelling downstream is 20*kmph*, whereas it is 10*kmph* upstream. What is the speed of the stream current in *kmph*?**

a) 3 b) 4

c) 5 d) None **ans. C**

Solution: অনুবাদঃ স্রোতের অনুকূলে নৌকার বেগ 20*kmph* এবং প্রতিকূলে 10*kmph* হলে স্রোতের বেগ কত?

ধরি, নৌকার বেগ $= x$ kmph

এবং স্রোতের বেগ $= y$ kmph

প্রশ্নমতে, $x + y = 20$ ..... (i)

$x - y = 10$ ..... (ii)

(i) এবং (ii) নং সমীকরণ যোগ করি,

$x + y = 20$

$x - y = 10$

$2x = 30$

$\Rightarrow x = 15$

x এর মান (i) নং এ বসিয়ে

$x + y = 20 \Rightarrow 15 + y = 20$

$\Rightarrow y = 20 - 15 \quad \therefore y = 5$

অতএব, স্রোতের বেগ 5*kmph*.

Shortcut: Speed of stream current

$= \frac{\text{Downstream} - \text{Upstream}}{2} = \frac{20 - 10}{2} = 5.$

32. **The ratio of girls to boys in a class is 3 : 4. The number of students in the class could be any of the following except:**

a) 36 b) 28

c) 48 d) None **ans. A & C**

Solution: অনুবাদঃ একটি Class এ বালক ও বালিকার সংখ্যার অনুপাত 3 : 4. প্রশ্ন হচ্ছে নিচের কোনটি ব্যতীত শ্রেণীকক্ষের ছাত্রছাত্রীর সংখ্যা হতে পারে? অর্থাৎ কোন সংখ্যাটি ঐ শ্রেণীতে ছাত্রছাত্রীর সংখ্যা হতে পারে না?

এই অংকগুলো বিস্তারিত তে না যেয়ে Shortcut এ Soultion করতে হয়। নিয়মটি নিম্নরূপঃ

ধাপ ১ঃ প্রথমে অনুপাতের যোগফল বের করুন

$= 3 + 4 = 7.$

ধাপ ২ঃ প্রশ্নে উল্লিখিত অপশনগুলিকে অনুপাতের যোগফল দিয়ে ভাগ করুন। যেগুলো ভাগ করা যাবে সেগুলো হবে মোট ছাত্রছাত্রীর সংখ্যা।

দেখুন এখানে *b*) এর 28 কে 7 দ্বারা ভাগ করা যাবে। তাই এটি মোট ছাত্রছাত্রীর সংখ্যা হতে পারে। *a*) 36 এবং *c*) 48 কে 7 দ্বারা ভাগ করা যায় না বলে এগুলো মোট ছাত্রছাত্রীর সংখ্যা হবে না।

যেহেতু *a*) 36 এবং *c*) 48 এই দুটি উত্তর পাওয়া যাচ্ছে, তাই এই অংকের সঠিক উত্তর হবে *a*) 36 এবং *c*) 48.

33. **Two third of the faculty members of a department are female. Twelve of the male faculty members are unmarried, while 60% of them are married. What is the total number of faculty members in the department?**

a) 90 b) 60

c) 30 d) None **ans. B**

Solution: অনুবাদঃ একটি বিভাগের দুই তৃতীয়াংশ সদস্য হল নারী। ১২ জন পুরুষ শিক্ষক অবিবাহিত যখন ৬০% বিবাহিত। বিভাগের মোট সদস্য সংখ্যা কত?

যেহেতু, $\frac{1}{3}$ ভাগ সদস্য Female,

তাহলে $1 - \frac{1}{3} = \frac{2}{3}$ ভাগ হলো Male;

আবার Male - দের 16 জন Unmarried এবং 60 হল Married, তাহলে $(100 - 60) = 40\%$ হলো Unmarried.

অর্থাৎ $40\% = 16$ জন

∴ $100\% = \frac{16 \times 100}{40} = 40$ জন Male. আর এই 40 জন Male হল মোট সদস্যের $\frac{2}{3}$ ভাগ;

অর্থাৎ, $\frac{2}{3}$ ভাগ $= 40$ জন

∴ 1 বা সম্পূর্ণ $= \frac{3 \times 40}{2} = 60$ জন।

∴ Total member $= 60$ জন।

34. **Half of the students of a school play football and one third of the rest play cricket. The remaining 300 students do not play either of the games. How many students are there in the school?**

a) 360 b) 900

c) 550 d) None **ans. B**

Solution: অনুবাদঃ একটি স্কুলের অর্ধেক ছাত্র ফুটবল খেলে, বাকিদের $\frac{1}{3}$ অংশ ক্রিকেট খেলে এবং অবশিষ্ট 300 জন কোনটিই খেলে না। স্কুলে মোট কয়জন ছাত্র আছে?

মোট ছাত্র সংখ্যা $= x$ জন

www.exambd.net

∴ ফুটবল খেলে $= \frac{x}{2}$ জন

∴ বাকি থাকে $= x - \frac{x}{2} = \frac{x}{2}$ জন

∴ ক্রিকেট খেলে $= \frac{x}{2}$ এর $\frac{1}{3} = \frac{x}{6}$ জন

∴ বাকি থাকে $= \left(\frac{x}{2} - \frac{x}{6}\right) = \frac{2x}{6} = \frac{x}{3}$ জন

অর্থাৎ $\frac{x}{3}$ জন কোনটিই খেলে না।

প্রশ্নমতে, $\frac{x}{3} = 300$

∴ $x = 900$ জন।

35. A widow received $\frac{1}{3}$ of her husband's estate, and each of her three sons received $\frac{1}{3}$ of the balance. If the widow and one of her sons received a total of Tk. 360,000 from the estate, what was the worth of the estate in Tk?

a) 540,000 b) 576,000
c) 648,000 d) None **ans. C**

Solution: অনুবাদঃ একজন Widow (বিধবা) তার স্বামীর সম্পত্তির $\frac{1}{3}$ অংশ পায় এবং তার 3 ছেলে বাকি সম্পত্তির $\frac{1}{3}$ অংশ পায়। যদি ঐ Widow (বিধবা) এবং তার এক ছেলের প্রাপ্ত সম্পত্তির পরিমাণ 360,000 টাকা হয়, তবে মোট সম্পত্তির পরিমাণ কত?

ধরি, স্বামীর মোট সম্পত্তির পরিমাণ $= x$ টাকা

∴ Widow পায় $= \frac{x}{3}$ টাকা

∴ বাকি থাকে $= x - \frac{x}{3} = \frac{2x}{3}$

∴ 1 ছেলে পায় $= \frac{2x}{3} \times \frac{1}{3} = \frac{2x}{9}$

প্রশ্নমতে, $\frac{x}{3} + \frac{2x}{9} = 360,000$

$\Rightarrow \frac{3x + 2x}{9} = 360,000$

$\Rightarrow 5x = 360,000 \times 9$

$\Rightarrow x = \frac{360000 \times 9}{5}$ $\quad \therefore x = 648,000$

Shortcut: যেহেতু, $\frac{1}{3}$ এবং $\frac{1}{3}$ আছে

তাই Total ধরতে হবে $3 \times 3 = 9x$.

Total	Widow	Balance	Each son	Equation	Total
$9x$	$9x \times \frac{1}{3} = 3x$	$9x - 3x = 6x$	$6x \times \frac{1}{3} = 2x$	$3x + 2x = 360,000$ $\Rightarrow x = 72000$	$9 \times 72,000 = 648000$

36. The ages of two persons differ by 16 years. 6 years ago, the elder one was 3 times as old as the younger one. What is the present age of the older person in years?

a) 20 b) 10
c) 30 d) None **ans. C**

Solution: অনুবাদঃ দুইজন লোকের বয়সের পার্থক্য 16 বছর। 6 বছর পূর্বে বড় জন ছোট জনের বয়সের 3 গুণ ছিল। বড় জনের বর্তমান বয়স কত?

ধরি, 6 বছর পূর্বে ছোট জনের বয়স ছিল $= x$ বছর

∴ 6 বছর পূর্বে বড় জনের বয়স ছিল $= 3x$ বছর

তাহলে বর্তমানে ছোট জনের বয়স $= (x + 6)$ বছর

এবং বড় জনের বয়স $= (3x + 6)$ বছর

প্রশ্নমতে, $(3x + 6) - (x + 6) = 16$

$\Rightarrow 3x + 6 - x - 6 = 16 \Rightarrow 2x = 16 \quad \therefore x = 8$

∴ বড় জনের বর্তমান বয়স $= (3x + 6)$ বছর

$= (3 \times 8 + 6)$ বছর

$= (24 + 6) = 30$ বছর

Shortcut: প্রথমে অংকটির উত্তরের দিকে তাকলে দেখবেন সবচেয়ে বড় 30, তাই বড় = 30 হলে

ছোট $30 - 16 = 14$ (কারণ দুজনের 16 দেয়া আছে)

6 বছর আগে বড় $= 24$ হলে ছোট $14 - 6 = 8$

আর $24 = 3 \times 8$ অর্থাৎ বড় $= 3 \times$ ছোট বলে এটাই উত্তর।

37. Mr. X can do a job in 8 days and his son can do it in 12 days. How many days will it take them to complete the job if they work together?

a) 5 b) $\frac{24}{5}$
c) 10 d) None **ans. B**

Solution: অনুবাদঃ Mr. X একটি কাজ 8 দিনে এবং তার ছেলে একটি কাজ 12 দিনে করতে পারে। তারা একত্রে কাজ করলে কয় দিনে তা শেষ করবে?

Mr. X 8 দিনে করে $= 1$ টি কাজ

∴ Mr. X 1 দিনে করে $= \frac{1}{8}$ টি কাজ

আবার, তার ছেলে 12 দিনে করে $= 1$ টি কাজ

∴ তার ছেলে 12 দিনে করে $= \frac{1}{12}$ টি কাজ

এখন, Mr. X এবং তার ছেলে 1 দিনে করে

$= \left(\frac{1}{8} + \frac{1}{12}\right) = \left(\frac{3 + 2}{24}\right) = \frac{5}{24}$ অংশ

এখন, দুই জনে $\frac{5}{24}$ অংশ কাজ করে $= 1$ দিনে

∴ দুই জনে 1 বা সম্পূর্ণ অংশ কাজ করে $= \frac{24 \times 1}{5}$

$= \frac{24}{5}$ দিনে

www.exambd.net

Shortcut: $\frac{A \times B}{A + B} = \frac{8 \times 12}{8 + 12} = \frac{8 \times 12}{20} = \frac{24}{5}$.

38. **A Company makes a profit of 6% on its first Tk. 10,000 of sales each day, and 5% on all sales in excess of Tk. 10,000 for that day. How many taka in profit will the company make in a day when sales are Tk. 60,000?**

a) 2,500 b) 3,000
c) 3,100 d) None ***ans.*** **C**

Solution: অনুবাদঃ একটি কোম্পানি 10,000 টাকায় বিক্রি করলে 6% লাভ করে। 10,000 টাকার উপরে বিক্রি করলে 5% লাভ করে। একদিন একজন ব্যবসায়ী 60,000 টাকা বিক্রি করলে Profit কত হবে?

ঐ ব্যক্তির প্রথম 10,000 টাকায় লাভ হয়

$= (10{,}000 \times 6\%) = \left(10000 \times \frac{6}{100}\right) = 600$ টাকা

বাকি 50,000 টাকায় লাভ হয় $= (50{,}000 \times 5\%)$ টাকা

$= \left(50000 \times \frac{5}{100}\right) = 2{,}500$ টাকা

$\therefore$ মোট লাভ হবে $= (2{,}500 + 600) = 3{,}100$ টাকা

Shortcut: আপনাকে বের করতে হবে

(6% of 10,000) + 5% of (60,000 – 10,000)

এখন, মনে রাখবেন কোন সংখ্যার 1% মানে ঐ সংখ্যার শেষের দুটি শূন্য (0) বাদ দিয়ে বাকিটা।

তাই 6% of 10,000 = 6 × 100 = 600

5% of 50,000 = 5 × 500 = 2,500

মোট = 3,100

পরীক্ষার হলে কিভাবে করবেনঃ

(6 × 100) + (5 × 500) = 600 + 2,500 = 3,100.

39. **The sales price of an item including the sales tax is Tk. 616.The tax rate is 10%. If the shopkeeper made a profit of 12%, what was cost price of the item in Tk.?**

a) 500 b) 515
c) 550 d) None ***ans.*** **A**

Solution: অনুবাদঃ বিক্রয়কর সহ একটি পণ্যের বিক্রয়মূল্য Tk. 616. কর হার অর্থাৎ শতকরা Tax এর পরিমাণ 10%. যদি দোকানদার 12% লাভ করে, তবে পণ্যটির ক্রয়মূল্য কত?

10% Tax rate –এ

Tax সহ বিক্রয়মূল্য 110 টাকা হলে Tax ছাড়া বিক্রয়মূল্য = 100 টাকা

$\therefore$ Tax সহ বিক্রয়মূল্য 616 টাকা হলে Tax ছাড়া বিক্রয়মূল্য $= \frac{100 \times 616}{110} = 560$ টাকা

এখন, 12% লাভ বিক্রয়মূল্য

112 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য = 100 টাকা

$\therefore$ 560 টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য $= \frac{100 \times 560}{112}$

$= 500$ টাকা

Shortcut: Tax 10% বলে = 110% of $SP = 616$

$\therefore$ $SP = \frac{616 \times 100}{110} = 560$

Now, $CP = \frac{100 \times SP}{100 + \text{Profit \%}} = \frac{100 \times 560}{100 + 12} = 500.$

40. **In a store, the profit is 320% of the cost. If the cost increases by 25% but the selling price remains the same, what percent of profit could be made on the selling price?**

a) 30% b) 70%
c) 100% d) None ***ans.*** **B**

Solution: অনুবাদঃ একটি দোকানে খরচের 320% লাভ করে। যদি খরচ 25% বাড়ে এবং লাভের পরিমাণ Same থাকে, তাহলে **Selling price** এর উপরে শতকরা লাভ কত হবে?

320% লাভ করলে Selling price

= (100 + 100 এর 320%) টাকা

$= \left(100 + 100 \text{ এর } \frac{320}{100}\right)$ টাকা

= (100 + 320) = 420 টাকা

খরচ 25% বেড়ে গেলে, বর্তমানে খরচ হবে

= (100 + 100 এর 25%) টাকা

$= \left(100 + 100 \text{ এর } \frac{25}{100}\right)$ টাকা

= (100 + 25) = 125 টাকা

ফলে বর্তমানে লাভ হবে = (420 – 125) = 295 টাকা

$\therefore$ শতকরা লাভের পরিমাণ $= \frac{295}{420} \times 100$

$= 70.238\% \approx 70\%$

Shortcut:

CP	Profit	*SP*	Now *CP*	Now *SP*	Profit	% profit on *SP*
100	320%	420	125% of 100 = 125	420	420 – 125 = 295	$\frac{298}{420} \times 100 = 70$

41. **The profit earned from selling an item for Tk. 900 is double the loss incurred when the item is sold for Tk. 450. At what price the item should be sold to make 25% profit?**

a) Tk. 600 b) Tk. 750
c) Tk. 800 d) None ***ans.*** **B**

Solution: অনুবাদঃ একটি পণ্য 900 টাকায় বিক্রয় করলে যত লাভ হয় 450 টাকায় Sell করলে তার দ্বিগুণ ক্ষতি হয়। কত টাকায় ঐ পণ্য Sell করলে 25% Profit হবে?

ধরি, দ্রব্যটির ক্রয়মূল্য = x টাকা

www.exambd.net

900 টাকায় দ্রব্যটি বিক্রয় করলে লাভ হয়
= বিক্রয়মূল্য - ক্রয়মূল্য = $900 - x$
আবার, 450 টাকায় দ্রব্যটি বিক্রয় করলে ক্ষতি হয়
= $x - 450$
প্রশ্নমতে, $900 - x = 2(x - 450)$
$\Rightarrow 900 - x = 2x - 900 \Rightarrow 900 + 900 = 2x + x$
$\Rightarrow 3x = 1,800 \quad \therefore x = 600$
অতএব, দ্রব্যটির ক্রয়মূল্য = 600 টাকা
এখন, 25% profit এ দ্রব্যটির Selling price
$= (600 + 600 \times 25\%) = \left(600 + 600 \times \frac{25}{100}\right)$ টাকা
= (600 + 150) = 750 টাকা

Shortcut:

ক্রয়মূল্য	বিক্রয়মূল্য 900 হলে লাভ	বিক্রয়মূল্য 450 হলে ক্ষতি	সমীকরণ	২৫% লাভে বিক্রয়মূল্য
x	$900 - x$	$x - 450$	$900 - x = 2(x - 450)$	125% of 600 = 750


Two circular dials of exactly the same size are mounted on a wall side by side in such a way that their perimeters touch at one point. Dial 1, which is on the left, spins clockwise around its center, and dial 2, which is on the right, spins counterclockwise around its center. (Assume that there is no friction at the point of contact between the dials.) Each dial is marked on its perimeter at three points that are at equal distances around the perimeter from each other. Going clockwise on each dial the points marked on dial 1 are N, O, and P, and the points marked on dial 2 are X, Y, and Z.

Story:
দুটো বৃত্তাকার Dials আছে। (Reader যদি Dial না বুঝেন তবে গোলাকার ঘড়ি কল্পনা করুন) Dial দুটি একই আকৃতির এবং একটি দেয়ালে পাশাপাশি টাঙ্গানো আছে। (দেয়ালে পাশাপাশি দুটি ঘড়ি কল্পনা করুন)।


Conditions:

- Dial দুটির Perimeter একটি Point এ Touch করেছে।
- Dial 1 বামে এবং Dial 2 ডানে অবস্থিত।
- Dial 1 ঘুরছে Clockwise (অর্থাৎ ঘড়ির কাঁটা যেদিকে ঘোরে সেদিকে),
- Dial 2 ঘুরছে Anti clockwise (অর্থাৎ ঘড়ির কাঁটা তার উল্টা দিকে ঘোরে),
- প্রতিটি Dial এ সমদূরত্বে তিনটি বিন্দু আছে।
- Clockwise ঘড়ির কাঁটা যেদিকে ঘোরে সেদিকে
- Dial 1 এর 3 টি বিন্দু N, O, P.
- Dial 2 এর 3 টি বিন্দু X, Y, Z.

শর্তগুলোকে একত্রে করলে নিচের চিত্রটি পাবেনঃ



উপরের চিত্রটিকে উত্তর করার সুবিধার্থে নিচের মতো করে আঁকুনঃ




এবার আসুন প্রশ্নগুলোর উত্তর দেইঃ

42. **If points N and Y are just meeting at the point of contact between the dials, and if dial 1 spins at the same speed as dial 2, which of the following pairs of points will also meet in the course of the next full revolution of the dials?**

a) N and Z b) O and X
c) O and Z d) P and X ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হয়েছে, N এবং Y বিন্দু দুটি Touch point/ Point of contact এ মিলিত হয়। Dial 1 এবং Dial 2 এর Speed একই। Dial দুটি যদি এভাবে একবার Full revolution বা পূর্ণ ঘূর্ণন করে তবে উত্তর অপশনের কোন Point দুটি যেকোন একবার Point of revolution এ আসবে?
পাঠক, প্রশ্নটি যথেষ্ট Complex. তাই আসুন আগে Step by Step বুঝি।
প্রশ্ন অনুসারে, Dial দুটি অবস্থা হবে নিচের মতোঃ




www.exambd.net

এখন, একবার পূর্ণ ঘূর্ণন মানে 360°


আর Dial এর 3 টি বিন্দু তিনটি বলে প্রতিবার ঘূর্ণনে কোণ $= \frac{360°}{3} = 120°$

কাজেই, প্রথম ঘূর্ণণ 120° এর পরে Dial দুটির অবস্থান হবে নিচের মতোঃ



অর্থাৎ (P, Z) বিন্দু দুটি Meeting point এ আসবে। এখন, উত্তর অপশনে (P, Z) বিন্দু দুটি নেই বলে আবার ঘুরাতে হবে।

এখন, উপরের চিত্রকে পুনরায় 120° (বা প্রথম চিত্রকে 240°) ঘুরালে পাইঃ



দেখুন, (O, X) বিন্দু দুটি Meeting point এ এসেছে। এবার উত্তর অপশনে (O, X) খুজুন। দেখুন *b*) তে এটি আছে। তাই এটি উত্তর।


যেহেতু আমরা উত্তর পেয়ে গেছি তাই ডায়াল দুটিকে আর ঘুরানোর দরকার নেই। তবে যদি আমরা উত্তর না পেতাম তবে আবার উপরের চিত্রকে পুনরায় 120° (বা প্রথম চিত্রকে 360°) কোণে ঘুরাতাম।

43. If points P and Y are just meeting at the point of contact between the dials, and if dial 1 spins at exactly three times the speed of dial 2, which of the following pairs of points will be the next pair to meet at the point of contact?

a) N and X b) N and Z
c) 0 and Y d) P and Z **ans. D**

Solution: প্রশ্নে বলা হয়েছে, দুটি Point Meet করছে (P, Y) বিন্দুতে। Dial 1 এর Speed, Dial 2 এর Speed এর তিনগুণ। আপনাকে কোন Pair Point পরবর্তীতে Point of contact এ মিলবে তা বের করতে হবে।


প্রশ্নের বক্তব্যকে চিত্রে প্রকাশ করলে পাইঃ



প্রশ্নে বলা হয়েছে, Dial 1 অর্থাৎ বামদিকের ঘড়িটি ডানদিকের তুলনায় তিনগুন জোরে ঘুরবে। অর্থাৎ ডানদিকেরটি যদি 120° বা 1 বিন্দু ঘুরে তবে ডানদিকেরটি $120° \times 3 = 360°$ বা 3 বার ঘুরবে।

এখন, ডানদিকের Dial 2 ঘড়ির কাঁটার উল্টাদিকে 120° বা একবার ঘুরলে Z বিন্দুটি Point of contact এ আসবে।

আবার, বামদিকের Dial 1 ঘড়ির কাঁটার দিকে 360° বা 3 বার ঘূর্ণণে P বিন্দুটি আবার 3 বার ঘুরে পুনরায় Point of contact এ চলে আসবে। এক্ষেত্রে চিত্রটি হবে নিচের মতোঃ



কাজেই এক্ষেত্রে Meeting point এর বিন্দু তিনটি হবে P এবং Z.

Shortcut: মনে রাখবেন, Same speed হলে যে কোন ডায়াল 120° বা একবার ঘুরে পরের বিন্দুতে চলে আসবে। আর Double speed হলে যে কোন ডায়াল 240° বা দুইবার অর্থাৎ একটি বিন্দু বাদ দিয়ে পরের বিন্দুতে চলে আসবে। ঠিক তেমনি Triple/ Three time speed অর্থাৎ 360° ঘুরলে ডায়ালের বিন্দুটি পরবর্তী দুটি বিন্দু বাদে তৃতীয় বিন্দুতে ফিরে আসবে অর্থাৎ আসলে ডায়ালটি যে বিন্দুতে ছিল ঠিক সেই বিন্দুতেই থাকবে।


44. If points P and X are just meeting at the point of contact between the dials, and if dial 2 spins at exactly double the speed of dial 1, which of the following pairs of points will be the next pair to meet at the point of contact?

a) N and Y b) N and Z
c) 0 and X d) 0 and Z **ans. D**

Solution: প্রশ্নটিতে বলা হয়েছে যে, P এবং X বিন্দু দুটি Point of contact এ আছে। আর Dial 2 এর Speed, dial 1 এর Speed এর দ্বিগুণ। আপনাকে একবার ঘূর্ণণের পর কোন Point টি Point of contact এ আসবে তা বের করতে হবে।


আসুন আগে প্রশ্নের তথ্যগুলি দিয়ে চিত্র আঁকিঃ

www.exambd.net



Dial 1 এর Speed যেহেতু প্রশ্নমতে 1 গুণ, তাই Dial 1 এর P বিন্দুটি ঘড়ির কাঁটার দিকে একবার 120° কোণে ঘুরবে এবং সেক্ষেত্রে 0 বিন্দুটি Dial 1 এর Meeting paint এ আসবে।

অন্যদিকে Dial 2 এর Speed যেহেতু Dial 1 এর Speed এর দ্বিগুণ, তাই Dial 2 এর X বিন্দুটি ঘড়ির কাঁটার উল্টা দিকে একবার 240° কোণে ঘুরবে এবং সেক্ষেত্রে Z বিন্দুটি Dial 1 এর Meeting paint এ আসবে। এক্ষেত্রে চিত্রটি হবে নিচের মতোঃ



তাই Meeting paint এ আসবে O এবং Z.

45. If points O and Z are just meeting at the point of contact between the dials, and if dial 1 spins at the same speed as dial 2, what is the smallest number of revolutions of each dial that will bring 0 and Z together again?

a) 1 b) 2
c) 3 d) 4 **ans. A**

Solution: O এবং Z বিন্দু দুটি Point of contact এ আছে। Dial 1 এবং Dial 2 একই Speed এ চলছে। কমপক্ষে সর্বনিম্ন কয়বার ঘুরলে O এবং Z বিন্দু আবার Point of contact এ আসবে।

দেখুন দুটি Dial এর Speed একই। তাই কমপক্ষে একবার পূর্ণ ঘূর্ণন অর্থাৎ 360° ঘুরলেই তারা আবার Meeting point বা Point of contact এ আসবে।

Instruction: *Fill in the gaps in the following sentences with the most appropriate options:*

46. If you ever visit the highlands at the north of the city, you will see a huge monument _____ the landscape.

a) having dominated
b) will dominate
c) dominated
d) dominating **ans. D**

Solution: Highland – উচ্চভূমি, পাহাড়ি এলাকা; Monument – স্মৃতিস্তম্ভ; Landscape – ভূমিরূপ, ভূ-দৃশ্য; Dominated – অন্যের দ্বারা পরিচালিত।

দ্বিতীয় অংশে Landscape এর বৈশিষ্ট্য কেমন তা শূন্যস্থানে বসবে। কোন কিছুর বৈশিষ্ট্য বুঝাতে Gerund বসতে পারে। এজন্য Dominating হবে। বাকিগুলো Verb এর বিভিন্ন Tense বলে বাদ।

বাক্যের অর্থঃ তুমি যদি শহরের উত্তরের উচ্চ ভূমির দিকে যাও, তবে দেখবে ভূমিগুলো বড় বড় স্মৃতিস্তম্ভ দ্বারা বিস্তৃত।

47. Though I _____ here for three years, I hardly know the place.

a) was b) having
c) have been d) had been **ans. D**

Solution: বাক্যের ২য় অংশে Hardly আছে। তাই প্রথম অংশে Past perfect tense এর Structure হবে। এজন্য *d*) এর Had been হবে।

বাক্যের অর্থঃ যদিও আমি তিন বছর ধরে এই স্থানে ছিলাম, তারপরও আমি খুব কম স্থানই চিনি।

48. I could not _____ the details of his misfortune.

a) help to ask him
b) help and ask him
c) help asking him
d) help asked him **ans. C**

Solution: Misfortune – দুর্ভাগ্য।

Could not এরপরে Help থাকলে Structure অনুযায়ী Help এরপরের Verb টির সাথে ing যুক্ত হবে। তাই Help asking হবে যা *c*) তে আছে।

বাক্যের অর্থঃ আমি দুর্ভাগ্যটি সম্পর্কে বিস্তারিত জিজ্ঞাসা না করে পারলাম না।

49. _____ I not been too busy with my studies, I _____ really liked to come to the party.

a) Have; would have
b) Have; would had
c) Had; would had
d) Had; would have **ans. D**

Solution: Busy – ব্যস্ত; Studies – লেখাপড়া

বাক্যটি পড়লে বুঝা যায়, এটি Conditional sentence. এবার উত্তরের দিকে লক্ষ্য করুন Conditional sentence এর নিয়ম অনুযায়ী শেষের অংশে Liked যেহেতু Verb এর Past form, তাই শুরুতে Have হবে না। এজন্য *a*) এবং *b*) বাদ।

এখান শুরুতে Had হলে শেষ অংকে Would have হয়। তাই *c*) বাদ যাবে এবং *d*) হবে।

বাক্যের অর্থঃ যদি আমি পড়াশুনা নিয়ে এত ব্যস্ত না থাকতাম, তবে সত্যিই আমি পার্টিতে আসতাম।

www.exambd.net

50. _____ **all my efforts, he misunderstood me.**
a) Inspite b) Despite
c) Despite of d) Even though **ans. B**

Solution: Effort – চেষ্টা করা; Misunderstood –ভুল বোঝাবুঝি; Inspite of – তথাপি/ সত্ত্বেও; Despite – তথাপি।
বাক্যটির শেষ অংশ পড়লে বুঝা যায় যে, তিনি আমাকে ভুল বুঝেছেন। প্রথম অংশে যেহেতু Efforts আছে, তাই এটি স্বাভাবিক যে আমি অনেক চেষ্টা করেছি অর্থাৎ আমার অনেক চেষ্টা সত্ত্বেও তিনি আমাকে ভুল বুঝেছেন। এখন সত্ত্বেও, তথাপি ইত্যাদি বুঝাতে Despite অথবা Inspite of বসে। এজন্য *b*) সঠিক। *a*) বাদ কারণ Inspite এরপরে of নেই।
বাক্যের অর্থঃ আমার সকল প্রচেষ্টা সত্ত্বেও তিনি আমাকে ভুল বুঝেছেন।

Instruction: *Correct the following sentences by replacing the underlined part with the right option.*

51. Everyone must understand their duties and conduct them well.
a) must understand their duties and conduct them well.
b) should be understanding their duties and conducting them well.
c) must be understanding his/her duties and conducting them well.
d) must understand his/her duties and conduct them well. **ans. D**

Solution: Everyone হলো Singular তাই প্রথম অংশে এর Pronoun রূপ হবে One's বা his/her. তাই *a*) এবং *b*) বাদ। কারণ এইদুটি Their আছে। *c*) বাদ কারণ Must be এরপরে Continous form হয় না।
d) হবে কারণ Must এরপরে Understand হলো Present form এবং এর সাথে Parallel রেখে and এরপরে Conduct হয়েছে যা সঠিক। প্রথম আছে Every one এর Pronoun form হিসেবে his/her সঠিক এবং ২য় অংশে And এরপরে Them সঠিক কারণ এটি Duties এর Pronoun রূপ বসেছে।
বাক্যের অর্থঃ প্রত্যেককেই তাদের কর্তব্য সম্পর্কে বুঝতে হবে এবং সেভাবেই কাজ করতে হবে।

52. Being the tallest in the class, the teacher asked her to sit at the back.
a) the teacher asked her to sit at the back.
b) the teacher had asked her to sit at back.
c) she was asked to sit at the back.
d) she was being asked to sit at the back.
ans. C

Solution: প্রথম অংশে একজন Tallest ব্যক্তির কথা বলা হয়েছে। এরপরে Her দ্বারা বুঝা যাচ্ছে, যে একজন তরুণী ছাত্রী। আর ২য় অংশ পড়ে বুঝা যাচ্ছে লম্বা হওয়ার কারণে তরুণীটিকে Teacher পেছনে (Back) বসার কথা বলছেন। এটি Dangling modifier এর প্রশ্ন। আর এক্ষেত্রে নিয়ম হলো প্রথম অংশের শুরুতে যার কথা বলা যাবে, পরের অংশের শুরুতেই তার নাম আসবে। প্রথম অংশে যেহেতু Tallest তরুণীর কথা বলা হয়েছে, তাই পরের অংশ কখনোই Teacher দিয়ে শুরু হবে না। এজন্য *a*) এবং *b*) বাদ। *c*) এবং *d*) তে She দিয়ে শুরু হলেও *d*) তে Being এসেছে যা Continuous tense নির্দেশ করে। কিন্তু প্রথম অংশে Indefinite tense এ বাক্যটি হবে বলে *d*) বাদ। *c*) সঠিক কারণ এটিতে Tallest কে কমার (,) পর She দ্বারা তাকে নির্দেশ করা হয়েছে, ১ম অংশ অনুযায়ী বাক্যটি Indefinite tense এর এবং বাক্যটি Passive tense সৃষ্টি করেছে কারণ তরুণীটি লম্বা হওয়ার জন্য নিজে নিজে Back এ যায় নি বরং তাকে যেতে বলা হয়েছে।
বাক্যের অর্থঃ ক্লাসের সবচেয়ে লম্বা ছাত্রী হওয়ায় তাকে পেছনে বসতে বলা হয়েছিল।

53. The first group who would finish its work will be given a special reward.
a) who would finish its work will be given a special reward.
b) that would finish its work will have been given a special reward.
c) that will finish its work will be given a special reward.
d) that will finish its work will give a special reward. **ans. B**

Solution: বাক্যটি পড়লে বুঝা যায় যে, ১ম গ্রুপ যারা তাদের কাজটি শেষ করবে, তাদেরকে Special reward দেয়া হবে। দুটি ঘটনাই ভবিষ্যতে ঘটবে। এখন আমরা একটি একটি উত্তর বাদ দিব। এ নিয়মকে Process of Elimination বলেঃ
a) বাদ কারণ Group এর পরিবর্তে Who বসে না, That বসে।
c) বাদ কারণ Group নিজে নিজেকে Reward দিবে না বরং কেউ তাকে Reward দিবে। তাই ২য় অংশে Active sense হবে না। Passive sense হবে।
d) এবং *a*) বাদ কারণ প্রথম অংশ Would আছে। তাই পরের অংশে Would have হবে। Will নয়।
b) হবে কারণ এতে দুটি Future tense will দ্বারা যুক্ত আছে এবং শেষ অংশ Possive sense দিচ্ছে।
বাক্যের অর্থঃ প্রথম গ্রুপের যারা তাদের কাজ শেষ করতে পারবে তাদেরকে বিশেষ পুরস্কার দেওয়া হবে।

www.exambd.net

Instruction: *Choose the most appropriate word(s) to fill in the blank in each sentence.*

54. The culprits must be found and tried as this has gone beyond the usual _____ that can happen in school.

a) sabotage b) wreckage
c) vandalism d) shenanigans ***ans. D***

Solution: Sabotage – নাশকতা; Wreckage – ধ্বংস; Vandalism – লুটপাট; Shenanigans – দুষ্টুমিভরা

প্রথমে বলা হয়েছে Culprit বা অপরাধীদের খুঁজে বের করে বিচারের আওতায় আনতে হবে, এরপর as দিয়ে কারণ হিসেবে বলা হয়েছে, স্কুলে যে Usual _____ হয় তা এর বাইরে। এখন, আপনি নিশ্চয়ই পাবলিক Place যেমন শিক্ষা প্রতিষ্ঠানের লাইব্রেরী, স্কুলে আমরা সবাই অনেক দুষ্টুমি বা হালকা অপরাধ করি। যেমনঃ Wash room এ অনেক ..... কথাবার্তা লিখা। এ ধরনের অপরাধের কথাই শূন্যস্থানে হবে যা *d*) এর Shenanigans এ আছে। *a*), *b*), *c*) এই তিনটি দ্বারাই ভারী অপরাধের কথা বলা হয়েছে যা ধ্বংসাত্মক এবং মারাত্মক। তাই এই তিনটি বাদ।

বাক্যের অর্থঃ নাশকতাকারীদের অবশ্যই খুঁজে বের করতে হবে এবং শাস্তি দিতে হবে কারণ স্কুলে সাধারণত যে ধরনের দুষ্টুমি/ হালকা অপরাধ হয় এটা তার থেকে অনেক বড় কিছু।

55. It was very unbecoming of a grown man to make such _____ remark!

a) an asinine b) a prolific
c) a profound d) an assumed ***ans. A***

Solution: Unbecoming – বেমানান, বেসামাল; Asinine –মূর্খ; Prolific – উর্বর; Profound – গভীর; Assumed – দায়িত্বগ্রহণ, গৃহীত, ধৃত

শুরুতেই বলা হয়েছে, Grown up বা প্রাপ্ত বয়স্ক ব্যক্তির জন্য এটা Unbecoming বা বেসামাল, অশোভন, অনুচিত। এরপর Such দিয়ে সেই অশোভন Remark এর কথা বলা হয়েছে যা শূন্যস্থানে বসবে। উত্তরের অপশনগুলো দেখলে পাবেন শূন্যমাত্র Asinine (গাধার মতো) দ্বারাই বেমানান শব্দের কথা বুঝা যায় যা একজন বয়স্ক লোকের ক্ষেত্রে বেখাপ্পা/ বেমানান।

d) এর An assumed বাদ কারণ দায়িত্বগ্রহণ, গৃহীত ধৃত এ ধরনের কোন কথা এখানে বলা হয়নি।

c) এর A profound এর Positive শব্দ যার অর্থ গভীর, প্রগাঢ়, দৃঢ়।

b) এর A prolific এর Positive শব্দ যার অর্থ উর্বর, অধিক ফলদানে সক্ষম।

বাক্যের অর্থঃ তাঁর মত একজন প্রাপ্ত বয়স্ক ব্যক্তির এ ধরনের অশোভন/বোকামিপূর্ণ উক্তি বা মন্তব্য সত্যিই বেমানান।

56. When we saw we were about to run out of time, everyone was asked to _____ his/her performance.

a) score b) truncate
c) rush d) wind up ***ans. C***

Solution: Score – হিসাব; Truncate – অগ্রভাগ ছেঁটে দেওয়া; Rush – তীব্রবেগে যাওয়া; Wind up – পরিসমাপ্তি।

শুরুটা পড়লে দেখবেন বলা হয়েছে, কাজটি শেষ করার সময় চলে যাচ্ছে (Run out of time). আর শেষে বলা হচ্ছে এজন্য প্রত্যেকের Performance বা কাজের গতিকে _____ করার জন্য বলা হলো। এখন, সময় যদি কম থাকে তবে কাজের গতি বৃদ্ধি করা হয়। কাজটি শেষ করার জন্য তাড়াহুড়া করা হয়। এজন্য *c*) এর Rush হবে।

b) এর Truncate বাদ কারণ কাজ বাদ দেয়ার কথা হয়নি।

a) এর Score বাদ কারণ এখনে Score বা Points বৃদ্ধি হয় নি।

d) এর Wind up বাদ কারণ এখানে Wind up বা গুটানো হয় নি।

বাক্যের অর্থঃ যখন আমরা জানলাম আমাদের সময় শেষের দিকে, তখন প্রত্যেককেই তাদের কাজের গতিকে বৃদ্ধি করার জন্য তাগিদ দেওয়া হয়েছিল।

57. It is my own opinion that the major challenge of globalization is the threat it poses to the _____ culture.

a) national b) host
c) indigenous d) agrarian ***ans. C***

Solution: Indigenous – দেশীয়, দেশী; Agrarian – ভূমি ও কৃষি বিষয়ক।

প্রশ্নে বাক্যের মাঝামাঝিতে বলা হয়েছে Globalization বা বিশ্বায়নের Major বা সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো _____ culture বা সংস্কৃতির উপর Threat বা আঘাত। এখন বিশ্বায়ন সাধারণতঃ দেশীয় বা Indigenous culture এর জন্যই Threat.

d) বাদ কারণ Agrarian বা কৃষিপ্রধান এর কথা বলা হয়নি।

a) বাদ কারণ National বা জাতীয় এর কথা এই প্রশ্নে বলা হয়নি।

b) বাদ কারণ Host শব্দটি বসালে শূন্যস্থানটি সঠিক অর্থ প্রকাশ করে না।

বাক্যের অর্থঃ এটা আমার একান্ত নিজেস্ব ভাবনা যে বিশ্বায়নের সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো বিশ্বায়ন দেশীয় সংস্কৃতির উপর হুমকিস্বরূপ।

www.exambd.net

58. Please try to see if you can ___ his anger.
a) lullaby b) petrify
c) cocoon d) pacify **ans. D**

Solution: Lullaby – ঘুমপাড়ানির গান; Petrify – প্রস্তরীভূত করা; Cocoon – রেশমের গুটি; Pacify – প্রশমিত করা।
প্রশ্নটি পড়লে বুঝা যায়, তিনি Angry অর্থাৎ রেগে আছে। এরপর প্রশ্নকর্তা (!) আপনাকে অনুরোধ করছেন যা Please দ্বারা বুঝা যায়। তিনি বলছেন Please তুমি চেষ্টা করে দেখ। তার রাগকে ---- করতে পার কিনা। কাজেই বুঝা যাচ্ছে তার রাগ কমানোর কথা বা প্রশমিত করার কথাই বলা হয়েছে। তাই Pacify হবে।
বাক্যের অর্থঃ দয়া করে চেষ্টা করে দেখ যদি তার রাগ কমাতে/ প্রশমিত করতে পারো।

59. She is such a/an _____, cute baby!
a) adorable b) rowdy
c) sly d) astute **ans. A**

Solution: Adorable – আদর করার যোগ্য; Rowdy – উচ্ছৃঙ্খল; Sly – গোপনে; Astute – চতুর, ধূর্ত।
প্রশ্নের শেষে বলা হয়েছে, Baby টি Cute অর্থাৎ খুবই সুন্দর। যেহেতু, Baby এর কথা বলা হয়েছে তাই শিশুটির বয়স অত্যন্ত কম। এজন্য Astute বা জ্ঞানী হবে না। কারণ Astute হতে হলে একজনকে প্রাপ্তবয়স্ক হতে হবে। শিশু সাধারণত Intelligent বা বুদ্ধিমান হতে পারে। আবার Baby এর শেষে (!) চিহ্ন আছে এবং Cute একটি Positive শব্দ। তাই *b*) এর Rowdy এবং *c*) এর Sly হবে না কারণ এ দুটি Negative শব্দ। *a*) এর Adorable সঠিক কারণ Cute baby কে সবাই Adore করে বা আদর করে চুমু দেয়। (অবিশ্বাস হলে কোন Cute baby দেখলে আপনার Feeling মনে করার চেষ্টা করুন)।
বাক্যের অর্থঃ সে এক মিষ্টি শিশু যাকে দেখলেই আদর করতে/ চুমু খেতে ইচ্ছে করে।

60. It was such an _____ occasion that he decided to forgive everybody.
a) innocuous b) assiduous
c) insidious d) auspicious **ans. D**

Solution: Innocuous – নিষ্পাপ, ক্ষতিকর নয় এমন; Assiduous – পরিশ্রমী; Insidious – প্রতারণাপূর্ণ, গুপ্তভাবে; Auspicious – অনুকূল, সৌভাগ্যপূর্ণ।
শেষে বলা হয়েছে, তিনি সবাইকে মাফ করে দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। আর শুরুতে যে Occasion এ এই সিদ্ধান্ত নেয়া হয়েছে তার কথা শূন্যস্থানে বসবে। এখন Common sense হতে আপনি জানেন, মানুষ কোন একটি Positive occasion এ সবাইকে ক্ষমা করে। কারণ এ সময় তার মন ভালো থাকে। উত্তরগুলো পড়ে দেখুন শুধুমাত্র *d*) তে Auspicious হলো Positive শব্দ যা একটি Occasion কে বোঝায়। বাকি *a*), *b*) এবং *c*) এর তিনটি শব্দই ব্যক্তির/প্রাণীর ক্ষেত্রে বসে। এগুলো দিয়ে কোন Occasion কে প্রকাশ করা যায় না।
বাক্যের অর্থঃ এটি তাঁর জন্য এমন এক সৌভাগ্যপূর্ণ অনুষ্ঠান যেখানে তিনি সবাইকে মাফ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন।

61. Are they ___ well after their recent fight?
a) getting along b) going through
c) taking along d) going alongside **ans. A**

Solution: Fight – যুদ্ধ, মারামারি করা; Alongside – পাশাপাশি; Go along – অগ্রসর হওয়া; Go through – সহ্য করা, গৃহীত হওয়া, নিষ্পন্ন হওয়া; Get along – একমত হওয়া, একসাথে লক্ষ্যের দিকে ছুটে চলা; Go along with – সহযোগিতাপূর্ণ কাজ, একমত প্রকাশ করা।
প্রশ্নের শেষে পড়ে বুঝা যাচ্ছে তাদের মধ্যে Recently একটি Fight বা মারামারি হয়েছে। এরপর শুরুতে Writer প্রশ্ন করেছেন তারা কি এখন ভালোভাবে (Well) _____ করছে। নিশ্চয়ই বুঝতে পারছেন, শূন্যস্থানে (একমত হয়ে একসাথে সমনের লক্ষ্যের দিকে, এগিয়ে যাচ্ছে) জাতীয়, শব্দ হবে। এখানে, *a*) এর Get along মানে To proceed toward a destination with agreement যা দ্বারা একমত হয়ে একসাথে সামনের লক্ষ্যের দিকে, এগিয়ে যাচ্ছে বুঝায়। যেহেতু, তারা তাদের সাম্প্রতিক Fight ভুলে একমত হয়ে মানিয়ে নিয়ে সামনের দিকে উন্নতির জন্য যাচ্ছে তাই Get along সঠিক।
b) এর Going through মানে সহ্য করা, নিষ্পন্ন হওয়া, গৃহীত হওয়া বুঝাচ্ছে না। তাই এটি বাদ।
c) এর Taking along মানে বরাবর গ্রহণ যা এখানে খাপ খায় না।
d) Going alongside বলে কোন শব্দ নেই। তবে Go along মানে অগ্রসর হওয়া। আর Go along with মানে To act in co-operation বা Express agreement.
বাক্যের অর্থঃ সাম্প্রতিক মারামারির পরে তারা কি এখন একমত হয়ে একসাথে ভালোভাবে কাজ করছে?

62. Is what I heard true, or is it just a _____?
a) false b) hoax
c) lame d) trepidation **ans. B**

Solution: Hear – শোনা; Hoax – প্রতারণা/ ধাপ্পাবাজি; Lame – খোড়া; Trepidation – ভয়ে কাঁপা।
প্রশ্নে বলা হয়েছে, আমি যা শুনেছি তা কি সত্যি, নাকি এটি Just একটা ---- এখন, এই Sentence এর Structure অনুযায়ী পরের অংশ প্রতারণা/ ধাপ্পাবাজি/

www.exambd.net

ফাঁকিবাজী শব্দগুলোই বেশি খাপ খায়। কারন বাক্যে Just একটি শব্দ আছে। একারণে Hoax হবে যার অর্থ প্রতারণা/ ধাপ্পাবাজি। *a*) এর False হবে না কারণ False হলে আর Just বলার প্রয়োজন হতো না। ধরুন, আপনি Class এর সবচেয়ে শান্ত, সুবোধ তরুণ। হঠাৎ একদিন Campus এর সবচেয়ে Smart তরুণীটি যদি আপনাকে ফুল দিতে চায়, তখন আপনার বন্ধু-বান্ধব (এমন কি আপনিও) যা ভাববেন, বাক্যটিতে তাই বলা হয়েছে।

বাক্যের অর্থঃ আমি যা শুনেছিলাম তা কি সত্যি, না কি ধাপ্পাবাজি?

63. He was full of ___ as he started his new job.

a) apprehension b) cynicism
c) disgust d) mistrust **ans. A**

Solution: Full of – পুরোপুরি; Disgust – বিরক্ত; Cynicism – হতাশাবাদী, ঘৃণাপূর্ণ উক্তি; Mistrust – অবিশ্বাস; Apprehension – দুশ্চিন্তা, আশঙ্কা, উদ্বিগ্নতা। বাক্যটির শেষ অংশে বলা হয়েছে, যে Already একটি নতুন Job এ কাজ শুরু করেছি। আর নতুন Job এ কাজ শুরু করলে একজনের মনের অবস্থা কেমন হয় তাই প্রথম অংশের শূন্যস্থানে বসাতে হবে। এখন, Logic দিয়ে চিন্তা করুন। একজন যখন একটি নতুন Job শুরু করে, তখন তার মধ্যে অনেক চিন্তা ভাবনা, দুশ্চিন্তা, আশংকা, প্রতীক্ষার সৃষ্টি হয়। আর এই সবগুলো শব্দকে একসাথে ইংরেজীতে বলা হয় Apprehension যা *a*) তে আছে। যেহেতু, প্রশ্নে তার Job শুরু করার পর কোন Negative experience হয়েছে কিনা তা বলা হয়নি। তাই *b*), *c*) এবং *d*) এর Negative শব্দগুলো হবে না। পাঠক, আপনি যেহেতু Job hunter, তাই আপনার হয় তো Job এর ক্ষেত্রে কি ধরনের Apprehension হয় তা বুঝতে সমস্যা হতে পারে, কিন্তু আপনার প্রথম টিউশন, প্রথম কোচিং এ ক্লাস নেয়া, প্রথম Presentation বা প্রথম প্রেমের প্রস্তাবের (!) কথা স্মরণ করুন, Apprehension/ Anxiety কি জিনিস বুঝতে পারবেন।

বাক্যের অর্থঃ সে পুরোপুরিই উদ্বিগ্ন ছিল যখন সে তাঁর নতুন চাকরিটি শুরু করে।

64. The pilgrims were requested to maintain the _____ of the place.

a) holy b) lucrativeness
c) parity d) sanctity **ans. D**

Solution: Holy – পবিত্র; Lucrativeness – লাভজনক; Parity – সমতা; Sanctity – পবিত্রতা।

Pilgrim বা তীর্থযাত্রীদের একটি Request করা হয়েছিল। আর Request টি হলো Place টির _____ কে Maintain করা বা বজায় রাখে। এখন, Pilgrim বা কোন একটি পবিত্র স্থানের দিকেই যাত্রা করে। যেমনঃ মুসলমানদের ক্ষেত্রে মক্কায় হজ্ব বা বাংলাদেশের ক্ষেত্রে তুরাগ তীরের বিশ্ব ইজতেমা। আর তাদেরকে এই পবিত্র স্থানের পবিত্রতা বজায় রাখার ব্যাপারেই Request করা হয়। তাই শূন্যস্থানে পবিত্রতা বজায় রাখার সমার্থক শব্দ *d*) এর Sanctity হবে। *a*) এর Holy হবে না কারণ Holy মানে পবিত্র, কিন্তু এখানে পবিত্রতা হবে। *c*) এই বাক্যের সাথে কোন ভাবেই খাপ খায় না। কারণ এখানে, Parity বা সমমর্যাদার/ সমতার কথা বলা হয়নি। *b*) এর লাভজনক সম্পর্কে কিছু বলা হয়নি বলে বাদ।

বাক্যের অর্থঃ তীর্থ যাত্রীদেরকে স্থানটির পবিত্রতা রক্ষার ব্যাপারে অনুরোধ করা হয়েছিল।

65. This information is highly sensitive; hence, only the members of the top echelon are _____ the matter.

a) into b) privy to
c) absorbed in d) entwined in **ans. B**

Solution: Privy – গোপনীয়; Absorb – শোষণ করা, নিমগ্ন হওয়া; Entwin – জট পাকানো; Sensitive – স্পর্শকাতর, সংবেদনশীল; Hence – তাই, অতএব, সুতরাং; Echelon – স্তর, ধাপ।

শুরুতেই বলা হয়েছে, তথ্যগুলো মারাত্মক গোপনীয়। আর এরপর বলা হয়েছে, শুধুমাত্র কিছু উর্ধ্বতন স্তরের সদস্যরাই এর _____ সম্পর্কে জানে। নিশ্চয়ই Common sense দিয়ে বুঝতে পারছেন, শূন্যস্থানে গোপনীয়তা জাতীয় শব্দ হবে। আর *b*) Privy to মানে গোপনীয়তা।

a) এর Into বাদ কারণ Into এর আগে গোপনীয়তা জাতীয় কোন শব্দ নেই।

c) এর Absorbed in বাদ কারণ এখানে Absorbed বা নিমগ্ন/অভিনিবিষ্ট জাতীয় শব্দ বসালে বাক্যটি অর্থ বোধক হয় না।

d) এর Entwined in বাদ কারণ জট পাকানো জাতীয় কোন ব্যাপারের কথা এখানে বলা হয়নি।

বাক্যের অর্থঃ এই তথ্যটি অত্যন্ত স্পর্শকাতর; তাই, শুধুমাত্র উপরের স্তরের সদস্যরাই এই গোপনীয় ব্যাপারটি সম্পর্কে অবগত।

Instruction: *Select the word that best expresses the underlined word in each sentence.*

66. After years of complacency and stagnation, change in leadership was the herald of the dawn of a new era.

a) seed b) show
c) onslaught d) sign **ans. D**

Solution: Sign – প্রতীকী বস্তু বা ব্যক্তি; Onslaught – প্রচণ্ড আক্রমণ; Complacency – আত্মতুষ্টি বা পরিতৃপ্তি; Stagnation – নিশ্চল, স্থির; Herald – রাজার পক্ষে প্রকাশ্যে ঘোষণা পাঠ কিংবা বার্তা বাহনের কাজে

www.exambd.net

নিয়োজিত ব্যক্তি, রাজদূত।

বাক্যের অর্থঃ বছরের পর পর আত্মতুষ্টি ও নিশ্চলতার পর, নেতৃত্বেও পরিবর্তন ছিল নতুন যুগের ভোরের সূচনা।

67. We started making progress when the two groups finally understood and accepted their <u>symbiotic</u> work culture.

a) complex b) dependent
c) mutual d) habitual ***ans.*** **C**

Solution: Complex – জটিল; Dependent – নির্ভরশীল, অধীন; Mutual – পারস্পরিক সম্পর্ক; Habitual – অভ্যাসগত, স্বভাবসিদ্ধ; Symbiotic – দুই বা ততোধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে নিবিড় সম্পর্ক থাকা।

বাক্যের অর্থঃ অবশেষে যখন দুই গ্রুপের মধ্যে বোঝাপড়া হলো এবং তারা পরস্পর কাজের ধরণকে গ্রহণ করলো, আমরা আমাদের কাজের উন্নতি শুরু করলাম।

68. The tribal chief granted <u>pardon</u> to all those captured from the rival-tribe.

a) justice b) retribution
c) redemption d) amnesty ***ans.*** **D**

Solution: Pardon – ক্ষমা; Captured – বন্দী; Rival-tribe – প্রতিদ্বন্দ্বী উপজাতি; Amnesty – সাধারণ ক্ষমা; Justice – ন্যায় বিচার; Tribal – উপজাতী; Retribution – প্রতিফল, উচিৎ শাস্তি; Redemption – মুক্তি, পরিণাম, দায়মোচন।

বাক্যের অর্থঃ উপজাতি নেতা তার প্রতিদ্বন্দ্বী উপজাতি বন্দীদের সাধারণ ক্ষমা মঞ্জুর করলেন।

69. Life is too <u>transient</u> to hold grudges for long.

a) ephemeral b) orthodox
c) momentous d) interesting ***ans.*** **A**

Solution: Transient – অস্থায়ী, ক্ষণস্থায়ী; Grudges –ঈর্ষা, আক্রোশ; Ephemeral – ক্ষণস্থায়ী; Orthodox – গোঁড়া; Momentous – গুরুতর।

বাক্যের অর্থঃ জীবন এতো ছোট যে, দীর্ঘদিনের জন্য ঈর্ষা বা অসন্তোষ ধরে রাখা যায় না।

70. Evil is not <u>innate to</u> man, rather circumstances and needs change man's priorities, thereby deeming his actions unacceptable in society.

a) known to b) common to
c) automatic to d) inherent in ***ans.*** **D**

Solution: Evil – পাপী; Innate to – সহজাত; Circumstance – পরিস্থিতি; Deem – মনে করা বা হওয়া; Common to – পরিচিত; Inherent to – নিজ।

বাক্যের অর্থঃ মানুষ সহজাত পাপী নয় বরং পরিস্থিতি ও প্রয়োজন মানুষকে পরিবর্তন করে, তাই তার কাজ সমাজে অগ্রহনযোগ্য বলে মনে হয়।

www.exambd.net



২০০০ + চাকরির প্রস্তুতি সহায়ক ফ্রি PDF ফাইল ডাউনলোড করতে

www.exambd.net এর সাথেই থাকুন।

Download Menu👇

- চাকরির প্রস্তুতি সহায়ক বই PDF
- বিগত সালের নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান PDF
- গণিতের বই PDF
- মাসিক কারেন্ট অ্যাফেয়ার্স PDF
- সাম্প্রতিক নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান PDF
- ইংরেজি শেখার সকল বই PDF
- বিশ্ববিদ্যালয় ভর্তির প্রস্তুতি সহায়ক বই PDF

উপরের Menu থেকে প্রয়োজনীয় PDF ফাইলটি ডাউনলোড করে নিন